X. And it is hereby enacted that no Estate shall be liabe to sale for the recovery of arrears which have accrued during the period of its being under the management of the Court of Wards, and no Estate, the sole property of a minor or minors, and descended to him or them by the regular course of inheritance duly notified to the Collector for the information of the Court of Wards, but of which the Court of Wards has not assumed the management under Regulation VI. 1822, shall be sold for arrears of Revenue accruing subsequently to his or their succession to the same, until the minor or minors, or one of them, shall have attained the full age of 18 years. And no Estate held under attachment by the Revenue Authorities otherwise than by order of a Judical Authority, shall be liable to sale for arrears accruing whilst it was so held under attachment. And no Estate held under attachment by a Revenue Officer, in pursuance of an order of a Judicial Authority, shall be liable to sale for the recovery of arrears of Revenue accruing during the period of such attachment, until after the end of the year in which such arrears accrued.

১০ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কোর্ট ওয়ার্ডসের সাহেবদিগের তাবে জমীদারী থাকন সময়ে যে মালগুজারী বাকী পড়ে তাহা আদায়ের নিমিত্ত ঐ জমীদারী নীলামের যোগ্য হইবেক না। এবং যে জমীদারী এক কি ততোধিক নাবালকমাত্রেরি সম্পত্তি হয় এবং উত্তরাধিকারিত্বক্রমে তাহারি বা তাহারদেরি অর্শিয়াছে এবং তাহার বিষয় কোর্ট ওয়ার্ডসের বিজ্ঞাপনের নিমিত্ত কালেকটর সাহেবকে জ্ঞাত করা গিয়াছিল কিন্তু ১৮২২ সালের ৬ আইনক্রমে কোর্ট ওয়ার্ডসের সাহেবেরা তাহার সরবরাহের ভার লন্ নাহি ঐ জমীদারী তাহার বা তাহারদের উত্তরাধিকারিত্বক্রমে হওনের পর তাহাতে যে মালগুজারী বাকী পড়ে তাহা আদায়ের নিমিত্ত ঐ এক কি ততোধিক নাবালক কি তাহারদের কোন এক জন সম্পূর্ণ অষ্টাদশ বর্ষবয়স্ক না হওয়াপর্য্যন্ত বিক্রয় হইবেক না। এবং রাজস্বের কার্য্যকারকেরা আদালতের হুকুম ব্যতিরেকে অন্য কোন প্রকারে যে কোন জমীদারী ক্রোক করেন্ তাহা ক্রোক থাকন সময়ে বাকী মালগুজারীর নিমিত্ত নীলামের যোগ্য হইবেক না। এবং যে জমীদারী আদালতের হুকুমক্রমে রাজস্বের কার্য্যকারকের দ্বারা ক্রোক হইয়া থাকে তাহাতে ক্রোক থাকন সময়ে যে মালগুজারী বাকী পড়ে তাহা আদায়ের নিমিত্ত যে বৎসরে ঐ বাকী পড়িল সেই বৎসরের শেষ না হইলে ঐ জমীদারী বিক্রয় হইবেক না ইতি।

XI. And is hereby enacted, that it shall be competent to the Collector at any time before the sale of an Estate shall have commenced to exempt such Estate from sale; and in like manner it shall

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জমীদারীর নীলাম আরম্ভ হওনের পূর্ব্বে কোন সময়ে কালেকটর সাহেব ঐ জমীদারীর নীলাম ক্ষমা করিতে পারেন্। এবং সেই প্রকারে জমীদারীর নীলাম আরম্ভ হওনের

be competent to the Commissioner of Revenue at any time before the sale of an Estate shall have commenced, to exempt such Estate from sale, by a special order to the Collector to that effect in each case; and no sale of an Estate shall be legal if held after the receipt of an order of exemption in respect to such Estate. Provided, however, and it is hereby enacted, that the Collector or Commissioner shall duly record in a proceeding the reason for granting such exemption; and provided, also, that an order for exemption so issued by the Commissioner shall not affect the legality of a sale which may have taken place before the receipt by the Collector of the order for exempting it from sale.

XII. And it is hereby enacted, that sales shall ordinarily be made by the Collector or other Officer duly authorized by Government in that behalf in the Land Revenue Cutcherry at the Sudder Station of the District; provided, however, that it shall be competent to the Sudder Board to prescribe a place for holding sales other than such Cutcherry whenever they shall consider it beneficial to the parties concerned.

XIII. And it is hereby enacted, that in case the Collector, or other Officer as aforesaid shall be unable from sickness, from the occurrence of a holiday, or from any other cause, to commence the sale on the day of sale fixed as aforesaid, or if, having commenced it, he be unable, from any cause, to complete it, he shall be competent to adjourn it to the next day following, not being Sunday or other close holiday, recording his reasons for such adjournment, forwarding a copy of such record to the Commissioner of Revenue, and announcing the adjournment by a written proclamation stuck up in his Cutcherry, and so on, from day to day, until he shall be able to commence it, or to complete the sale, but with the exception of adjournments so made, recorded, and reported, each sale shall invariably be made on the day of sale fixed in the manner aforesaid.

XIV. And it is hereby enacted, that on the day of sale fixed according to Section VI. of this Act, sales shall proceed in regular order, the Estate to be sold bearing the lowest number on the Towjee or Registers in use in the Collector's Office of the District being put up first, and so on, in regular sequence; and it shall not be lawful for the Collector or other Officer as aforesaid to put up any Estate out of its regular order by number, except where it may be necessary to do so on default of deposit, as provided in Section XV. of this Act.

XV. And it is hereby enacted, that the party who shall be declared the purchaser of an Estate at any such public sale as aforesaid, shall be required to deposit immediately, or as soon after the conclusion of the sale of the Estate as the Collector may think necessary, either in Cash, Bank of Bengal Notes, or Post Bills, or Government Securities duly indorsed, 25 per cent. on the amount of his bid, and in default of such deposit, the Estate shall forthwith be put up again and sold.

[*Government Gazette, 4th February*, 1845.]

পূর্ব্বে কোন [illegible] রাজস্বের কমিস্যনর সাহেব কালেক্টর সাহেবকে প্রত্যেক গতিকে বিশেষ আজ্ঞা দিয়া ঐ জমীদারীর নীলাম ক্ষমা করিতে পারেন্। এবং কোন জমীদারীর বিষয়ে ক্ষমার হুকুম প্রাপ্তহওনের পর যদি সেই জমীদারী নীলাম হয় তবে তাহা বেআইনী হইবেক। কিন্তু এই ধারাক্রমে হুকুম হইল যে এইরূপ ক্ষমাকরণের কারণ কালেক্টর সাহেব অথবা কমিস্যনর সাহেব রীতিমত এক রুবকারীতে লিখিবেন। কিন্তু নীলাম ক্ষমা করণের যে হুকুম কমিস্যনর সাহেব দেন্ তাহা কালেক্টর সাহেবের নিকটে পঁহুছনের পূর্ব্বে যদি নীলাম হইয়া গিয়া থাকে তবে ক্ষমাকরণের ঐ হুকুমের দ্বারা ঐ নীলাম অসিদ্ধ হইবেক না ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কালেক্টর সাহেব অথবা সরকারহইতে নীলামকরণের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক জিলার সদর মোকামে ভূমির রাজস্বের কাছারীতে সামান্যতঃ নীলাম করিবেন কিন্তু যখন ভূমিসম্পর্কীয় ব্যক্তির পক্ষে উপকারক বোধ হয় তখন সদর বোর্ডের সাহেবেরা ঐ কাছারীভিন্ন অন্য কোন স্থানে নীলাম করণের হুকুম দিতে পারেন্ ইতি।

১৩ ধারা। আরো ইহাতে [illegible]কুম হইল যে পূর্ব্বোক্ত মতে নীলামের নিরূপিত দিন উপস্থিত হইলে যদ্যপি কালেক্টর সাহেব কি উক্তপ্রকার অন্য কার্য্যকারক পীড়া কি পর্ব্ব অথবা অন্য কোন কারণপ্রযুক্ত নীলাম আরম্ভ করিতে না পারেন্ কিম্বা আরম্ভ করিয়া যদ্যপি কোন কারণপ্রযুক্ত তাহা শেষ করিতে না পারেন্ তবে তাহার পর দিবস রবিবার না হইলে অথবা অন্য কোন পর্ব্বনিমিত্তক বন্দের দিন না হইলে পর দিনপর্য্যন্ত ঐ নীলাম বিলম্ব করিতে পারেন্। এবং এরূপ বিলম্বকরণের কারণ রুবকারীতে লিখিয়া তাহার নকল রেবিনিউর কমিস্যনর সাহেবের সমীপে পাঠাইবেন ও ঐ বিলম্ব করণের সমাচার ইশ্‌তিহারনামাতে লেখাইয়া আপন কাছারীতে লট্‌কাইয়া সকলকে জানাইবেন। এবং সেইরূপে যেপর্য্যন্ত ঐ নীলাম আরম্ভ করিতে অথবা তাহা শেষ করিতে না পারেন্ সেইপর্য্যন্ত দিনদিন এ প্রকার কর্ম্ম করিবেন কিন্তু যদি এরূপে নীলাম বিলম্ব না হয় ও তাহা রুবকারীতে না লেখা যায় এবং তাহার রিপোর্ট না করা যায় তবে নীলামের উক্তমত নিরূপিত দিবসেই প্রত্যেক নীলাম অবশ্য হইবেক ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের ৬ ধারানুসারে নিরূপিত নীলামের দিনে নীলাম একাদিক্রমে হইবেক অর্থাৎ নীলাম করিতে নিশ্চয়হওয়া যে জমীদারী ঐ জিলার তৌজীতে অথবা কালেক্টর সাহেবের কাছারীতে ব্যবহৃত রেজিষ্টরের পূর্ব্ব নম্বরে থাকে তাহা নীলামে প্রথম ধরা যাইবেক এবং এইমতে একাদিক্রমে নীলাম হইবেক। এবং ঐ নম্বর অর্থাৎ সংখ্যার ক্রম ব্যতিক্রম করিয়া কোন জমীদারী নীলামে ধরিয়া দিতে কোন কালেক্টর সাহেবের কি উক্তপ্রকার কোন কার্য্যকারকের ক্ষমতা নাহি। কিন্তু এই আইনের ১৫ ধারার নিরূপিত বায়নার টাকা দিবার ত্রুটি হওয়াতে আবশ্যক হইলে কালেক্টর সাহেব নম্বর ব্যতিক্রম করিয়া জমীদারী নীলামে ধরিতে পারেন্ ইতি।

১৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে জমীদারী নীলাম হইলে যে ব্যক্তি ঐ জমীদারীর খরীদার নির্দ্ধারিত হয় সেই ব্যক্তি তৎক্ষণাৎ অথবা জমীদারীর নীলাম শেষহওনের পর কালেক্টর সাহেব যত শীঘ্র আবশ্যক বোধ করেন্ তাহার মধ্যে আপন ডাকের সংখ্যার চতুর্থাংশ টাকা নগদ কি বাঙ্গাল ব্যাঙ্ক নোট অথবা ঐ ব্যাঙ্কের পোষ্ট বিল কিম্বা দাঁড়ামত দস্তখৎকরা কোম্পানি[illegible] প্রোমিসরি নোট বায়নাস্বরূপ দিবেক এবং এ বায়নার টাকা না দিলে ঐ জমীদারী অ[illegible]ে নীলামে ধরা গিয়া বিক্রয় হইবেক ইতি।

XVI. And it is hereby enacted, that the full amount of purchase-money shall be made good by the purchaser before sunset of the thirtieth day from that on which the sale of the Estate bought by him took place, reckoning that day as one of the thirty; or if the thirtieth day be a Sunday or other close holiday, then on the first office day after the thirtieth: and in default of payment within the prescribed period as aforesaid, then and afterwards as often as such default shall occur, the deposit shall be forfeited to Government, the Estate shall be re-sold, and the defaulting purchaser shall forfeit all claim to the Estate or to any part of the sum for which it may subsequently be sold; and in the event of the proceeds of the sale which may be eventually consummated being less than the price bid by the defaulting bidder aforesaid, the difference shall be leviable from him by any process authorized for realizing an arrear of public Revenue, and it shall be so levied and credited to the defaulting Proprietor of the Estate sold, and if default of payment of purchase-money shall have occurred more than once, the defaulting bidders shall be held jointly and severally responsible for such difference to the extent of the amount of their respective bids. Provided always, that every such re-sale shall be made after notification and in the forms prescribed by Section VI. of this Act; and that such notification shall not be issued until the expiration of three clear days after the day on which the default shall have occurred. Provided, also, that payment or tender of payment by or on behalf of the Proprietor of the arrear for which the Estate was first sold, and of the arrear which may have subsequently become due, if such payment or tender of payment be made before sunset of the day preceding the day of the notification of re-sale, and after the defaulting purchaser shall have made the deposit required by Section XV. of this Act, shall bar such re-sale.

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে খরীদার যে দিবসে জমীদারী খরীদ করে সেই দিবসের পর ত্রিংশত্তম দিন সূর্য্যাস্তের পূর্ব্বে খরীদের সমুদয় টাকা ঐ খরীদারের দিতে হইবেক এবং যে দিবসে নীলাম হইয়াছিল তাহা ঐ ত্রিংশত্তম দিনের এক দিন গণ্য হইবেক। যদি ঐ ত্রিংশত্তম দিবস রবিবার বা অন্য কোন পর্ব্বনিমিত্তক বন্দের দিন হয় তবে ত্রিংশত্তম দিবসের পর যে প্রথম দিবসে কাছারীতে কার্য্য হয় সেই দিবসে সমুদয় টাকা দিতে হইবেক। এবং যদি পূর্ব্বোক্তমতে নিরূপিত মিয়াদে টাকা দিতে ত্রুটি হয় তবে সেই সময়ে এবং তৎপরে যতবার ত্রুটি হয় ততবার বায়নার টাকা সরকারে দণ্ডস্বরূপ জব্দ হইবেক এবং ঐ জমীদারী পুনর্ব্বার নীলাম হইবেক এবং ঐ জমীদারীর উপর অথবা পশ্চাৎ তাহা যত টাকায় বিক্রয় হয় তাহার কোন অংশের উপর ত্রুটিকারি খরীদারের কোন দাওয়া থাকিবেক না। এবং যে নীলাম শেষে সিদ্ধ হয় তাহাতে যদ্যপি পূর্ব্বোক্ত ত্রুটিকারি ডাকনিয় যে মূল্য ডাকিয়াছিল তাহাহইতে কম মূল্য হয় তবে যত কম হয় তাহা সরকারী বাকী মাল গুজারী আদায়ের নিমিত্ত যে২ হুকুম নির্দ্দিষ্ট আছে তাহার কোন এক হুকুমমতে তাহার স্থানে আদায় হইবেক এবং ঐ টাকা সেইরূপে আদায় হইয়া বিক্রয়হওয়া জমীদারীর বাকীদার মালিকের নামে জমা হইবেক। এবং যদি একবারের অধিক খরীদের টাকা দেওনে ত্রুটি হয় তবে ত্রুটিকারি ডাকনিয়ারা প্রত্যেক জন যত ডাকিয়াছিল তাহার হিসাবমতে ঐ কমী টাকার বিষয়ে তাহারা সাধারণে এবং একে২ দায়ী হইবেক। কিন্তু এইরূপ প্রত্যেক পুনর্নীলাম এই আইনের ৬ ধারার লিখিত এস্তেহারনামা দেওনের পর এবং ঐ ধারার নির্দ্দিষ্ট রীতিমতে করা যাইবেক এবং নিরূপিত যে দিনে টাকা দিতে ত্রুটি হয় সেই দিনের পর সম্পূর্ণ তিন দিন গত না হইলে ঐ এস্তেহারনামা ঘোষণা করা যাইবেক না। কিন্তু যে বাকী টাকার নিমিত্তে প্রথমে জমীদারী নীলাম হইয়াছিল তাহা এবং তৎপরে যাহা বাকী পড়িয়াছে সেই টাকা যদি পুনর্নীলামের এস্তেহারনামা দেওনের দিবসের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে এবং এই আইনের ১৫ ধারার নিরূপিত বায়নার টাকা বাকীদার খরীদারের দাখিলহওনের পর জমীদারীর সাবেক মালিকের দ্বারা অথবা তাহার পক্ষে দাখিল হয় অথবা দাখিল হইবার প্রস্তাব হয় তবে পুনর্নীলাম নিবারণ হইবেক ইতি।

XVII. And it is hereby enacted, that it shall be lawful for the Commissioner of Revenue to receive an appeal against any sale made under this Act if preferred to him on or before the fifteenth day from the date of sale, reckoning as in Section XVI., or if preferred to the Collector for transmission to the Commissioner on or before the tenth day from the day of sale, and not otherwise: and the Commissioner shall be competent in every case of appeal so preferred, to annul any sale of an Estate made under this Act, which shall appear to him not to have been conducted according to the provisions of this Act, awarding at the same time to the purchaser a payment from the Proprietor of any moderate compensation for his loss, if the sale shall have been occasioned by neglect of the Proprietor, such compensation not to exceed interest, at the current rate of Government Securities, on the amount of deposit or balance of purchase-money during the period of its being retained in the Collector's office and the order of the Commissioner shall, in such cases, be final.

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে যে কোন নীলাম হয় তাহার উপর আপীল যদি রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে ১৬ ধারার অনুসারে হিসাব করিয়া নীলামের তারিখঅবধি পঞ্চদশ দিবসে বা তাহার পূর্ব্বে করা যায় অথবা যদ্যপি কমিস্যনর সাহেবের নিকটে প্রেরণহওনের নিমিত্ত নীলামের দিবসের পর দশম দিবসে বা তাহার পূর্ব্বে কালেক্টর সাহেবের নিকটে করা যায় তবে রাজস্বের কমিস্যনর সাহেব ঐ আপীল লইতে পারেন নতুবা লইতে পারেন না। এবং এইরূপে আপীল হইলে যদি কমিস্যনর সাহেব বোধ করেন যে এই আইনানুসারে হওয়া কোন জমীদারীর নীলাম এই আইনের বিধিমতে নির্ব্বাহ হয় নাহি তবে সেই নীলাম রদ করিতে পারেন এবং যদি ভূম্যধিকারির ত্রুটিপ্রযুক্ত নীলাম হইয়া থাকে তবে খরীদারের ক্ষতিপূরণের নিমিত্ত তাহারে উপযুক্ত টাকা দিতে ভূম্যধিকারিকে হুকুম করিতে পারেন। এবং কালেক্টর সাহেবের কাছারীতে আমানতী টাকা কিম্বা খরীদের অবশিষ্ট টাকা থাকনসময়ে তাহার উপর গবর্ণমেণ্টের চলিত প্রোমিসরি নোটের যে সুদ হয় সেই সুদ অপেক্ষা অধিক টাকা ঐ ক্ষতিপূরণের নিমিত্ত দেওয়া যাইবেক না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৫। ৪ ফেব্রুআরি।]

XVIII. And it is hereby enacted, that it shall be competent to the Commissioner of Revenue on the ground of hardship or injustice to suspend the passing of final orders in any case of appeal from a sale, and to represent the case to the Sudder Board of Revenue, who, if they see cause, may recommend to the Local Goverment to annul the sale; and the Local Goverment in any such case, may annul the sale, and cause the Estate to be restored to the Proprietor on such conditions as may appear equitable and proper.

XIX. And it is hereby enacted, that all sales of which the purchase-money has been paid up as prescribed in Section XVI. of this Act, and against which no appeal shall have been preferred shall be final and conclusive at noon of the thirtieth day from the day of sale, reckoning the said day of sale as the first of the said thirty days. And sales against which an appeal may have been preferred, and the appeal dismissed by the Commissioner, shall be final and conclusive from the date of such dismissal if more than thirty days from the day of sale, or if less, then at noon of the thirtieth day as above provided.

XX. And it is hereby enacted, that immediately upon a sale becoming final and conclusive, the Collector or other Officer as aforesaid, shall give to the purchaser a Certificate of Title in the following form:

I certify that A. B. has purchased, at Public Auction, under Act No. I of 1845, Mehal C, and that his purchase has taken effect on and since the — day of —— [being the date of the day after that fixed for the last day of payment.]

Signed D. E., *Collector.*

And the said Certificate shall be deemed in any Court of Justice sufficient evidence of the title to the Estate sold being vested in the person or persons named from the date specified; and the Collector shall also notify such transfer by written proclamation in his own Cutcherry, and in those of the Moonsiff and Darogah of the jurisdictions within which any part of the Estate sold shall be situated, and also at the Cutcherry of the Malgoozar of the Estate, or on some conspicuous place on the Estate; and shall apply the purchase-money first to the liquidation of all arrears due upon the latest day of payment; and secondly, to the liquidation of all outstanding demands debited to the Mahal in the Public Accounts of the District, holding the residue, if any, in deposit on account of the late recorded Proprietor or Proprietors of the Estate sold, to be paid to their receipt on demand in the manner following: to wit, in shares proportioned to their recorded interest in the Estate sold, if such distinction of shares were recorded, or if not, then as an aggregate sum to the whole body of Proprietors upon their joint receipt. Provided that, if prior to payment of any surplus that may remain of the purchase-money after liquidation of all Government arrears and dues to the Proprietor of the Es-

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে রাজস্বের কমিস্যনর সাহেব যদ্যপি এইমত বোধ করেন্ যে নীলাম করণেতে অতিকঠিন ব্যবহার বা অন্যায় হইযাছে তবে নীলামের উপর আপীল হইলে চূড়ান্ত হুকুম দেওয়া স্থগিত রাখিতে পারেন্ এবং সেই বিষয় সদর বোর্ড রেবিনিউর সাহেবদিগকে জানাইতে পারেন্ এবং তাঁহারা উপযুক্ত কারণ দেখিলে তথাকার গবর্ণমেণ্টকে নীলাম অন্যথা করিতে পরামর্শ দিতে পারেন্ এবং তথাকার গবর্ণমেণ্ট এমত গতিকে ঐ নীলাম রহিত করিতে এবং সে২ নিয়ম তাঁহার যথার্থ ও উচিত বোধ হয় সেই২ নিয়মে ঐ জমীদারী মালিককে ফিরিয়া দেওয়াইতে পারেন্ ইতি।

১৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে সকল নীলামের খরীদের টাকা এই আইনের ১৬ ধারার নিরূপিতমতে দেওয়া গিয়াছে এবং তাহার উপর আপীলের কোন প্রস্তাব হয় নাই সেই সকল নীলাম নীলামের দিবসের পর ত্রিংশত্তম দিবসে দুই প্রহরের সময়ে চূড়ান্ত ও সিদ্ধ হইবেক এবং ঐ নীলামের দিবস ত্রিংশত্তম দিবসের প্রথম দিবস গণ্য হইবেক। এবং যে নীলামের উপর আপীল হইয়াছে এবং ঐ আপীল কমিস্যনর সাহেবের দ্বারা ডিসমিস হইয়াছে যদি নীলামের দিবসের পর ত্রিশ দিবসের অধিক হইলে তাহা ডিসমিস হয় তবে ঐ ডিসমিসের তারিখঅবধি ঐ নীলাম চূড়ান্ত ও সিদ্ধ হইবেক এবং যদি ত্রিশ দিবসের কমে ডিসমিস হয় তবে পূর্ব্বোক্তমতে ত্রিংশত্তম দিবস দুই প্রহরের সময়ে তাহা চূড়ান্ত ও সিদ্ধ হইবেক ইতি।

২০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন নীলাম চূড়ান্ত এবং সিদ্ধ হইবামাত্র কালেক্টর সাহেব অথবা পূর্ব্বোক্তমত অন্য কোন কার্য্যকারক নীচের লিখিত পাঠানুসারে খরীদারকে অধিকারের সর্টিফিকট অর্থাৎ নিদর্শনপত্র দিবেন।

আমি জনাইতেছি যে অমুক ব্যক্তি ১৮৪৫ সালের ১ আইনক্রমে অমুক মহাল নীলামে খরীদ করিয়াছে এবং তাহার খরীদ অমুক মাসের অমুক তারিখঅবধি আমলে আসিবেক।—(অর্থাৎ টাকা দেওনের যে শেষ দিবস নিরূপণ হয় সেই দিবসের পর দিবসে।)

অমুক কালেকটর।

এবং ঐ নির্দ্দিষ্ট তারিখঅবধি বিক্রয়হওয়া জমীদারীতে নিদর্শনপত্রের লিখিত ব্যক্তি বা ব্যক্তিরদের অধিকার হইয়াছে ইহার প্রচুর প্রমাণ সকল আদালতে উক্ত সর্টিফিকটের দ্বারা জ্ঞান হইবেক। এবং কালেক্টর সাহেব ঐ জমীদারীর খারিজ দাখিলহওনের সম্বাদ এক লিখিত ইশতিহারের দ্বারা আপনার কাছারীতে এবং যে মুনসেফ ও দারোগার এলাকার মধ্যে বিক্রয়হওয়া জমীদারীর কোন ভাগ থাকে তাঁহারদের কাছারীতে এবং জমীদারীর মালগুজারের কাছারীতে অথবা জমীদারীতে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে প্রকাশ করিবেন। এবং ঐ খরীদের টাকা লইয়া মালগুজারী দাখিল করিবার নিরূপিত শেষ দিবসে যে সকল জমা বাকী ছিল তাহা প্রথমে পরিশোধ করিবেন। দ্বিতীয়তঃ ঐ জিলার সরকারী হিসাবে ঐ মহালের খাতায় যে সকল পাওনা টাকা লেখা থাকে তাহা পরিশোধ করিবেন। যদি কিছু টাকা অবশিষ্ট থাকে তবে তাহা বিক্রীত জমীদারীর রেজিষ্টরহওয়া সাবেক মালিকের কি মালিকেরদের নিমিত্ত আমানৎ রাখিবেন ও তাহারা দাওয়া করিলে তাহারদের রসীদ লইয়া নীচের লিখিতমতে ঐ টাকা তাহারদিগকে দিবেন অর্থাৎ যদ্যপি বিক্রীত জমীদারীর অংশ ভিন্ন২ লেখা গিয়া থাকে তবে ঐ লিখিত অংশের হিসাব অনুসারে তাহারদের মধ্যে টাকা বাঁটিয়া দিবেন কিন্তু যদ্যপি তাহার প্রত্যেক অংশ ভিন্নরূপে না লেখা গিয়া থাকে তবে তাহারদের সকলের দস্তখতকরা একি রসীদ লইয়া মোট টাকা সমস্ত ভূম্যধিকারিকে দিবেন। কিন্তু সরকারের সমস্ত বাকী এবং পাওনা পরিশোধকরণের পর যদ্যপি

tate sold, or his representative, the same may be claimed by creditors in satisfaction of debts due by him to them, or by any one creditor, such surplus shall not be payable to any such claimant, nor shall it be withheld from the Proprietor by attachment, except under precept, and in satisfaction of decrees of Court for such debts. And if the balance of purchase-money have in any such case been paid away in liquidation of the Proprietor's just debts by order of any Court, and a decree shall afterwards pass for annulling the sale, the Proprietor shall not be restored to possession until the amount so paid away be returned by him with interest.

XXI. And it is hereby enacted, that any suit brought to oust the certified purchaser as aforesaid, on the ground that the purchase was made on behalf of another person, not the certified purchaser, though by agreement the name of the certified purchaser was used, shall be dismissed with costs.

XXII. And it is hereby enacted, that the annulment of a sale by a Commissioner shall be publicly notified by the Collector or other Officer as aforesaid in the same manner as the becoming final and conclusive of sales is required to be notified by Section XX. of this Act, and the amount of deposit and balance of purchase-money shall be forthwith returned to the purchaser, with interest thereon, at the highest rate of the current Public Securities, from the dates on which they were respectively paid in, to the date on which the refund is actually made.

XXIII. And it is hereby enacted, that the party certified as the Proprietor of an Estate by purchase at public sale for the recovery of arrears of Revenue shall be answerable for all instalments of the Revenue of Government which may fall due subsequently to the *latest* day of *payment aforesaid.*

XXIV. And it is hereby enacted, that no sale for arrears of Revenue or other demands realizable in the same manner, made after the taking effect of this Act, shall be set aside by a Court of Justice except upon the ground of its having been made contrary to the provisions of this Act: And except the contravention thereto shall have been declared and specified in an appeal made to the Commissioner under Section XVII. of this Act, and except the action in the Civil Court be instituted within one year, from the date of the sale becoming final and conclusive as provided in Section XIX. of this Act · And no person shall be entitled to contest the legality of a sale after having received any portion of the purchase-money : Provided, however, and it is hereby enacted, that nothing in this Act contained shall be construed to debar any person considering himself wronged by any act or circumstance connected with a sale under this Act, from his remedy in a personal action for damages against the individual by whose act or omission he considers himself to have been wronged.

খরীদের টাকার অবশিষ্ট যাহা থাকে তাহা বিক্রয় হওয়া মহালের মালিককে অথবা তাহার প্রতিনিধিকে দেওনের পূর্ব্বে মহাজনেরা অথবা কোন এক মহাজন ঐ মালিকের স্থানে আপনার পাওনা আছে বলিয়া তাহার দাওয়া করে তবে প্রিসেপ্ট অর্থাৎ আদালতের হুকুমভিন্ন এবং ঐ কর্জ্জের বিষয়ে আদালতের ডিক্রী জারীকরণভিন্ন ঐ অবশিষ্ট টাকা ঐ দাওয়াদারকে দেওয়া যাইবেক না এবং ক্রোক করিয়া তাহা ঐ ভূম্যধিকারির হাতছাড়া রাখা যাইবেক না। এবং যদ্যপি ঐ খরীদের অবশিষ্ট টাকা উক্ত কোন গতিকে আদালতের হুকুমক্রমে ভূম্যধিকারির যথার্থ দেনা পরিশোধের কারণ দেওয়া গিয়া থাকে এবং যদি তাহার পর ঐ নীলাম অন্যথাকরণের ডিক্রী হয় তবে এইরূপ দেওয়া টাকা ভূম্যধিকারী যাবৎ সুদসমেত ফিরিয়া না দেয় তাবৎ সে আপনার ঐ ভূমির দখল পুনরায় পাইবেক না ইতি।

২১ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমত সর্টিফিকটপ্রাপ্ত খরীদারকে বেদখল করিবার নিমিত্ত যদি এই বাবতে নালিশ করা যায় যে ঐ সর্টিফিকটপ্রাপ্ত খরীদারভিন্ন অন্য ব্যক্তির নিমিত্ত ঐ দাবী খরীদ হইয়াছিল কিন্তু আপোসের দ্বারা ঐ সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির খরীদারের নাম দেওয়া গেল তবে ঐ নালিশ খরচাসমেত ডিসমিস হইবেক ইতি।

২২ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কমিস্যনর সাহেব যদ্যপি নীলাম অসিদ্ধ করেন্ তবে এই আইনের ২০ ধারায় যেরূপ নীলাম সিদ্ধ ও চূড়ান্তহওনের সংবাদ দিবার হুকুম আছে সেইরূপ কালেক্টর সাহেব কি উক্তমত অন্য কার্য্যকারক অসিদ্ধ হওনের সংবাদ সর্ব্বত্র দিবেন। এবং খরীদার যে বায়নার টাকা দাখিল করিয়াছিল ও খরীদের যে অবশিষ্ট টাকা দিয়াছিল তাহা তৎক্ষণাৎ তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক এবং ঐ টাকা দাখিলকরণের তারিখ অবধি তাহা ফিরিয়া দেওনের তারিখপর্য্যন্ত গবর্ণমেন্টের চলিত প্রোমিস্‌রি নোটের সকলহইতে উচ্চ সুদের হারানুসারে সুদ খরীদারকে দেওয়া যাইবেক ইতি।

২৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্ত নীলামহওয়া জমীদারী যে ব্যক্তি খরীদ করিয়া মালিকীর সর্টিফিকট পাইয়াছে সে ব্যক্তি টাকা দেওনের পূর্ব্বোক্তমতে নিরূপিত শেষ দিবসের পর সরকারী মালগুজারীর যে সকল কিস্তী দেয় হয় তাহার দায়ী হইবেক ইতি।

২৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর মালগুজারীর বাকীর নিমিত্ত অথবা অন্য যে কোন দাওয়া তাহার ন্যায় আদায় হইতে পারে তাহার নিমিত্ত যে নীলাম হয় তাহা কেবল এই হেতুতে কোন দেওয়ানী আদালতে অন্যথা হইতে পারে যে ঐ নীলাম এ আইনের বিধির বিরুদ্ধ হইয়াছিল। এবং যদি ঐ বিরুদ্ধ কর্ম্ম এই আইনের ১৭ ধারাক্রমে কমিস্যনর সাহেবের নিকটে করা আপীলেতে বিশেষরূপে লেখা ও নির্দ্দিষ্ট না হইয়াছিল এবং এই আইনের ১৯ ধারার নির্দ্দিষ্ট প্রকারে যদি নীলাম চূড়ান্ত ও সিদ্ধ হওনের তারিখের পর এক বৎসরের মধ্যে মোকদ্দমা দেওয়ানী আদালতে উপস্থিত না হয় তবে কোন দেওয়ানী আদালত নীলাম অসিদ্ধ করিতে পারেন্ না। এবং কোন ব্যক্তি খরীদের টাকার কিছু গ্রহণ করিলে পর নীলাম বেআইনী হইয়াছে বলিয়া নালিশ করিতে পারিবেক না। এবং আরো এই ধারাক্রমে হুকুম হইল যে এই আইনের কোন ভাগের এমত অর্থ করিতে হইবেক না যে এই আইনক্রমে হওয়া নীলামঘটিত কোন কার্য্যে বা ব্যাপারে যদি কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে তবে যে ব্যক্তির কার্য্যেতে অথবা ত্রুটিতে আপনাকে ক্ষতিগ্রস্ত জ্ঞান করে সেই ব্যক্তির নামে ক্ষতিপূরণের দাওয়ায় নালিশ করণের দ্বারা প্রতিকারের চেষ্টা করিতে তাহার প্রতি নিষেধ আছে ইতি।

XXV. And it is hereby enacted, that in the event of a sale being reversed by a final decree of a Court of Justice, the purchase-money shall be refunded to the purchaser by Government, together with interest at the highest rate of the current Public Securities.

XXVI. And it is hereby enacted, that the purchaser of an Estate sold under this Act, for the recovery of arrears due on account of the same, in the permanently settled Districts of Bengal, Behar, Orissa and Benares, shall acquire the Estate free from all encumbrances which may have been imposed upon it after the time of settlement, and shall be entitled, after notice given under Section X. Regulation V. 1812, to enhance at discretion, (any thing in the existing Regulations to the contrary notwithstanding) the rents of all under-tenures in the said Estate, and to eject all tenants thereof, with the following exceptions.

First. Tenures which were held as Istemrare or Mocurreree at a fixed rent, more than 12 years before the permanent settlement.

Secondly.—Tenures existing at the time of the Decennial Settlement, which have not been, or may not be, proved to be liable to encrease of assessment on the grounds stated in Section 51, Regulation VIII of 1793.

Thirdly.—Lands held by Khood Kasht, or Kudeemee Ryotts, having rights of occupancy at fixed rents or at rents assessable according to fixed rules under the Regulations in force.

Fourthly.—Lands held under *bona fide* leases, at fair rents, temporary or perpetual, for the erection of dwelling houses or manufactories, or for mines, gardens, tanks, canals, places of worship, burying grounds, clearing of Jungle, or like beneficial purposes, such lands continuing to be used for the purposes specified in the leases.

Fifthly.—Farms granted in good faith at fair rents and for specified areas by a former Proprietor, for terms not exceeding twenty years, under written leases, registered within a month from their date, provided that a written notice, specifying full particulars of the position, rent and area of the lands, the terms of the lease and the names of the parties shall at the same time be given by the latter to the Collector in every case, and the Collector shall be at liberty to object to the same in the event of his seeing reason to believe that the security of the Public Revenue will be materially affected thereby. The exception declared in this Clause shall not extend to leases objected to by the Collector, by a notification to be fixed up in his Office, with the sanction of the Commissioner, within three months of the date of the notice so made to him by the parties. Provided also, that a purchaser of an Estate at a sale for arrears of Revenue shall be at liberty by suit in Court to set aside all such farms, although the same be under written and duly registered leases, and although such notice may have been given as

২৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে আদালতের চূড়ান্ত ডিক্রীক্রমে কোন নীলাম অসিদ্ধ হইলে খরীদের টাকা এবং গবর্ণমেণ্টের চলিত প্রোমিসরি নোটের সকলহইতে উচ্চ সুদের হারানুসারে সুদ খরীদারকে সরকারহইতে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

২৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যার এবং বারাণসের ইস্তমরারী জমা ধার্য্যহওয়া জিলার কোন জমীদারীর মালগুজারী বাকী আদায়ের নিমিত্ত ঐ জমীদারী এই আইনক্রমে বিক্রয় হইলে যে ব্যক্তি তাহা খরীদ করে সে ব্যক্তি বন্দোবস্তের সময়ের পর ঐ জমীদারীতে যে সকল দায় সংযোগ করা গিয়া থাকে সে সকল দায় রহিত হইয়া জমীদারী পাইবেক। এবং ১৮১২ সালের ৫ আইনের ১০ ধারার নির্দ্দিষ্ট এত্তেলা দিলে পর আপন ইচ্ছাক্রমে নীচের লিখিত বর্জ্জিত ভূমিব্যতিরেকে ঐ জমীদারীর সমস্ত পাট্টাদার প্রজাদিগের খাজানা বাড়াইতে পারে এবং সমস্ত রাইয়তকে উঠাইয়া দিতে পারে এবং চলিত আইনের মধ্যে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না।

প্রথম। ইস্তমরারী বন্দোবস্তহওনের ১২ বৎসরের অধিক পূর্ব্বে যে ভূমি ইস্তমরারী কি মোকররী পাট্টাক্রমে নির্দ্ধারিত খাজানাতে ধার্য্য ছিল তাহা।

দ্বিতীয়। দশসনী বন্দোবস্তের সময়ে থাকা যে পাট্টার বিষয়ে এমত প্রমাণ দেওয়া যায় নাহি অথবা দেওয়া যাইতে পারে না যে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ধারার লিখিত হেতুপ্রযুক্ত বেশী খাজানার যোগ্য সে পাট্টা।

তৃতীয়। যে২ খোদকস্তা অথবা কদিমী রাইয়তেরদের নিশ্চিত খাজানায় অথবা চলিত আইনক্রমে নিশ্চিত নিয়মানুসারে নিরূপণীয় খাজানায় ভূমির ভোগদখল করণের অধিকার আছে তাহারদের ভূমি।

চতুর্থ। যে২ ভূমি বসতবাটী বা কারখানা নির্ম্মাণের নিমিত্ত অথবা ধাতুকয়লাপ্রভৃতি আকরের নিমিত্ত কিম্বা বাগান কি পুষ্করিণী অথবা খোদা খাল কি ঈশ্বরের আরাধনার কি গোরস্থানের নিমিত্ত কি জঙ্গল কাটিবার নিমিত্ত বা অন্য২ সেইরূপ উপকারক কার্য্যের নিমিত্ত প্রকৃতার্থে মিয়াদী বা চির কালের পাট্টাক্রমে ওয়াজীবী খাজানায় দেওয়া গিয়াছে এবং পাট্টার নির্দ্দিষ্ট কার্য্যে এইপর্য্যন্ত ব্যবহার হইয়া আসিতেছে সেই২ ভূমি।

পঞ্চম। জমীদারীর সাবেক মালিক নির্দ্দিষ্ট ভূমির যে২ ইজারা প্রকৃতার্থে ওয়াজীবী খাজানায় ২০ বৎসরের অনধিক মিয়াদে লিখিত পাট্টাক্রমে দিয়াছিলেন এবং তাহার তারিখের পর এক মাসের মধ্যে তাহা রেজিষ্টরী হইয়াছিল সেই২ ইজারা। কিন্তু সেই সময়ে ইজারদারেরা প্রত্যেক গতিকে কালেক্টর সাহেবকে এক লিখিত এত্তেলা দিবেন এবং ঐ এত্তেলানামাতে ঐ ভূমি যে স্থানে আছে তাহার ঠিকানা ও সেই ভূমির খাজানা ও তাহার পরিমাণ ও পাট্টার নিয়ম ও ইজারদারেরদের নাম লেখা থাকিবেক। এবং যদ্যপি কালেক্টর সাহেবের এমত বোধ হয় যে ঐ ইজারাতে সরকারী রাজস্বের নিতান্ত ক্ষতি হওনের সম্ভাবনা তবে তিনি তাহার বিষয়ে আপত্তি করিতে পারেন। এবং কালেক্টর সাহেব ইজারদারের স্থানে সেইরূপ এত্তেলা পাওনের তারিখের পর তিন মাসের মধ্যে কমিস্যনর সাহেবের সম্মতিক্রমে যে ইজারার বিষয়ে আপনার আপত্তি আপন কাছারীতে এক ইশতিহারনামা লটকানের দ্বারা জানান সেই ইজারা এই প্রকরণের দ্বারা বর্জ্জিত হইবেক না। কিন্তু এইরূপ সকল ইজারা লিখিত ও রীতিমত রেজিষ্টরীহওয়া পাট্টাক্রমে ধার্য্য হইলেও এবং পূর্ব্বোক্তমতে তাহার বিষয়ে এত্তেলা দেওয়া গেলেও যদ্যপি তাহা প্রকৃতার্থে ওয়াজীবী খাজানায় দেওয়া যায় নাহি তবে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্ত নীলাম হওয়া কোন

aforesaid, if the same shall not have been granted in good faith at fair rents.

XXVII. And it is hereby enacted, that the purchaser of an Estate sold under this Act for the recovery of arrears due on account of the same in Districts other than those mentioned in Section XXVI., shall acquire the Estate free from all encumbrances which may have been imposed upon it after the time of settlement, and shall be competent to avoid and annul all tenures which may have originated with the defaulter or his predecessors, being representatives or assignees of the original engager, as well as all agreements with ryotts or the like settled or credited by the first engager or his representatives, subsequently to the last settlement, as well as all tenures which the first engager may, under the conditions of his settlement, have been competent to set aside, alter, or renew, saving always and except *bona fide* leases of ground for the erection of dwelling houses, or buildings, or for offices thereunto belonging, or for gardens, tanks, canals, water-courses, or the like purposes, which leases or engagement shall, so long as the land is duly appropriated to such purposes, and the stipulated rent paid, continue in force and effect. Provided that nothing in this Act contained shall be construed to entitle any purchaser of land at a public sale to demand a higher rate of rent from any persons whose tenure or agreement may be annulled as aforesaid than was demandable by the former Malgoozar, except in cases in which such persons may have held their lands under engagements, stipulating for a lower rate of rent than would have been justly demandable for the land, in consequence of abatements having been granted by the former Malgoozars from the old established rates by special favor, or for a consideration, of the like, or in cases in which it may be proved that according to the custom of the Pergunnah, Mouzah, or other local division, such persons are liable to be called upon for any new assessment, or other demand not interdicted by the Regulations of Government.

XXVIII. And it is hereby enacted, that it shall be competent to the Local Government when it shall seem proper at any time before a sale, for arrear shall have been actually made, to direct it to be made, subject to the leases, assignments, or other encumbrances, with which a Proprietor in possession, his ancestors, or predecessors may have burthened his assessed Estate, or to such of them as shall appear proper. In all such cases, notice of the condition imposed by the Local Government shall be given by the Collector at the time of calling up the lot for sale, and such further notification shall be made as the Local Government may direct: Provided, however, that in case the sale so restricted shall not realize an amount equal to the arrear due at the time of sale, or there shall appear ground to apprehend, that by reason of the restriction the future realization of the Revenue will be endan-

জমীদারীর খরীদার আদালতে নালিশ করিয়া ঐ২ ইজারা অন্যথা করিতে পারে ইতি।

২৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ২৬ ধারার লিখিত জিলাভিন্ন অন্য কোন জিলায় যে জমীদারীর মালগুজারী বাকী পড়িয়াছে তাহা আদায়ের নিমিত্তে এই আইনক্রমে সেই জমীদারী বিক্রয় হইলে তাহার খরীদার বন্দোবস্তের সময়ের পর যে সকল দায় তাহাতে সংযোগ হইয়া থাকে তাহা রহিত হইয়া সেই জমীদারী পাইবেক এবং বাকীদার কিম্বা তাহার পূর্ব্ববর্ত্তি ব্যক্তি আদৌ বন্দোবস্তকারির স্থলাভিষিক্ত বা আসৈনি হইয়া যে২ নিদর্শনপত্রাদি দিয়াছিল তাহা এবং শেষ বন্দোবস্তের পরে সেই আদৌ বন্দোবস্তকারী কিম্বা তাহার স্থলাভিষিক্ত লোক প্রজাইত্যাদিরদিগকে যে২ পাট্টা দিয়া থাকে কিম্বা বহাল রাখিয়া থাকে তাহা এবং আদৌ বন্দোবস্তকারী আপন ভূমির বন্দোবস্তের নিয়মানুসারে যে২ পাট্টাইত্যাদি রদ কি মতান্তর করিতে অথবা পুনর্নূতন করিয়া দিতে পারিত তাহা ঐ খরীদার রহিত ও রদ করিতে পারিবেক। কিন্তু বসতবাটী কিম্বা তৎসম্পর্কীয় কার্য্যার্থে অন্য গৃহ কিম্বা বাগান অথবা পুষ্করিণী কি খোদা খাল কিম্বা জলের নালাইত্যাদির নিমিত্তে ভূমির যে২ পাট্টা হইয়া থাকে যাবৎ ঐ ভূমি এই কার্য্যে ব্যবহার হয় ও তাহার নির্দ্ধারিত খাজানা দেওয়া যায় তাবৎ কখন সেই২ পাট্টা রদ করিতে পারিবেক না। কিন্তু এই আইনের তাৎপর্য্য এমত নহে যে নীলামে যে ব্যক্তি ভূমি খরীদ করে সে ব্যক্তি পাট্টাদারের পাট্টা বা বন্দোবস্ত উক্তমতে রহিত করিলে সেই পাট্টাদার রাইয়তের স্থানে পূর্ব্বের মালগুজার যে খাজনা লইতে পারিত তাহার বেশী লইতে পারে। কিন্তু যদি ইহা বোধ হয় যে বিশেষ অনুগ্রহপ্রযুক্ত কিম্বা কোন লাভইত্যাদির নিমিত্ত পূর্ব্বের মালগুজারেরা প্রাচীন নিরূপিত জমার কিছু কমী করাতে পাট্টাদার প্রজারা ওয়াজীবী জমাহইতে কম জমার বন্দোবস্তঅনুসারে ভূমি ভোগ করিয়াছে কিম্বা যদি এমত প্রমাণ হয় যে ঐ ভূমি যে পরগনার কিম্বা মৌজার কি ভূমির অন্য কিসমতের মধ্যগত হয় তথাকার যে দস্তুর থাকে তদনুসারে সেই পাট্টাদার প্রজারদিগের স্থানে সরকারের আইনের অনিষিদ্ধ কিছু বেশী খাজনা তলব হইতে পারে কিম্বা আর কিছু দাওয়া করা যাইতে পারে তবে বেশী জমা লইতে পারিবেক ইতি।

২৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে স্থানীয় গবর্ণমেণ্ট উপযুক্ত বুঝিলে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে ভূমি নীলামের পূর্ব্বে কোন সময়ে ঐ ভূমির দখীলকার অধিকারী কিম্বা তাহার পিতৃপিতামহইত্যাদিরা অথবা তাহার পূর্ব্ববর্ত্তি লোকেরা সেই ভূমির যে২ পাট্টা দিয়াছিল বা তাহার উপর যে২ বর্ত্তে দিয়াছিল কিম্বা ঐ ভূমিতে আর যে কোন দায় সংযোগ করিয়াছিল সে সমস্ত কিম্বা তাহার মধ্যে যাহা২ উপযুক্ত বোধ হয় তাহা বহাল রাখিয়া নীলাম করিবার হুকুম দিতে পারেন। এমত হইলে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ভূমিতে যে২ নিয়ম রাখনের হুকুম করেন্ সেই ভূমির লাট নীলামে ধরিয়া দেওন সময়ে কালেক্টর সাহেব সেই২ নিয়মের সম্বাদ সকল লোককে জানাইবেন এবং স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ভূমির বিষয়ে আর যে২ হুকুম করেন্ তাহাও প্রচার করাইবেন। কিন্তু এইরূপে পাট্টা আদি বহাল রাখিয়া যে নীলাম হয় তাহাতে নীলামের সময়ের তুল্য বাকী টাকা যদি না পাওয়া যায় অথবা যদি বোধ হয় যে ঐরূপ পাট্টাআদি বহাল রাখিলে সরকারী মালগুজারী আদায় করিতে উত্তর কালে বিঘ্ন হইতে পারে তবে স্থানীয় গবর্ণমেণ্ট যে নীলামেতে ঐ

gered, it shall be competent to the Local Government at any time before such restricted sale shall have become final and conclusive in the manner laid down in Section XIX. of this Act, to direct the sale to be cancelled, and a new sale of the Estate to be made without other restrictions than those contained in the exceptions specified in Clauses 1 to 5 of Sec. XXVI. of this Act. If, after the sale has become final and conclusive, occasion should again arise to bring to sale for arrears an Estate purchased with a restriction of the above description, it shall at all times be competent to the Local Government to direct that the *Muhal* shall be sold without any other restriction than those contained in the exceptions specified in Clauses 1 to 5 of Section XXVI. of this Act, or with the reservation before reserved. In the former event, should the purchase-money realized by the unrestricted sale exceed in a large amount the sum obtained at the restricted sale, it shall further be competent to the Local Government to direct a portion, or the whole of the excess to be paid to persons whose interests having been reserved at the first, shall become void at the second sale.

XXIX. And it is hereby enacted, that excepting Copartners of Estates under Butwarrah who may have saved their shares from sale under Sections 33 and 34, Regulation XIX. 1814, any recorded or unrecorded Proprietor or Copartner who may purchase in his own name or in the name of another the Estate of which he is Proprietor or Copartner, or who by re-purchase or otherwise, may recover possession of the said Estate after it has been sold for arrears under this Act, and likewise any purchaser of an Estate sold for other arrears or demands than those accruing upon itself, shall by such purchase acquire the Estate subject to all its encumbrances existing at the time of sale, and shall not acquire any rights in respect to ryotts and under-tenants which were not possessed by the previous Proprietor at the time of the sale of the said Estate.

XXX. And it is hereby enacted, that arrears of rent, which, on the *latest* day of payment, may be due to the defaulter from his tenants, shall, in the event of a sale, be recoverable by him after the said *latest* day by any process except distraint which might have been used by him for that purpose on or before the said latest day.

XXXI. And it is hereby enacted, that any Collector or Officer exercising the powers of Collector, in respect to sale, shall be competent to punish any contempt committed in his presence in open Cutcherry or Office for the time being, by fine to an extent not exceeding Co's. Rs. 200, commutable, if not paid, to imprisonment in the civil jail for a period not exceeding one month; and the Magistrate to whom such an offender may be sent by a Collector as aforesaid, shall carry his sentence into effect: Provided that an appeal from any order *passed under this Section shall lie to

পাট্টাআদি বহাল রাখা গিয়াছিল তাহা এই আইনের ১৯ ধারার নিরূপিতমতে চূড়ান্ত ও সিদ্ধ হওনের পূর্ব্বে রদ করিবার হুকুম করিতে পারেন্। এবং এই আইনের ২৬ ধারার ১। ২। ৩। ৪। ৫ প্রকরণের নির্দ্দিষ্ট বর্জ্জিত কথার মধ্যে যেং নিষেধ আছে কেবল সেইং নিষেধ আমলে আনিয়া ঐ জমীদারী পুনর্ব্বার নীলাম করিতে পারেন্ এবং ঐ নীলাম চূড়ান্ত ও সিদ্ধ হওনের পর যে জমীদারী পূর্ব্বোক্তমতে পাট্টাআদি বহাল রাখিয়া খরীদ হইয়াছিল সেই জমীদারী যদি বাকীর নিমিত্তে পুনর্ব্বার নীলাম করিতে হয় তবে স্থানীয় গবর্ণমেণ্ট সর্ব্বদা এইমত হুকুম দিতে পারেন্ যে এই আইনের ২৬ ধারার ১। ২। ৩। ৪। ৫ প্রকরণের নির্দ্দিষ্ট বর্জ্জিত কথায় যে নিষেধ আছে কেবল সেই নিষেধ আমলে আনিয়া মহাল নীলাম হইবেক অথবা পূর্ব্বে যে পাট্টাআদি বহাল রাখা গিয়াছিল তাহা আমলে আনিয়া নীলাম হইবেক এই দুই কল্পের প্রথম কল্প হইলে পাট্টাআদি রদ করিয়া যে নীলাম হইয়াছিল তাহাতে যে খরীদের টাকা পাওয়া গেল সেই টাকা যদি পাট্টাআদি বহাল রাখণের নীলামে প্রাপ্ত টাকাঅপেক্ষা অনেক অধিক হয় তবে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ অধিক টাকার কোন অংশ কিম্বা তাহা সমুদয় প্রথম নীলামেতে যাহারদিগের বিষয় বহাল রাখা গিয়াও দ্বিতীয় নীলামেতে বঞ্চিত হইল সেই লোকেরদিগকে দিতে আজ্ঞা করিতে পারেন্ ইতি।

২৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে জমীদারী বাঁটওয়ারা হইতেছে তাহার যে অংশিরা ১৮১৪ সালের ১৯ আইনের ৩৩ এবং ৩৪ ধারানুসারে আপনং অংশ নীলামহইতে রক্ষা করিয়াছে এমত অংশিভিন্ন যদি কোন রেজিষ্টরীওয়া বা রেজিষ্টরী না হওয়া ভূম্যধিকারী অথবা শরীক যে জমীদারীর মালিক অথবা শরীক হন্ সেই জমীদারী আপন নামে অথবা বিনামে খরীদ করেন অথবা এই আইনক্রমে বাকীর নিমিত্ত জমীদারী নীলামহওনের পর পুনর্ব্বার খরীদের দ্বারা অথবা অন্য প্রকারে পুনর্ব্বার তাহার দখল পান্ তবে সেই ভূম্যধিকারী এবং আরো জমীদারীর উপর যে বাকী পড়ে বা যে দাওয়া ঘটে তাহাছাড়া অন্য বাকী অথবা দাওয়ার নিমিত্ত জমীদারী নীলাম হইলে তাহার খরীদার ঐ খরীদের দ্বারা নীলামের সময়ে জমীদারীর উপর যে সকল দায় সংযোগ ছিল সেই দায়সমেত তাহা পাইবেন এবং নীলামের সময়ে রাইয়ত এবং পাট্টাদার প্রজাদিগের উপর উক্ত জমীদারীর সাবেক মালিকের যে স্বত্ব ছিল না এমত স্বত্ব ঐ খরীদার পাইবেন না ইতি।

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মালগুজারী দাখিল করণের শেষ তারিখে আপন রাইয়তের স্থানে বাকীদারের যে বাকী খাজানা পাওনা থাকে সেই জমীদারী নীলাম হইলে সেই বাকী খাজানা যে কোন রীতিক্রমে শেষ দিবসে কি ঐ দিবসের পূর্ব্বে ঐ বাকীদার আদায় করিতে পারিতেন সেই রীতিক্রমে উক্ত শেষ দিবসের পর তিনি আদায় করিতে পারিবেন কেবল ক্রোক করিতে পারেন্ না ইতি।

৩১ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কোন কালেক্টর সাহেব অথবা নীলামের বিষয়ে কালেক্টর সাহেবের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক খোলা কাছারীতে অথবা যে দপ্তরে কোন সময়ে কার্য্য করেন্ তাহাতে আপনার সাক্ষাৎ কোন অবজ্ঞা হইলে তাহার ২০০৲ দুই শত টাকার অনধিক জরীমানা করিতে পারেন্ এবং যদি তাহা না দেওয়া যায় তবে তাহার পরিবর্ত্তে এক মাসের অনধিক কাল দেওয়ানী জেলখানায় অপরাধিকে কয়েদ করিতে পারেন্ এবং পূর্ব্বোক্তমতে কালেক্টর সাহেব যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অপরাধিকে পাঠান্ তিনি ঐ দণ্ডের হুকুম জারী করিবেন। কিন্তু এই ধারাক্রমে যে হুকুম হয় তাহার উপর আপীল রাজস্বের

* [*Government Gazette*, 4th *February*, 1845.]

the Revenue Commissioner, whose decision shall be final.

XXXII. And it is hereby enacted, that a default to make good a bid by making the deposit required by Section XV. of this Act shall be held to be a contempt.

XXXIII. And it is hereby enacted, that the operation of this Act shall be confined to the Provinces of Bengal, Behar, Orissa and Benares, now subject to the General Regulations, and to the Ceded and Conquered Provinces similarly subject to the General Regulations, under the Government of the Presidencies of Fort William in Bengal, and nothing in this Act contained shall affect land in the Town of Calcutta, or the Settlements of Singapore, Penang or Malacca.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

কমিস্যনর সাহেবের সমীপে হইতে পারে এবং তাঁহার করা নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

৩২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের ১৫ ধারার যে বায়না করণের দ্বারা ডাক সিদ্ধ করিতে হয় সেই বায়না না দেওয়া আদালতের অবজ্ঞা গণ্য হইবেক ইতি।

৩৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মের উভয় রাজধানীর গবর্ণমেণ্টের অধীনে বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা এবং বারাণসের যে দেশ এক্ষণে সাধারণ আইনের অধীন আছে এবং দত্ত ও জয়করা যে দেশ সেইরূপে সাধারণ আইনের অধীন আছে কেবল সেই২ দেশে এই আইন চলন হইবেক এবং এই আইনের লিখিত কোন বিধি শহর কলিকাতা অথবা সিঙ্গাপুর বা পিনাঙ্গ কি মলাকার বসতির ভূমির সঙ্গে সম্পর্ক রাখিবেক না ইতি।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 1.

To the Civil Judges in the Lower Provinces.

The Court direct, in pursuance of instructions from the Government, that, in lieu of a separate inventory, in each instance, of property of intestates unclaimed upwards of twelve months, you will in future submit to the Government, at the close of every year, a general statement of all property of the kind, which may be in your custody for a period exceeding twelve months after the issue of notice for the appearance of heirs or claimants.

W. Kirkpatrick, *Deputy-Register.*

Fort William the 3d January, 1845.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সদর আদালতের সাহেবেরা আদেশ করিতেছেন যে উইল না করিয়া যে ব্যক্তি মরে তাহার সম্পত্তি যদি বারো মাস অতীত হইলে পর কেহ দাওয়া না করে তবে এমত প্রত্যেক গচ্ছিতে সম্পত্তির পৃথক২ তালিকা না লিখিয়া উত্তরাধিকারী কি দাওয়াদারেরদের উপস্থিত হইবার ঘোষণাপত্র জারী হইবার পর বারো মাস অতীত হইলে তোমার জিম্মায় উক্ত প্রকার যত সম্পত্তি থাকে সে সকলের এক সাধারণ তালিকা তুমি উত্তর কালে প্রতিবৎসরের শেষে গবর্ণমেণ্টের নিকটে পাঠাও।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪৫। ৩ জানুআরি।
John C. Marshman, *Bengalee Translator.*

SUDDER BOARD OF REVENUE.

NOTICE—(No. 1.)

With reference to the Notice published in the *Bengalee Government Gazette* of the 1st February 1842, in pursuance of the provisions of Act XII. of 1841, which is hereby abrogated and cancelled, the undermentioned dates have been fixed by the Sudder Board of Revenue, under Section 3, Act No. 1 of 1845, as the latest days in the broken period of the current year (1844-45) for the payment, in the permanently settled Districts of the Lower Provinces, of all arrears of Revenue and all demands which by the Regulations and Acts in force are directed to be realized in the same manner as arrears of Revenue—in default of which payment the Estates in arrears in those Districts—except as provided in the said Act—will be sold at Public Auction to the highest bidders.

In all permanently settled Districts with the exception of Zillah Sylhet,
28th March.

In Zillah Sylhet,
18th April.

G. Plowden,
Officiating Secretary.

সদর বোর্ড রেবিনিউ।

১ নম্বর।

এস্তেহার।

১৮৪১ সালের ১২ আইনের বিধিক্রমে ১৮৪২ সালের ১ ফেব্রুআরি তারিখে যে এস্তেহারনামা বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইয়াছিল তাহা ইহার দ্বারা রদ ও বাতিল হইল এবং বাঙ্গলাপ্রভৃতি দেশের বাকী রাজস্ব এবং যে সকল দাওয়া চলিত আইনের দ্বারা বাকী রাজস্বের ন্যায় আদায় করিতে হুকুম আছে তাহা সন হালের অর্থাৎ ১৮৪৪। ৪৫ সালের অবশিষ্ট কালে যে২ শেষ দিবসে দাখিল করিতে হইবেক সেই২ শেষ দিবস ১৮৪৫ সালের ১ আইনের ৩ ধারাক্রমে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা নীচের লিখিতমতে নিরূপণ করিয়াছেন। সেই তারিখে টাকা দাখিল না হইলে উক্ত আইনের বর্জিত বিষয়ভিন্ন ঐ২ জিলার সকল বাকীপড়া মহাল নীলামে ধরা যাইবেক এবং যে জন অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

ছিলট জিলাভিন্ন ইস্তমরারী জমা ধার্য্যহওয়া সকল জিলার মধ্যে
২৮ মার্চ।

ছিলট জিলার মধ্যে
১৮ আপ্রিল।

জি প্লোডন।
একটিং সেক্রেটারী

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৫। ৪ ফেব্রুআরি।]

NOTICE—(No. 2)

The undermentioned dates have been fixed by the Sudder Board of Revenue, under Section III. Act No. I of 1845, as the latest days in the year 1845-46, and succeeding years, until otherwise notified from this Office, for the payment, in the permanently settled Districts of the Lower Provinces, of all arrears of Revenue and all demands which by the Regulations and Acts in force are directed to be realized in the same manner as arrears of Revenue—in default of which payment the Estates in arrears in those Districts—except as provided in the said Act—will be sold at Public Auction to the highest bidders.

In Districts, and for Mehals, in which the Bengal, or Umlee Era is current, with the exception of Zillah Sylhet,

28th June,
28th September,
28th December, and
28th March ;

and in Districts and for Mehals in which the Fusly Era is current,

7th June,
28th September,
28th December, and
28th March

Petty Estates, the Jummas of which do not exceed 100 Rupees, will be liable to Sale only once, twice, or three times in the year, according to the amount of their respective Jummas, viz.

Bengal and Umlee Mehals.

Estates with a Jumma of 10 Rs. and under, ...	In March.
Estates with a Jumma exceeding 10 and not exceeding 50 Rupees, ...	In December and March.
Estates with a Jumma exceeding 50 and not exceeding 100 Rupees, ...	In December, March and June.

Fusly Mehals.

Estates with a Jumma of 10 Rs. and under, ...	In June.
Estates with a Jumma exceeding 10 and not exceeding 50 Rs.	In December and June.
Estates with a Jumma exceeding 100 Rs.	In December, March and June.

The following dates have been fixed for Zillah Sylhet :

28th September,
18th January, and
18th April.

N B.—This Notice does not apply to the Districts of the Chittagong Division, viz.—Chittagong, Tipperah, and Bulloooah, the dates for which will be fixed by the Commissioner of that Division.

G. Plowden,
Offy. Secretary.

[*Government Gazette, 4th February*, 1845.]

এস্তেহার। ২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ইস্তমরারী জমা ধার্য্যহওয় জিলার মধ্যে যে বাকী রাজস্ব এবং চলিত আইন ও আক্টের দ্বারা যে সকল দাওয়ার টাকা বাকী রাজস্বের ন্যায় আদায় করা যায় তাহা ১৮৪৫। ৪৬ সালে এবং তৎপরপর সালে দাখিল করিবার শেষ দিবস সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা ১৮৪৫ সালের ১ আইনের ৩ ধারানুসারে নীচের লিখিতমতে নিরূপণ করিয়াছেন এবং ঐ বোর্ডের দপ্তরহইতে অন্য এস্তেহা না হওনপর্য্যন্ত ঐ দিবসের নিয়ম বহাল থাকিবেক। ঐ২ দিবসে বাকী টাকা দাখিল না হইলে উক্ত আইনের বর্জিত বিষয়ভিন্ন ঐ২ জিলার বাকীপড়া মহাল নীলামে ধরা যাইবেক এবং যে জন অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

ছিলট জিলাভিন্ন যে২ জিলা ও যে২ মহালে বাঙ্গলা অথবা অমলী সন চলন আছে তাহাতে এই২ তারিখ শেষ দিন নিরূপণ হইল

২৮ জুন।
২৮ সেপ্টেম্বর।
২৮ ডিসেম্বর ও
২৮ মার্চ।

যে২ জিলা ও যে২ মহালে ফসলী সন চলন আছে তাহাতে।

৭ জুন।
২৮ সেপ্টেম্বর।
২৮ ডিসেম্বর এবং
২৮ মার্চ।

যে ক্ষুদ্র২ মাহালের জমা ১০০৲ টাকার অনধিক তাহা জমা বুঝিয়া বৎসরের মধ্যে কেবল এক কিম্বা দুই বা তিনবার নীলাম হইবেক অর্থাৎ


The following Act, passed by the Governor-General of India in Council on the 15th of February 1845, is hereby promulgated for general information.

ACT No. III. OF 1845

An Act vesting Courts of Appeal with the discretion to require or dispense with Security for Costs from the Appellant

Whereas, it is not now by Law necessary within the Territories subject to the Presidency of Fort William in Bengal, to take any Security for Costs in Appeals before the Sudder Courts, and, whereas, no Security for Costs is now required by Law in Appeals from the decisions of Moonsiffs; and, whereas, it is expedient that Appeals from all Courts should be put in this respect upon a uniform footing

It is therefore hereby enacted, that within the said Territories it shall not be necessary in any Court of Appeal of the East India Company to take any Security for Costs, but it shall be in the discretion of every such Court of Appeal to demand Security for Costs from the Appellant or not, as it shall see fit, before the Respondent is called upon to answer,—any Law or Regulation to the contrary notwithstanding.

G. A. BUSHBY,

Secy. to the Govt. of India.

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ১৫ ফেব্রুআরি।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৫ সালের ১৫ ফেব্রুআরি তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ৩ আইন।

আপীল আদালতে আপেলাণ্টের স্থানে খরচার জামিন তলব করিবার কি না করিবার ক্ষমতার্পণ করণের আইন।

যেহেতুক এক্ষণে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যের সদর আদালতে আপীল হওয়া মোকদ্দমার খরচার জামিন লওয়া আইনানুসারে আবশ্যক নাই এবং যেহেতুক মুনসেফের নিষ্পত্তির উপর আপীল হইলে খরচার জামিন লওয়ার এক্ষণে আইনানুসারে হুকুম নাই এবং যেহেতুক এই বিষয়ে সকল আদালতের ডিক্রীর উপর যে আপীল হয় তাহার একি রীতি করা উচিত বোধ হইয়াছে

অতএব ইহাতে হুকুম হইল যে উক্ত দেশের মধ্যে কোম্পানি বাহাদুরের কোন আপীল আদালতে খরচার জামিন লইতে আবশ্যক হইবেক না কিন্তু প্রত্যেক আপীল আদালতের এই ক্ষমতা থাকিবেক যে ঐ আদালতের বিবেচনায় যেমত উচিত বোধ হয় সেইমতে রেস্পাণ্ডেণ্টকে জওয়াব দিতে হুকুম হওনের পূর্ব্বে আপেলাণ্টের স্থানে খরচার জামিন তলব করেন কি না করেন। ইহার বিপরীত কোন আইন থাকিলেও তাহা প্রতিবন্ধক হইবেক না ইতি।

জি এ বুশবি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

[*Government Gazette, 4th March,* 1845.]

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 1.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

1st. I am directed by the Sudder Board of Revenue to forward to you herewith a copy of letter from the Under-Secretary to the Government of Bengal, No. 828, dated the 18th ultimo, and of the forms of Registers annexed to it, communicating the determination of the Right Honourable the Governor to sanction the formation of village schools in the several Districts of Bengal, Behar, and Cuttack, for the purpose of imparting sound and useful elementary instruction in the vernacular language.

2nd. The Board desire that, after causing the widest publicity to be given in your division to these orders of Government, you will decide, in consultation with the several Collectors or Deputy-Collectors subordinate to you, and with due regard to the points noticed in the 4th paragraph of the Government letter, in what towns of each district the schools are to be located, notifying the names of the places selected for the information of the Board. For Masters and Books, the Collectors, you will observe, are to apply to the Secretary to the Council of Education.

3rd. You will enjoin on your subordinates, and pay yourself, the most heedful attention to the rules laid down in paragraph 5 to 8, of the Government letter. The Scheme of Education to be framed by the inspector, Mr. E. Lodge, will be sent to you as soon as received, and the Board will look for your first Annual Report as early as possible after the close of the current year, 1845.

4th. The Board need hardly urge you and your several subordinates to co-operate zealously in promoting the present enlightened scheme, by evincing a steady interest in it, and by instigating the more opulent native inhabitants of the division, whenever an opportunity is afforded, to a liberal support of the proposed institutions, as being one of the surest means of shewing that they merit elevation and distinction from Government.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Fort William, 23d January, 1845.

No. 828.

From the Under-Secretary to the Government of Bengal, to G. Plowden, Esq. Officiating Secretary to the Sudder Board of Revenue, dated, Fort William, 18th December, 1844.

1. The Right Honourable the Governor of Ben-

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

---

১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের গত মাসের ১৮ তারিখের ৮২৮ নম্বরী পত্রের এবং তাহার সঙ্গে রেজিষ্টরের যে২ পাঠ পাঠান যায় তাহার নকল সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইতেছি। তাহাতে লেখা আছে যে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেব এদেশীয় ভাষাতে উত্তম ও কর্ম্মণ্য প্রথম শিক্ষণীয় বিদ্যা প্রদানার্থ বাঙ্গলা ও বেহার এবং কটকের নানা জিলায় গ্রামীয় পাঠশালা স্থাপন করিবার অনুমতি দিতে স্থির করিয়াছেন।

২। বোর্ডের সাহেবেরা হুকুম করিতেছেন যে গবর্ণমেণ্টের এই হুকুম তোমার এলাকায় সাধ্যপর্য্যন্ত সর্ব্বত্র প্রকাশ করিবা এবং তুমি আপন অধীন নানা কালেকটর সাহেব ও ডেপুটী কালেক্টরেরদের সঙ্গে পরামর্শ করিয়া এই নিশ্চয় করিবা যে গবর্ণমেণ্টের পত্রের ৪ দফার লিখিত নানা বিষয়ের প্রতি যথোচিত দৃষ্টি রাখিয়া প্রতিজিলার কোন্২ নগরের মধ্যে পাঠশালা স্থাপন করিতে হইবেক। পরে বোর্ডের সাহেবদিগকে জানাইবার নিমিত্তে সে মনোনীত স্থানের নাম জ্ঞাপন করিবা। শিক্ষকেরদের ও কেতাবের নিমিত্তে কালেক্টর সাহেবেরা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের স্থানে চাহিবেন ঐ পত্রে এইমত হুকুম আছে।

৩। গবর্ণমেণ্টের পত্রের ৫ অবধি ৮ পর্য্যন্ত দফাতে যে সকল বিধি আছে তাহাতে তুমি আপন অধীন কার্য্যকারকদিগকে অতিসাবধানপূর্ব্বক মনোযোগ করিতে হুকুম দিবা এবং তুমি নিজে তাহাতে মনোযোগ করিবা। তত্ত্বাবধারক শ্রীযুত ই লজ সাহেব বিদ্যা শিক্ষা করণের যে পাণ্ডুলেখ্য প্রস্তুত করিতেছেন তাহা পঁহুছিলেই তোমার নিকটে পাঠান যাইবেক এবং বর্ত্তমান ১৮৪৫ সালের পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র বোর্ডের সাহেবেরা তোমারদের প্রথম বার্ষিক রিপোর্টের প্রতীক্ষায় থাকিবেন।

৪। বোর্ডের সাহেবেরা ভরসা করেন যে তাঁহারদের উত্তেজনা বিনা তুমি এবং তোমার অধীন কর্ম্মকারকেরা আপনারাই এই জ্ঞানবর্দ্ধক কর্ম্মের বিষয়ে নিরন্ত অনুরাগী হইয়া অতি মনোযোগপূর্ব্বক তাহার সাহায্য করিবা এবং সুযোগক্রমে তোমার এলাকার ধনবান এদেশীয় মহাশয়দিগকে এই প্রস্তাবিত পাঠশালার বদান্যতারূপে পোষকতা করিতে প্রবোধ দিবা যেহেতুক ইহাতে বিলক্ষণ দৃষ্ট হইবেক যে গবর্ণমেণ্টের নিকটে তাঁহারা প্রসিদ্ধ ও সম্ভ্রান্ত হইবার যোগ্য।

জি প্লৌডন। একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪৫। ২৩ জানুআরি।

---

৮২৮ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী শ্রীযুত জি প্লৌডন সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৪৪ সাল ১৮ ডিসেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেব

gal has determined to sanction the formation of village schools in the several districts of Bengal, Behar and Cuttack, in which sound and useful elementary instruction may be imparted in the vernacular language. The funds available for this purpose are limited, and the number of schools which at present it is practicable to establish in each district, is necessarily small; but this circumstance is of no immediate consequence, as, under any circumstances, it would not have been prudent to commence upon a measure of this nature, which as yet can only be considered experimental, on a more extended plan. His Excellency however trusts that the Board and the Local Revenue Authorities to whom, under all circumstances, he has thought proper to commit the direct care and control of these infant seminaries, will enter upon the duty with that interest and zeal which its great importance demands, and that the result of the experiment will be such as to justify him at some future and no very distant period in applying to the Government of India for the means of providing for its extension.

2. The number of Schools which the funds at the disposal of the Government will admit of being formed is one hundred and one, to each of which a Master will be appointed capable of giving instruction in Vernacular Reading and Writing, Arithmetic, Geography, and the Histories of India and Bengal. The Salaries of the Masters will be as follows;—

	Rs.	As.
20 @ 25...	500	0
30 @ 20..	600	0
51 @ 15...	765	0

making a total expense of Rs. 1,865 a-month, or Rs. 22,380 per annum

3 The distribution of the schools will be according to the annexed scheme:—

Patna Division.

Patna, ...	3	Schools.
Behar, ...	3	„
Shahabad, ...	3	„
Sarun, ...	3	„
Chumparun, ...	2	„
Total ...	14	„

Bhaugulpore Division.

Tirhoot, ...	3	Schools.
Bhaugulpore, ...	3	„
Monghyr, ...	3	„
Purneah, ...	3	„
Dinagepore, ...	3	„
Maldah, ...	2	„
Total ...	17	„

Moorshedabad Division.

Moorshedabad, ...	3	Schools.
Beerbhoom, ...	3	„

[*Government Gazette, 4th March,* 1845.]

বাঙ্গলা ও বেহার এবং কটকের নানা জিলার মধ্যে গ্রামীয় পাঠশালা স্থাপন করিবার অনুমতি দিতে স্থির করিয়াছেন। ঐ২ পাঠশালাতে এদেশীয় ভাষায় উত্তম ও কর্ম্মণ্য প্রথম শিক্ষণীয় বিদ্যা প্রদান হইবেক। এই কার্য্য সিদ্ধ করিবার নিমিত্তে যে সংস্থান আছে তাহা অধিক নহে এবং প্রত্যেক জিলাতে এক্ষণে যত পাঠশালা স্থাপন করা যাইতে পারে তাহার সংখ্যা সুতরাং অতিন্যূন। কিন্তু ইহা এক্ষণে খেদের বিষয় নহে। যেহেতুক সংস্থানের বাহুল্য হইলেও এই কর্ম্ম এক্ষণে কেবল পরীক্ষার ন্যায় জ্ঞান হইতে পারে অতএব এমত অবস্থায় তাহা বিস্তারিত-রূপে আরম্ভ করা অনুচিত। পরন্তু যে বোর্ডের সাহেবেরদের ও স্থান বিশেষের রাজস্বের কার্য্যকারক সাহেবেরদের কর্ত্তৃত্বাধীনে শ্রীযুত সর্ব্ব বিষয় বিবেচনা করিয়া এই সকল শৈশবাবস্থ পাঠশালা সমর্পণ করিতে উচিত বোধ করিয়াছেন শ্রীযুত ভরসা করেন যে তাঁহারা এই কার্য্যের গুরুত্বানুযায়ি অনুরাগ ও ব্যগ্রতাপূর্ব্বক তাহা সম্পাদন করিবেন এবং তিনি আরো ভরসা করেন্ যে এই পরীক্ষার এমত সুফল দৃষ্ট হইবেক যে শ্রীযুত অল্প কালের মধ্যে পাঠশালার সংখ্যা বৃদ্ধিকরণার্থ অধিক অর্থ ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্থানে প্রার্থনা করিতে পারিবেন।

২। এক্ষণে এই কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্ট যে অর্থ ব্যয় করিতে পারেন তাহাতে এক শত এক পাঠশালা স্থাপন হইতে পারিবেক। যে২ শিক্ষকেরা এদেশীয় ভাষায় লিখনপঠন ও অঙ্কবিদ্যা ও ভূগোলবিদ্যা এবং ভারত বর্ষ ও বঙ্গ দেশের পুরাবৃত্ত বিবরণ শিখাইতে পারেন্ এমত ব্যক্তি ঐ পাঠশালাতে নিযুক্ত হইবেন। শিক্ষকেরদের মাহিয়ানা নীচের লিখনমতে দেওয়া যাইবেক।

২৫৲ টাকা করিয়া ১০ জন	সর্ব্বসুদ্ধ	৫০০৲
১০৲ টাকা করিয়া ৩০ জন	„	৬০০৲
১৫৲ টাকা করিয়া ৫১ জন	„	৭৬৫৲

তাহাতে সর্ব্বসুদ্ধ মাসিক ১৮৬৫৲ টাকা বার্ষিক ২২,৩৮০৲ টাকা ব্যয় হইবেক।

৩। নীচের লিখিত স্থানে পাঠশালা স্থাপন হইবেক।

পাটনার এলাকা।

পাটনা .	৩	পাঠশালা
বেহার	৩	„
শাহাবাদ	৩	„
সারণ	৩	„
চম্পারণ	২	„
সর্ব্বসুদ্ধ	১৪	„

ভাগলপুরের এলাকা।

ত্রিহুত	৩	পাঠশালা
ভাগলপুর	৩	„
মুঙ্গের	৩	„
পূরণিয়া	৩	„
দিনাজপুর	৩	„
মালদহ	২	„
সর্ব্বসুদ্ধ	১৭	„

মুরশিদাবাদের এলাকা।

মুরশিদাবাদ	৩	পাঠশালা
বীরভূম	৩	„

District		Schools
Rungpore, ...	... ...	3 Schools.
Rajshahi, ...	... ...	3 ,,
Pubnah, ...	... ...	3 ,,
Bograh, ...	... ...	2 ,,
	Total ...	17 ,,

Dacca Division.

District		Schools
Dacca, ...	... ...	3 Schools.
Mymensingh,	... ...	3 ,,
Sylhet, ...	... ...	3 ,,
Backergunge,	... ...	3 ,,
Furreedpore,	... ...	3 ,,
	Total ...	15 ,,

Jessore Division.

District		Schools
Jessore, ..	... ...	3 Schools.
Nuddea, ...	... ...	3 ,,
24-Pergunnahs,	... ...	3 ,,
Hooghly, ...	... ...	3 ,,
Burdwan, ...	... ...	3 ,,
Barasct, ...	... ...	2 ,,
Bankorah, ...	... ...	2 ,,
	Total ...	19 ,,

Cuttack Division.

District		Schools
Midnapore,	.. ..	3 Schools.
Cuttack, ..	..	3 ,,
Balasore, ..	.. ..	3 ,,
Khoordah, ..	..	2 ,,
	Total ..	11 ,,

Chittagong Division.

District		Schools
Chittagong,	... ...	3 Schools.
Tipperah, ...	... ...	3 ,,
Bullooah, .	... ...	2 ,,
	Total	8 ,,
	Grand Total ...	101 ,,

4. The schools will be established in any two or three of the principal towns of each district where the inhabitants may be willing to provide a suitable building for the purpose, and to keep it in proper repair. The Collectors or Deputy-Collectors of each district will take care that the intentions of Government in this respect are universally known before they decide on the location of the schools, and invariably give the most populous places the preference. Should there be any district in which obstacles arise to the establishment of the allotted number of schools, they may be located in other districts of the same Division at the discretion of the Commissioner. For Masters the Collectors will apply to the Secretary to the Council of Education, and for books to the same functionary.

5. The system of instruction to be pursued in

জিলা		পাঠশালা
রঙ্গপুর ...	... ...	৩ পাঠশালা
রাজশাহী ...	... ...	৩ ,,
পাবনা ...	... ...	৩ ,,
বগুড়া ..	... ...	২ ,,
	সর্ব্বসুদ্ধ	১৭ ,,

ঢাকার এলাকা।

জিলা		পাঠশালা
ঢাকা ...	... ...	৩ পাঠশালা
ময়মনসিংহ...	... ...	৩ ,,
ছিলট ...	.. ...	৩ ,,
বাকরগঞ্জ ...	...	৩ ,,
ফরিদপুর ...	... ...	৩ ,,
	সর্ব্বসুদ্ধ	১৫ ,,

যশোহরের এলাকা।

জিলা		পাঠশালা
যশোহর ...	... ...	৩ পাঠশালা
নদীয়া ...	.. ...	৩ ,,
চব্বিশপরগনা	... ...	৩ ,,
হুগলী ...	... ...	৩ ,,
বর্দ্ধমান ...	... ...	৩ ,,
বারাশৎ ...	... ...	২ ,,
বাকুড়া ...	... ...	২ ,,
	সর্ব্বসুদ্ধ	১৯ ,,

কটকের এলাকা।

জিলা		পাঠশালা
মেদিনীপুর ..	... ...	৩ পাঠশালা
কটক ..	... ..	৩ ,,
বালেশ্বর ...	... ..	৩ ,,
খুর্দ্দা ..	... ...	২ ,,
	সর্ব্বসুদ্ধ	১১ ,,

চাটগাঁর এলাকা।

জিলা		পাঠশালা
চাটগাঁ .	..	৩ পাঠশালা
ত্রিপুরা	.. ...	৩ ,,
ভলুয়া .	.. ..	২ ,,
	সর্ব্বসুদ্ধ	৮ ,,
	মোটে	১০১ ,,

৪। প্রত্যেক জিলার যে দুই কি তিন প্রধান নগর নিবাসিরা পাঠশালার নিমিত্তে উপযুক্ত ঘর দিতে এবং তাহা মেরামৎ করিয়া রাখিতে ইচ্ছুক হন সেই২ নগরে পাঠশালা স্থাপন হইবেক। প্রতিজিলার কালেক্টর সাহেবেরা অথবা ডেপুটী কালেক্টরেরা পাঠশালা স্থাপন করিবার স্থান স্থির করণের পূর্ব্বে তাঁহারা মনোযোগ-পূর্ব্বক গবর্ণমেণ্টের এই বিষয়ের মানস সর্ব্বত্র প্রকাশ করিবেন এবং অন্য স্থানাপেক্ষা যে স্থানে অধিক লোকের বসতি আছে সেই২ স্থান মনোনীত করিবেন। যদি কোন জিলার মধ্যে নিরূপিত সংখ্যার পাঠশালা স্থাপন করিবার বাধা জন্মে তবে কমিসানর সাহেবের বিবেচনা মতে ঐ এলাকার অন্য২ জিলাতে পাঠশালা স্থাপন হইতে পারে। কালেক্টর সাহেবেরা শিক্ষকেরদের নিমিত্তে এবং কেতাবের নিমিত্তে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে প্রার্থনা করিবেন।

৫। এই সকল পাঠশালার মধ্যে শিক্ষা করিবার

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৫ । ৪ মার্চ ।]

these schools will be strictly uniform, and for this purpose the Inspector, Mr. E. Lodge, has been directed to frame a scheme of study which, when approved, will be communicated to the Board for their information and the guidance of their subordinates. The Collectors will visit each school in their several districts at least once a year, and report on them annually to the Commissioners, who will submit a general report of all the schools in their respective Divisions through the Board to Government. The Commissioners will likewise be expected to visit the schools as often as may be, on their periodical tours.

6 The Master of each school will send into the Collector monthly* returns of the number of boys belonging to it and the number in attendance every day. He will also keep a register† of all boys admitted into the school, and one of daily attendance. At the end of the year he will furnish the Collector with a Statement ‡ of the classes and of the progress of the boys during the year. These registers and returns will all be drawn out in the vernacular language, and the Collector will take care to see that they are kept and forwarded to him with punctuality.

7 It is the desire of the Governor that all boys who may come for instruction to these schools should be compelled to pay a monthly sum, however small, for their tuition and also be charged the full value of books supplied to them from the public Stores. Gratuitous education is never appreciated, and, moreover, the necessity for payment tends to induce the more respectable classes to send their children to the Government schools, which would otherwise be attended by those of the lowest orders. All are equally in want of instruction, and it is obviously proper to begin with those who can not only contribute means for its further extension, but influence others by their example to follow the same course.

8 The schools will be visited occasionally by the Inspector, to whom every facility will be given by the revenue authorities for ascertaining the state of the classes, and generally for obtaining all information which he may consider necessary in connexion with his duty.

9 A Copy of this letter has been sent to the Commissioner of Chittagong, for his guidance in respect to the schools to be established in the districts composing his Division.

(Signed) C. BEADON,

Under Secy. to the Govt. of Bengal

* Appendix A.
† Appendix B.
‡ Appendix D.

[*Government Gazette, 4th March,* 1845.]

একি নিয়ম চলন হইবেক। এই অভিপ্রায়ে তত্ত্বাবধারক শ্রীযুত ই লজ সাহেবকে বিদ্যা শিখাওনের এক পাণ্ডুলেখ্য প্রস্তুত করিতে হুকুম হইয়াছে তাহা মঞ্জুর হইলে বোর্ডের সাহেবেরদের বিজ্ঞাপনার্থ ও তাঁহারদের অধীন কার্য্যকারকদিগের উপদেশের নিমিত্তে পাঠান যাইবেক। কালেকটর সাহেবেরা আপন২ জিলার প্রত্যেক পাঠশালায় বৎসরে২ অতিন্যূন একবার গমন করিবেন এবং বৎসরে২ সেই বিষয়ের রিপোর্ট কমিস্যনর সাহেবের নিকটে করিবেন এবং কমিস্যনর সাহেবেরা আপন২ এলাকার মধ্যে সকল পাঠশালার এক সাধারণ রিপোর্ট সদর বোর্ডের দ্বারা গবর্ণমেণ্টের নিকটে পাঠাইবেন। আরো কমিস্যনর সাহেবেরা মফঃসলে ভ্রমণ করিবার কালে যতবার হইতে পারে ততবার ঐ পাঠশালায় গমন করিবেন।

৬। প্রতিপাঠশালার যত জন পড়ুআ ভর্ত্তি হয় ও প্রতিদিন যত জন হাজির হয় তাহার এক কৈফিয়ৎ * পাঠশালার শিক্ষক কালেকটর সাহেবের নিকটে মাসে২ পাঠাইবেন। আর যে সকল বালক পাঠশালায় গ্রাহ্য হয় তাহারদের এবং প্রতিদিনে যত হাজির হয় তাহার এক রেজিষ্টর † ঐ শিক্ষক রাখিবেন। এবং বৎসরের মধ্যে সকল সম্প্রদায়ের এক কৈফিয়ৎ এবং বালকেরদের যেরূপ বিদ্যার উন্নতি হইয়াছে তাহার কৈফিয়ৎ ‡ বৎসরের শেষে কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন। এই সকল রেজিষ্টর ও রিপোর্ট এদেশীয় ভাষায় প্রস্তুত হইবেক এবং তাহা সাবধানপূর্ব্বক প্রস্তুত হয় ও কালেকটর সাহেবের নিকটে নিরূপিত সময়ে পাঠান যায় এই বিষয়ে ঐ সাহেব মনোযোগী হইবেন।

৭। গবর্ণমেণ্টের ইচ্ছা আছে যে এই পাঠশালায় যে সকল বালক শিক্ষা করিতে আইসে তাহারা বিদ্যার নিমিত্তে মাসে২ যত অল্প হউক কিছু২ করিয়া দেয় এবং সরকারহইতে যে সকল পুস্তক পায় তাহার সম্পূর্ণ মুল্যও দেয়। বিনামুল্যে যে বিদ্যা দেওয়া যায় তাহা প্রায় লোকেরা মূল্যবান জ্ঞান করেন না। আর মাসে২ কিছু২ দিতে হইলে সম্ভ্রান্ত লোকেরা আপনারদের বালকদিগকে গবর্ণমেণ্টের পাঠশালায় পাঠাইতে প্রবৃত্ত হইবেন তাহা না হইলে কেবল নীচ জাতীয় বালকেরা তথায় যাইবেক। সকল লোকের বিদ্যাপ্রাপণের তুল্যরূপেই আবশ্যক আছে অতএব যাঁহারা বিদ্যাবৃদ্ধির উপায় করিতে পারেন এবং অধিকন্তু আপনারদের আদর্শের দ্বারা অন্য লোকদিগকে সেই পথে লওয়াইতে পারেন এমত লোকদিগকে প্রথমে শিক্ষা দেওয়া স্পষ্টতঃ উচিত।

৮। তত্ত্বাবধারক সাহেব সময়ে২ ঐ পাঠশালায় গমন করিবেন। এবং পাঠশালার নানা সম্প্রদায়ের অবস্থা এবং সামান্যতঃ তাঁহার কর্ত্তব্য কার্য্যসম্পর্কীয় অন্য যে সকল বৃত্তান্ত জানিবার আবশ্যক বোধ করেন তাহার বিষয়ে রাজস্বের কার্য্যকারকেরা তাহার যথাসাধ্য উপকার করিবেন।

৯। চাটিগাঁর কমিস্যনর সাহেবের এলাকার অন্তঃপাতি জিলার মধ্যে যে সকল পাঠশালা স্থাপন হইবেক তাহার বিষয়ে তাহার উপদেশের নিমিত্তে এই পত্রের এক নকল তাঁহার নিকটে পাঠান গিয়াছে।

সি বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

* আপেণ্ডিক্স A
† আপেণ্ডিক্স B
‡ আপেণ্ডিক্স D

A.

Abstract Register of daily attendance of Scholars at the ——— Vernacular School for the month of ——— 184—.

Date.	Number of Scholars borne on the Books.	Number of Scholars in attendance.	Remarks.
1st,	100	90	
2d,	100	85	
3d,	100	90	
4th,	100	95	
5th,	102	90	Two Boys admitted.
6th,	102	„	Sunday.
7th,	102	„	Holiday.
8th,	102	95	
9th,	102	95	
10th,	102	90	
11th,	101	85	One boy left School.
12th,	101	90	
13th,	101	„	Sunday.
14th,	100	85	One boy died.
15th,	100	85	
16th,	100	85	
17th,	100	85	
18th,	100	65	Explain why small attendance.
19th,	100	65	Do.
20th,	100	„	Sunday.
21st,	100	85	
22d,	100	90	
23d,	100	90	
24th,	100	„	Holiday.
25th,	100	„	Do.
26th,	100	90	
27th,	100	„	Sunday.
28th,	100	90	
29th,	100	90	
30th,	100	90	
	100	86	

A.

অমুক সালের অমুক মাসে অমুক জিলার বাঙ্গলা পাঠশালার পড়ুয়ারদের দৈনিক হাজিরির রেজিষ্টরের চুম্বক।

তারিখ	বহীতে যত জন পড়ুয়ার নাম আছে	যত জন হাজির হইয়াছে	মন্তব্য কথা
১	১০০	৯০	
২	১০০	৮৪	
৩	১০০	৯০	
৪	১০০	৯৫	
৫	১০২	৯০	দুইজন ভর্ত্তি হয়।
৬	১০২	"	রবিবার।
৭	১০২	"	পরব।
৮	১০২	৯২	
৯	১০১	৯৫	
১০	১০১	৯০	
১১	১০১	৮৫	
১২	১০১	৯০	এক জন বাহির হয়।
১৩	১০১	"	রবিবার।
১৪	১০০	৮২	এক জন মরিল।
১৫	১০০	৮১	
১৬	১০০	৮২	
১৭	১০০	৮৪	
১৮	১০০	৬৫	এত বালকের কামাইয়ের কারণ।
১৯	১০০	৬৫	ঐ ঐ
২০	১০০	"	রবিবার।
২১	১০০	৮৫	
২২	১০০	৯০	
২৩	১০০	৯০	
২৪	১০০	"	পরব।
২৫	১০০	"	ঐ
২৬	১০০	৯০	
২৭	১০০	"	রবিবার।
২৮	১০০	৯০	
২৯	১০০	৯০	
৩০	১০০	৯০	
	১০০	গড়ে ৮৬	

B.

General Register for ——————

No.	Name.	Parent or Guardian	Residence.	Security.	Date of admission.	Rate of Schooling.	Date of leaving the Institution.	Opinion of as to proficiency and general conduct on leaving the Institution.
1	Ramlol-Chun Ghose.	Ramkisto Ghose.	Chinsurah. ..	Kisto-Mohun Bhose.	1st January 184 .	. 8 ...	9th May 1846.	

ড

অমুক পাঠশালার সাধারণ রেজিষ্টরের ফর্দ্দ

নম্বর	নাম	পিতা কি রক্ষক	বাসস্থান	জামিন	যে তারিখে ভর্ত্তি হয়	মাসে২ যত দেয়	যে তারিখে পাঠশালা ছাড়ে	পাঠশালা ছাড়িবার সময়ে তাহার সুশিক্ষা ও সদাচরণের বিষয়ে অমুক শিক্ষকের মত।
১	রামলালচান ঘোষ	রামকৃষ্ণ ঘোষ	চুচুড়া	কৃষ্ণমোহন বসু	১৮৪১। ১ জানুআরি।	॥০	১৮৪১। ৯ মে	

[*Government Gazette, 4th March*, 1845.]

C

Register of Daily attendance of Scholars for the month of——————184——————

Number	Name	Days of Month.																															Total.						Remarks.
		1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15	16	17	18	19	20	21	22	23	24	25	26	27	28	29	30	31	Present,——P	Absent,——A.	Sick,——S.	Leave,——L.	Sunday,——Su.	Holiday,——H.	
	Hurrimohun Ghosaul	P	P	P	P	P	P	Su	H	H	P	P	P	P	Su	L	L	L	P	P	P	Su	P	P	P	P	P	P	Su	P	P	0	21	0	0	3	4	2	

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৫। ৪ মার্চ।]

C

অমুক স্কুলের অমুক মাসে পড়ুয়াদের প্রতিদিন হাজিরীর রেজিষ্টর।

নম্বর	নাম	মাসের তারিখ।																															সর্ব্বশুদ্ধ।						মন্তব্য কথা
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬		১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	হাজির——হা।	কামাই——কা।	পীড়িত——পী।	ছুটী——ছু।	রবিবার——র।	পর্ব্ব——প।	
	হরিমোহন ঘোষাল	হ	হ	হ	হ	হ	হ	ব	প	প	হ	হ	হ	হ	ব	ছু	ছু	ছু	হ	হ	হ	র	হ	হ	হ	হ	হ	হ	ব	হ	হ	,,	২১	•	•	৩	৪	২	

[*Government Gazette, 4th March, 1845.*]

D

Return of Annual Examination of the ——— Class held on the ———

Class. Section.	No.	Names.	Age.	Date of admission to School.	Date of admission to Class.	Progress.	Present.	Absent.	Holiday.	Total.	Reading.	Arithmetic.	Geography.	History.						Total.	Remarks by Examiners.
		GENERAL RETURN BY THE MASTER.					RESULT OF EXAMINATION. Attendance Number of days.														
2d, ...	1	Rajcoomar Dey, ...	9	1st January, 1841.	1st June, 1844.	Satisfactory.	210	75	80	365	2	3	1	4							
	2	Hurryhur Dutt, ...	9	2d February, „	Do.	Good.	200	85	80	365	1	2	2	3							

N. B.—It is found useful to employ figures in designating the qualifications of the different Students. If fifty be considered as indicating complete answers, 45, 40, 35, &c. will designate inferior degrees of such answers By adding up the numbers the general qualification of each pupil is known.

(Signed) C. BEADON,
Under Secy. to the Govt. of Bengal.

Sudder Board of Revenue,
Fort William,
The 23d January, 1845

(A True Copy)
(Signed) G. PLOWDEN, *Offg. Secretary.*

D.

অমুক তারিখে অমুক সম্প্রদায়ের বার্ষিক ইমতিহানের রিপোর্ট।

অমুক সম্প্রদায়		শিক্ষকের সাধারণ রিপোর্ট					ইমতিহানের ফল															
							যত দিন হাজির হয়।															
অমুক খণ্ড	নম্বর	নাম	বয়স্	পাঠশালাতে যে তারিখে ভর্ত্তি হয়।	সম্প্রদায়ে যে তারিখে ভর্ত্তি হয়।	শিক্ষাকরণের প্রকার	হাজির	কামাই	ছুটী	সর্ব্বশুদ্ধ	পঠন	অঙ্কবিদ্যা	ভূগোলবিদ্যা	পুরাবৃত্ত বিবরণ।						সর্ব্বশুদ্ধ।		পরীক্ষক সাহেবেরদের মন্তব্য কথা।
২ .. …	১	রাজকুমার দে। … …	৯	১৮৪৪। ১ জানুআরি	১৮৪৪। ১ জুন	সন্তোষজনক	২১০	৭৫	৮০	৩৬৫	২	৩	১	৪								
	২	হরিহর দত্ত … ..	৮	,, ১ ফেব্রুআরি	ঐ	ভাল	২০০	৮৫	৮০	৩৬৫	১	২	২	৩								

মন্তব্য কথা। নানা ছাত্রের যেরূপ পটুতা হইয়াছে তাহা অঙ্ক দ্বারা নির্ণয় করা উচিত। ৫০ এই অঙ্ক দিলে যদি সম্পূর্ণরূপে জিজ্ঞাসার উত্তর দেওয়া বোধ হয় তবে ৪৫, ৪০, ৩৫ প্রভৃতি অঙ্ক লিখিলে ঐ জিজ্ঞাসার উত্তর দেওয়ার তারতম্য জানা যাইবেক। ঐ সকল অঙ্ক একুন করিলে প্রতি পড়ুআর যেপর্য্যন্ত সাধারণ পটুতা তাহা জানা যায়।

সি বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
১৮৪৫ সাল। ১১ জানুআরি।

(যথার্থ নকল।) জি প্লৌডন।
একটিং সেক্রেটারী।

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT-GENERAL.

No. 684.

To the Collectors of Land Revenue in the Lower Provinces.

The Officiating Accountant in the North Western Provinces having intimated to me, under date the 29th ultimo, that Government had been pleased, in the Financial Department, under date the 24th idem, to authorize the re-establishment of Civil Treasuries at the Stations of Loodianah and Ferozepore for the purpose of raising money by Supply Bills, I have the honor to request, that you will duly honor such Bills, of 5,000 Rupees and upwards, as may be drawn upon you by the Officers in charge of those Treasuries respectively, debiting their Amounts in your Treasury Accounts under "By North Western Provinces."

2. You are not to consider yourself competent to grant Bills upon those Treasures without special instructions from this Office.

(Signed) C. MORLEY,
Accountant-General.

Fort William, 1st Febuary, 1845.

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর পত্র।

৬৮৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

উত্তরপশ্চিম দেশের শ্রীযুত এক্টিং আক্কৌণ্টেণ্ট সাহেব গত মাসের ২৯ তারিখের পত্রে আমাকে জানাইয়াছেন যে সরকারী হুণ্ডী দিয়া টাকা পাইবার নিমিত্তে লুধিয়ানা ও ফিরোজপুরে দেওয়ানী খাজানাখানা পুনরায় স্থাপন করিতে গবর্ণমেণ্ট ঐ মাসের ২৪ তারিখে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে অনুমতি দিলেন অতএব তোমাকে আদেশ করিতেছি যে ঐ খাজানাখানা যে কার্য্যকারক সাহেবের জিম্মায় দেওয়া যায় সেই কার্য্যকারক ৫০০০৲ টাকার ও তাহার উর্দ্ধ টাকার যত হুণ্ডী তোমার উপর দেন তাহার টাকা তুমি দিবা এবং তোমার খাজানাখানার হিসাবে "উত্তরপশ্চিম দেশের খাজানাখানার" এই শিরোভাগের নীচে খরচ লিখিবা।

২। কিন্তু এই দফ্তরখানাহইতে তুমি বিশেষ হুকুম না পাইলে ঐ২ খাজানাখানার উপর কোন হুণ্ডী দিতে পারিবা না।

সি মরলি।
আক্কৌণ্টেণ্ট জেনরল।

ফোর্ট উলিয়ম ১৮৪৫। ২১ ফেব্রুআরি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

EDUCATION.

1. All persons seeking employment in the Education Department are requested to send in their applications, accompanied with testimonials, to the Secretary Council of Education, by whom they will be submitted to the Committee appointed by Government to examine and classify all such persons, in accordance with the subjoined regulations entitled :—

RULES FOR THE EXAMINATION OF CANDIDATES FOR EMPLOYMENT AND PROMOTION IN THE EDUCATION DEPARTMENT.

1. A Committee shall be formed for the purpose of examining candidates for employment and promotion in the Education Department.

2. The Committee shall ordinarily consist of the Secretary to the Council of Education, the Secretary to the Madrasah, the Inspector of Colleges and Schools, the Principals and Head-Masters of the Hindoo and Hooghly Colleges, and the Professors of Literature and Mathematics in those Colleges. The Council of Education may add to the Committee from time to time any other fit persons as extraordinary members. Three members shall form a quorum.

3. The regular meetings of the Committee shall be held at the Hindu College once every three months; viz. upon the first Saturdays in January, April, July, and October, at 10 A. M.

4. Emergent Meetings shall be held at such times, and for such purposes, as the Council of Education may direct, due notice of at least one week being given of every such meeting.

বিদ্যাধ্যাপন।

১। বিদ্যাধ্যাপনের সিরিশ্তায় যে সকল ব্যক্তি কর্ম্মের আকাঙ্ক্ষা করেন তাঁহারদের প্রতি হুকুম হইল যে তাঁহারদের যে২ প্রশংসাপত্র থাকে তাহা আপনারদের দরখাস্তের সঙ্গে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান এবং নীচের লিখিত বিধানানুসারে ঐ সকল ব্যক্তির ইমতিহান লইতে ও তাঁহারদের সম্প্রদায়২ করিতে গবর্ণমেণ্ট যে কমিটি নিযুক্ত করিয়াছেন সেই কমিটির নিকটে ঐ সেক্রেটারী সাহেব সেই দরখাস্ত জ্ঞাপন করিবেন।

বিদ্যাধ্যাপনের সিরিশতায় নিযুক্ত হওনের ও উচ্চ পদ পাইবার আকাঙ্ক্ষি ব্যক্তিরদের ইমতিহানের বিষয়ি বিধান।

১। বিদ্যাধ্যাপনের সিরিশতায় যাঁহারা নিযুক্ত হইতে এবং পদ পাইতে ইচ্ছা করেন তাঁহারদের ইমতিহান লইবার এক কমিটি নিযুক্ত হইবেন।

২। বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেব ও মদরসার সেক্রেটারী সাহেব এবং কালেজ ও পাঠশালার তত্ত্বাবধারক সাহেবেরা এবং হিন্দু ও হুগলী কালেজের অধ্যক্ষ ও প্রধান শিক্ষক সাহেবেরা এবং ঐ২ কালেজে গ্রন্থ বিদ্যা ও ক্ষেত্র পরিমাপক বিদ্যার অধ্যাপক সাহেবেরা লইয়া সামান্যতঃ কমিটি হইবেক। বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা সময়ক্রমে অন্যান্য উপযুক্ত লোকদিগকে কমিটির উপরি মেম্বরী কর্ম্মে নিযুক্ত করিতে পারেন। তিন জন মেম্বর উপস্থিত হইলেই কর্ম্ম সিদ্ধ হইতে পারিবেক।

৩। কমিটির নিয়মিত বৈঠক তিন২ মাস অন্তর অর্থাৎ জানুআরি ও আপ্রিল ও জুলাই এবং অক্টোবর মাসের প্রথম শনিবারে বেলা দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

৪। আবশ্যক কোন বিষয় উপস্থিত হইলে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা যে২ সময় ও যে২ অভিপ্রায় নির্দ্দিষ্ট করেন সেই২ সময়ে ও সেই অভিপ্রায়ে বৈঠক হইবেক। কিন্তু এমত প্রত্যেক বৈঠকের সম্বাদ ঐ বৈঠক হওনের অন্যূন এক সপ্তাহ পূর্ব্বে দেওয়া যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৫। ৪ মার্চ।]

5 The principal business of the Committee will be to examine all candidates for employment in the Education Department, to ascertain the qualifications and fitness of those in the Department who are otherwise eligible for promotion from one grade to another, and to dispose of such other matters of a similar nature as the Council of Education may direct.

6. All candidates for employment as teachers in Government Institutions shall be ranked in four classes, according to their acquirements and general aptitude for conducting the important and responsible duty of Education.

7 The fourth or lowest class shall comprehend all such as are skilled in reading, writing, arithmetic, and the subjects laid down in the junior scholarship standard, and who likewise shew some aptitude in imparting instruction and explaining all difficulties correctly and in precise and appropriate terms. This class will be considered eligible to situations, of which the salary is from 10 to 50 Rupees a month.

8 The third shall consist of those who are *highly skilled* in the branches of study required to be taught by the fourth class, and who also exhibit great aptitude in teaching and a good general knowledge of the duties of a Schoolmaster. They shall be eligible to situations of which the salary is from 50 to 150 Rupees a month.

9 The second class shall comprise those who are well acquainted with the subjects contained in the senior scholarship standard, whose knowledge is exact and of a high order, and who exhibit a capacity for imparting an advanced degree of instruction. They shall be eligible to situations, of which the salary is from 150 to 250 Rupees a month.

10 None shall compose the first or highest class but those who are capable of imparting the highest order of instruction required in the Government Schools, or who possess in an eminent degree an acquaintance with the principles and practice of an enlightened method of teaching, and eminent acquirements either in Literature or Science. These shall be eligible to situations of Rs 250 and upwards to the Headmasterships of Schools and Colleges.

11 Candidates for situations in Mofussil Colleges and Schools will be expected to possess a competent knowledge of the Vernacular.

12. Persons now in the Department shall be classed according to their salaries, except in those cases in which their qualifications may be deemed doubtful, when they shall be subjected to examination by the Committee and classed according to the result

13. No Master shall be promoted from a lower to a higher grade upon the occurrence of a vacancy in his own or in any other Institution until his qualifications shall have been ascertained by the Committee, in accordance with the standard fixed. If he be found deficient he shall be passed over,

[*Government Gazette, 4th March,* 1845]

৫। ঐ কমিটির বিশেষ কার্য্য এই। যাঁহারা বিদ্যাধ্যাপনের সিরিশ্তায় নিযুক্ত হইতে চাহেন্ তাঁহারদের ইমতিহান লওয়া এবং ঐ সিরিশ্তায় যাঁহারা অন্যান্য বিষয়ে উচ্চ পদ প্রাপণের উপযুক্ত তাঁহারদের যোগ্যতা ও উপযুক্ততা নির্ণয় করণ এবং এ প্রকার অন্য যে কোন কার্য্য বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা নির্দ্দিষ্ট করেন্ তাহার নির্ব্বাহ করা।

৬। গবর্ণমেণ্টের বিদ্যালয়ে শিক্ষকতার কর্ম্মাকাঙ্ক্ষি সকল ব্যক্তি আপনারদের নৈপুণ্যানুসারে এবং বিদ্যা শিখাওনের অতিগুরুতর ও ঝুঁকীর কর্ম্ম করিবার সাধারণ উপযুক্ততানুসারে চারি শ্রেণীতে বিভক্ত হইবেন।

৭। যাঁহারা লিখনেতে ও পড়নেতে ও অঙ্কবিদ্যাতে নিপুণ এবং যে বিষয়ে সুশিক্ষিত হইয়া কোন ছাত্র দ্বিতীয় শ্রেণীর বৃত্তি পাইতে পারেন সেই২ বিষয়ে নিপুণ এবং যাঁহারা বিদ্যা শিখাওনেতে পটু দৃষ্ট হন এবং কঠিন বিষয় ঠিকরূপে এবং নিশ্চিত ও উপযুক্ত বাক্যে বুঝাইতে পারেন তাঁহারা চতুর্থ অর্থাৎ নীচস্থ শ্রেণীতে গণ্য হইবেন। এই শ্রেণীর ব্যক্তিরা ১০৲ অবধি ৫০ টাকাপর্য্যন্ত মাসিক বেতনের কর্ম্মে নিযুক্ত হইবার যোগ্য বোধ হইবেন।

৮। চতুর্থ শ্রেণীর শিক্ষকেরদের যে সকল বিদ্যা শিখাইতে হইবেক সেই সকলেতে যাহারা অতিনিপুণ হন এবং যাঁহারা শিখাওনের কর্ম্মে অত্যন্ত পটুতা প্রকাশ করেন এবং শিক্ষকের কর্ম্মের সাধারণ গুণের বোধ আছে তাঁহারা তৃতীয় শ্রেণীভুক্ত হইয়া ৫০৲ অবধি ১৫০ টাকাপর্য্যন্ত মাসিক বেতনের কর্ম্মের যোগ্য হইবেন।

৯। যেং বিষয়ে সুশিক্ষিত হইলে ছাত্রেরা প্রথম শ্রেণীর বৃত্তিভোগী হইতে পারেন সেই২ বিষয়ে যাঁহারা সুশিক্ষিত হইয়াছেন তাঁহারদের জ্ঞান যদি ঠিক এবং অতি মুখ্য হয় এবং তাহারা ভারি২ বিষয় শিখাইবার উপযুক্ততা প্রকাশ করেন তবে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়া ১৫০৲ অবধি ২৫০৲ টাকাপর্য্যন্ত মাসিক বেতনের যোগ্য হইবেন।

১০। গবর্ণমেণ্টের বিদ্যালয়ে যাঁহারা মুখ্য বিষয় শিক্ষা করাইতে পারেন এবং শিখাওনের সুনিয়মের রীতি ও ব্যবহার বিষয়ে অতিবিজ্ঞ হন এবং গদ্য বিদ্যাতে ও অন্যান্য বিদ্যাতে অতিনিপুণ এমত লোকভিন্ন অন্য কেহ প্রথম শ্রেণীভুক্ত হইতে পারিবেন না তাঁহারা মাসিক ২৫০ টাকার বেতনের ও তাহার ঊর্দ্ধ ইস্কুল ও কালেজ অর্থাৎ পাঠশালা ও বিদ্যালয়ের প্রধান শিক্ষকতা কর্ম্মে নিযুক্ত হইতে পারিবেন।

১১। মফঃসলে কালেজ ও ইস্কুলের শিক্ষকতা কর্ম্মাকাঙ্ক্ষিরদের আবশ্যক যে তাঁহারা দেশীয় ভাষাতে সুশিক্ষিত হন্।

১২। বিদ্যাধ্যাপনের সিরিশ্তায় এক্ষণে যাঁহারা নিযুক্ত আছেন তাঁহারা আপন২ বেতনানুসারে শ্রেণীভুক্ত হইবেন কিন্তু যদি কোন জনের নৈপুণ্যের বিষয়ে সন্দেহ থাকে তবে তাঁহার ইমতিহান কমিটির দ্বারা লওয়া যাইবেক এবং তাহার ফলানুসারে তিনি শ্রেণীভুক্ত হইবেন।

১৩। কোন শিক্ষকের নিজ বিদ্যালয় বা অন্য কোন বিদ্যালয়ে কোন কর্ম্ম শূন্য হইলে যাবৎ ঐ শিক্ষকের যোগ্যতা নিয়মিত ধারানুসারে কমিটির দ্বারা নিশ্চিত না হয় তাবৎ ঐ শিক্ষক নীচ পদহইতে উচ্চ পদে নিযুক্ত হইবেন না। যদ্যপি তিনি অযোগ্য বোধ হন্ তবে তিনি সেই কর্ম্ম পাইবেন না এবং ঐ শূন্য পদে নিযুক্ত হওনের

and the vacancy thrown open to competition, or bestowed upon a candidate of known qualifications, selected from the register of the Council. Mere seniority and length of service, when unaccompanied by fitness for a higher office, shall in no case be considered to give a right to promotion.

14. Any Master who shall be found deficient in zeal and energy in the performance of his duties, and whose class may not exhibit a sufficient degree of improvement at the annual examination, shall be subject to examination by the Committee, and the result reported to the Council or to the Government (as the case may be) for information and orders.

15. Each candidate shall be presented after examination with a certificate, specifying the grade in which he has been placed by the Committee, and shall be permitted to undergo an examination at any future period to prove his qualification for a higher position.

16. These Rules do not necessarily apply to the offices of Principal and Professor, who may be selected on account of their known qualifications, or the academic honors they may have obtained in Universities of eminence and repute.

II. The present list of Masters existing in the office of the Council is cancelled from this date, as all vacancies in the Institutions under the Government of Bengal and Council of Education, will be filled up in strict accordance with the above rules.

The day selected for the Examination will be duly made known to all candidates at least one week prior to the meeting of the Committee.

By Order of the Honourable President and Council of Education,

F. J. Mouat, M. D.
Secretary.

Council of Education, 12th February, 1845.

NOTIFICATION.

An examination will be held on the 1st day of June 1845, in the College of Fort William, for the purpose of filling up existing vacancies in the Secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostanee Language, to enable them to read and write from dictation or from a printed work in the Persian or Devnagri character.

All interpreters of Regiments and Battalions will be requested, through the Military Department, not to grant certificates of qualification to any candidate under the age of fifteen and above that of twenty years, and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment, expense, and inconvenience, have already been experienced by lads from distant stations being furnished with Certificates who were found on exami-

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৫ । ৪ মার্চ।]

বিষয়ে অন্যেরা প্রতিযোগিতা করিতে পারিবেন কিম্বা কৌন্সেলের সাহেবেরদের রেজিষ্টরে যাঁহারদের নাম লেখা আছে তাঁহারদের মধ্যে যোগ্যতাবিশিষ্ট কোন কর্ম্মাকাঙ্ক্ষিকে সেই পদ দেওয়া যাইবেক। যদ্যপি উচ্চ পদ পাইবার যোগ্যতা না থাকে তবে কেবল অগ্রগণ্যতা এবং দীর্ঘ কাল কর্ম্মকারকতাপ্রযুক্ত ঐ উচ্চ পদ পাইবার অধিকার জ্ঞান হইবেক না।

১৪। যে কোন শিক্ষকের আপনার কর্ম্ম নির্ব্বাহে শক্তি ও উত্তেজনার ন্যূনতা থাকে এবং যে শিক্ষকের সম্প্রদায়ের ছাত্রেরা বার্ষিক ইমতিহানের সময়ে উপযুক্তমতে শিক্ষিত হয় নাহি এমত দৃষ্ট হয় সেই শিক্ষকের কমিটির দ্বারা পুনর্ব্বার ইমতিহান হইবেক এবং ঐ ইমতিহানের ফল কৌন্সেলের সাহেবেরদের এবং গবর্ণমেণ্টের বিজ্ঞাপন ও হুকুম পাইবার নিমিত্তে তথায় রিপোর্ট করা যাইবেক।

১৫। প্রত্যেক জন কর্ম্মাকাঙ্ক্ষির ইমতিহানের পরে তাঁহাকে এক সর্টিফিকট দেওয়া যাইবেক কমিটির সাহেবেরা কর্ম্মাকাঙ্ক্ষিকে যে শ্রেণীভুক্ত করেন্ তাহা সর্টিফিকটের মধ্যে লেখা থাকিবেক এবং উচ্চ পদ পাইবার নিমিত্তে তাঁহার উপযুক্ততার প্রমাণ দিবার নিমিত্ত ঐ কর্ম্মাকাঙ্ক্ষী উত্তর কালে কোন সময়ে পুনরায় ইমতিহান দিতে অনুমতি পাইবেন।

১৬। কিন্তু কালেজের যে২ অধ্যক্ষ এবং অধ্যাপক সুপরিচিত যোগ্যতাপ্রযুক্ত অথবা প্রসিদ্ধ ও সম্ভ্রান্ত মহামহাবিদ্যালয়ে উপাধি প্রাপ্ত হওয়াতে আপন২ কর্ম্মেতে নিযুক্ত হইয়াছেন তাঁহারদের বিষয়ে এই সকল বিধান খাটিবেক না।

দ্বিতীয়। বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দপ্তরে শিক্ষকেরদের যে ফিরিস্তি এক্ষণে আছে তাহা এই তারিখঅবধি রদ হইল যেহেতুক বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট এবং বিদ্যাধ্যাপনের কৌন্সেলের অধীন যে সকল বিদ্যালয় থাকে তাহাতে পদ শূন্য হইলে অবিকল এই বিধানানুসারে সে পদে লোকেরা নিযুক্ত হইবেন।

ইমতিহানের নিমিত্তে যে দিবস স্থির হয় তাহা কমিটির বৈঠকের পূর্ব্বে অন্যূন এক সপ্তাহ সকল কর্ম্মাকাঙ্ক্ষিকে জানান যাইবেক।

বিদ্যাধ্যাপনের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব এবং কৌন্সেলের হুকুমক্রমে।

এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৫। ১২ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ে কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে ১৮৪৫ সালের জুন মাসের ১ তারিখে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। পদাকাঙ্ক্ষিরদের হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান থাকিবে যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং কেহ আওড়াইলে তাহা লিখিতে পারে অথবা পারসী কিম্বা দেবনাগর অক্ষরে ছাপাহওয়া কেতাব দেখিয়া লিখিতে পারে।

রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিক বয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন্ এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন্। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকেরদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ

nation quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this that the above measure has been adopted.

Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College, at least three days prior to the day of Examination, in order that a proper descriptive Roll may be prepared for transmission to the examiners of the College of Fort William.

All Students in the Military class are amenable to the Articles of War, and regularly enlisted as soldiers.

No candidate will be admitted to the School who is physically unfit for the duties of a soldier.

By order of the Honourable the President and Council of Education,

F. J. Mouat, M D.
Secretary

Council of Education, the 15th Sept. 1844.

হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্ত উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

কালেজে ভর্ত্তি হওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্ত তাহারদের এক উপযুক্ত চেহারা প্রস্তুত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের সকল ছাত্রেরা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন হইবে এবং সিপাহীস্বরূপ তাহারদের নাম রীতিমতে ফিরিস্তিতে লেখা যাইবেক।

এই পদাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি ক্ষীণ শরীরপ্রযুক্ত সিপাহীর কর্ম্ম করিতে না পারে সে গ্রাহ্য হইবেক না।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রেসীডেন্ট সাহেবের এবং কোন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট।
সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৪। ১৫ সেপ্টেম্বর।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVE OF ABSENCE

The 27th February, 1845

Syed Saadut Hossein, Moonsiff of Putteeah, Zillah Chittagong, for four months from the 17th instant

Baboo Gopeenauth Moeter, Moonsiff of Bhutteeay, Zillah Chittagong, for three months, from the 17th instant

APPOINTMENTS

The 28th February, 1845

Moulvie Aboos Summud Ahmud, Moonsiff of Dhumnaghur, Zillah Cuttack, to be Moonsiff of Kundghose, Zillah East Burdwan, and Moonshee Gureebooliah, Moonsiff of Khundghose, Zillah East Burdwan, to be Moonsiff of Dhumnaghur, Zillah Cuttack

B J Colvin, *Offg Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৫ সাল ২৭ ফেব্রুআরি।

জিলা চাটিগাঁও পটীয়ার মুনসেফ শ্রীযুত সৈয়দ সাআদৎ হুসেন বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি চারি মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁর ভটীয়ারির মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৮ ফেব্রুআরি।

জিলা কটকের ধূমনগরের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুস সমদ আহমদ জিলা পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ডঘোষের মুনসেফ হইবেন। এবং পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ডঘোষের মুনসেফ শ্রীযুত মুনশী গরীবুল্লা জিলা কটকের ধূমনগরের মুনসেফ হইবেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No. 344.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS

The 25th February, 1845

Mr. J B Bennett to be a Member of the Ferry Fund Committee of Hooghly, vice Baboo Ramapersaud Rae.

Mr H. W Tytler to be Civil Assistant-Surgeon of Mymensingh.

LEAVES OF ABSENCE.

The 26th February, 1845

Moulavie Rookh Uddin Mahomed, Mahomedan Law Officer of Mymensingh, for six weeks, under Medical Certificate, from the 10th instant.

Moulavie Abdool Wahid, Principal Sudder Ameen of Moorshedabad, under Medical Certificate, from the 13th to the 26th November last, in excess of the late Dusserah Vacation.

রাজকর্ম্মে নিয়োগ।

৩৪৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৫ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু রামপ্রসাদ রায়ের পরিবর্ত্তে শ্রীযুত জে বি বেনেট সাহেব হুগলীতে খেয়াঘাটের নৌকাভাড়া প্রাপ্ত ফাণ্ডিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ ডবলিউ টাইটলর সাহেব ময়মনসিংহের সিবিল আসিস্টান্ট চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৪৫ সাল ২৬ ফেব্রুআরি।

ময়মনসিংহের ফতওয়াদাতা শ্রীযুত মৌলবী রুকনুদ্দীন মহম্মদ চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহিদ গত দশহরার বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত নবেম্বর মাসের ১৩ তারিখঅবধি ২৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

[*Government Gazette, 4th March*, 1845.]

The leave of absence for one month, granted on the 5th instant, to Mr. T. B. Mactier, Assistant to the Magistrate, Collector, and Salt Agent at Cuttack, is cancelled at his request.

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্টের আসিষ্টান্ট শ্রীযুত টি বি মাক্‌টিয়র সাহেবকে বর্ত্তমান মাসের ৫ তারিখে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

NOTIFICATIONS.

The 26th February, 1845.

Captain H. M. Nation, Assistant Superintendent Thuggee Department, made over charge of his Office to the Magistrate of Dacca on the 20th instant.

Mr. R. B. Garrett, Magistrate, Collector, and Salt Agent of Pooree, returned to the Station and resumed charge of his offices on the 10th instant.

Mr. R. H. Snell, received charge of the office of Collector of Stamps for the Town of Calcutta on the 24th instant.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ২৬ ফেব্রুআরি।

ঠগী নিবারণার্থ কার্য্যের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান এচ এম নেশ্যন সাহেব বর্ত্তমান মাসের ২০ তারিখে আপন কার্য্যের ভার ঢাকার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করেন্।

পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট শ্রীযুত আর বি গারেট সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখে কর্ম্ম স্থানে প্রত্যাগমন করিয়া আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

শ্রীযুত আর এচ স্নেল সাহেব বর্ত্তমান মাসের ২৪ তারিখে কলিকাতা নগরের ইষ্টাম্পের কালেক্টরী কর্ম্মের ভার গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তহার।

SALT. নিমক।

এস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম ২৪ পরগনার মোং বেঁওতার গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
২৪ পরগনা	বেঁওতা	১২৪৯	১৮৩৮/	কোং ৪০০৲ টাকা
	ঐ	১২৫০	৩০৮৫/	৪০০৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২০ ফেব্রুআরি সন ১৮৪৫ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থ প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম ২৪ পরগনা ১ মোং নারায়ণপুরের গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

এজেন্সী অর্থাৎ জিলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
নারায়ণপুর ১ পহিলা রকম	নারায়ণপুর	১২৪৯ সাল	১৯৮১/	কোং ৪০০৲ টাকা
ঐ	ঐ	১২৫০	৮১৩৭/	৪০০৲
নারায়ণপুর মিশ্রিত	ঐ	১২৫০	৭০৪৫/	৪০০৲
ঐ	ঐ	১২৫১	৭০৮৮/	৪০০৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২০ ফেব্রুআরি সন ১৮৪৫ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম ২৪ পরগনা মোং নারায়ণপুরের গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৫। ৪ মার্চ।]

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
২৪ পরগনা	বালিয়াঘাটা	১২৫০	৬৮০০/	কোং ৪০০ টাকা
ঐ	খোরদা	১২৫১	৫০০০/	৪০০

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২০ ফেব্রুআরি সন ১৮৪৫ সাল। এচ টবেল্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা রাজশাহী এই যে

জানান যায় যে শহর কলিকাতাইত্যাদি নিবাসি কোন২ ভূম্যধিকারিরা আপন২ ভূম্যাদির রাজস্ব স্বয়ং মোক্তারের দ্বারা দাখিল করণ ব্যতিরেকে তাহার বেঙ্ক নোটাদি লেফাফা মধ্যে বন্দ করিয়া কালেক্টর সাহেবের বরাবর প্রেরণ করিয়া থাকে এ অতি অন্যায় ও রীতির বিপরীত। অতএব সদর বোর্ডের ইংরেজী ১৮৪৩ সালের ২২ আগষ্টের লিখিত চিঠীর আদেশমতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে আগামি কালে কেহ রাজস্বের কোন টাকা উপরোক্ত প্রকারে নোটাদি দ্বারা প্রেরণ না করে যদি করে তবে তাহা পঁহুছার কোন ব্যতিব্যস্ত হইয়া সময় শিরে খাজানাতে জমা না হওয়া জন্য কোন ভূমির নীলাম হইলে কালেক্টর সাহেব তাহাতে দায়ী ও দোষী হইবেন না ও তজ্জন্য কেহ কোন দাওয়া করিতে পারিবেন না এবং পারিলেও গ্রাহ্য হইবেক না ইতি সন ১৮৪৫ ইং তারিখ ১০ জানুআরি মোতাবেক বাঙ্গলা সন ১২৫১ সাল তারিখ ২৮ পৌষ।

W. M. DIROM, *Offg Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা ঢাকা জালালপুর এই যে

১৮৪১ সালের ১২ আইনের ১ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অকটোবরের বিধিঅনুসারে গবর্ণমেন্ট গেজেটের ১৮৪২ সনের ২২ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশমতে ১২৫১ সনের লাগায়ৎ ফালগুণের বাকী খাজানা যে সকল মহালাতের আদায় না হয় ঐ সকল মহালাত ১৮৪৫ সনের ১৮ মার্চ মোং ১২৫১ সনের ৬ চৈত্র এই জিলার কালেক্টরী কাছারীতে বিক্রী হইবেক উক্ত মহালাতের মালগুজারদারানদিগের উচিত যে আপন২ জিম্মার বাকী খাজানা ২৭ মার্চ সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে ও যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে এ বাকীর টাকা না লইয়া বাকী মহালাত নীলাম করা যাইবেক খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না আর যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে এ তারিখে হাজির হইয়া খরিদ করে ইতি সন ১৮৪৫ তাং ৭ ফেব্রুআরি মোতাবেক সন ১২৫১ তারিখ ২৬ মাঘ।

WANTED

A Treasurer in the Office of the Collectorate of Dacca. Unexceptionable security to the amount of Co's. Rs 38 000 will be required. Monthly Salary is 50 Rs

R E Cunliffe *Collector*

জিলা ঢাকা জালালপুরের কালেক্টরীর খাজাঞ্চিগিরি কর্ম্মে জনেক নিযুক্ত করণ আবশ্যক অতএব সং ৩৮০০০ টাকার টাকা মালিগুডের জামিন নিরাপত্তের দিতে হইবেক আর এ কর্ম্মের মাসিক বেতন মবলগে ৫০ টাকা কোম্পানি শীত।

আর ই কনলিফ। কালেক্টর।

INSOLVENT COURT. দেউলিয়াদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of COSSENAUTH SHAW, formerly an up Country Trader, and late of Arcooley, in the Town of Calcutta, Sircar, and now a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, &c. are appointed to be heard by the said Court, on Saturday the fifth day of April next. The names of the Creditors of the said Cosseenauth Shaw, appear in a Schedule filed with his said Pe-

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

সমাচার দেওয়া যাইতেছে যে এ আদালতের হুকুমানুসারে কলিকাতার আড়কুলি নিবাসি

কাশীনাথ শাহা

যিনি পূর্ব্বে উপর মুলুকে কারবার করিতেন সরকার এবং এইক্ষণে কলিকাতার প্রধান কারাগারে বদ্ধ আছেন তাহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ চতুর্থ জর্জ নামক রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষে সকল অক্ষম দেনাদারের উপকারার্থে হইয়াছে সেই নিয়মানুসারে আপন উদ্ধার জন্য প্রার্থনা করেন এ দরখাস্ত শ্রবণ জন্য আগামি শনিবার ৫ আপ্রিল দিবস ঐ আদালতে নির্দ্ধারিত হইয়াছে এ কাশীনাথ শাহার মহাজনদিগের নাম এক ফর্দে নির্দ্দিষ্ট করিয়া তাহার দরখাস্তের সম্বলিত এ আদালতের প্রধান ক্লার্কের দপ্ত-

২। ১৮৪০ সালের ২ জুন তারিখের হুকুমের অনুসারে ১৮২৪। ২৫ অবধি ১৮৩৯। ৪০ সালপর্য্যন্ত নানা কালেকটরীর খাজানাখানায় যত টাকা তছরুফ হইয়াছে এবং দায়ি ব্যক্তিরদের স্থানে সম্পূর্ণ বা অসম্পূর্ণরূপে যত টাকা উসুল হইয়াছে তাহার এক কৈফিয়ৎ পাঠাইতেছি এবং আবশ্যকক্রমে সর্ব্ব শেষ তারিখপর্য্যন্ত ঐ তহবীল তছরুফের টাকা উসুল বা নিষ্পত্তির সংক্ষেপ বিবরণ লিখিতেছি। এই বিষয়ে আমার বক্তব্য যে টাকা উসুল ও নিষ্পত্তি হওনের কালে তছরুফহওয়া যে টাকা কালেক্টরীর খাজানাখানার হিসাবে "পাওনা বাকী টাকা" এই খাতায় লেখা আছে কেবল সেই টাকা আমার এই কৈফিয়তের মধ্যে আছে অতএব তছরুফহওয়া যে টাকা খাজানাখানার হিসাবে "পাওনা বাকী টাকার" খাতার মধ্যে না লিখিতে২ উসুল হইয়াছিল অর্থাৎ যে মাসের মধ্যে তহবীল তছরুফের কর্ম্ম ধরা পড়িয়াছে সেই মাসের শেষ না হইতে২ যে২ টাকা উসুল হইয়াছিল এইমত তহসীল তছরুফের টাকা আমার ঐ কৈফিয়তের মধ্যে নাহি।

৩। ১৮৪০ সালের ২ জুন তারিখের হুকুমের ২ দফায় বিধান ছিল যে এদেশীয় খাজাঞ্চীরদিগকে যে মাহিয়ানা দেওয়া উচিত এবং তাঁহারদিগকে অর্পণহওয়া টাকার ঝুঁকী বুঝিয়া যত জামিনী লওয়া উপযুক্ত এই দুই বিষয়ে আমি আপন অভিপ্রায় লিখি। সেই হুকুমসম্পর্কে আমি একণে (২ নম্বরী) এক কৈফিয়ৎ দরপেশ করিতেছি তাহার মধ্যে এই২ বিষয় লেখা আছে বিশেষতঃ ১৮৪৩ সালের আপ্রিল মাসের পূর্ব্বে পাঁচ সরকারী সালের গড়ে হিসাব করিয়া প্রতিবৎসরে এই রাজধানীর অধীন রাজস্বের প্রত্যেক খাজানাখানায় নানা খাতার মোটে যত টাকা জমা হইয়াছিল তাহার সংখ্যা এবং একণে এদেশীয় নানা খাজাঞ্চীরদের যে জামিনী দিতে হয় এবং তাঁহারা যে মাহিয়ানা পান্ তাহা এবং গবর্ণমেণ্টের ইচ্ছানুসারে যে জামিনী ও যে মাহিয়ানার সংখ্যা স্থাপন করিতে আমি পরামর্শ দিতেছি তাহা। মফঃসলের খাজানাখানার কর্ম্মের নিমিত্ত খাজাঞ্চী পাইবার বিষয়ে একণে যে দুঃসাধ্যতা দেখা যাইতেছে তাহা বিবেচনা করিয়া আমি এই প্রকার পরামর্শ দিতেছি। আমার ঐ কৈফিয়তের মধ্যে আপনি দেখিবেন যে গবর্ণমেণ্ট ১৮৩৬ সালের ১১ জুন তারিখে জামিনের যে উর্দ্ধসংখ্যক টাকার সম্মতি দিয়াছিলেন অর্থাৎ পঞ্চাশ হাজার টাকা তাহা আমি বহাল রাখিয়াছি কিন্তু সেই তারিখের হুকুমে ন্যূন সংখ্যা টাকার জামিন অর্থাৎ পঁচিশ হাজার টাকা বজায় না করিয়া ঐ নিয়মের মতান্তর করিয়া চারি সম্প্রদায় জামিন স্থির করিতে পরামর্শ দিতেছি।

The first and highest at 50,000 Rupees to cover responsibility on account of receipts amounting to 30 Lacs Rupees and upwards.

The Second at 25,000 Rupees to ditto ditto, from 15 to 30 Lacs Rupees.

The third at 15,000 Rupees ditto ditto, from 5 to 15 Lacs Rupees, and

The fourth at 10,000 Rupees ditto ditto, for less than 5 Lacs Rupees.

The adoption of this scale of security would, I beg to observe, have the effect of opening the situation of Native Treasurer at Mofussil Treasuries to larger Sections of the Native community than is permitted by the orders of the 11th June above cited, by reason of the higher amounts of security authorized to be demanded under those orders, and although it contemplates a reduction of security in respect to Districts of the second, third, and fourth classes, yet I see no reason to apprehend loss to Government in consequence, provided the Local Revenue Officers, in conformity with the rules laid down for their guidance in the resolution of Government, dated 7th May 1824, exercise a vigilant superintendence over the Treasury Department of their respective offices.

4th. With the view of rendering the office of Treasurer still more attractive to natives of respectability and character, I have ventured also to assume a scale of salary with reference to the several grades of security thus :— PER MONTH.

1	Security	@ 50,000 Rs.	Salary at	150	Rs.
2	do.	@ 25,000	do.	110	do.
3	do.	@ 15,000	do.	80	do.
4	do.	@ 10,000	do.	65	do.

5th. The Districts of the 1st class, where security to the extent of 50,000 Rs. would be required, are 6 in number, and those of the 2d, 3d, and 4th classes respectively, where the scale of security would be 25, 15; and 10 thousand, are 15, 12, and 19 in number, so that were the proposed allowances to be given to the several grades of native treasurers thus arranged, the total monthly outlay on this account would be Rs. 4745, or Rs. 2490 12-10¼, in excess of the amount Rs. 2254-3-1½, now disbursed as shewn in the Statement No. 2, before alluded to.

6 at 150 each,	900	0 0
15 at 110 do.	1650	0 0
12 at 80 do.	960	0 0
19 at 65 do.	1235	0 0
Total. ...	4,745	0 0

6th. In reference to the scale of salary above proposed, I beg leave to remark that Mr. Accountant-General Wood, in his address to Government dated 30th April, 1824, recommended for sanction a scale of allowances for Native Treasurers varying from Rs. 50 to 200, I have ventured to suggest a middle scale because the former sum (Rs. 50,) is not considered an adequate remuneration for the labour and responsibility attaching to the office of a Collectorate Treasurer, while the latter (Rupees 200,) is much more than what the several local revenue officers, who have recommended an increase to the pay of their Native Treasurers seem to consi-

প্রথম। যে খাজানাখানার ৩০ লক্ষ টাকা এবং তাহা-হইতে অধিক টাকা জমা হইয়া থাকে সেই জমার ঝুঁকীর সমতুল্য প্রথম এবং সর্ব্বাপেক্ষা উচ্চ জামিন ৫০,০০০৲ টাকা।

দ্বিতীয় সম্প্রদায় অর্থাৎ ১৫ অবধি ৩০ লক্ষ টাকা-পর্য্যন্ত জমার ঝুঁকীর উপযুক্ত ২৫,০০০৲ টাকার জামিন।

তৃতীয় সম্প্রদায় অর্থাৎ ৫ অবধি ১৫ লক্ষ টাকাপর্য্যন্ত জমার ঝুঁকীর উপযুক্ত ১৫,০০০৲ টাকার জামিন।

চতুর্থ সম্প্রদায় অর্থাৎ ৫ লক্ষ টাকার ন্যূন জমার ঝুঁকীর উপযুক্ত ১০,০০০৲ টাকার জামিন।

জামিনীর ঐ প্রকার হার স্থির করিলে আমার বোধ হয় যে পূর্ব্বোক্ত ১১ জুন তারিখের পত্রে অধিকসংখ্যক টাকার জামিন তলব করণের যে হুকুম আছে সেই হুকুম-প্রযুক্ত এদেশীয় যে২ ব্যক্তিরা ঐ কর্ম্মে নিযুক্ত হইতে পারিতেন তদপেক্ষা অন্যান্য শ্রেণীর ব্যক্তিরা মফঃসলের খাজানাখানার খাজাঞ্চীর কর্ম্মে ভর্ত্তি হইতে পারিবেন। এবং যদ্যপি দ্বিতীয় ও তৃতীয় ও চতুর্থ সম্প্রদায়ের জিলা সম্পর্কে জামিনের সংখ্যা ন্যূন করণের পরামর্শ দি-য়াছি তথাপি জিলার রাজস্বের কার্য্যকারকেরদের উপ-দেশের নিমিত্তে যে২ বিধি ১৮২৪ সালের ৭ মে তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণপত্রে নির্দ্দিষ্ট আছে সেই২ বিধির অনুসারে যদি তাঁহারা আপন২ কাছারীর খাজানাখানার সিরিশতার অতিবিলক্ষণরূপে কর্ত্তৃত্ব করেন তবে জামিনী কমানেতে গবর্ণমেণ্টের কিছু ক্ষতি হইবেক না।

৪। মান্য ও শিষ্ট বিশিষ্ট এদেশীয় ব্যক্তিরা খাজানা-খানার কর্ম্ম পূর্ব্বাপেক্ষা অধিক বাঞ্ছা করেন এই নিমিত্ত নানা শ্রেণীর জামিন দৃষ্টে খাজাঞ্চীর মাহিয়ানার পশ্চাৎ লিখিত হার নিরূপণ করণের পরামর্শ দিতে আমার সাহস হইয়াছে। যথা।

১	জামিন	৫০০০০৲ টাকা	মাহিয়ানা	১৫০৲
২	ঐ	২৫০০০৲	. ... ঐ	১১০৲
৩	ঐ	১৫০০০৲	. .. ঐ	৮০৲
৪	ঐ	১০০০০৲	... .. ঐ	৬৫৲

৫। প্রথম সম্প্রদায়ের জিলা অর্থাৎ যে জিলায় ৫০০০০৲ টাকাপর্য্যন্ত জামিন লইতে হইবেক তাহার সংখ্যা ৬। এবং দ্বিতীয় তৃতীয় ও চতুর্থ সম্প্রদায়ের জিলা অর্থাৎ ২৫ হাজার ১৫ হাজার এবং ১০ হাজার টাকার জামিনের জিলার সংখ্যা ১৫। ১২। ১৯। অতএব এইরূপে বিভক্ত নানা শ্রেণীর এদেশীয় নানা খাজাঞ্চীকে ঐ প্রস্তাবিত মাহিয়ানা যদি দেওয়া যায় তবে মাসিক ব্যয় সমুদয় ৪৭৪৫৲ টাকা হইবেক।

৬	জিলায়	১৫০৲	করিয়া	৯০০৲
১৫	ঐ	১১০৲	ঐ	১৬৫০৲
১২	ঐ	৮০৲	ঐ	৯৬০৲
১৯	ঐ	৬৫৲	ঐ	১২৩৫৲
মোট				৪৭৪৫৲

পূর্ব্বোক্ত ২ নম্বরী কৈফিয়তে দৃষ্ট হইতেছে যে এক্ষণে ঐ সকল খাজাঞ্চীর মাহিয়ানা ২২৫৪৵১৫ টাকা আছে অত-এব এই নূতন নিয়মেতে মাসে ২৪৯০৸১০। বেশী লাগি-বেক।

৬। মাহিয়ানার যে হার আমি উপরে প্রস্তাব করি-য়াছি তৎসম্পর্কে লিখি যে সাবেক আক্কৌণ্টেণ্ট জেন-রল শ্রীযুত উড সাহেব ১৮২৪ সালের ৩০ আপ্রিল তারিখে যে পত্র গবর্ণমেণ্টে লিখিলেন তাহাতে তিনি এদেশীয় খাজাঞ্চীরদের মাহিয়ানা ৫০৲ টাকা অবধি ২০০৲ টাকা পর্য্যন্ত নিরূপণ করিতে পরামর্শ দিলেন। আমি তাহার মাঝামাঝি হার ধরিয়া পরামর্শ দিতেছি। আমার বোধ হয় যে কালেক্টরীর খাজাঞ্চীর পদের মেহনৎ ও ঝুঁকী দৃষ্টে ৫০৲ টাকা উপযুক্ত মেহনতানা বোধ হইতে পারে না। এবং জিলার রাজস্বের যে নানা কার্য্যকারক সাহেবেরা আপনারদের এদেশীয় খাজাঞ্চীরদের মাহিয়ানা বৃদ্ধি করণের পরামর্শ দিয়াছেন তাঁহারদের মধ্যে কা-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ২৫ মার্চ।]

der sufficient to secure the services of men of respectability and character for that office.

7th. In order to meet, in some measure, the large increase of expense involved in the above proposal for increasing the salaries of Native Treasurers, I have the honor respectfully to suggest, whether inquiries might not be instituted, through the channel of the several Commissioners of Revenue, as to the practicability of remodelling the present establishments of the Revenue Collectors. That there is some room for revision is apparent from the circumstance of some Collectorate establishments having separate Stamp Darogahs, while others are altogether without them, who nevertheless manage the Duties of their Stamp business with equal efficiency. The question hence arises whether it be not practicable, to abolish the situation in those Districts, in which such officers appear to be employed, and to require the Native Treasurer to perform the duty on his increased allowances, and thus save the expense of separate Darogahs amounting, as shewn in the margin, to Rupees 489-7-5 per mensem. The Officers now employed under the Stamp Darogahs, viz. the Mohurrir and Sudder Stamp Vender, &c. must, of course, be placed under the guidance of the Treasurers in the event of the suggestion for the abolition of the office of Darogah being approved of and carried into effect, I may be permitted to add that, if in the Districts in which there are no Stamp Darogahs, Commission be allowed to the Native Treasurer when performing the Duty of that Officer, as I am inclined to think is the case with reference to the practice in the 24-Pergunnahs Collectorate. The withholding of such remuneration from the Treasurer would occasion a further saving of expenditure, though I have no means of calculating the amount.

District			
Backergunge,	20	0	0
Beerbhoom,	20	0	0
Behar,.........	20	0	0
Bograh, ...	15	10	10
Burdwan, ...	20	14	5
Bancoorah....	15	0	0
Dacca,.........	26	2	0
Furreedpore,	15	0	0
Hooghly, ...	20	14	5
Jessore, ...	20	0	0
Maldah, ...	15	0	0
Monghyr, ...	15	10	10
Mymensing,	20	0	0
Nuddea, ...	20	14	5
Patna,.........	20	0	0
Pubna, ...	15	10	10
Purneah, ...	41	12	10
Rajshahi, ...	20	15	5
Rungpoor, ...	20	0	0
Sarun,.........	30	0	0
Sylhet, ...	20	0	0
Tipperah, ...	20	14	5
Tirhoot,......	20	0	0
Maunbhoom,	15	0	0
Total...	489	7	5

8th. Again, under the provisions of Act XII. of 1811, Government have been pleased to abolish the levy of Interest on arrears of Revenue; and, therefore, interest Mohurrirs in the several Collectorate establishments might also, I submit, be dispensed with, so soon as the interest accounts of those Collectorships may be brought to a close. The Districts in which there appear to be separate establishments of interest Mohurrirs are those mentioned in the margin, and the monthly sum available as saving from this source, if its relinquishment be considered practicable and expedient, would seem to be Rupees 227-7-0.

District			
Backergunge,	23	0	0
Behar,... ...	20	0	0
Dinagepore,	19	0	0
Hooghly, ...	22	8	8
Jessore, ...	32	0	0
Maldah, ..	10	0	0
Patna,... ...	20	0	0
Purneah, ...	10	0	0
Rajshahie, ...	40	14	4
Sarun, ...	15	0	0
24-Pergunnahs	15	0	0
Total,	227	7	0

[*Government Gazette, 25th March*, 1845.]

হারো এমত বোধ নাহি যে মান্য ও বিশিষ্ট ব্যক্তিরদিগকে সেই কর্ম্ম গ্রহণ করিতে প্রবোধ দিবার নিমিত্তে ২০০৲ টাকা মাহিয়ানা না দিলে নয়।

৭। এদেশীয় খাজাঞ্চীরদের মাহিয়ানা বৃদ্ধিকরণের বিষয়ে উপরে যে প্রস্তাব হইয়াছে তাহাতে ব্যয়ের অনেক বৃদ্ধি হইবেক অতএব তাহা পোষাইবার নিমিত্তে আমি এই পরামর্শ দিতেছি যে রাজস্বের কালেক্টর সাহেবেরদের আমলারদের এক্ষণকার সিরিশ্তা শুধরাণ যাইতে পারে কি না এই বিষয়ে রাজস্বের নানা কমিস্যনর সাহেবের দ্বারা তত্ত্ব করা যায়। ঐ সিরিশ্তা শুধরাণ যাইতে পারে কি না তাহা ইহাতে দেখা যাইতেছে যে কোন২ কালেক্টরী সিরিশ্তার বিশেষ ইষ্টাম্পের দারোগা আছে অন্য সিরিশ্তায় সেইরূপ আমলা নাই তথাপি যেখানে আছে ও যেখানে নাই উভয় স্থানে সমানরূপে কার্য্য নির্ব্বাহ হইতেছে। তাহাতে সুতরাং এই জিজ্ঞাসা উপস্থিত হয় যে যে জিলার মধ্যে এইরূপ দারোগারা নিযুক্ত আছে সেই জিলাতে সেই পদ একেবারে রহিত হইতে এবং এদেশীয় খাজাঞ্চীর মাহিয়ানা বৃদ্ধি হওয়াতে সেই খাজাঞ্চীর হাতে সেই কর্ম্ম অর্পণ হইতে পারে কি না। এতদ্রূপে আলাহিদা২ দারোগার খরচ পার্শ্বের লিখিত হিসাবমতে মাসে ৪৮৯ ।৶৫ টাকাপর্য্যন্ত বাঁচিতে পারে। দারোগারদের ঐ পদ রহিত করণের যে পরামর্শ দেওয়া যাইতেছে তাহা যদি মঞ্জুর ও সিদ্ধ হয় তবে ঐ ইষ্টাম্পের দারোগার অধীনে যে আমলারা এক্ষণে নিযুক্ত আছে অর্থাৎ মুহুরীর ও সদর ইষ্টাম্প বিক্রেতাপ্রভৃতি তাহারা সুতরাং খাজাঞ্চীর অধীনে নিযুক্ত হইবেক। পুনশ্চ লিপি কার্য্যের ব্যবহার দেখিয়া আমার বোধ হয় যে চব্বিশপরগনার কালেক্টরীতে ইষ্টাম্প বিক্রয়ের কমিস্যন এদেশীয় খাজাঞ্চীকে দেওয়া যাইতেছে অতএব অন্য যে২ জিলাতে ইষ্টাম্পের কোন দারোগা নাই সেই জিলাতে যদ্যপি সেইরূপ কমিস্যন এদেশীয় খাজাঞ্চীকে দেওয়া যাইতেছে তবে খাজাঞ্চীর ঐ কমিস্যন রহিত করিলে আরো টাকা বাঁচিবেক কিন্তু ইহাতে কত টাকা বাঁচিবেক ইহার হিসাব করণের উপায় আমার কাছে নাই।

জিলা	টাকা
বাকরগঞ্জ	২০৲
বীরভূম	২০৲
বেহার	২০৲
বোগুরা	১৫॥৶১০
বর্দ্ধমান	২০৸৶৫
বাঁকুড়া	১৫৲
ঢাকা	১৬৴০
ফরিদপুর	১৫৲
হুগলী	২০৸৶৫
যশোহর	১০৲
মালদহ	১৫৲
মুঙ্গের	১৫॥৶১০
ময়মনসিংহ	২০৲
নদীয়া	১০৸৶৫
পাটনা	১০৲
পাবনা	১৫॥৶১০
পূরণিয়া	৪১৸১০
রাজশাহী	১০৸৶৫
রঙ্গপুর	২০৲
সারণ	৩০৲
ছিলট	১০৲
ত্রিপুরা	২০৸৶৫
ত্রিহুত	২০৲
মানভূম	২০৲
মোটে	৪৮৯ ।৶৫

৮। পুনশ্চ। ১৮৪১ সালের ১১ আইনের বিধির দ্বারা গবর্ণমেণ্ট বাকী রাজস্বের সুদ লওয়া রহিত করিয়াছেন অতএব নিবেদন করি যে কালেক্টরীতে সুদের হিসাব সমাপ্ত হইলে কালেক্টরীর সুদের মুহুরীরের পদ রহিত হইতে পারে। যে২ জিলার মধ্যে সুদের মুহুরীরের আলাহিদা সিরিশ্তা আছে তাহা পার্শ্বে লেখা যাইতেছে। এবং যদ্যপি ঐ পদ রহিত করা সাধ্য ও বিহিত বোধ হয় তবে ইহার দ্বারা মাসে ২২৭ ।৶ বাঁচিবেক।

জিলা	টাকা
বাকরগঞ্জ	২৩৲
বেহার	২০৲
দিনাজপুর	১৯৲
হুগলী	২২॥৮
যশোহর	৩২৲
মালদহ	১০৲
পাটনা	২০৲
পূরণিয়া	১০৲
রাজশাহী	৪০৸৶৪
সারণ	১৫৲
চব্বিশপরগনা	১৫৲
মোটে	২৭৭ ।৶০

9th. The total monthly saving from these sources, (exclusively of Commission apparently allowed to Native Treasurers in Districts without Stamp Darogahs), supposing the Books of Audit Establishment, from which the information on the subject has been obtained, to show all the necessary particulars and designations of the Collectorate Amlah with accuracy, would seem to be Rupees 716-14-5 per mensem, or Rupees 8,602-13-0 per annum.

10th. With reference to Mr. Officiating Secretary Torrens' separate reference of the 12th September 1842, on the subject of the Treasurer of the Bullooah Collectorate, I have the honor to remark, that as the suggestions made by me on the general question of the extent of security to be taken from, and of allowances to be granted to, Native Treasurers are necessarily inclusive of the Bullooah Collectorship, it is unnecessary for me to add any separate remarks respecting the individual case of that District.

11th. I think it proper here to notice that Mr. Revenue Accountant Grant, when proceeding to England on Furlough in 1841, left a memorandum in the Office, a copy of which is herewith submitted, and in which he suggested, with reference to the requisitions contained in the Government Order dated 2d June, 1840, that 100 Rupees is the least salary a Treasurer ought to receive; and that Rupees 200 or 250 might be enough for the largest Treasuries. Mr. Grant also suggested that there ought to be one Treasury and one Treasurer only in each District, and that the Treasury of the Collector of Land Revenue should be made the sole medium of all public receipts and disbursements, the Office of Treasurer to Judges and Magistrates being abolished, and the saving produced thereby being applied towards the increase of the salaries of Collector's Treasurers. I am deterred from recommending Mr. Grant's proposal owing to the heavy expense that would attend its adoption, and because the abolition of Judicial Treasuries seems to be objectionable for the reasons submitted to Government in Mr. Revenue Accountant Dorin's Report, No. 169, dated 29th April 1837.

12th. The original papers received with your several letters are herewith returned.

C. Morley,

Accountant-General.

Fort William, Accountant-General's Office,

12th October, 1844.

Memorandum on the Requisitions of Government concerning the embezzlement of public money and the Salaries of Collector's Treasurer.

There can be no doubt that it is not worth the while of a respectable man, capable of finding adequate security, to accept the Office of a Collector's Treasurer on the usual Salary, unless he can make

৯। আডিট অর্থাৎ মঞ্জুরী সিরিশ্তার যে২ বহী হইতে উক্ত বিবরণ সকল গ্রহণ হইয়াছে সেই২ বহীতে যদি কালেক্টরীর আমলার বিষয়ি বিবরণ ও খ্যাতি যথার্থরূপে লেখা থাকে তবে ইষ্টাম্পের দারোগাশূন্য জিলাতে খাজাঞ্চীকে যে কমিস্যন দৃষ্টতঃ দেওয়া যাইতেছে তাহা না ধরিয়াও উক্ত দুই বাবতে মাসে ৭১৬৸৶৫ টাকা অর্থাৎ প্রতিবৎসরে ৮৬০২৸৶ টাকা বাঁচিতে পারে।

১০। ভুলুয়ার কালেক্টরীর খাজাঞ্চীর বিষয়ে ১৮৪২ সালের ১২ সেপ্টেম্বর তারিখে শ্রীযুত এক্টিং সেক্রেটারী টরেন্স সাহেব যে পত্র লিখিলেন তৎসম্পর্কে আমি লিখি যে এদেশীয় খাজাঞ্চীর স্থানে যেপর্য্যন্ত জামিন লওয়া এবং যেপর্য্যন্ত মাহিয়ানা বৃদ্ধিকরা উচিত এই দুই বিষয়ে আমি সাধারণ যে পরামর্শ দিয়াছি তাহা সুতরাং ভুলুয়ার কালেক্টরীর বিষয়েও খাটিবেক অতএব সেই জিলার বিষয়ে কোন স্বতন্ত্র ও বিশেষ কথা লিখিবার প্রয়োজন নাই।

১১। কিন্তু ইহা জ্ঞাপনকরা আমার উচিত বোধ হয় যে রেবিনিউর আকেকৌন্টেন্ট শ্রীযুত গ্রান্ট সাহেব যখন ১৮৪১ সালে ইঙ্গলণ্ড দেশে গমন করেন তখন তিনি এই দফ্তরে একখান লিপি রাখিয়া যান তাহার এক নকল এই পত্রের সঙ্গে২ আপনার নিকটে পাঠাইতেছি। ঐ লিপির মধ্যে ১৮৪০ সালের ২ জুন তারিখের গবর্ণমেণ্টের হুকুমের উপলক্ষে তিনি ইহা লিখিলেন যে খাজাঞ্চীকে অন্যূন ১০০৲ টাকা দেওয়া এবং ভারি২ খাজানাখানায় ২০০৲ অথবা ২৫০৲ টাকা দেওয়া উচিত। শ্রীযুত গ্রান্ট সাহেব আরো পরামর্শ দিলেন যে প্রত্যেক জিলায় একের অধিক খাজানাখানা এবং একের অধিক খাজাঞ্চী রাখা উচিত নহে এবং কেবল ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের খাজানাখানায় সরকারী সমস্ত টাকা জমা হয় ও সেখানহইতে খরচ হয় এবং জজ ও মাজিষ্ট্রেট সাহেবের খাজাঞ্চীর পদ রহিত হয় এবং ইহাতে যত টাকা বাঁচে তাহা লইয়া কালেক্টরীর খাজাঞ্চীরদের মাহিয়ানা বৃদ্ধি করা যায়। কিন্তু গ্রান্ট সাহেবের এই পরামর্শের আমি পোষকতা করিতে পারি না যেহেতুক তদনুসারে কার্য্য করিলে ব্যয়ের অনেক বৃদ্ধি হইবেক এবং ১৮৩৭ সালের ২৯ আপ্রিল তারিখের ১৬৯ নম্বরী রেবিনিউর আকেকৌন্টেন্ট শ্রীযুত ডোরিন সাহেবের রিপোর্টে যে২ কারণ গবর্ণমেন্টের নিকটে জ্ঞাপন করা গিয়াছিল সেই২ কারণে আদালতের খাজানাখানা রহিত করা আমার অনুচিত বোধ হয়।

১২। তোমার পত্রের সঙ্গে যে নানা পত্রের আসল লিপি ছিল তাহা ফিরিয়া পাঠাইতেছি।

সি মরলি।

আকেকৌন্টেন্ট জেনরল।

ফোর্ট উলিয়ম। আকেকৌন্টেন্ট জেনরলের দফ্তরখানা।

১৮৪৪। ১২ অক্টোবর।

সরকারী টাকা তছরুফ করণের এবং কালেক্টরীর খাজাঞ্চীর মাহিয়ানার বিষয়ে গবর্ণমেণ্ট যে মত তলব করিয়াছেন তাহার বিষয়ি লিপি।

যে মান্য ব্যক্তি উপযুক্ত জামিন দিতে পারেন তিনি যদি আপনার কালেক্টরীর খাজাঞ্চীর পদপ্রযুক্ত কোন বেতনাতিরিক্ত লাভ না করিতে পারেন তবে কেবল নিয়মিত বেতনে কালেক্টর সাহেবের ঐ পদ গ্রহণ করিতে প্রবৃত্ত

by his Office some unauthorized profit,—whether or not it be possible to prevent Treasurers from making such profit, I think the Government is bound to do away with the necessity of making it, otherwise it virtually sanctions it.

I incline to think that Rupees 100 a-month is the least Salary a Treasurer ought to receive. Perhaps Rupees 250 or Rupees 200, may be enough for the very largest Treasuries. But actual experiment will be the best guide.

I am of opinion that there ought to be only one Treasury and one Treasurer in any one District. I would abolish the Office of Treasurer to Judges &c. All money paid into Court might be paid into the Collector's Treasury, and in the same way the Collector might refund money upon the Judge's order. Judges must, of course as at present, have accountants. This change would afford a considerable sum towards the increase of the Salaries of Collector's Treasurers.

Generally speaking I think that Treasuries should be diminished in number and strengthened in establishment.

I am aware that in this opinion I have the authority of Mr. Dorin against me, to whom this very proposition was referred. I have read the whole of the papers relative to that reference, and I cannot differ from Mr. Dorin without diffidence.

What, therefore, it was my intention to have proposed, was, that this plan should have been tried experimentally in one District near Calcutta, under the Accountant's eye. I venture to hope that the objections of detail mentioned by Mr. Dorin may be overcome by a little care after sufficient experience.

I think that the Treasurer should by right, as he generally does in practice, appoint all the Subordinate *Treasury* Officers, but not of course the Accountant's, who should be wholly independent of the Treasurer.

(Signed) J. P. GRANT.

(True Copy)

(Signed) C. MORLEY,
Accountant-General.

Fort William, 25th February, 1845.

(True copies)

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

হইবেন না। খাজাঞ্চীরদের সেইরূপ বেআইনী লাভ নিবারণ করা সাধ্য হউক বা না হউক আমার বোধ হয় যে সেইরূপ লাভ করণের আবশ্যকতা রহিত করা গবর্ণমেণ্টের অত্যাবশ্যক এবং যদি তাহা না করেন্ তবে ফলতঃ তাহা মঞ্জুর করেন্।

আমার বোধ হয় যে কোন খাজাঞ্চীকে ১০০ টাকার ন্যূন মাহিয়ানা দেওয়া উচিত নহে। অতিভারি খাজানাখানার নিমিত্ত ২৫০ নিদানে ২০০ টাকা দেওয়া উচিত কিন্তু পরীক্ষা হইলে যাহা নিতান্ত কর্ত্তব্য তাহা বোধ হইতে পারে।

আমার বোধ হয় যে এক২ জিলাতে এক২ খাজানাখানা ও এক২ খাজাঞ্চী রাখা উচিত অতএব জজপ্রভৃতির খাজাঞ্চীর পদ আমি রহিত করিতে চাহি। আদালতে যে সকল টাকা দাখিল হয় তাহা কালেক্টর সাহেবের খাজানাখানায় জমা করা যাইতে পারে এবং সেইরূপে জজ সাহেবের হুকুম পাইলে কালেক্টর সাহেব ঐ টাকা ফিরিয়া দিতে পারেন্। জজ সাহেবেরদের এক্ষণে যেমন হিসাবের মুহুরীর আছে তেমন মুহুরীর রাখিতেই হইবেক। এরূপে পদ পরিবর্ত্ত করিলে কালেক্টরীর খাজাঞ্চীর মাহিয়ানা বৃদ্ধি করণার্থ অনেক টাকা পাওয়া যাইবেক।

সামান্যতঃ আমার বোধ আছে যে খাজানাখানার সংখ্যা ন্যূন করা এবং তাহার আমলার মাহিয়ানা বৃদ্ধি করা উচিত।

আমি অনবগত নহি যে এই প্রস্তাব ডোরিন সাহেবের প্রতি অর্পণ হইয়াছিল এবং তিনি আমার মতের বিপরীত অভিপ্রায় জানাইয়াছেন আমি সেই সকল কাগজপত্র পাঠ করিয়াছি এবং ডোরিন সাহেবের মতের মতান্তর হইলে আমি আপনার মতের বিষয়ে সুতরাং সন্দিগ্ধ হই।

অতএব আমার অভিপ্রায় ছিল যে আকেকৌণ্টেণ্ট জেনরল সাহেবের চক্ষুর্গোচরে কলিকাতার নিকটস্থ কোন জিলায় ইহার এক পরীক্ষা হয় আমার ভরসা আছে যে ডোরিন সাহেব ইহার বিষয়ে যে আপত্তি করেন্ তাহা উপযুক্ত পরীক্ষা হইলে কিঞ্চিৎ মনোযোগের দ্বারা খণ্ডন হইতে পারে।

আমার বোধ হয় যে এক্ষণে খাজাঞ্চী বাস্তবিক আপন আমলা সকল নিযুক্ত করিতেছেন সেইরূপ আমলাদিগকে নিযুক্ত করণের অধিকার তাঁহাকে দেওয়া উচিত কিন্তু হিসাবের মুহুরীর যে খাজাঞ্চীর অধীনে থাকে তাহা কোন প্রকারে উচিত নহে। জে পি গ্রাণ্ট।

(যথার্থ নকল।)

সি মরলি।
আকেকৌণ্টেণ্ট জেনরল।

ফোর্ট উলিয়ম ১৮৪৫। ৫ ফেব্রুআরি।

(যথার্থ নকল।) জি প্লৌডন।
এক্টিং সেক্রেটারী।

No. 5.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ——

With reference to para. 7 of Under Secretary Mr. C. Beadon's letter, No. 828, of the 18th December last, a copy of which accompanied the Circular Letter No. 1, issued from this Office under date the 23d January last, relating to the Establishment of Government Vernacular Schools in the Mofussil, I am directed by the Sudder Board of Revenue to communicate to you, that they have fixed one anna per mensem for each pupil, as the charge for Educa-

[*Government Gazette, 25th March,* 1845.]

৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র।

মফঃসলে গবর্ণমেণ্টের এদেশীয় ভাষার পাঠশালা স্থাপন করণের বিষয়ে ছোট সেক্রেটারী শ্রীযুত সি বীডন সাহেবের গত ডিসেম্বর মাসের ১৮ তারিখের ৮২৮ নম্বরী যে পত্রের নকল গত জানুআরি মাসের ২৩ তারিখের ১ নম্বরী যে সরকুলর পত্র এই দফ্তরখানাহইতে বাহির হয় তাহার সঙ্গে পাঠান গিয়াছিল সেই পত্রের ৭ দফার বিষয়ে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে তাঁহারা ঐ পাঠশালার মধ্যে বিদ্যা শিক্ষা করণের নিমিত্তে প্রত্যেক পড়ুআর স্থানে মাসে এক আনা করিয়া

tion in the above schools; it being remembered that the Scholars are liable to be charged the rateable full value of Books supplied to them from the public Stores.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Fort William, 13th March, 1845.

NOTICE.

Notice is hereby given, that for the Districts of Tipperah, Bullooah and Chittagong, the undermentioned dates have been fixed under Section 3, Act I. of 1845, as the latest days in the years 1845-46, and succeeding years, until otherwise notified, for the payment of all arrears of Revenue, and all Demands which by the Regulations and Acts in force are directed to be realized in the same manner as arrears of Revenue, in default of which payment, Estates, except as provided in the said Act, will be sold at Public Auction to the highest bidders.

25th May.
25th September.
26th December.
25th February.

Petty Estates, the jummas of which do not exceed 100 Rupees, will be liable to sale only once, twice, or three times in the year, according to the amount of their respective jummas, viz.

Estates with a jumma exceeding 50 and not exceeding 100 Rupees, for arrears due on 25th February, 25th May, and 26th December.

Estates with a jumma exceeding 10 and not exceeding 50, for arrears due on 25th February and 25th May.

Estates with jumma not exceeding 10 Rupees for arrears due on 25th May.

HENRY RICKETTS,
Commissioner and Sud. Bd. 16th Division.

Commissioner's Office, Chittagong,
4th February, 1845.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 8.

To the Several Civil Judges in the Lower Provinces, and the Civil Authorities in the Extra-Regulation Provinces.

To remove doubts regarding the disposal of claims of creditors on the property of persons who die intestate, no heirs being forthcoming, the Court are pleased to declare that no suit can be instituted for the establishment of such claims, before the expiration of the twelve months specified in Clause 7, Regulation V. 1799, and Clause 7, Section 16 Regulation III. 1803; since before that period the service of the notice required by Section 2 Regulation II. 1806, is impracticable.

2. Any claims on such property, which may be preferred to the Judge within the limited time, should, in the event of the property being carried to the credit of Government at its close, be report-

লইতে স্থির করেন্। যেহেতুক তাঁহারা মনে রাখেন্ যে সরকারহইতে যে পুস্তক পড়ুআরদিগকে দেওয়া যায় তাহার সম্পূর্ণ মুল্য তাহারদের দিতে হইবেক।

জি প্লৌডন। একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ১৩ মার্চ।

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ত্রিপুরা ও ভুলুয়া ও চাটিগাঁর জিলার মধ্যে বাকী রাজস্ব এবং চলিত আইনের দ্বারা যে সকল দাওয়ার টাকা বাকী রাজস্বের ন্যায় আদায় করিবার হুকুম আছে তাহা ১৮৪৫। ৪৬ সালে এবং তাহার পরং সালে দাখিল করিবার শেষ দিবস ১৮৪৫ সালের ১ আইনের ৩ ধারানুসারে নীচের লিখিতমতে নিরূপণ করা গিয়াছে এবং অন্য এত্তেলা না হওনপর্য্যন্ত ঐ দিবসের নিয়ম বহাল থাকিবেক সেই দিবসে বাকী টাকা দাখিল না হইলে উক্ত আইনের বর্জিত বিষয়ভিন্ন ঐ২ জিলার বাকীপড়া মহাল নীলামে ধরা যাইবেক এবং যে ব্যক্তি অধিক ডাকে তাহাকে বিক্রয় করা যাইবেক।

২৫ মে।
২৫ সেপ্টেম্বর।
২৬ ডিসেম্বর।
২৫ ফেব্রুআরি।

যে সকল ক্ষুদ্র২ মহালের ১০০৲ টাকার অধিক জমা না হয় তাহা জমা বুঝিয়া বৎসরের মধ্যে কেবল এক কি দুই অথবা তিনবার নীলাম হইবেক অর্থাৎ।

৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার ন্যূন জমা ধার্য্যহওয়া মহাল ২৫ ফেব্রুআরি ও ২৫ মে এবং ২৬ ডিসেম্বরে নীলাম হইবেক।

১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার ন্যূন জমা ধার্য্যহওয়া ভূমি ২৫ ফেব্রুআরি ও ২৫ মে।

১০৲ টাকার ন্যূন জমা ধার্য্যহওয়া ভূমি ২৫ মে।

এচ রিকেট্‌স।

১৬ সংখ্যক এলাকার কমিস্যনর ও সদর বোর্ড।
চাটিগাঁ কমিস্যনরের দপ্তরখানা।
১৮৪৫ সাল ৪ ফেব্রুআরি।

সদর দেওয়ানী আদালতের সরক্যূলর অর্ডর।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব ও আইন বহিভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

যাহারা উইল না লিখিয়া মরে অথচ যাহারদের উত্তরাধিকারী উপস্থিত না হয় তাহারদের সম্পত্তির উপর মহাজনেরা দাওয়া করিলে সেই দাওয়ার নিষ্পত্তিকরণের বিষয়ের সন্দেহ হইয়াছে ইহা ভঞ্জনার্থ সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে ১৭৯৯ সালের ৫ আইনের ৭ ধারা এবং ১৮০৩ সালের ৩ আইনের ১৬ ধারার ৭ প্রকরণের নির্দ্দিষ্টমতে বারো মাস অতীত না হইলে উক্ত প্রকার দাওয়া সাব্যস্তকরণের নিমিত্তে মোকদ্দমা হইতে পারে না যেহেতুক ঐ মিয়াদ অতীত হওনের পূর্ব্বে ১৮০৬ সালের ২ আইনের ২ ধারার নির্দ্দিষ্ট এত্তেলানামা জারী হইতে পারে না।

২। এইমত সম্পত্তির উপর কোন দাওয়া নিরূপিত মিয়াদের মধ্যে জজ সাহেবের নিকটে প্রস্তাব করা গেলে ঐ মিয়াদ অতীত হওনের পর যদি সেই সম্পত্তি সরকারে জমা হইয়া থাকে তবে গবর্ণমেণ্টের হুকুম পাইবার নিমিত্তে

ed to the Government for its orders. Should the claims be rejected, the claimants will be at liberty to bring a regular suit against the Government in the Courts of Justice.

W. Kirkpatrick, *Deputy-Register.*
Fort William, 14th February, 1845.

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 8.

To the Magisterial Authorities in the Lower Provinces.

The Court deem it proper to intimate to the Magisterial Authorities that in the event of its being found necessary to commit a European British subject for trial before the Supreme Court, it will be necessary for the conviction of such person, that there be direct proof of his amenability to that Court. The mode of proof will consist in the evidence of a credible person, who knows the accused, and his place of birth, or who has heard him declare of what country he is.

W. Kirkpatrick, *Deputy-Register.*
Fort William, 28th February, 1845.

MEDICAL COLLEGE.

11*th Year—Session*, 1845-46.

The Session will commence on the 15th of June 1845, and continue until the 15th of April 1846, when the following Courses of Lectures will be delivered

Anatomy and Physiology,—by Surgeon *J. T. Pearson*, on Tuesdays, Thursdays and Saturdays, from 11—12, and in the cold season on Mondays also at 11 a. m.

Demonstrations,—by *Allen Webb, Esq.*, on Mondays, Wednesdays and Fridays, from 12—1 p. m.

Botany,—by *Dr Wallich*, on Mondays and Wednesdays, from 10—11 a. m., with Botanical excursions at the Gardens every Saturday at 4 p. m., in the cold season, and 5 p. m. in the other seasons.

Theory and Practice of Medicine,—by *Dr. Jackson*, on Tuesdays, Thursdays and Saturdays, from 2—3 p. m.

Theory and Practice of Surgery,—by *R. O'Shaughnessy, Esq.*, on Mondays, Wednesdays and Fridays, from 2—3 p. m.

Midwifery, with Diseases of Women and Children,—by *Dr. Stewart*, on Tuesdays and Saturdays, from 12—1 p. m.

Chemistry and Practical Pharmacy,—by *A. Robertson, Esq.*, on Mondays, Wednesdays and Fridays, from 3—4 p. m.

Materia Medica and Therapeutics,—by *Dr. Mouat*, on Tuesdays, Thursdays and Saturdays, from 10—11 a. m.

[*Government Gazette, 25th March*, 1815]

সেই দাওয়ার রিপোর্ট তথায় করিতে হইবেক। যদি ঐ দাওয়া অগ্রাহ্য হয় তবে দাওয়াদারেরা গবর্ণমেণ্টের নামে আবেতামত নালিশ করিতে পারে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪৫ সাল ১৪ ফেব্রুআরি।
John C. Marshman, *Bengalee Translator.*

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা মাজিষ্ট্রেট সাহেবদিগকে জানাইতে উপযুক্ত বোধ করিয়াছেন যে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাকে যদি সুপ্রিম কোর্টে বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ করিতে হয় তবে ঐ ব্যক্তির দোষ সাব্যস্ত করিবার জন্যে তিনি ঐ আদালতের এলাকার অধীন ইহার স্পষ্ট প্রমাণের আবশ্যক। কোন বিশ্বস্ত লোক যদি অপরাধিকে ও তাহার জন্মস্থান জানেন্ কিম্বা তাঁহার প্রমুখাৎ তাহার জন্মদেশের নাম শুনিয়া থাকেন্ তবে সেই ব্যক্তি যে সাক্ষ্য দেন্ তাহাতে প্রমাণ সিদ্ধ হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪৫। ২৮ ফেব্রুআরি।
John C. Marshman, *Bengalee Translator*

মেডিকেল কালেজ।

একাদশ বৎসর। সেশন ১৮৪৫। ৪৬।

শিক্ষাকরণার্থ বৈঠক ১৮৪৫ সালের ১৫ জুন তারিখঅবধি ১৮৪৬ সালের ১৫ আপ্রিলপর্য্যন্ত হইবেক এবং তৎসময়ে নীচের লিখিত বিষয়ে শিক্ষা দেওয়া যাইবেক।

পূর্ব্বাহ্নের এগার ঘণ্টাঅবধি দুই প্রহরপর্য্যন্ত মঙ্গলবার ও বৃহস্পতিবার ও শনিবারে এবং শীত কালে সোমবারেও এগার ঘণ্টার সময়ে শ্রীযুত ডাক্তর জে টি পিয়রসন সাহেব ব্যবচ্ছেদ বিদ্যা ও দ্রব্যের তত্ত্বজ্ঞানের শিক্ষা দিবেন।

দুই প্রহরঅবধি এক ঘণ্টাপর্য্যন্ত সোমবার ও বুধবার ও শুক্রবারে শ্রীযুত আলেন উএব সাহেব ব্যবচ্ছেদ বিদ্যার প্রমাণ দিবেন।

পূর্ব্বাহ্নের দশ ঘণ্টাঅবধি এগার ঘণ্টাপর্য্যন্ত সোমবার ও বুধবারে শ্রীযুত ডাক্তর উযালিক সাহেব উদ্ভিদ্বিদ্যার শিক্ষা দিবেন এবং প্রতিশনিবারে শীত কালে অপরাহ্নের চারি ঘণ্টার সময়ে এবং অন্য কালে পাঁচ ঘণ্টার সময়ে ছাত্রেরা উদ্ভিদ্বিদ্যা শিক্ষা করণার্থ কোম্পানির বাগানে ভ্রমণ করিবেন।

অপরাহ্নের দুই ঘণ্টাঅবধি তিন ঘণ্টাপর্য্যন্ত মঙ্গলবার ও বৃহস্পতিবার ও শনিবারে শ্রীযুত ডাক্তর জাক্সন সাহেব ঔষধের মূল নিয়ম ও ব্যবহারের শিক্ষা দিবেন।

অপরাহ্নের দুই ঘণ্টাঅবধি তিন ঘণ্টাপর্য্যন্ত সোমবার ও বুধবার ও শুক্রবারে শ্রীযুত আর ওশাগনেসি সাহেব অস্ত্রচিকিৎসা বিদ্যার মূল নিয়ম ও ব্যবহারের শিক্ষা দিবেন।

দুই প্রহরঅবধি এক ঘণ্টাপর্য্যন্ত মঙ্গলবার ও শুক্রবারে শ্রীযুত ডাক্তর ষ্টুয়ার্ট সাহেব ধাত্রীত্ব বিদ্যা এবং স্ত্রী ও শিশুরদের রোগের চিকিৎসার শিক্ষা দিবেন।

অপরাহ্নের তিন ঘণ্টাঅবধি চারি ঘণ্টাপর্য্যন্ত সোমবার ও বুধবার ও শুক্রবারে শ্রীযুত এ রাবর্টসন সাহেব কিমিয় বিদ্যা এবং ঔষধ প্রস্তুতকরণ ব্যবহারের বিষয়ে শিক্ষা দিবেন।

পূর্ব্বাহ্নের দশ ঘণ্টাঅবধি এগার ঘণ্টাপর্য্যন্ত মঙ্গলবার ও বৃহস্পতিবার ও শনিবারে শ্রীযুত ডাক্তর মৌআট সাহেব মাটিরিয়া মেডিকা এবং রোগের উপশমক বিদ্যার শিক্ষা দিবেন।

Medical Jurisprudence,—by *Dr. Mouat*, one Lecture weekly, from October to April, day and hour not yet fixed.

HOSPITAL ATTENDANCE.

Male Hospital. Medical Visit,——1½ P. M. daily.
Surgical Visit,——1 P. M. daily.
Female and Lying-in-Hospital,——1 P. M. daily.

Out-door Dispensary, 7—10 A. M. daily, and from 5—6 P. M.

A general introductory Lecture will be delivered on the 15th of June, by Professor Mouat, to open the Session.

(By Order)

F. J. Mouat, M. D.

Secretary.

Council of Education, 20th March, 1845.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 19th March, 1845.

LEAVE OF ABSENCE.

Mr. H. S. Thompson, Moonsiff of Jungypore, Moorshedabad, for 28 days, and Baboo Petumber Mookerjee, Moonsiff of Zeagunge, in the same district, for 9 days, beyond the period of the late Dusserah Vacation.

B. J. Colvin, *Offg. Register.*

CIVIL APPOINTMENTS.

No. 468.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 12th March, 1845.

Mr. E. Jenkins, Assistant to the Magistrate and the Collector of Behar, to Officiate as Register of Deeds at that Station.

Baboo Brijsoonder Rai, Deputy-Collector of Cuttack, .. } is promoted to the 1st Grade.

Moulavie Syed Oodeen, Baboo Doorjodhun Doss, Baboo Radhanath Bose, Lalla Hurmohun Rae, } on the Supernumerary List of Deputy-Collectors, are promoted to the 2d grade.

Baboo Ramnarayn Samodhur to be Superintendent of Abkarry Revenue at Burdwan, and to exercise the powers specified in Section 3, Act XXV. of 1840, within the limits of that District.

The 15th March, 1845.

Mr. T. C. Scott to be Civil and Sessions Judge of East Burdwan, from the 10th instant.

Mr. F. A. Lushington to be Joint-Magistrate and Deputy-Collector of Furreedpore, from the 10th instant.

LEAVES OF ABSENCE.

The 17th March, 1845.

Sub-Assistant Surgeon Isserchunder Nye, of Midnapore, for three months, under Medical Cer-

অক্টোবর মাসঅবধি আপ্রিল মাসপর্য্যন্ত প্রতিসপ্তাহে একবার শ্রীযুত ডাক্তর মৌআট সাহেব চিকিৎসাসম্পর্কীয় বিচারবিদ্যা শিখাইবেন কিন্তু দিন ও ঘন্টা নিরূপণ হয় নাই।

হাসপাটালে রোগিরদের সেবা।

পুরুষেরদের চিকিৎসা করণার্থ প্রতিদিন মধ্যাহ্নের দেড় ঘণ্টার সময়ে।

অস্ত্রব্যবহার করণার্থ প্রতিদিন ১ ঘণ্টার সময়ে।

স্ত্রী লোকেরদের ও ধাত্রীসম্বন্ধীয় হাসপাটালে প্রতিদিন ১ ঘণ্টার সময়ে।

বাহিরের ঔষধালয়েতে প্রতিদিন পূর্ব্বাহ্নের সাত ঘণ্টা-অবধি দশ ঘণ্টাপর্য্যন্ত এবং অপরাহ্নের পাঁচ ঘণ্টাঅব ধি ছয় ঘণ্টাপর্য্যন্ত।

উক্ত বৈঠকের আরম্ভে জুন মাসের ১৫ তারিখে শ্রীযুত মৌআট সাহেব শিক্ষার ভূমিকাস্বরূপ সাধারণ বক্তৃতা করিবেন।

হুকুমক্রমে।

এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৫ সাল ২০ মার্চ।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৫ সাল ১৯ মার্চ।

ছুটী।

মুরশিদাবাদের জঙ্গীপুরের মুনসেফ শ্রীযুত এচ এস তামসন সাহেব গত দশহরার বন্দের অতিরিক্ত আটাইশ দিনের এবং ঐ জিলার জীয়াগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু পীতাম্বর মুখুয্যা নয় দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৪৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ১২ মার্চ।

বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ই জেনকিন্স সাহেব ঐ স্থানে দলীলদস্তাবেজের রেজিষ্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

কটকের ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু ব্রজসুন্দর রায় প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

অতিরিক্ত ডেপুটী কালেক্টরেরদের তালিকার লিখিত শ্রীযুত মৌলবী সৈয়দ উদ্দীন ও বাবু দুর্য্যোধন দাস ও বাবু রাধানাথ বসু ও লালা হরমোহন রায় দ্বিতীয় শ্রেণী ভুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু রামনারায়ণ সমাদ্দার বর্দ্ধমানে আবকারীর রাজস্বের সুপরিন্টেণ্ডেন্ট হইলেন এবং ঐ জিলার মধ্যে ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৪৫ সাল ১৫ মার্চ।

শ্রীযুত টি সি স্কট সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখ অবধি পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এফ এ লশিংটন সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি ফরিদপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৪৫ সাল ১৭ মার্চ

মেদিনীপুরের সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ঈশ্বরচন্দ্র নাই গত মাসের ১ তারিখে যে ছুটী পান্ তদতি-

tificate, in extension of the leave granted to him on the 1st ultimo.

The leave of absence for fifteen days, granted on the 27th ultimo, to Mr. A. R. Young, Joint-Magistrate and Deputy-Collector of Tirhoot, is cancelled from the 9th instant, the date on which he resumed charge of his office.

NOTIFICATIONS.

The 15th March, 1845.

Mr. C. C. Parks, of the Civil Service, is permitted to proceed to England on Furlough.

The 19th March, 1845.

Mr. C. T. Davidson, Additional Judge of Hooghly, assumed charge of his office on the 15th instant.

Mr. R. H. Dunlop, of the Civil Service, is reported qualified for the Public Service, by proficiency in two of the Native languages.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 509.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS

The 19th March, 1845.

Mr. A. T. Dick, Collector of Rungpore, to officiate as Magistrate of that District during the absence of Mr. Macdonald.

Mr. R. Walker to be Superintendent of the Sulkea Salt Golahs from the 15th instant.

Mr E H Lushington to officiate as Magistrate of Howrah.

Mr G. C Fletcher to be a Joint-Magistrate and Deputy-Collector of the 2d Grade, from the 10th instant.

Mr. V. H. Schalch to be an Assistant to the Magistrate and to the Collector of Purneah, and to exercise the powers of a Joint-Magistrate and Deputy-Collector in that District

Mr. Lewin Bentham Bowring to be an Assistant to the Joint-Magistrate and Deputy-Collector of West Burdwan.

The Honourable F. Drummond to be an Assistant to the Magistrate and to the Collector of Beerbhoom, and to exercise the powers of a Joint-Magistrate and Deputy-Collector in that District.

Mr. W. H. B. Ross to be Civil Assistant-Surgeon and Post-Master of Zillah Jessore.

Mr. R. H. Irvine to be Civil Assistant Surgeon of the Southern Division of Cuttack (Pooree)

With the sanction of Government, Assistant-Surgeon J. Jackson has been appointed by the Governors of the Native Hospital, to be Surgeon of that Institution.

LEAVE OF ABSENCE.

The 29th January, 1845.

Dr. F. J. Mouat, Secretary to the Council of

[*Government Gazette, 25th March*, 1845.]

রিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ আর ইয়ং সাহেব গত মাসের ২৭ তারিখে যে পনের দিনের ছুটী পান্ তাহা বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি রহিত হইয়াছে। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ১৫ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত সি সি পার্ক্স সাহেব নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমন করিতে অনুমতি পাইয়াছেন।

১৮৪৫ সাল ১৯ মার্চ।

হুগলীর অতিরিক্ত জজ শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

সিবিলসম্পর্কীয় সিবিশতার শ্রীযুত আর এচ ডনলপ সাহেব এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫০৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ১৯ মার্চ।

শ্রীযুত মাকডনাল্ড সাহেবের অনুপস্থানপর্য্যন্ত রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত এ টি ডিক সাহেব ঐ জিলার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর ওয়াকর সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি শালিখার নিমক গোলার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ই এচ লশিংটন সাহেব হাবড়ার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বি এচ শক সাহেব পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত লুইন বেন্থাম বৌরিং সাহেব পশ্চিম বর্দ্ধমানের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেব বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ বি রস সাহেব জিলা যশোহরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ও ডাকাধ্যক্ষ হইবেন।

শ্রীযুত আর এচ অরবিন সাহেব কটকের দক্ষিণ অঞ্চলের অর্থাৎ পুরীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

গবর্ণমেণ্টের অনুমতিক্রমে এদেশীয় লোকেরদের হাসপাটালের অধ্যক্ষেরা আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জাক্সন সাহেবকে ঐ হাসপাটালের চিকিৎসক করিয়াছেন।

ছুটী।

১৮৪৫ সাল ২৯ জানুআরি।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী শ্রীযুত ডাক্তর

Education, for two months, from the 10th April to the 10th June 1845, on private affairs.

The 19th March, 1845.

Mr. G. F. Cockburn, Magistrate of Howrah, for two months, on private affairs, under Section XII. of the Rules.

Mr. A. G. Macdonald, Magistrate of Rungpore for six weeks, on private affairs.

Mr. A. A. Swinton, Assistant to the Magistrate and to the Collector of Monghyr, for one month, on private affairs.

Mr. Sub-Assistant H. Driver, attached to Nowgong in Assam, for one month, on private affairs, in extension of the leave granted to him on the 5th August last.

Baboo Gourchunder Roy, Deputy-Collector under Regulation IX. of 1833, in Chittagong, for one month, under Medical Certificate.

Baboo Sumdutt Surma Burdolye, Sudder Ameen of Nowgong in Assam, for twenty-six days, from the 18th instant to the 13th proximo, on private affairs.

The 22d March, 1845

Mr. E. McDonell, Sub-Deputy Opium Agent of Chumparun, for six months, under Medical Certificate.

NOTIFICATIONS.

The 19th March, 1845.

Mr. S. Bowring, of the Civil Service, embarked for England on board the Ship "Tudor," which vessel was left by the Pilot at Sea on the 15th instant.

The 22d March, 1845.

Mr. R. N. Farquharson resumed charge of the Sarun Collectorate on the 25th ultimo.

Mr. C. Crichton, Deputy-Post-Master of Calcutta, resumed charge of the General Post Office on the 17th instant.

Mr. G. C. Cheap, Civil and Sessions Judge of Rajeshye, made over charge of the current duties of his Office to Moulavie Abdool Ullee, Principal Sudder Ameen, in order to proceed on Circuit Duty.

By order of the Right Honourable the Governor of Bengal,

F J HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

এক জে ষ্টোআর্ট সাহেব ১৮৪৫ সালের ১০ আপ্রিল তারিখঅবধি ১০ জুন তারিখপর্য্যন্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ১৯ মার্চ।

হাবড়ার মাজিষ্ট্রেট শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব বিধির ১২ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি মাকডনালড সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এ এ সুইন্টন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

আসামের নওগাঁয়ে নিযুক্ত সব-আসিষ্টান্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেব গত আগষ্ট মাসের ৫ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চাটিগাঁর ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গৌরচন্দ্র রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

আসামে নওগাঁয়ের সদর আমীন শ্রীযুত বাবু শ্যাম দত্ত শর্ম্মা বরদলৈ স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি আগামি মাসের ১৩ তারিখপর্য্যন্ত ছাব্বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ২২ মার্চ।

চম্পারণের সব ডেপুটী আফীমের এজেন্ট শ্রীযুত ই মাকডনালড সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ১৯ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত এস বৌরিং সাহেব টুডর নামক জাহাজে আরোহণ করিয়া ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৫ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৪৫ সাল ২২ মার্চ।

শ্রীযুত আর এন ফারকর্সন সাহেব গত মাসের ২৫ তারিখে সারণের কালেক্টরী কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

কলিকাতার ডেপুটী ডাকাধ্যক্ষ শ্রীযুত সি ক্রাইটন সাহেব বর্ত্তমান মাসের ১৭ তারিখে সাধারণ ডাক ঘরের অধ্যক্ষতা কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলীর প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্তিহার।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা বর্দ্ধমান এই যে

অত্র কাছারী সংক্রান্ত বাজেআপ্তি বন্দোবস্তি সেওয়ায় তৌজিভুক্ত নীচের লিখিত মহাল যাহা সন ১৮৪১ সালের ১২ আইনের ৮ ধারার বিধানমতে সন ১৮৪৪ সালের লাগাইদ কিস্তি ডিসেম্বর তলবের মোতাবেক সন ১২৫১ সালের হাল খাজানা ও বকেয়া বাকী সরকারি রাজস্ব আদায় কারণ লাটবন্দি হইয়া সন ১৮৪৫ সালের ২৯ জানুআরি নীলাম হইলে খরিদারান বায়নার টাকা দাখিল করিয়া ৩০ ত্রিশ দিবসের মধ্যে মূল্যের অবশিষ্ট টাকা দাখিল না করণে হুজুরের সন হালের ২৮ ফেব্রুআরির হুকুমমতে খরিদারাণের বায়নার টাকা সরকারে জব্দ করিয়া মহালাত মজকুর ছানি নীলামের হুকুম হইয়াছে যেহেতুক ফিব্রুআরি মাস শেষাবস্থে উক্ত ১২ আইন রদ হইয়া সন ১৮৪৫ সালের ১ আইন প্রচলিত হইয়াছে এপ্রযুক্ত মহালাত মজকুরের ছানি নীলাম ঐ এক আইনানুসারে হওয়া উচিত এতাবতা উক্ত ১ আইনানুসারে মহালাত মজকুরের ছানি নীলামের এস্তেহারনামা প্রচার করিয়া জানান যাইতেছে যে মহালাত মজকুর সন ১৮৪৫ সালের ৫ আপ্রিল মোতাবেক সন ১২৫১ সালের ২৪ চৈত্র রোজ শনিবার দিবা দুই

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ২৫ মার্চ।]

প্রহরের সময়ে জিলা বর্দ্ধমানের কালেকটরির কাছারীর প্রকাশ্য স্থলে সরকারী নীলামে বিক্রয় হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ উক্ত নীলামের দিবস ডাকের সংখ্যার ফি শতে ২৫৲ টাকার হেকদারে বায়নার টাকা সমেত হাজির হইয়া খরিদ করহ আর নীলামের দিবসাবধি ত্রিশ দিবসের মধ্যে মূল্যের বক্রী সমুদয় টাকা দিতে হইবেক এবং ইহাও প্রকাশ করা যায় যে মহালাত মজকুরের বন্দোবস্ত এপর্য্যন্ত উপরিস্থ মহকুমায় মঞ্জুর হয় নাই উপরিস্থ হাকিমানের হুজুরে ঐ বন্দোবস্ত বিষয় যে হুকুম জারের হইবেক তাহা খরিদারকে স্বীকারপূর্ব্বক আমলে আনিতে হইবেক ইতি। সন ১৮৪৫ সাল ৮ মার্চ মোং সন ১২৫১ সাল ২৬ ফাল্গুণ।

নম্বর লাট	নম্বর খাস	নাম মহাল ও পরগনা ও মালিক	মহালের সদর জমা	রকম বিক্রী	নাম জিলা	বাকী সরকার লাং সন ১৮৪৪ সালের ডিসেম্বর তলবের মং সন ১২৫১ সালের হাল খাজানা	বকেয়া বাকী	একুন বাকী সরকার হ-ল বকেয়া।
১	১৬২	মণ্ডলগ্রাম পং শাহাবাদ বদনচন্দ্র হাজরা	।৵৪	মুস্তলম	বর্দ্ধমান	।৵৪	০	।৵৪
২	৯৪৭	সাজিআড়া দীং পং জাহাঙ্গিরাবাদ ঈশ্বরচন্দ্র পাঠক বং হারাধন পাঠক	৸৮	ঐ	ঐ	৸৮	০	৸৮
৩	১৫৮৪	এদরাকপুর পং জাহাঙ্গিরাবাদ গঙ্গাকান্ত ভট্টাচার্য্য কালাচাঁদ ভট্টাচার্য্য	৭।।৭	ঐ	ঐ	৭।।৭	[illegible] ১০৻৭	১৭।৷২
৩						৮।।৵৭	১০৻৭	১৮।।৶১

Burdwan Collectorate, 8*th March*, 1845. J. H Crawford, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা ঢাকা জালালপুর এই যে

১৮৪১ সালের ১২ আইনের ৩ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধিঅনুসারে গবর্ণমেণ্ট গেজেটের ১৮৪২ সনের ২২ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশমতে ১২৫১ সনের লাগাবৎ ফাল্গুণের বাকী খাজানা যে সকল মহালাতের আদায় না হয় ঐ সকল মহালাত ১৮৪৫ সনের ২৮ মার্চ মোং ১২৫১ সনের ১৬ চৈত্র এই জিলার কালেক্টরী কাছারীতে বিক্রী হইবেক উক্ত মহালাতের মালগুজারদারানদিগের উচিত যে আপন২ জিম্মার বাকী খাজানা ২৭ মার্চ সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে ও যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে ঐ বাকীর টাকা না লইয়া বাকী মহালাত নীলাম করা যাইবেক খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না আর যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে ঐ তারিখে হাজির হইয় খরিদ করে ইতি সন ১৮৪৫ তাং ৭ ফেব্রুআরি মোতাবেক সন ১২৫১ তারিখ ২৬ মাঘ।

Dacca, 7*th February*, 1845. R E Cunliffe, *Collector*

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 27th day of February now last past, the matters of the Schedule of JUGGOBUNDO SEIN, late of Bow-Bazar, in the town of Calcutta, Stable-keeper, against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the 18th day of January now last past, upon the application of one Obhoychurn Seal, a Creditor of the said Insolvent, are appointed to be heard in the said Court on Saturday, the 3d day of May next, at the hour of 11 o'clock in the forenoon.

The names of the Creditors of the said JUGGOBUNDO SEIN, appear in the Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

W. D. H. Oehme,
Solicitor for the Insolvent.

8, Old Post Office Street,
Calcutta, 14th March, 1845.

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

পূর্ব্বে কলিকাতা নগরের বহুবাজারের আড়গড়াওলা জগবন্ধু সেন

তাঁহার মহাজন অভয়াচরণ শীলের দরখাস্ত মতে গত জানুআরি মাসের ১৮ তারিখে যোত্রহীন প্রকাশ হইলেন। তাহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ফেব্রুআরি মাসের ২৭ তারিখে উক্ত আদালতে হুকুম হইয়াছিল যে তাঁহার তফসীলের মর্ম্ম উক্ত আদালতে আগামি মে মাসের ৩ তারিখ শনিবারে বেলা এগার ঘণ্টার সময়ে শুনা যাইবেক।

উক্ত জগবন্ধু সেনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফতর খানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ডবলিউ ডি এচ ওমি।
যোত্রহীনের উকীল

ওলূড পোষ্ট আফিস ষ্ট্রিট। কলিকাতা।
১৮৪৫ সাল। ১৪ মার্চ।

[*Government Gazette*, 25*th March*, 1845.]

In the matter of the Petition of **THOMAS EDWARD MULLINS**, Late of Suckeases Lane, in the Town of Calcutta, Writer,

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter on the third day of March instant, it was ordered that Robert O'Dowda, Esquire should be appointed Assignee of the Estate and Effects, of the above named Insolvent in the room place and stead of Elliot Macnaghten, Esquire, heretofore Assignee of the Estate of the said Insolvent.

SANDES, FRITH, AND SANDES,
Attornies.

কলিকাতানগরের শুকিয়াস গলি নিবাসি কেরাণি

তামস এড্বাড মলিন্স সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ৩ তারিখে এই আদালতে হুকুম হইয়াছিল যে ঐ গোত্রহীনের ইষ্টেটের আসৈনি শ্রীযুত এলিয়ট মাক্‌নাটন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত রাবর্ট ওডোডা সাহেব উক্ত যোত্রহীনের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন্।

সাণ্ডিস ও ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENTS

সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

WANTED,

An English writer for an Indigo factory, who is thoroughly conversant with Bengalee and English Factory Accounts. Salary 25 per month Enquire of Baboo Greeschunder Sandeal, Pubna

Planters Club, Pubna

বিজ্ঞাপন।

নীলকুঠীর নিমিত্ত এক জন কেরানির দরকার আছে। তাঁহার আবশ্যক যে উত্তমরূপে বাঙ্গলা ও ইঙ্গরেজী ভাষাতে নীলকুঠীর হিসাবের বোধ থাকে। বেতন মাসে ২৫ টাকা। শ্রীযুত বাবু গুরুচরণ সান্যালের নিকটে অন্বেষণ করিলে তত্ত্ব পাইবেন।

পাবনার কুঠীওয়ালারদের সভা।
পাবনা।

রিসিবর আফিস।

মহারাজা রাজকৃষ্ণ বাহাদুরের ইষ্টেটের জমীদারীদিগর ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ১৫ মার্চ শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রেম কোর্টের রিসিবর শ্রীযুত রাবর্ট ওডোডা সাহেব তাঁহার আফিসে নীচের লিখিত জমীদারীদিগরের ইজারার ডাক লইবেন অতএব যাহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

১ খণ্ড।

জিলা ত্রিপুরা পরগনে গঙ্গামণ্ডল ওগয়রহ।

২ খণ্ড।

করে এবং যে কেহ বেশী ডাকিবেক তাহার নিকট বিক্রী করা যাইবেক ইতি সন ১৮৪৫ তারিখ ১ আপ্রিল মোতাবেক সন ১২৫১ তারিখ ২১ চৈত্র।

নম্বর	নাম মাহাল লাখেরাজ ব্রহ্মোত্তর	নাম মালিক	সদর জমা	বাকী মজমিলি সন ১৮৪৪।৪৫
১ ২৫	রাঘবেন্দ্র সিদ্ধান্ত বাচস্পতি ভট্টাচার্য্য পং তেলিহাটী কীসমত কুকুরা ও বাহেরবাগ	বৈদ্যনাথ চট্টোপাধ্যায়	২/৯	২/৯
২ ৩৯	ঐ	শ্যামসুন্দর বন্দ্যোপাধ্যায় হরকুমার বন্দ্যোপাধ্যায় রামকুমার বন্দ্যোপাধ্যায় রামরত্ন বন্দ্যোপাধ্যায়	৩৵৬	৩৵৬
৩ ৫৩	তং বাকীপুর কিং খাঁড়িয়া কান্দী মধ্যগত কীং কোদালীয়া	ছেবাতানুছা	৵	৵
৪ ৫৪	কিং ঐ	সেক মাখদমনী	২ ⅟৬	২ ⅟৬
৫ ৫৫	কিং ঐ	কেয়ামতুল্লা	১৲	১৲
৬ ৫৬	কিং ঐ	আলতাপ আলী চৌং	১ ⅟৬	১ ⅟৬
৭ ৬৩	মহাল লাখরাজ কিং এলীয়তপুর	রসুলবক্স চৌধুরী ও হামজা মিঞা ও মামুদ জেন্দা ও নেয়াজ খাঁ ও মিঞা খাঁ ও এর ফানদ্দীন ওরফে শোমসের গাজী ও জাহেদ চৌধুরী ও গোলাম ফরিদ চৌধুরী	১৮ ।৵৩	১৩ ।৵৩
			৩১৵৬	২৪ ।৵৬

Furreedpore Collectorate, 1st April, 1845. F. A. LUSHINGTON, *Deputy-Collector*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

WANTED,

An English writer for an Indigo factory, who is thoroughly conversant with Bengalee and English Factory Accounts. Salary 25 per month.

Enquire of Baboo Greeschunder Sandeal, Pubna Planters Club, Pubna.

বিজ্ঞাপন।

নীলকুঠীর নিমিত্ত এক জন কেরাণির দরকার আছে তাঁহার আবশ্যক যে উত্তমরূপে বাঙ্গলা ও ইঙ্গরেজী ভাষাতে নীলকুঠীর হিসাবের বোধ থাকে। বেতন মাস ২৫ টাকা। শ্রীযুত বাবু গুরুচরণ সান্ন্যালের নিকটে অন্বেষণ করিলে তত্ত্ব পাইবেন।

পাবনার কুঠীওয়ালারদের সভা।
পাবনা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ৮ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাসমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত

CALCUTTA, TUESDAY, APRIL 15, 1845.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৫ সাল ১৫ আপ্রিল।

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No. 9.

To the Criminal Authorities in the Regulation and Extra-Regulation Provinces.

1 I am directed by the Court to transmit to you a copy of a letter (No. 319, of the 19th instant), from the Secretary to the Government of Bengal, and to request that you will, in one month from the receipt of this Circular, forward to them, for the information of the Government, a report of your sentiments on the suggestions now made for simplifying the proceedings of the Magistrates and the Police.

2 If unable to send the report within the prescribed time, you are requested, on the expiration of that period, to state how soon after it will be forwarded.

W. KIRKPATRICK, *Deputy-Register*

Fort William, 28th February, 1845.

From the Secretary to the Government of Bengal to the Officiating Register of the Court, No. 319, dated the 19th February 1845.

I am directed by the Right Honourable the Governor of Bengal to forward, for the purpose of being laid before the Sudder Court, the accompanying extract (Paragraph 18) from a dispatch of

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৯ নম্বর।

আইনের অধীন জিলার ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১। বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর বর্ত্তমান মাসের ১৯ তারিখের ৩১৯ নম্বরী পত্রের এক নকল তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে এই সরকুলর অর্ডর পাইবার পর এক মাসের মধ্যে মাজিষ্ট্রেট সাহেবেরদের এবং পোলীসের কার্য্য সহজ করণের বিষয়ে যে পরামর্শ দেওয়া গিয়াছে তদ্বিষয়ে তোমার অভিপ্রায় গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের নিমিত্তে আমারদের নিকটে লিখিয়া পাঠাও।

২। যদ্যপি ঐ নিরূপিত মিয়াদের মধ্যে তুমি ঐ রিপোর্ট পাঠাইতে না পার তবে ঐ মিয়াদ অতীত হওনের পর যত শীঘ্র পাঠাইতে পার তাহা লিখিয়া জানাইবা।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৫। ২৮ ফেব্রুআরি।

সদর নিজামৎ আদালতের একটিং রেজিষ্টর সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৪৫ সালের ১৯ ফেব্রুআরি তারিখের ৩১৯ নম্বরী পত্র।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে ১৮৪৪ সালের ২১ আগষ্ট তারিখের ২০ নম্বরী শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের পত্রের নীচের লিখিত চুম্বক অর্থাৎ ১৮

the Honourable the Court of Directors, No. 20, 21st August, 1844.*

2. The simplification of Police and Magisterial proceedings, alluded to by the Honourable Court, has been promoted to a certain extent by the instructions contained in the Sudder Court's Circular, No. 13, of the 16th June 1843. Much, however, remains to be done, and His Excellency is not inclined to think that any such simplification, as is desirable, can be brought about so long as the present cumbrous system of record and appeal is permitted in every trifling case; and that in most of the business of a Magistrate's Office in this country, a more summary mode of procedure would be far preferable, and better suited to the habits and expectations of the people, than the harassing delay now caused by vain attempts at an over-refined and systematic administration of justice, which, if not in all cases that come before a Magistrate in this country, yet surely in the petty assaults and larcenies, and trifling misdemeanors, which make up the bulk of police cases, seems to be altogether out of place.

3. The Act for regulating criminal appeals is now understood to be under the revision of the Supreme Government. The opportunity is therefore favorable for a full consideration of the system; and His Excellency desires to have the assistance of Sudder Court in laying before the Legislature such a plan for improvement, as, while it gets rid of the objectionable multitude of appeals permitted by the existing Laws, will yet leave sufficient means of control for practical purposes, and will ensure as fair and as prompt an administration of Criminal justice, as is to be expected in the present circumstances of the country.

4. As a general rule, His Excellency would be disposed to abrogate all appeals on matters of evidence and fact, of which in general the Court of first instance having the parties before it, is commonly better able to judge than any Court of appeal, which sees only the record of the case, leaving a full liberty of appeal on questions of law. These questions would be required to be fully set forth in the application for appeal; and, if such applications were accompanied, as they ought to be, in each case, by a copy of the order appealed

Extract.

* 18. We observe from the statement of the Police Committee, that the proceedings held both by the Darogah and by the Magistrate are diffuse and redundand to a degree which is very inconvenient and quite unnecessary. As the remedy for this evil is so easy and obvious, and the increased efficiency of the Magistracy to be derived from it is of such importance, we trust that the forms of proceeding have been carefully revised, with the view of rendering them as simple and free from superfluity as may be practicable.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ১৫ আপ্রিল।]

দফা সদর নিজামৎ আদালতের বিজ্ঞাপনের নিমিত্তে পাঠাইতেছি।*

২। পোলীসের ও মাজিষ্ট্রেট সাহেবের কার্য্য সহজ করিবার বিষয়ে শ্রীযুত অনরাবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যে উল্লেখ করিয়াছেন তাহা ১৮৪৩ সালের ১৬ জুন তারিখের ১৩ নম্বরী সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডরের লিখিত হুকুমের দ্বারা এক প্রকারে সিদ্ধ হইয়াছে। কিন্তু সম্পূর্ণরূপে সিদ্ধ করিবার নিমিত্তে আরো অনেক কর্ম্ম বাকী আছে এবং শ্রীযুত গবরনর সাহেব বোধ করেন যে যাবৎ প্রত্যেক ক্ষুদ্র মোকদ্দমার সমস্ত বিবরণ বাহুল্যরূপে লিখিতে হয় এবং সেই বিষয়ের আপীল হইতে পারে তাবৎ পোলীসের কার্য্য বাঞ্ছনীয়মতে সহজ করা যাইতে পারিবেক না। তিনি বোধ করেন যে অতিসূক্ষ্ম ও শ্রেণীবৎ বিচারকরণের যে মিথ্যা উদ্যোগে অতিক্লেশজনক বিলম্ব হইতেছে তদপেক্ষা এই দেশের মাজিষ্ট্রেট সাহেবের কাছারীর কার্য্যের অধিকাংশ পূর্ব্বাপেক্ষা সরাসরীমতে নিষ্পত্তি করিলে অধিক উত্তম হইবেক এবং এদেশীয় লোকেরদের ধারাবাহিক ব্যবহার ও ইচ্ছার অনুযায়ী হইবেক। এবং এদেশে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে যে২ মোকদ্দমা উপস্থিত হয় সেই সকল মোকদ্দমাতে যদ্যপি এইরূপ সূক্ষ্ম ও শ্রেণীবৎ বিচার করা অনুচিত নহে তথাপি যে ক্ষুদ্র মারিপিট ও চুরী ও লঘু অপরাধ লইয়া পোলীসী মোকদ্দমার অধিকাংশ হয় তাহাতে এইরূপ সূক্ষ্ম বিচার অনুপযুক্ত।

৩। সুবিদিত আছে যে ফৌজদারী আপীলের নিয়ম-বিষয়ক আইন সুপ্রিম গবর্ণমেণ্ট এক্ষণে পুনর্ব্বিচার করিতেছেন অতএব আপীলের সমুদয় নিয়মের সম্পূর্ণ বিবেচনা করণের এই অতিসুযোগ বোধ হইতেছে এবং বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব আপীলের সুনিয়মের বিষয়ে যে পাণ্ডুলেখ্য ব্যবস্থাপক কৌন্সেলে প্রস্তাব করিতে উদ্যত আছেন তাহাতে তিনি সদর নিজামৎ আদালতের সাহায্য চাহেন। ঐ সুনিয়মের অভিপ্রায় এই যে চলিত আইনানুসারে আপীলের যে অনুপযুক্ত বাহুল্য হইতেছে তাহা রহিত হয় অথচ যাহাতে কার্য্য সিদ্ধ হইতে পারে এমত শাসনের প্রচুর উপায় থাকে এবং দেশের বর্ত্তমান অবস্থা বুঝিয়া সাধ্যপর্য্যন্ত ফৌজদারীর বিষয়ের শীঘ্র ও যথার্থ নিষ্পত্তি হয়।

৪। শ্রীযুত গবরনর সাহেব এই সাধারণ নিয়ম করিতে চাহেন যে সাক্ষ্য এবং কৃতাপরাধের বিষয়ি সমস্ত আপীল নিবৃত্ত হয় যেহেতুক যে আদালতে নালিশ প্রথমে হয় সেই আদালতে উভয় বিবাদী ও সাক্ষিরা হাজির হয় এবং যে আদালতে আপীল হয় সেই আদালতে কেবল মোকদ্দমার কাগজপত্র পাঠ হয় অতএব শেষোক্ত আদালত-অপেক্ষা প্রথমোক্ত আদালত সাক্ষ্য ও কৃতাপরাধের বিষয়ের যথার্থরূপে নির্ণয় করিতে পারেন কিন্তু আইন ঘটিত বিষয়ের আপীলের সম্পূর্ণ অনুমতি বজায় রাখা উচিত। আপীলের দরখাস্তে ঐ আইনঘটিত বিষয় বিশেষরূপে লিখিবার আবশ্যক হইবেক এবং যদ্যপি এরূপ প্রত্যেক মোকদ্দমার দরখাস্তের সঙ্গে যে হুকুমের

চুম্বক।

* ১৮ দফা। পোলীসের কমিটির লিপির দ্বারা আমরা অবগত হইলাম যে দারোগা ও মাজিষ্ট্রেট সাহেব আপনং কার্য্যের যে বিবরণ লিখিয়া থাকেন তাহা অতিসঙ্কুল এবং অনাবশ্যক এবং তাহাতে অনেক ক্লেশ জন্মে। এই কুব্যবহারের প্রতিকার অতিস্পষ্ট ও সহজ এবং তাহার প্রতিকার করাতে মাজিষ্ট্রেটী কর্ম্মের পূর্ব্বাপেক্ষা অধিক সফলতা হইবেক অতএব আমারদের ভরসা আছে যে মাজিষ্ট্রেটী কর্ম্মের রীতি যথাসাধ্য সহজ ও সংক্ষেপকরণের অভিপ্রায়ে তোমরা অতিমনোযোগপূর্ব্বক সেই রীতির সংশোধন করিয়া থাকিবা।

against, the appeal might ordinarily admit of immediate decision by the appellate Court, without calling for the record.

5. His Excellency would still leave to every superior Court the power of calling for, and inspecting, and reporting on the proceedings of its subordinates, without however altering the decisions passed by the latter. Indeed, His Excellency would insist upon this mode of superintendence, and enforce it with strictness, as being in his judgment superior for its object to the present system of appeal.

6. If it were found practicable to adopt the plan thus indicated, the Subordinate Courts would cease to record cases tried before them in the detailed manner now in use. But each would keep a book, in which the presiding functionary would enter, in his own language and handwriting, a sufficient memorandum of the cases tried, of the evidence, and of his reasons for decision. This book would be a record of the Court; would be constantly open to the inspection of the superior functionary; and by the precision and regularity with which it was kept, would afford good evidence of the diligence and efficiency of the officers whose labors it recorded.

7. Unless some such amendment as this be attempted, it seems to His Excellency impossible to introduce such a reform into the Police and Criminal administration as is desirable. The Honourable Court have approved the recommendation of the Police Committee of 1838, that the Deputy-Magistrates, when sufficiently qualified by service at the Sudder Stations, under the eyes of the Magistrates, shall be located in the interior, and placed each in charge of a Circle of Thannahs under the Magistrate's superintendence, and this measure His Excellency is about to carry into effect. It cannot be doubted, from the effects of former experience, that to each of the Deputies thus posted, there will come a much larger number of cases to be investigated from within the limits of this jurisdiction, than ever came to the distant Magistrate from the same jurisdiction. Thus there would seem to promise, from the introduction of this plan, a large degree of relief to the Magistrates, and of increased comfort and facility to the people. But the relief to the Magistrate will be merely nominal, and the comfort of the people very imperfectly promoted, if an appeal should lie from every case decided by the local functionary to the Magistrate at the distant Sudder Station: and it might happen that the time of the Magistrates would be taken up by appeals from their numerous Subordinates, even more than by their present duties.

8. The manner in which the time of the Courts is now occupied by appeals is notorious. It is illustrated very distinctly by the Court's last return of the administration of Criminal Justice for 1843. In that return it will be found that in the Sudder

[*Government Gazette*, 13th *April*, 1845.]

উপর আপীল হয় সেই হুকুমের এক২ নকল থাকে তবে আপীল আদালত মোকদ্দমার মিসিল তলব না করিয়া সামান্যতঃ তাহা অগৌণে নিষ্পত্তি করিতে পারিবেন।

৫। কিন্তু শ্রীযুত গবরনর সাহেবের ইচ্ছা আছে যে অধীন আদালতের রুবকারী তলব করিতে ও তদারক করিতে ও তাহার বিষয়ের রিপোর্ট করিতে উপরিস্থ আদালতের যে ক্ষমতা আছে তাহা থাকে কিন্তু ঐ অধীন আদালতের নিষ্পত্তি মতান্তর করিবার ক্ষমতা না থাকে। ফলতঃ শ্রীযুত বোধ করেন যে এক্ষণকার আপীলের দ্বারা কর্ত্তৃত্বকরণের নিয়মাপেক্ষা সেইরূপে কর্ত্তৃত্ব করা ভদ্র এবং এইরূপে কর্ত্তৃত্ব করিতে অতিশক্ত হুকুম দেওয়া উচিত বোধ করেন।

৬। যে নিয়ম এইরূপে নির্দ্দিষ্ট হইল তাহা যদি সাধ্য দৃষ্ট হয় তবে এক্ষণে যেরূপে অধীন আদালত আপন২ নিষ্পত্তিকরা মোকদ্দমার সমস্ত বৃত্তান্ত লিখিয়া থাকেন তাহা রহিত হইবেক। কিন্তু প্রত্যেক আদালতে এক২ বহী থাকিবেক তাহাতে আদালতের কর্ত্তা আপন ভাষায় ও স্বকলমে বিচারহওয়া মোকদ্দমা এবং সাক্ষির বৃত্তান্ত ও নিষ্পত্তির হেতু যথোচিতমতে টুকিয়া রাখিবেন। ঐ বহী ঐ আদালতে রিকার্ড হইবেক এবং তাহা কর্ত্তৃত্বকারি কার্য্যকারকের তদারকের নিমিত্তে নিয়ত প্রস্তুত থাকিবেক এবং যদ্যপি তাহা ঠিক ও নিয়মমত রাখা যায় তবে যে কার্য্যকারকের কর্ম্ম তাহাতে লেখা থাকে তাঁহার পরিশ্রম ও কর্ম্মণ্যতার উত্তম প্রমাণ ঐ বহীর দ্বারা হইবেক।

৭। শ্রীযুত গবরনর সাহেব বোধ করেন যে এইরূপ সংশোধিত নিয়ম করণের যদি উদ্যোগ না করা যায় তবে পোলীস ও ফৌজদারীর বিচারের যে সুধরণ অভিবাঞ্ছনীয় তাহা করা অসাধ্য হইবেক। ১৮৩৮ সালে পোলীসের কমিটির সাহেবেরা এই পরামর্শ দিয়াছিলেন যে ডেপুটী মাজিষ্ট্রেটেরা মাজিষ্ট্রেট সাহেবের চক্ষুর্গোচরে সদর মোকামে কার্য্য করত উপযুক্তমতে সুশিক্ষিত হইলে মফঃসলে নিযুক্ত হন এবং মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তৃত্বাধীনে কএক থানার শাসনের ভারপ্রাপ্ত হন শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা এই পরামর্শ সুগ্রাহ্য করিয়াছেন এবং শ্রীযুত এইরূপ নিয়ম সিদ্ধকরণার্থ উদ্যত আছেন। যে প্রত্যেক ডেপুটী মাজিষ্ট্রেট এইরূপে মফঃসলে নিযুক্ত হন তাঁহার এলাকাহইতে যত মোকদ্দমা দূরস্থিত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ইহার পূর্ব্বে পঁহুছিত তদপেক্ষা অধিক মোকদ্দমা ঐ ডেপুটী মাজিষ্ট্রেটের নিকটে বিচার হওনার্থ উপস্থিত হইবেক ইহা পূর্ব্বের পরীক্ষা দেখিয়া অনুভব হইতে পারে। অতএব এইমত ভরসা হইতে পারে যে এই নিয়ম সংস্থাপনের দ্বারা মাজিষ্ট্রেট সাহেবের অত্যন্ত পরিশ্রমের লাঘব হইবেক এবং প্রজারদের অধিক সুগম ও মঙ্গল হইবেক। কিন্তু ঐ ডেপুটী মাজিষ্ট্রেট যে২ মোকদ্দমা নিষ্পত্তি করেন সেই প্রত্যেক মোকদ্দমার আপীল যদি অতিদূরস্থ মাজিষ্ট্রেট সাহেবের সদর মোকামে হইতে পারে তবে মাজিষ্ট্রেট সাহেবের ভারের উপশম কেবল নামমাত্র হইবেক এবং প্রজারদের উপকার কেবল যৎকিঞ্চিৎ হইবেক। এবং হইতে পারে যে মাজিষ্ট্রেট সাহেবের এক্ষণকার কার্য্যে যত সময় লাগিতেছে তাঁহার নানা অধীন কার্য্যকারকেরদের নিষ্পত্তির উপর আপীল শুনিতে হইলে তাহাহইতে অধিক সময় লাগিবেক।

৮। আপীলের দ্বারা আদালতের যেরূপ সময় হরণ হইতেছে তাহা কে না জানেন। ১৮৪৩ সালের ফৌজদারী বিচারের যে শেষ রিপোর্ট সদর নিজামৎ আদালত করেন তাহাতে এই বিষয় সুপ্রকাশ আছে। ঐ রিপোর্টের দ্বারা দৃষ্ট হইতেছে যে সদর নিজামৎ আদালতে জাবেতামত যে সকল মোকদ্দমা সাধারণ আইনানুসারে

Court itself, the number of Criminal cases before it on appeal was only 47 short of being equal to the number of regular trials referred to the Court under the ordinary Regulations. The numbers being—

Of regular trials,	... ..	278
Of appeals,	... ..	231

The number of regular trials held by the Sessions Judges is not given in the return;—but the number of persons tried was 4270. Supposing an average of two persons tried in each case, the number of cases tried would be 2135, while the number of appeal cases for hearing before the same functionaries was 4924, or more than double the number of ordinary trials.

9. The number of appeals tried by Magistrates is not given, but if it bore any thing like the above proportion to the trials of first instance, the number must be enormous.*

10. There would appear then in the present circumstances of the country, to be but a choice between two methods of administration. The one is that at present pursued, of taking great pains in selection of functionaries, giving them jurisdiction over immense tracts of country and vast numbers of people, paying them highly and scarcely trusting them at all without a constant system of appeal.

11. The other is that of an equally careful selection, and equally adequate remuneration of functionaries, but their numbers greater, the extent of their local jurisdiction smaller, and a confidence reposed in them equal to the importance of their positions, and accommodated to the habits and manners of the people over whom they are placed, while, at the same time, such a general supervision is established as cannot fail to bring to light any abuse of the confidence bestowed.

12. The former system aims at, but does not accomplish, exact justice in every case. At the same time it causes great delay, and through delay hardship to the people.

13. The other plan would effect prompt dispatch of business, and would remedy those great evils which now arise to prosecutors, witnesses, and defendants from delay, and to the people at large from the denial of justice. There would be risk of occasional haste, and now and then of injustice. But if the functionaries were well selected and overlooked, there would be likely to be in the main an administration of substantial justice and the defects of this system, in regard to occasional fail-

* The proportion of appeals in the Sudder Court is understood to be increasing. In the monthly return for Dec. 1844, the numbers were—

Of appeals,	... ...	52
Of regular Trials,	... ...	23
Difference for one month,	... ...	29

ঐ আদালতে অর্পণ হইয়াছিল তাহার সংখ্যা আপীলী মোকদ্দমাঅপেক্ষা কেবল ৪৭ অধিক। সেই সংখ্যা এইরূপে দৃষ্ট হইতেছে।

জাবেতামত মোকদ্দমা ————	২৭৮
আপীলী মোকদ্দমা - ————	২৩১

সেশন জজ সাহেব জাবেতামত যে সকল মোকদ্দমার নিষ্পত্তি করিয়াছিলেন তাহার সংখ্যা ঐ রিপোর্টের মধ্যে লিখিত নাই কিন্তু যত ব্যক্তির মোকদ্দমা তিনি করিয়াছিলেন তাহার সংখ্যা ৪২৭০। যদ্যপি প্রত্যেক মোকদ্দমার দুই২ ব্যক্তি করিয়া লিপ্ত ছিল তবে সেশন জজ সাহেবেরা যত মোকদ্দমার নিষ্পত্তি করিলেন তাহার সংখ্যা ২১৩৫ হইবেক। কিন্তু ঐ সাহেবেরদের নিকটে ৪৯২৪ মোকদ্দমার আপীল হইয়াছিল অর্থাৎ আসল মোকদ্দমার দ্বিগুণের অধিক।

৯। মাজিষ্ট্রেট সাহেব যত আপীলী মোকদ্দমার নিষ্পত্তি করিলেন তাহা ঐ রিপোর্টের মধ্যে দেওয়া যায় নাই কিন্তু সেশন জজ সাহেবের নিকটে আসল মোকদ্দমা অপেক্ষা যত আপীলী মোকদ্দমা উপস্থিত হইয়াছিল যদি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই হিসাবঅনুসারে আপীলী মোকদ্দমা উপস্থিত হইয়াছিল তবে তাহার সংখ্যা অত্যধিক হইবেক।*

১০। অতএব দেশের বর্ত্তমান অবস্থা বুঝিয়া ফৌজদারী বিচারের কেবল দুই নিয়ম দৃষ্ট হইতেছে এবং ইহার অন্যতরের পসন্দ করিতে হইবেক। বিচারের এক প্রকার নিয়ম এক্ষণে চলিতেছে তাহা এই অর্থাৎ অতি পরিশ্রমপূর্ব্বক বিচারকেরা মনোনীত হইতেছেন এবং তাহারদের কর্ত্তৃত্ব অতিবিস্তারিত দেশের এবং লক্ষসংখ্যক লোকের উপর হইতেছে এবং তাহারদিগকে ভারি বেতন দেওয়া যাইতেছে অথচ তাঁহারদের উপর যৎকিঞ্চিৎ মাত্র বিশ্বাস করিয়া তাঁহারদের প্রত্যেক নিষ্পত্তির উপর আপীল হইতেছে।

১১। অন্য প্রকার বিচারের নিয়ম এই যে তদ্রূপ মনোযোগপূর্ব্বক বিচারকর্ত্তাকে মনোনীতকরণ এবং তাহারদিগকে তত্তুল্য উপযুক্ত বেতন দেওন ও তাহারদের সংখ্যা বৃদ্ধিকরণ কিন্তু তাহারদের এলাকা ন্যূনকরণ এবং তাঁহারদের পদের গুরুত্ব বুঝিয়া তাহারদের উপর বিশ্বাস রাখণ ও যে প্রজারদের উপর তাহার কর্ত্তৃত্ব করিতেছেন সেই প্রজারদের আচার ব্যবহারানুযায়ি বিচারের নিয়মকরণ এবং তাহারদের কার্য্যের উপর এমত সাধারণ তত্ত্বাবধারণ করণ যে বিশ্বাসঘাতকতার কোন কর্ম্ম হইলে তাহা তৎক্ষণাৎ ধরা পড়ে।

১২। প্রথম প্রকার বিচারের নিয়মের অভিপ্রায় এই যে প্রত্যেক স্থলে অতিসূক্ষ্ম বিচার হয় কিন্তু এই অভিপ্রায় সিদ্ধ হইতেছে না অথচ এই নিয়মেতে অতিশয় বিলম্ব হইতেছে এবং বিলম্বপ্রযুক্ত প্রজারদের ক্লেশ হইতেছে।

১৩। বিচারের অপর নিয়মেতে কার্য্যের অতি [illegible] নিষ্পত্তি হইবেক এবং বিলম্বপ্রযুক্ত ফরিয়াদী ও সাক্ষী এবং আসামীরদের যে মহাদায় হইতেছে এবং যথার্থ বিচার না হওয়াতে প্রজাসমূহের সাধারণে যে ক্লেশ হইতেছে তাহা নিবারণ হইবেক। এই নিয়মেতে কখন২ ঝটিতিপ্রযুক্ত দোষ হইতে পারিবেক এবং মধ্যে২ অযথার্থ বিচারও হইতে পারিবেক। কিন্তু যদি কর্ম্মকারকের সুবিবেচনাপূর্ব্বক মনোনীত হন এবং তাঁহারদের উপর উপযুক্তমতে কর্ত্তৃত্ব হয় তবে বাস্তব যথার্থ বিচার হইবার সম্ভাবনা হইবেক এবং এই নিয়মেতে যদাকদাচিৎ যথার্থ বিচার না হওয়াতে যে অপকার হয় তাহা বিচারের তেজ ও

* দেখা যাইতেছে যে সদর আদালতে আপীল ক্রমশঃ বৃদ্ধি হইতেছে। ১৮৪৪ সালের ডিসেম্বর মাসের কৈফিয়তে এই২ সংখ্যা দৃষ্ট হইতেছে।

আপীলী মোকদ্দমা	...	৫২
জাবেতামত মোকদ্দমা	... .	২৩
এক মাসে অধিক আপীল	... ...	২৯

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ১২ আপ্রিল।]

ure of justice would be more than counterbalanced by the vigour and promptitude of the administration, and by the absence of that almost intolerable harassment from delay, of which such frequent cases are now known to occur. Injustice by corruption is a contingency common to both systems. It may occur under either. It is never prevented, and rarely detected by means of the plan of appeals. The only remedy for it seems to be very careful selection of functionaries, sufficient salaries, and effectual supervision by superior authorities in aid of public observation.

14. With the absence of encumbering records, which, under the proposed plan, would be no longer necessary, there would disappear the crowd of underpaid, overworked, and greedy Mohurrirs, who now infest our Courts, occasioning large expense to Government, and never failing to add by their exactions to the corruption of justice, and the impoverishment of the people. The sums which might thus be saved are probably considerable. They would be applicable in the first instance to the very important object of raising to an adequate amount the salaries of the really necessary Amlah of the Courts, and in particular of the Sherishtadars, a set of officials at present very inadequately salaried. The remainder would be in aid of the general improvement of the administration of justice, in which for want of funds obvious reforms are now but too often allowed to stand aside.

15. Such are His Excellency's present opinions. But he is desirous, before submitting them to the proper quarter, to avail himself of the experience of the judicial authorities here and in the Mofussil. With this view I am directed to request, that the Court will address Circulars to the Session Judges and Magistrates subordinate to them, earnestly inviting them to consider the subject attentively, and to report upon it at an early date.

16. These replies, when received, should be forwarded with the Court's remarks, and the Draft of a law for the enactment of such alteration in the present system of appeal and procedure as the Court, with their own experience, and that of the Lower Courts to guide them, may deem advisable.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

(True Copy) (Signed)
W. KIRKPATRICK, *Deputy-Register.*

সত্ত্বরতাতে এবং এক্ষণে নিত্য বিলম্বপ্রযুক্ত যে অসহ ক্লেশ হইতেছে সেই ক্লেশ নিবারণেতে পূরিয়া আসিবেক। ঘুষ-প্রযুক্ত যে অন্যায় বিচার হয় তাহা উভয় নিয়মেতে তুল্য-রূপে ঘটিবেক কিন্তু আপীলের নিয়মের দ্বারা ঐ ঘুষলওয়া কখন নিবারণ হয় না এবং প্রায় কখন ধরাও পড়ে না ঐ ঘুষ নিবারণের এই মাত্র উপায় দৃষ্ট হইতেছে যে কর্ম্ম-কারকদিগকে অতি সাবধানপূর্ব্বক মনোনীত করণ ও তাঁহারদিগকে উপযুক্ত বেতন দেওন এবং তাঁহারদের কা-র্য্যের উপর উপরিস্থ কার্য্যকারকেরদের অতিশক্ত কর্ত্তৃত্ব করণ এবং তাঁহারদের উপর সাধারণ ব্যক্তিরদের দৃষ্টি থাকন।

১৪। এক্ষণে যে নিয়মের প্রস্তাব হইয়াছে তাহা সিদ্ধ হইলে বহুল কাগজপত্রের আর আবশ্যক থাকিবেক না এবং সেই লেখা গেলে যে ভূরি২ অল্প বেতনভোগি অধিক পরিশ্রমি লোভি মুহুরীর এক্ষণে আদালতে নিযুক্ত আছে এবং সরকারের খরচের বৃদ্ধি করিতেছে এবং আপনারদের অন্যায়রূপে টাকা গ্রহণের দ্বারা যথার্থ বিচারের স্রোত নষ্ট এবং প্রজারদিগকে নিঃস্ব করিতেছে সেই২ মুহুরীরেরা একেবারে অদৃশ্য হইবেক। তাহারদের অদৃশ্য হওয়াতে যে টাকা বাঁচিবেক তাহাও অল্পসংখ্যক নহে। ঐ টাকা লইয়া আদালতের আবশ্যক আমলার-দের এবং বিশেষতঃ সিরিশতাদারেরদের মাহিয়ানা বৃদ্ধি করা যাইতে পারিবেক। ঐ সিরিশতাদারেরদের মাহিয়ানা এক্ষণে অতি অনুপযুক্তরূপে কম আছে। ঐ বাঁচা টাকার অবশিষ্ট লইয়া ফৌজদারী আদালতে বিচারের সাধারণ সুনিয়মের সাহায্য হইতে পারিবেক যেহেতুক এক্ষণে সংস্থানের অপ্রতুলতায় ঐ সুনিয়মের প্রতিবন্ধক হই-তেছে।

১৫। বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের অভি-প্রায় এক্ষণে উপরে লেখা গেল কিন্তু তাঁহার এই অভিপ্রায় ভারতবর্ষের গবর্ণমেণ্টে জানাইবার পূর্ব্বে তিনি কলিকা-তাস্থ ও মফঃসলের আদালতসম্পর্কীয় কার্য্যকারকেরদের ব্যবহারের দ্বারা অনুশীলনের উপকার পাইতে ইচ্ছা করেন। এই প্রযুক্ত সদর আদালতে আদেশ করিতেছি যে জজ সাহেবেরা আপনারদের অধীন সেশন জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে সাধারণ সরক্যুলর পত্র পাঠাইয়া এই বিষয় মনোযোগপূর্ব্বক বিবেচনা করিতে এবং অতিশীঘ্র তাহার বিষয়ের রিপোর্ট করিতে হুকুম দেন।

১৬। এই সকল উত্তর প্রাপ্ত হইলে সদর আদালতের সাহেবেরা তাহাতে আপনারদের অভিপ্রায় লিখিয়া গবর্ণ-মেণ্টের নিকটে পাঠাইবেন এবং ফৌজদারীর কার্য্য ও আপীলের বর্ত্তমান নিয়মের যে মতান্তর ঐ আদালতের এবং তাঁহারদের অধীন আদালতের অনুশীলনপ্রযুক্ত উপযুক্ত বোধ হয় তৎসম্পর্কীয় এক নূতন আইনের পাণ্ডু-লেখ্যের প্রস্তাব করেন। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

(যথার্থ নকল।)

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

OPIUM. আফিম।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪৫ সাল তারিখ ১৩ মার্চ মোতাবকে বাঙ্গলা সন ১২৫১ সাল তারিখ ১ চৈত্র

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সাল ইংরাজী তারিখ ২১ আপ্রিল মোতাবকে বাঙ্গলা সন ১২৫২ সাল তারিখ ১০ বৈশাখ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৩। ৪৪ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানিজন্য নীলামে পশ্চাৎ লিখিত শর্ত্তে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম ৩৬০০
বানারসের পয়দায়শী আফিম ১৫০০

জুমলা সিন্দুক ৫১০০

[*Government Gazette, 15th April, 1845.*]

নীলামের শরত্ত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিমসকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এইরূপে রপ্তানির মালভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফিসিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদয় ৫১০০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নিমক ও আফিম বোর্ডের সাহেবান আলিশানের এক্তিয়ার রহিল যে সকল লাটহায বাকী থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফিলাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলামে আফিম খরিদ করণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজষ্টরি হওনের পূর্ব্বে ফিলাট ১০০০৲ টাকায় অর্থাৎ ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানত পেশগী বাবৎ দর্শানি প্রামিষরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি ২৫ আপ্রিল ১৮৪৫ সাল শুক্রবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সব ত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিবা পূর্ব্বোক্ত দর্শানি প্রামিষরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানত পেশগীর হিসাবে টাকা অথবা সব ত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানত পেশগী দাখিল করিতে ক্রটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রামিষরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪৫ সালের ২৫ আপ্রিল তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি এ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানত পেশগী টাকা ২৫ আপ্রিল তারিখে দিবা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সব ত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখ হইতে এক মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৫ সালের ২১ মে বুধবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবত ত্রেজরির রসিদ আর লওয়া যাইবেক না যে আফিমের কিম্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া হিসাব রফা না হইবেক তাহার এ পূর্ব্বোক্ত ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অথবা ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে যে আমানত পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নেমক ও আফিমের সাহেবান আলিশান দ্বারা যে তারিখে যে প্রকার নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকারে ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা' আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট আফিম দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমি বেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সব ত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহিতে লেখা থাকে তাহারদিগের এজেণ্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং এরূপ আমানতি পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুর খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপ্রিণ্টেণ্ডেণ্ট হইবেন তাহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাঁহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহারা যত লাট খরিদ করণার্থে ডাকিবেক তাহার ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সব ত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বরহইতে যত লাট সেই মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে পহিলা লাটঅবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকার খরিদা লাটহায়ের ফিলাট ১০০০৲ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ আমানত পেশগী দিতে হইবেক এবং এই দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহায়ের কিম্মত ফিসিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গয়রবিক্রী থাকে যাহাতে এ ৫০ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩ দফা। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমিল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপ্রেম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের লিখিত তপসীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ১৫ আপ্রিল।]

দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে এস্তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিমের তজবিজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৩। ৪৪ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সনহায়ের মত এহতিয়াত ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের লোচ সুদ্ধা নির্ভাজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটি তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাত্তি ব্যবহার করিতে এবং প্রতিগুটিতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে দুয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তত্ত্ব করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১৬ দফা। গত দুই সনের পয়দায়শী যে চারি সিন্দুক বেহারের ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিযান বিবেচনা করিতে পারিবেন যে কিপ্রকার নিক্ষিপ্তাবস্থায় এ আফিম রহিয়াছে।

১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহারের আফিম সিন্দুক	বানারসের আফিম সিন্দুক	জুমলা সিন্দুক
২৬ মে অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮০০	৮৫০	২৬৫০
২৯ জুন অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩৬৮৫	১৬৪১	৫৩২৬
	৫৪৮৫	২৪৯১	৭৯৭৬

বেহারের আফিম।

জানের মাহার নীলাম			৫
এপরেল	ঐ	ঐ	৫২
মে	ঐ	ঐ	২৫
জুন	ঐ	ঐ	২১৫
সিন্দুক			৩০০

১৮ দফা। ইঙ্গরেজ ও ফরাশীশ উভয়ের ১৮১৫ সালের ৭ মার্চ তারিখের একরারনামার ৬ দফা বিমৌজিব ফরাসের হাকিমানকে ৩০০ সিন্দুক আফিম দেয় তাহা হার্শাযার লিখিত দফানুসারে লওনার্থে তাঁহারা দরখাস্ত করিয়াছেন তদর্থে এস্তেহার দেওয়া যাইতেছে যে যদ্যপি নিয়মিত মেয়াদ মধ্যে অর্থাৎ নীলামের দিবসঅবধি ১ মাহার মধ্যে ঐ আফিমের তাবৎ অথবা তাহার মধ্যে কতক আফিম খালাস না করেন তবে সেই আফিম কিম্বা যে পরিমাণ আফিম গরখালাসি থাকিবেক তাহা তব কিম্মত আদায়ের মেয়াদ গতে যে নীলাম উপস্থিত হইবেক সেই নীলামে অথবা এক স্বতন্ত্র নীলামে বিক্রয় করা যাইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি। এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক নীলাম।

হুকুম ইশ্তাহার কাছারী কালেকটরী জেলা হুগলি এই যে সন ১৮৪৫ সালের ১ আইনের বিধানমতে সন ১৮৪৫ সালের ২৮ মার্চ তারিখে মালগুজারীর বাকী আদায়ের শেষ দিবস নিরূপণ থাকায় নীচের লিখিত মহালাতের বাকী মালগুজারী আদায় না হওয়াপ্রযুক্ত ঐ সকল মহাল এই কাছারীতে সন ১৮৪৫ সালের ১৮ আপ্রিল মোং সন ১২৫২ সালের ৭ বৈশাখ রোজ শুক্রবার নীলামে বিক্রয় হইবেক ইতি।

নম্বর তৌজী	নাম পরগনা	নাম মহাল	নাম মালিক	তাইন সদর জমা	তাইন রকম বিক্রী	তাইন বাকী লাং ফাল্গুণ সন ১২৫১ সাল
৪৯ নং	চৌমুহা	লাট হাতিশালা	রায় রাধাগোবিন্দ সিংহ	১১৫৬৯ ⁄	মুস্তলম	৩৯৮৫, ১
	ঐ	চাকরান ঐ	ঐ	৮ ॥৵৮	ঐ	৮ ॥০৮
				১১৫৭৭৸৵৯		৩৯৯৩ ॥৵৮
৮৬ নং	বালিগড়ি	লাট ঘনশ্যামপুর	পরাণচন্দ্র রায় ওঃ	১০৬৩৬ ৷৵৯	রাজীবলোচন রায় যদুনাথ রায় শ্রীনাথ রায় রমানাথ রায় ব্রজনাথ রায়ের হিস্যা রকম ⁄ ৬॥ = আনা	১২১০৸০
৭৭৭ নং	পাণ্ডুয়া	আং মটুকপুর	মির আলি আহামুদ ও মির খাজে মাহমুদ	১৸৶৬	মুস্তলম	১৸৶৬
৮০৯ নং	ভুরসুট	আং পাহাড়পুর	রামজী বন্দ্যোপাধ্যায়	৸৶৫	ঐ	৸৶৫
১৩৪৭ নং	বালিয়া	আং বালিদিগর	সেখ মিটু	॥৵৩	ঐ	॥৵৩
১৬৩৬ নং	ঐ	লাখেরাজ বাজে আপ্তি মোং গণেশপুর	হরিশ্চন্দ্র বসু	২৶১১	ঐ	২৶১১
১৬৯৮ নং	ঐ	লাখেরাজ বাজে আপ্তি মোং বামুনডাঙ্গা	রামজী বন্দ্যোপাধ্যায় ও রামকৃষ্ণ জোয়াদ্দার	৩৲২	ঐ	৩৲২

[*Government Gazette, 15th April, 1845.*]

নম্বর তৌজী	নাম পরগনা	নাম মহাল	নাম মালিক	তাইন সদর জমা	তাইন রকম বিক্রী	তাইন বাকী লাং ফাল গুণ সন ১২৫১ সাল
১৭০১	বালিয়া	লাখেরাজ বাজে আপ্তি মৌং ঐ	নবকৃষ্ণ চট্টোপাধ্যায়	৶৩	মুস্তলম	৶৩
১৭০৬	ঐ	লাখেরাজ বাজে আপ্তি মোং ঐ	রামজী বন্দ্যোপাধ্যায় ও রামকৃষ্ণ সোমাদ্দার	৯৶৯	ঐ	৯৶৯

মহালাত সেওয়ায় তৌজী

৩৫ নং খাস	বায়ড়া	লাখেরাজ বাজে আপ্তি মৌং বে উড়গ্রাম	বিষ্ণুরাম ভট্টাচার্য্য	২৸৶৩	মুস্তলম	১৸৶৩
ঐ	ঐ	ঐ	আনন্দচন্দ্র সরখেল	২৶৪	ঐ	২৶৪
ঐ	ঐ	ঐ	মহমুদ মইনদ্দীন ওং	৩৸০	ঐ	৩৸০

Hooghly Collectorate. D. J. MONEY, *Offg. Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা ঢাকা জালালপুর এই যে

যেহেতু ভূমির মালগুজারির বাকি আদায়ের নিমিত্তে ভূমি নীলামের বিষয়ি ১৮৪১ সনের ১২ আইন সংশোধনপূর্ব্বক ১৮৪৫ সনের প্রথম আইন প্রচার হওয়ার পর ঐ আইনের ৩ ধারার বিধিমতে বাঙ্গলাপ্রভৃতি দেশের বাকি রাজস্ব ১৮৪৪। ৪৫ সনের অবশিষ্ট কালে এবং তৎপর পর সনের যে যে শেষ দিবস দাখিল করিতে হইবেক তাহা কলিকাতার সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা নিরূপণ করিয়াছেন এবং তদনুসারে ১৮৪৪। ৪৫ সনের অবশিষ্ট কালের অর্থাৎ ১২৫১ সনের লাং মাহ ফাল্গুণের বাকি খাজানা দাখিলের শেষ তারিখ ইং ১৮৪৫ সনের ২৮ মার্চ মোং বাং ১২৫১ সনের ১৬ চৈত্র যে নির্দ্ধার্য্য হইয়াছে ঐ তারিখপর্য্যন্ত নীচের লিখিত মহালাতের বাকী খাজানা দাখিল হয় নাই বিধায় তাহার নীলামের তারিখ উক্ত প্রথম আইনের মর্ম্মানুসারে ইং ১৮৪৫ সনের ২১ আপ্রিল মোং বাঙ্গলা ১২৫২ সনের ১০ বৈশাখ রোজ সোমবার ধার্য্য করা গেল অতএব এ সকল মহালাতের নাম ও জমা ও বাকীর নির্দ্দিষ্ট নীচে লিখিয়া ইস্তাহার দেওয়া যাইতেছে যে ঐ সকল মহালের নীলাম উক্ত তারিখে অত্র কাছারীতে আরম্ভ হইবেক যে সকল ব্যক্তি খরিদের বাসনা রাখে তাহারা ঐ দিবস হাজির হইয়া খরিদ করে যে ব্যক্তি অধিক কিম্মৎ ডাকিবেক তাহার স্থানে বিক্রয় করা যাইবেক ও খরিদারকে কিম্মতের টাকার চতুর্থাংশ বায়নাস্বরূপ তৎক্ষণাৎ দাখিল করিয়া বাকী কিম্মৎ ৩০ দিনের মধ্যে দাখিল করিতে হইবেক আর নীচের লিখিত মহালাতের প্রজা ও পাট্টাদারওগয়রহ হরকছম মালগুজারদারানের প্রতি হুকুম দেওয়া যাইতেছে যে বর্ত্তমান সনের ২৮ মার্চ মোং ১৬ চৈত্রের পরঅবধি ঐ সকল প্রজাওগয়রহ বাকীদার তালুকদার বা তালুকদারদিগকে আর খাজানা না দেয় ঐ তারিখের পর তাহারা যত খাজানা দেয় তাহা মহালের খরিদারের হিসাবে তাহারদের নামে জমা হইবেক না ইতি সন ১৮৪৫ ইং তারিখ ২৯ মার্চ মোং সন ১২৫১ বাং তারিখ ১৭ চৈত্র।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম মহাল	নাম মালিক	সদর জমা	রকম নীলাম	তারদাদ বাকী
১	৯৪৩	মং জিলে বিক্রমপুর খাং পং বিক্রমপুর হাং সেক মাগরা নিং খং রামধন শর্ম্মা	রামধন শর্ম্মা	৪॥৶৯	১	১।৴
২	১০৪৩	মং জিলে ধীরমোহন খাং পং জালালপুর নাওবা তাং রাজকৃষ্ণ সেন নিং খং চন্দ্রমাধব বসু ও গুরুদাস গুহ	চন্দ্রমাধব বসু ও গুরুদাস গুহ	৫৸৶১॥	১	৪।০
৩	৩১০৩	মং জিলে হয়দরাবাদ খাং পং বৈকুণ্ঠপুর হিস্যা ৸৶ আনি তাং জহরুল্লা মুনশী	জহরুল্লা মুনশী	১৸৶২॥	১	১৲
৪	৩৫৯৯	খাং মং সৈদানি খাঁ তাং খাঁশিরাম কামার নিং খং ভোলানাথ চৌধুরী মাণিক আজিম সরদার	আজিম সরদার	৫৶৩	১	২॥০
৫	৩৮৮৩	মং জিলে জালালপুর খাং পং জালালপুর তাং অযোধ্যারাম মিত্র নিং খং রামনিধি সরকার ও কৃষ্ণচন্দ্র বসু	রামনিধি সরকার ও কৃষ্ণচন্দ্র বসু	৫॥৴	১	৪৲
৬	৩৯১৯	খাং পং জালালপুর তাং রামজীবন শর্ম্মা	রামজীবন শর্ম্মা	৯॥৴৭	১	৭।০
৭	৪০৩৪	খাং তথা তাং রামরুদ্র চাটার্তী	রামরুদ্র চাটার্তী	১৸৩॥	১	১৲
৮	৪১৭৮	তাং জগন্নাথ মিত্র নিং খং কালাচাঁদ সেন	কালাচাঁদ সেন	৫৶৯	১	২॥০
৯	৪২৬৫	তাং রামগোপাল শর্ম্মা নিংখং পার্ব্বতীচরণ গুহ	পার্ব্বতীচরণ গুহ	২৶১॥	১	১৲

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৫। ১৫ আপ্রিল।]

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম মহাল	নাম মালিক	সদর জমা	রকম নীলাম	তাবদাদ বাকী
১০	৪৭৯৩	মুং জিং নুরুল্লাপুর খাং পং সুজাবাদ কুতুবপুর তাং হরেকৃষ্ণ গোঁসাই দাস রাধাবল্লভ দয়ারাম নিং খং রামগতি চক্রবর্ত্তী	রামগতি চক্রবর্ত্তী	৮॥১১	১	৬৲
১১	৪৯১৯	তং বাকীপুর তাং রতিরাম দেও	রতিরাম দেও	৫ ৷/৭	১	৪৲
১২	৫০১৮	তং সফিপুর খোর্দ্দ তাং ঘনশ্যাম দাস	ঘনশ্যাম দাস	৭ ৷৶৫ ॥	১	৫ ॥০
১৩	৫১৫৫	তং নন্দলালপুর তাং রামচন্দ্র দাস	রামচন্দ্র দাস	৷৶৭ ॥	১	৷০
১৪	৫৬০৭	তং বাকীপুর তাং রামচন্দ্র ভূমিক	রামচন্দ্র ভূমিক	৶/১	১	৷/
১৫	৬০৯৬	মং জিলে পাএন্দাবেগ খাং পং সুলতানপ্রতাপ তাং রামেশ্বর চক্র নিং খং মাধবচন্দ্র চক্র	মাধবচন্দ্র চক্র	৯ ৷৶১০	১	৭৲
১৬	৭০৭৮	মং জিলে রাজনগর খাং চাকলে রায়পুর তাং শ্যামদাস সেন	শ্যামদাস সেন	৩৶১ ॥	১	১ ॥০
১৭	৭১২৩	খাং চাকলে ফুলবাড়িয়া হাং রূপ সিদ্ধান্ত	রূপ সিদ্ধান্ত	৶৵১১ ॥	১	॥০

Dacca Collectorate, 29th March, 1845. R. E. CUNLIFFE, *Collector.*

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা রঙ্গপুর।

সন ১৮৪৫ ইংরেজীর ১ প্রথম কানুনের হুকুমানুসারে সন ১২৫১ বাঙ্গলার লাগাএদ কিস্তি ফাল্গুণের বাকি টাকা দাখিলের নিরূপিত দিবস বর্ত্তমান সনের ২৮ মার্চ মোতাবেক বাঙ্গলা সনের ১৬ চৈত্র সূর্য্যাস্তের পূর্ব্বে সদর বোর্ড রেবিনিউ যে নির্ণয় করেন্ তদ্বিষয়ক বিজ্ঞাপনীর এস্তাহার প্রকাশ হইয়াছে কিন্তু বাকিদারান মধ্যে নীচের লিখিত বাকিদারান আপন২ জিম্মার বাকি আদায় না করাহেতু উক্ত মহালসকলের নিলামের দিবস বর্ত্তমান ইংরেজী সনের ২৪ আপ্রিল মোতাবেক সন ১২৫২ বাঙ্গলার ১৩ বৈশাখ রোজ বৃহস্পতিবার ইংরেজী ১২ ঘন্টা বাজার সময় নির্ণয় করিয়া এই এস্তাহার নামা সর্ব্ব সাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা গেল যে কেহ খরিদের প্রার্থনা রাখে কথিত দিবসে নিয়মিত সময়ে এই কালেকটরীতে হাজির আসিয়া খাতিরজমাতে খরিদ করে ইতি।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম জমীদারী বগএদ দেহা	নাম জমীদার	সদর জমা সালিয়ানা	বাকী	যে হিস্যা নীলাম হইবেক
১	১৯৮	পরগনে খাস তালুক ২২ দেহা	শিবপ্রসাদ ধর ও নীলমণি সরকার	১১৯৮ ॥০	২৬৫ ৷৶৬	ষোলো আনা
২	১১৫	মৌজে আপুযার খাতা ১	মেস্তর সেলোং সাহেব	১১৶/২॥	১১৶/২॥	ষোলো আনা
৩	১২৭	তালুক হাবাগাছা ১	আলী মামুদ ও মতিউল্লা ও জএনুল্লা ও বাওল্লা নসু	৩৭ ৷৶১০	৪ ॥১	ষোলো আনা

৩

সন ১৮৪৫ ইংরেজী তারিখ ২৯ মার্চ।

Rungpore Collectorate, 29th March, 1845. A. T DICK, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা বর্দ্ধমান মোকাম বাকুণ্ডা এই যে

সন ১৮৪৫ সালের ১ আইনের ৫ ধারার মর্ম্মানুসারে বাজেআপ্তী মোদামি ও সরসরি বন্দোবস্তি মহালাতের যাহা উপরান্ত হাকিমানের হজুরে মন্‌জুর হয় নাই তাহার সন ১২৫১ সালের লাগাইদ মাঘ মাহার কিস্তীর বাকি মালগুজারির টাকা দাখিল করণ জন্য সন ১৮৪৫ সালের ২৮ মার্চ মোতাবক সন ১২৫১ সালের ১৬ চৈত্র সূর্য্য অস্ত হওনের পূর্ব্বতক দিন স্থির হইয়া রীতিমত এস্তেলা ও ইস্তাহারনামা প্রচার করা গিয়াছিল তাহাতে নীচের লিখিত মহালাতের বন্দোবস্ত গ্রহীতাগণ ঐ নিয়ম মধ্যে আপন২ বাকী টাকা দাখিল না করায় উক্ত আইনের ৬ধারার মর্ম্মানুসারে বাকী আদায় কারণ নিম্নের লিখিত মহালাত নীলাম কারণ সন ১৮৪৫ সালের ২৫ আপ্রেল মোতাবেক ১২৫২ সালের ১৪ বৈশাখ শুক্রবার দিন নিরূপিত করিয়া ইস্তাহার দেওয়া যাইতেছে যে কেহ খরিদের বাসনা রাখহ মোকাম বাকুণ্ডার কালেক্টরি কাছারীতে হাজীর হইয়া খরিদ করিবা ঐ খরিদারকে উচিত যে মূল্যের চতুর্থাংশের একাংশ অর্থাৎ সিক্কা টাকা নগদ কিম্বা বাঙ্গাল বেঙ্কনোট অথবা বেঙ্কের পোষ্টবিল কিম্বা দাঁড়ামত দস্তখৎকরা কোম্পানির পরমেশ্বরী নোট বায়নাস্বরূপ তৎক্ষণাৎ দাখিল করে পরে নীলামের দিবসাবধি ত্রিশ দিবসের সূর্য্য অস্তের পূর্ব্ব অবশিষ্ট মূল্যের টাকা দাখিল করে যেহেতু এই বন্দোবস্তী মহালাৎ উপরান্ত হাকিমের হজুরে মন্‌জুর হয় নাই একারণ জানান যায় যে শ্রীযুত রিবনু কমিস্যনর সাহেবের অথবা সদর বোর্ডের হাকিমানের কিম্বা গবর্ণমেন্টের হুকুমানুযায়ি এই মহালসকলের জমা কমিবেশি এবং আর যে২ হুকুম হইবেক তাহা খরিদারকে আমলে আনিতে হইবেক সন ১৮৪৫ সাল ২৯ মার্চ মোতাবক সন ১২৫১ সাল ১৭ চৈত্র।

[*Government Gazette, 15th April,* 1845.]

তফশীল।

নম্বর লাটবন্দি	নম্বর খাস	নাম মহাল	মালিকের নাম	সদর জমা	রকম বিক্রী	থানা	সন ১২৫১ সালের লাং মাঘ মাহার কিস্তীর বাকী
১	২৮৯	চকমুকুর	রামমোহন ও হরি ভজন ও অযোধ্যারাম দাস মহান্ত সাং কোতলপুর	১৮১/৩	মুছলম	কোতলপুব	৬৮/৩
২	৩৯৬	ক্ষোত্তরডিহি	কিশোরিমণি দেব্যা সাং সাগরাকাটা	১৭॥৶	ঐ		৩ ৷৶৬
৩	১৩৮৮	মানুষমারি	ব্রজমোহন মুনশি সাং কাশাপুব	৮১ ৷৴৭	ঐ	সোনমুখি	৬১৴৭
৪	ঐ	ঐ	[গঙ্গ নারায়ণ মুনশি সাং কাশাপুব	৮১ ৷৶৬	ঐ	ঐ	৬১ ৷৴৬

Bancoorah Collectorate, 29th March, 1845. G. Loch, *Depy.-Collector*

হুকুম ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা বর্দ্ধমান

জিলা বর্দ্ধমানের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের সন হালের ২৮ ফেব্রুআরির রোবকারির মর্ম্মানুসারে কাটোওার গুরুর ঘাটের সরবরাহকার শ্রীযুত পাদরি কেরি সাহেবের জীম্মার লাং ফেব্রুআরি তলবের সরকারি রাজস্বের বাকী দাখিলের জন্য ১৮৪৫ সালের ১ আইন ও শ্রীযুত সাহেবান সদর বোর্ডের উক্ত সনের ৪ ফেব্রুআরির ১ নং সরক্যুলর চিঠীমতে গত ২৮ মার্চ তারিখের সূর্য্যাস্তপর্য্যন্ত দিন নিরূপণের ইস্তাহার জারী করা গিয়াছিল তাহাতে সরবরাহকার অথবা তস্য জামিনদার উক্ত মেয়াদ মধ্যে বাকী আদায় না করাতে প্রস্তাবিত আইনের ৬ ধারার বিধানমতে এই ইস্তাহারনামা জারী করা যাইতেছে যে উক্ত সরবরাহকারের জামীনদার রামকানাই অধিকারির নীচের লিখিত মিলকিয়ৎ ১৮৪৫ সালের ২২ আপ্রিল মোতাবক সন ১২৫২ সালের ১১ বৈশাখ মঙ্গলবারে জেলা বর্দ্ধমানের কালেক্টরী কাছারীতে প্রকাশ্যরূপে নীলামে বিক্রয় হইবেক যে কেহ খরিদ করিবার বাসনা রাখহ উক্ত দিবসে এই কাছারীতে হাজীর হইয়া খরিদ করিবা আর নীলামের ডাক শেষ হইলে তৎক্ষণাৎ মুল্যের সীকী বায়না দিয়া নীলামের দিবসাবধি ত্রিশ দিবসের মধ্যে মুল্যের বেবাক টাকা দাখিল করিতে হইবেক ইতি।

নম্বর লাট	নাম মৌজা	নাম জমীদারী ও পরগনা ও তরফ	হাজত তজবিজী লাখেরাজ জমীর মালীকের নাম	হাজত তজবীজী লাখেরাজ জমার রকম	জায়দাদ জমী	নাম চৌকী ও থানা	পাওনা সরকার দং গুরুঘাট কাটোওা লাং ফেব্রুআরি	কৈফিয়ৎ
১ নং	মেড়া	পং ধাঞা	রামকানাই অধিকারী	গ্রামের পশ্চিম রাস্তার দক্ষিণ এজহারি লাখেরাজ নীলামী খরিদা বাবদা পুষ্করিণীর জলকর ঐ পুষ্করিণীর দক্ষিণ ও পূর্ব্বপশ্চিম পাহাড়ে হাসীল জমী	৩/ ১২ ৷৩ ——— ১৫ ৷৩	চৌকী ও থানা কাটোওা		
				এই হাজত তজবিজী লাখেরাজের জামীনদারের যে স্বত্ত্ব ও লভ্য আছে তাহাই নীলাম হইবেক।				
২ নং	রাধামোহনপুর	পং ঐ	ঐ	গ্রামের পশ্চিম মাঠে আক্কনমোল্লার বাটীর দক্ষিণ সেওরা কান্দীর মাঠে ঐ মাঠের পশ্চিম মাঠে দাণী মল্লাকের জমীর দক্ষিণ সুলোচন ভট্টাচার্য্যের জমীর পূর্ব্ব বক্তার সেখের জমীর উত্তর শালি জমী ছাড়ার পুষ্করিণীর উত্তর বেণী পুষ্করিণীর পশ্চিম শালি জমী সুনা জমী	৮/০ ৪/০ ২/০ ২/০ ——— ১৬/	ঐ		
				গ্রামের উত্তর আম্রবাগিচার হিস্যা	৷/৬॥= জার আম্রগাছ ——— ২২			

নম্বর লাট	নাম মৌজা	নাম জমীদারী ও পরগনা ও তরফ	হাজত ভজবিজী লাখেরাজ জমীর মালীকের নাম	হাজত ভজবিজী লাখেরাজ জমার রকম	জারদাদ জমী	নাম চৌকী ও থানা	পাওনা সরকার দং গুজরঘাট কাটোয়া লাং ফেব্রুআরি	কৈফিয়ৎ
				ঐ গ্রামের বেবাজ সেখের বসত বাটীর দক্ষিণ পুষ্করিণীর জল ১/ বিঘা হিস্যা এই জমী ষোলো বিঘা ও বাগাত পুষ্করিণীর রকম ।/৬৷৷= আনা দেবোত্তর ৺ রাধামোহন জী সেবাত শ্রীমত্যা রাধামণি দেব্যার দখলী মধ্যে উক্ত গ্রামের মোক রোবিদার নিকট ১৬৲ টাকা জমা ইহাতে জামীনদারের যে সত্ত্ব আছে তাহাই নীলাম হইবেক ইতি।	।/৬৷৷=	ঐ	৪৯৬৲	

ইতি সন ১৮৪৫ সাল তারিখ ৩১ মার্চ মোং সন ১২৫১ সাল তারিখ ১৯ চৈত্র।

Burdwan Collectorate, 31st March, 1845. J. H. CRAWFORD, *Collector.*

হুকুম ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা বর্দ্ধমান।

জিলা বর্দ্ধমানের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের বর্ত্তমান বর্ষের ২৮ ফেব্রুআরির রোবকারির মর্ম্মানুসারে সাত গাছিআস গুজরঘাটের সরবরাহকার লালা পরাণ সিংহের জিম্মার লাং ফেব্রুআরি তলবের সরকারী রাজস্বের বাকী দাখিলের জন্য ১৮৪৫ সালের ১ আইনের ও শ্রীযুত সাহেবান সদর বোর্ডের উক্ত সনের ৪ ফেব্রুআরির ১ নং সরক্যুলর চিঠি মতে গত ২৮ মার্চ তারিখের সুর্য্যাস্তপর্য্যন্ত দিন নিরূপণে ইস্তাহার জারী করা গিয়াছিল তাহাতে সরবরাহকার অথবা তস্য জামিনদার উক্ত মেয়াদ মধ্যে বাকী আদায় না করাতে প্রস্তাবিত আইনের ৬ ধারার বিধানমতে এই ইস্তাহারনামা জারী করা যাইতেছে যে উক্ত সরবরাহকারের জামিনদার হরিচরণ দত্তের নীচের লিখিত মিলকিয়ত সন ১৮৪৫ সালের ২২ আপ্রিল মোং ১২৫২ সালের ১১ বৈশাখ মঙ্গলবারে জিলা বর্দ্ধমানের কালেক্টরী কাছারিতে প্রকাশ্যরূপে নিলামে বিক্রয় হইবেক যে কেহ খরিদ করিবার বাসনা রাখহ উক্ত দিবসে এই কাছারীতে হাজির হইয়া খরিদ করিবা আর নিলামের ডাক শেষ হইলে তৎক্ষণাৎ মুল্যের শিকি টাকা দিয়া নিলামের দিবসাবধি ত্রিশ দিনের মধ্যে মুল্যের বেবাক টাকা দাখিল করিতে হইবেক ইতি।

নম্বর লাট	নাম পত্তনি তালুক ও পরগনা	পত্তনি তালুকদারের নাম	পত্তনি তালুকের সালিয়ানা জমা	যাহা বিক্রয় হইবেক তাহার রকম	নাম থানা ও চৌকী	পাওনা সরকার দং গুজরঘাটের লাং ফেব্রুআরির বাকী	কৈঃ
১ নং	লাট উলাসপুর পং সমরসাহী	হরিচরণ দত্ত	১৭৩৲	শ্রীমতী মহারাণী কমলকুমারীর জমীদারি ১২ নং রেজিষ্টরী তরফ রাজীবহাটা ওগয়রহ মোং ৪৬৫৯৩২ ৵১১ টাকা সদর জমার মহালের অন্তঃপাতি পত্তনি তালুক লাট উলাসপুরে হরিচরণ দত্তের যে সত্ত্ব ও লভ্য আছে।	থানা রায়না চৌকী কাইতি শিবরাম পুর	৬৪৫৲	

ইতি সন ১৮৪৫ সাল তাং ৩১ মার্চ মোং ১২৫১ সাল তাং ১৯ চৈত্র।

Burdwan Collectorate, 31st March, 1845. J. H. CRAWFORD, *Collector.*

হুকুম ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা বর্দ্ধমান।

জেলা বর্দ্ধমানের শ্রীযুত মেজিষ্টর সাহেবের সন হালের ২৮ ফেব্রুআরির রোবকারির মর্ম্মানুসারে খাল মেড়াপুরের গুজর ঘাটের সরবরাহকার বনমালি বন্দোপাধ্যায়ের জিম্মার লাং ফেব্রুআরি তলবের সরকারী রাজস্বের বাকী দাখিলের জন্য ১৮৪৫ সালের ১ আইন ও শ্রীযুত সাহেবান সদর বোর্ডের উক্ত সনের ৪ ফেব্রুআরির ১ নম্বরের সরক্যুলর চিঠিমতে গত ২৮ মার্চ তারিখের সুর্য্যাস্তপর্য্যন্ত দিন নিরূপণে ইস্তাহার জারি করা গিয়াছিল তাহাতে সরবরাহকার অথবা তস্য জামিনদার উক্ত মেয়াদ মধ্যে বাকী আদায় না করাতে প্রস্তাবিত আইনের ৬ধারার বিধানমতে এই ইস্তাহারনামা জারি করা যাইতেছে যে উক্ত সরবরাহকারের জামিনদার উমাচরণ বন্দোপাধ্যায়ের নীচের লিখিত মিলকিয়ত ১৮৪৫ সালের ২২ আপ্রেল মোং সন ১২৫২ সালের ১১ বৈশাখ মঙ্গলবারে জেলা বর্দ্ধমানের কালেকটরি কাছারিতে প্রকাশ্যরূপে নীলামে বিক্রয় হইবেক যে কেহ খরিদ করিবার বাসনা রাখহ উক্ত দিবসে এই কাছারিতে হাজির হইয়া খরিদ করিবা আর নীলামের ডাক শেষ হইলে তৎক্ষণাৎ মুল্যের শিকি বায়না দিবা নীলামের দিবসাবধি ত্রিশ দিবসের মধ্যে মুল্যের বেবাক টাকা দাখিল করিতে হইবেক ইতি।

নম্বর লাট	নাম মৌজা	নাম জমীদারি ও পরগনা ও তরফ	হাজত ভজবিজী লাখরাজ জমির মালিকের নাম	হাজত ভজবিজী লাখরাজ জমার রকম	জায়দাদ জমি	নাম থানা ও চৌকি	পাওনা সরকার দং গুজর ঘাট খাল মেড়াপুর লাং ফেব্রুআরি	কৈৎ
১ নং	পটি পর্ব্বত পুর	পং শংছি	উমাচরণ বন্দোপাধ্যায়	কামারগড়্যা হিস্যা রকম ৷৷৹ আনা	পুষ্করিণীর জলকর ২/	চৌকি সেলেমাবাদ মেমারি		

[*Government Gazette, 15th April*, 1845.]

নম্বর লাট	নাম মৌজা	নাম জমীদারি ও পরগনা ও তরফ	হাজত তজবিজী লাখরাজ জমির মালিকের নাম	হাজত তজবিজী লাখরাজ জমার রকম	তায়দাদ জমি	নাম থানা ও চৌকি	কৈং পাওনা সরকার দং গুজর ঘাট খাল মের্জাপুর লাং ফেব্রুআরি
				খিড়কিপুষ্করিণীর জলকর	১॥০	ঐ	
				লাখরাজ জমি	১৮।১	ঐ	১০০৲
					১১৸১		

এই সকল হাজত তজবিজী লাখরাজ জমি ও পুষ্করিণীতে জামিনদার উমাচরণ বন্দ্যোপাধ্যায়ের যে স্বত্ত্ব ও অধিকার আছে তাহাই বিক্রয় হইবেক।

Burdwan Collectorate, 31*st March*, 1845. J. H. CRAWFORD, *Collector*

ইতি সন ১৮৪৫ সাল তারিখ ৩১ মাচ।
মোং সন ১২৫১ সাল তারিখ ১৯ চৈত্র।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বর্দ্ধমান এই যে

সন ১৮৪৫ সালের ১ আইনের ৫ ধারার বিধানমতে ও উক্ত সালের ৪ ফিব্রুআরি তারিখের সদর বোর্ডের ১ নম্বরের সরক্যুলের চিঠীর হুকুমানুসারে বাজেযাপ্তী বন্দোবস্তী মেওয়ায় তৌজিভুক্ত মহালের সন ১৮৪৫ সালের লাগাইদ কীস্তি ফিব্রুআরি তলবের ও বকেয়া বাকী সরকারি রাজস্ব সন মজকুরের ২৮ মার্চ মোং সন ১২৫১ সালের ১৬ চৈত্র রোজ শুক্রবার সূর্য্যাস্তপর্য্যন্ত সরকারি ধনাগারে দাখিলকরণের দিন ধার্য্য হইয়া ইস্তাহারনামা প্রচার হইয়াছিল তাহাতে তপসীলের লিখিত মহালের মালিক বাকিদারান গত কল্য সুর্য্যাস্তপর্য্যন্ত বাকী টাকা দাখিল না করিবায় উক্ত আইনের ৬ ধারার বিধানমতে মহালাত মজকুর সন ১৮৪৫ সালের ২২ আপ্রিল মোতাবেক সন ১২৫২ সালের ১১ বৈশাখ রোজ মঙ্গলবার দিবা দুই প্রহরের সময়ে জিলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারির প্রকাশ্য স্থলে সরকারি নীলামে বিক্রয় হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ উক্ত নীলামের দিবস ডাকের সংখ্যার ফিশতে ২৫৲ টাকার হিসাবে বায়নার টাকা সমেত হাজির হইয়া খরিদ করহ আর নীলামের দিবসাবধি ৩০ দিবসের মধ্যে মুল্যের বক্রী সমুদয় টাকা দিতে হইবেক এবং ইহাও প্রকাশ করা যায় যে মহালাৎ মজকুরের বন্দোবস্ত এপর্য্যন্ত উপরিস্থ মহকুমায় মঞ্জুর হয় নাই অতএব উপরিস্থ হাকীমানের হুজুরে ঐ বন্দোবস্তের বিষয়ে যে হুকুম জাদের হইবেক তাহা খরিদারকে স্বীকারপূর্ব্বক আমলে আনিতে হইবেক ইতি সন ১৮৪৫ সাল তারিখ ২৯ মার্চ মোতাবেক সন ১২৫১ সাল তারিখ ১৭ চৈত্র।

নম্বর লাট	নম্বর খাস	নাম মহাল ও পরগনা	নাম মালিক	মহালের সদর জমা	রকম বিক্রী	নাম জেলা ও থানা ও চৌকী	বাকী সবকর লাগায়েদ কিস্তি ফেব্রুআরি তলব সন ১৮৪৫ সাল
১	১৫৮	মৌং মেজিয়াডিহী দিগর পং শেরগড়	মদেরচাঁদ পাল সাং অঙ্গদপুর পং শের গড়	১৸৴	মুস্তল্লম	জেলা বীরভূম থানা মোনছুফ উকুরা	১৸৶
২	১৬১	মৌং আড়রাদীং পং শীলামপুর	ভবানী দাস্যা সাং কমলপুর পং শের গড়	২৸৬	ঐ	জেলা ঐ থানা সেনপাহাড়ি চৌং গোপালপুর	২৸৬
৩	১৭৯	মৌং উকুরা পং শেরগড়	রামমণি বিবি সাং উকুরা পং ঐ	১৶৬	ঐ	জেলা ঐ থানা মোনছুফ উকুরা।	১৶৬
৪	২৪১	মৌং কৃষ্ণবাটী পং মনোহরশাহী	সেখ আহমত উল্লা ও করিম মোল্লা ও সেখ জমিনদ্দীন ও হালিমোল্লা সাং রত্তনপুর	২৸৵১১	ঐ	জেলা ঐ থানা কেউগ্রাম চৌকী কান্দরা	২৸৵১১
৫	৪১৮	মৌং কোঙর ডিহি দীং পং শেরগড়	পতিতপাবন রায় সাং কোঙরডিহী	২৶৯	ঐ	জেলা ঐ থানা মোনছুফ উকুরা	২৶৯
৬	৫৬০	মৌং হবিবাটী পং বর্দ্ধমান	মাণিকরাম ভট্টাচার্য্য সাং খুরুল	৷৶৩	ঐ	জেলা বর্দ্ধমান থানা বাসকুন্ড চৌং বামুন আড়া	৷৶৩
৭	ঐ	ঐ	রাইকীশোর মজুমদার সাং হবিরাটী	৸৶৩	ঐ	ঐ	৸৶৩
৮	ঐ	ঐ	গুরুচরণ মুখুয্যা সাং ঐ	॥৵৫	ঐ	ঐ	॥৵৫
৯	৭৩৫	মৌং বারপাড়া দিং পং রায়পুর	সাগররাম রায় নীলাম খরিদার জীনা			জেলা হুগলী থানা	

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৫। ১৫ আপ্রিল।]

নম্বর লাট	নম্বর খাস	নাম মহাল ও পরগনা	নাম মালিক	মহালের সদর জমা	রকম বিক্রী	নাম জেলা ও থানা ও চৌকী	বাকী সরকার লাগায়েদ কিস্তি কেতু আরি তলব সন ১৮৪৫ সাল
			থ রায় সাং ম্বার পাড়া	১০৮/৯	মুছলম	বেণীপুর চৌং ন ওয়ালরাই	৫৸/৯
১০	৭৯১	মৌং সাধুমারাপং শীলেমপুর	রাজারাম ভট্টাচার্য্য সাং গোপালপুর	৺/৪	ঐ	জেলা বিরভূম থানা শেনপাহাড়ি চৌং গোপালপুর	৶/৪
১১	৮৮৭	মৌং মিরহাট পং রায়পুব	হরিচক্রবর্ত্তী সাং মিরহাট	৷৶৮	ঐ	জেলা বর্দ্ধমান থানা মোনছফ অম্বিকা।	।৶৮
১২	ঐ	মৌং ওছমানপুর পং রাণীহাটী	দুর্গাচরণ শীল সাং ওছমানপুব	৩ ৷৶৭	ঐ	ঐ	৩ ৷৶৭
১৩	ঐ	মৌং আমদাবাদ পং ঐ	গঙ্গাধব নন্দী সাং মিবহাট	৷৷৶৩	ঐ	ঐ	৷৷৶৩
১৪	ঐ	মৌং আমদাবাদ দীং পং ঐ	কাঙ্গালিচরণ দে ও সর্ব্বেশ্বব দে সাং মিরহাট	৪ ৷৶৯	ঐ	ঐ	৪ ৷৶৯
১৫	ঐ	মৌং পাতিলপাড়া পং বাযপুব	মেনকা দেব্যা সাং পাতিলপাড়া	৷৯	ঐ	ঐ	৷৯
১৬	ঐ	মৌং হরিরামপুব ওরফে মশীদপুব	উমেশচন্দ্র সমাদ্দার সাং আৎপুব	১ ৷৶৪	ঐ	ঐ	১ ৷৶৪
১৭	১০৩৮	মৌং শাবিদপুব পং বাণীহাটী	সুদামপঞ্চানন ভট্টাচার্য্য	১ ৷৶৭	ঐ	ঐ	১ ৷৶৭
১৮	ঐ	ঐ	ঈশান চক্রবর্ত্তী	১ ৷৴৭	ঐ	ঐ	১ ৷৴৭
১৯	ঐ	ঐ	ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য সাং হাশনহাটী	১৻১	ঐ	ঐ	১৻১
২০	ঐ	ঐ	শ্রীমতী সশিমণি দেব্যা সাং ঐ	৷৷/১	ঐ	ঐ	৷৷/১
২১	১১০১	মৌং সাপুয়ান ওরফে শামুলুনপং বাণীহাটি	আমাতন নেছা বিবি সাং লোহার	৮৷৷০	ঐ	ঐ	৮৷৷০
২২	১২৪৮	মৌং পাকলীযা পং শেবগড	বামগোপাল দাস সাং পাকলিযা	১৸৶৪	ঐ	জেলা বীবভূম থানা মোনছফ উকুরা	১৸৶৪
২৩	১২৫৫	মৌংকেউগুড়ি দীং পং মনোহরশাহী	সেখ আএজদ্দান সাং মাহুন্দী ও শ্রীমতী মকলিমা বিবি ও শ্রীমতী নছিবা বিবি সাং কেউগুড়ি পং মনোহরশাহী	৩৷৷৶	ঐ	জেলা ঐ থানা কেউগ্রাম চৌকী কান্দরা	৩৷৷৶
২৪	১০	মৌং চন্দনপাড়া পং মণ্ডলঘাট	মছনন্দআলী খাঁ সাং চাপাসাড় পং মণ্ডলঘাট	৸৶৫	ঐ	জেলা হুগলী থানা মোনছফ বাজাপুর	৸৶৫
২৫	২১৫	মৌং অজদপুর পং শেবগড়	শ্রীরামকেশ সাং অজদপুর	৫৸৫	ঐ	জেলা বীরভূম থানা মোনছফ উকুরা	৫৸৫
Ramrutton Bhuttacharjee, ..	Bamawmarrah, near Dum Dum, Bramin, ...	400 0 0	14 0 0	Do
Sonamoney Dassee and Hoymobutty Dassee, Widows of Gourhurry Dutt, deceased,	Calcutta, Widows, ..	500 0 0	17 8 0	Do
Sumboochunder Mitter, ...	Do Banian,..	1,500 0 0	52 8 0	Do
Sibchunder Dhole, .	Calcutta, Householder, ..	1,000 0 0	35 0 0	Do.
Charles Seraney, ...	Do Writer, ...	1,700 0 0	59 8 0	Do.

যোত্রহীন হরশঙ্কর ঘোষের ইষ্টেট।

মহাজনেরদের নাম	তফসীলের লিখিত বেওরা	সিক্কা টাকার দাওয়া	সিক্কা ১০০৲ টাকার উপর কোং ৩॥০ টাকার প্রথম ডিবিডেণ্ড	
আত্মারাম ঘোষ	চন্দননগর মহাজন	৬০০৲	২১৲	গ্রাহ্য হইল
রাবর্টআলেকজাণ্ডর সাহেব	অজ্ঞাত স্থানে কেরাণী	১২০০০৲	৪২০৲	ঐ
বিশ্বনাথ আউচ	কলিকাতা দোকানদার	২২৫৲	৭৸৵	ঐ
ভগবতীচরণ গাঙ্গুলি ..	ঐ বণিক	১০০০৲	৩৫৲	ঐ
বিশ্বনাথ মৈত্র ...	ঐ শিক্ষক	৪০০৲	১৪৲	ঐ
কাশীনাথ ঘোষ ও হরচন্দ্র ঘোষ ..	ঐ বণিক	৫০০৲	১৭॥০	ঐ
হিঙ্গন সিং .. .	ঐ মহাজন ...	২২৲	৸৩	ঐ
হীরাজ সিং	ঐ ঐ	৫০৲	১৸০	ঐ
জগমোহন বন্দ্যোপাধ্যায়	ঐ বাটীওয়ালা	৮০০৲	২৮৲	ঐ
কাপ্তান জনসন। শ্রীরামপুরে তাঁহার উকীল জে এম ইউরি আর্ট সাহেব ..	জাহাজের কাপ্তান	৫০০০৲	১৭৫৲	ঐ
লকুমল ও কাশীনাথ ...	কলিকাতা বণিক ...	৫০০৲	১৭॥০	ঐ

জর্জ হাকিং মাজর পুল সাহেবের ইষ্টেট।

মহাজনেরদের নাম	তফসীলের লিখিত বেওরা	সিক্কা টাকার দাওয়া	সিক্কা ১০০৲ টাকার উপর কোং ২৬০ টাকার দ্বিতীয় ডিবিডেণ্ড।	
করিম সরকার	পুরাণ চিনা বাজার কলিকাতা কাপড়িয়া মহাজন	২২ ॥৶	॥৵	মঞ্জুর হইল
দেবীচরণ রুদ্র	কলিকাতা কেরাণি	২৩৫৲	৬ ৸৫	ঐ
স্মিথ ও গর্ডন সাহেবের আসৈনি	ঐ	৬০৲	১ ॥৵৫	ঐ
গুরুদাস দত্ত	কলিকাতার বড়বাজার কেরাণি	১০৪	১৸/৯	ঐ
গৌরচন্দ্র	কলিকাতা পুরাণ চিনা বাজার দোকানদার .	৪০৲	১/৭	ঐ
গোরাচাঁদ বিশ্বাস ...	কলিকাতা তেলি	৩০৲	৸/২	ঐ
গুলমামুদ	কলিকাতা কলিঙ্গা রুটিওয়ালা	২০৲	॥১০	ঐ
হরচন্দ্র ঘোষ	কলিকাতা ধর্ম্মতলা কেরাণি	৫০৲	১ ৷৶	ঐ
হলধর দত্ত কোম্পানি ...	কলিকাতা নূতন চিনাবাজার দোকানদার ...	৪৫ ॥০	১ ৷০	ঐ
হর গোলদার	কলিকাতা গোরস্থানের গলি ঘর নির্ম্মাণকর্ত্তা	২৮৲	৸৪	ঐ
কিনুরায় কোং	কলিকাতা নূতন চিনাবাজার দোকানদার ..	১০৲	৷৫	ঐ
জান লাকর্ষ্টিন ...	কলিকাতা মহাজন	৮৩১ ৷৶	২২৸/১০	ঐ
উলিয়ম মাষ্টর্স	ঐ স্কুলমাষ্টর			
এল এস লুইস	কলিকাতা শহরতলী ইটালি জে এবং এচ কোং সাহেবের আসিষ্টাণ্ট	২৫০৲	৬৸৶	ঐ
জে লুএলিন	কলিকাতা কসাই টোলা মুদ্দারফরাস	১১১৲	৩/৩	ঐ
মদন ঘোষ	কলিকাতা মেন্দিবাগান মাখনওয়ালা ...	২৫৲	॥৶	ঐ
নারায়ণ সিংহ	কলিকাতা বড়বাজার মহাজন মৃত গোলাব সিংহের পুত্র	৩৯১ ॥০	১০৸৩	ঐ
টি এবং পি পামর ...	কলিকাতা নূতন চিনাবাজার সরাপওয়ালা ...	১১৮ ৷৴	৩ ॥৬	ঐ
প্রাণকৃষ্ণ বসাক	কলিকাতা কেরাণি	২৫০৲	৬৸৶	ঐ
পির বক্স	কলিকাতা মেন্দিবাগান সরাপওয়ালা ...	৩০৲	৸/৩	ঐ
রাধামোহন পাইন কোং	কলিকাতা নূতন চিনাবাজার দোকানদার ...	৯০৲	২ ৷৵৭	ঐ
রামনিধি দাস কোং ..	রাধাবাজার ঐ ঐ	২৭৲	৷৶/১১	ঐ
শ্যামল দাস দত্ত ..	কলিকাতা বড়বাজার কেরাণি ...	৪১৪৶	১১ ৷৵৩	ঐ
সি এচ সল্টর সাহেব ..	কলিকাতা সরক্যলর রোড দেওয়ানী পে আফীসের আসিষ্টাণ্ট	২৫০৲	৬৸৶	ঐ
তারাপ্রসাদ কুণ্ড ..	কলিকাতা জানবাজার কেরাণি ...	৪০৲	১/৭	ঐ
উজীর	কলিকাতা শহরতলী পুরাণ বারুদখানা দরজি	৪০৲	১/৭	ঐ
আর উড সাহেব ...	কলিকাতা উড স্ট্রিট মহাজন	১৫০৲	৪৶	ঐ
জে বি ওয়ার্ডস সাহেব ..	ইটালি আকমডেসন ফণ্ডের সেক্রেটারী ...	১৬০৲	৪ ৷৵৫	ঐ

ESTATE OF GEORGE REBELLO.

Creditors.	Description.	Amount of Claim Sa. Rs.	4th Divid. at 13 Co.'s Rs. pr 100 Sa Rs.	
Mohun Baboo, ...	Of Terretty Bazar, Banian,...	53 0 0	7 12 9	Proved.
D. M. King, Exor. to the late H. L. V. DeRozio, ...	Circular Road, Cal., late Editor of East India Newspaper, ...	20 0 0	2 9 7	Admitted.
Doorgachurn Mookerjee, ..	Hautcollah, Cal. Banian, ..	50 0 0	6 8 0	ditto.

জার্জ রিবেলো সাহেবের ইষ্টেট।

মহাজনেরদের নাম	তফসীলের লিখিত বেওরা	সিক্কা টাকার দাওয়া	সিক্কা ১০০৲ টাকার উপর কোং ১৩ টাকার চতুর্থ ডিবিডেণ্ড।	
মোহন বাবু	তেরেটি বাজার বণিক ...	৫৩৲	৭৸৯	প্রমাণ হইল
মৃত এচ এল বি ডিরোজিওর অছি ডি এম কিং	সরক্যলর রাস্তা কলিকাতা, পূর্ব্বে ইষ্ট ইণ্ডিয়া সম্বাদপত্রের সম্পাদক	২০৲	২ ॥/৭	মঞ্জুর হইল
দুর্গাচরণ মুখুয্যা	হাটখোলা কলিকাতা বণিক	৫০৲	৬ ॥০	ঐ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 22, 1845.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৫ সাল ২২ আপ্রিল।

ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT.
LEGISLATIVE.
THE 5TH APRIL, 1845.

The following Act, passed by the Governor-General of India in Council on the 5th of April 1845, is hereby promulgated for general information.

ACT No. VI of 1845.

An Act to amend the Law regarding the issue of Commissions of the Peace.

Whereas, it is inconvenient to issue a new General Commission of the Peace whenever the Executive Government of any of the Presidencies of Fort William in Bengal, Madras or Bombay, shall nominate and appoint any persons not named in the General Commission last issued to act as Justices of the Peace—It is hereby enacted, that the Supreme Court of Judicature of each of the said Presidencies shall and may from time to time, upon the order or warrant of the Executive Government of such Presidency, issue separate Commissions to any persons not named in the General Commission of the Peace last issued, who by law are capable of being appointed to the office of Justice of the Peace, and who shall be nominated and appointed by such Executive Government to Act as Justices of the Peace within and for such Presidency, and the places subordinate thereto, or within and for the Presidency Town. And all such Commissions shall be issued in the name of the Queen's Majesty, her Heirs and Successors, under the Seal of the Supreme Court, and tested in the name of the Chief Justice of such Court, and shall be filed of record in the Court of Oyer and Terminer of the

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৫ সাল ৫ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৫ সালের ৫ আপ্রিল তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ৬ আইন।

কমিস্যন অফ দি পীস অর্থাৎ দাঙ্গাহাঙ্গামা শাসনার্থ সনদ দেওনের বিষয়ি আইন শুধরিবার আইন।

যেহেতুক জুষ্টিস অফ দি পীসের শেষে জারীহওয়া সাধারণ সনদের মধ্যে যে২ লোকেরদের নাম লিখিত হয় নাই এমত লোকদিগকে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর কি মান্দ্রাজের অথবা বোম্বাইয়ের গবর্ণমেণ্ট জুষ্টিস অফ দি পীসের কর্ম্মে মনোনীত ও নিযুক্ত করিলে নূতন সাধারণ কমিস্যন অফ দি পীস জারীকরা ক্লেশ হয় অতএব ইহাতে হুকুম হইল যে শেষে জারীহওয়া সাধারণ কমিস্যন অফ দি পীস সনদে যাহারদের নাম লেখা যায় নাই এমত যে২ ব্যক্তি আইনানুসারে জুষ্টিস অফ দি পীসের কর্ম্মে নিযুক্ত হইতে পারেন্ এবং উক্ত কোন রাজধানীর গবর্ণমেণ্টের দ্বারা ঐ রাজধানীর ও তাহার অধীন স্থানের মধ্যে ও তাহার নিমিত্তে অথবা ঐ রাজধানীর প্রধান নগরের মধ্যে ও তাহার নিমিত্তে জুষ্টিস অফ দি পীসের কর্ম্মে মনোনীত ও নিযুক্ত হন্ ঐ২ ব্যক্তিকে ঐ রাজধানীর গবর্ণমেণ্টের হুকুম ও পরওয়ানাক্রমে ঐ প্রত্যেক রাজধানীর সুপ্রিম কোর্ট সময়ক্রমে আলাহিদা২ সনদ দিবেন ও দিতে পারেন্। এবং ঐ প্রকার সকল সনদ শ্রীশ্রীমতী মহারাণীর এবং তাঁহার উত্তরাধিকারিরদের এবং তাঁহার পর রাজ্যপ্রাপ্ত রাজারদের নামে জারী হইবেক এবং তাহাতে সুপ্রিম কোর্টের মোহর ও ঐ আদালতের চীফ জুষ্টিস সাহেবের সহী থাকিবেক এবং ঐ আলাহিদা সনদ যে রাজধানী কি স্থানের মধ্যে বা নিমিত্তে জারী হয় সেই রাজধানীর ওয়র ও টরমিনর আদালতের রিকার্ডের মধ্যে

Presidency or place wherein and for which the same shall be issued, as Supplementary to the General Commission of the Peace last issued; which shall remain in full force.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM.
HOME DEPARTMENT.
LEGISLATIVE.

THE 12TH APRIL, 1845.

The following Act, passed by the Governor-General of India in Council on the 12th April 1845, is hereby promulgated for general information :

ACT No. VII. OF 1845.

An Act for regulating the levy of Water Rent, Tolls and Dues, on certain Canals for irrigation and navigation, constructed by Government in the North Western Provinces, and for the protection of the said Canals from injury.

Whereas, numerous Canals have been constructed, and are in progress of construction at the public expense in the North Western Provinces of the Presidency of Fort William in Bengal, for the purpose of irrigation, and also for navigation, so far as it may be practicable to unite the two objects ; and, whereas, it is requisite to reglate the levy of rents, tolls or dues, on such Canals, and to provide for their protection from injury—

I. It is hereby enacted, that the Lieutenant-Governor of the North Western Provinces shall be competent, by proclamation to be made in the *Government Gazette*, to declare the Provisions of this Act applicable to any such Canal

II. And it is hereby enacted, that the said Lieutenant-Governor of the North Western Provinces shall be competent to draw out rules to regulate the levy of water rent, and the supply of water for irrigation, and the payment of tolls and dues on boats, rafts, or floats, and admission to the benefits of navigation on such Canals, as may be found most suitable to the peculiar circumstances of each. The rules thus drawn out shall be published for general information in the *Government Gazette*.

III. And it is hereby enacted, that any acts done by private individuals in contravention of the rules so published, shall be punishable either by temporary deprivation of the benefits of the Canal, or by the penalties hereinafter described.

IV. And it is hereby enacted, that all balances of water rent due for lands irrigated by the Canal shall be levied, either by temporary deprivation of the benefits of the Canal, or by the same process as is prescribed for the recovery of balances of land revenue.

V. And it is hereby enacted, that whoever wilfully causes any obstruction to any of the said Canals, or to any of the water courses drawn and supplied therefrom, or damages the banks of the Canal or the works constructed for its maintenance, or wilfully defiles the water in the Canal, shall be liable to the penalties hereinafter described.

শেষে জারীহওয়া সাধারণ কমিসান অফ দি পীস সনদের ক্রোড় সমদস্বরূপ গাঁথা যাইবেক এবং ঐ শেষে জারী-হওয়া সনদ সম্পূর্ণরূপে বলবৎ থাকিবেক ইতি।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

ফোর্ট উলিযম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব ।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ১২ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহাদুর হজুর কৌন্সেলে নীচের লিখিত আইন ইঙ্গরেজী ১৮৪৫ সালের ১২ আপ্রিল তারিখে জারী করিলেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ৭ আইন।

জলসেচন ও নৌকাদি গমনাগমনের কারণ গবর্ণমেণ্ট উত্তরপশ্চিম দেশে যেং খাল কাটিয়াছেন তাহার জলকর ও মাসুল ও দেয় টাকা তহসীলের নিয়ম করণের এবং সেইং খালের হানি নিবারণের বিষয়ি আইন।

যেহেতুক জলসেচনের নিমিত্তে এবং নৌকাদি গমনাগমনের নিমিত্তে অর্থাৎ যেপর্য্যন্ত ঐ উভয় অভিপ্রায় সিদ্ধ হইতে পারে তন্নিমিত্ত বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন উত্তরপশ্চিম দেশে অনেক খাল সরকারী খরচে কাটা গিয়াছে ও কাটা যাইতেছে এবং যেহেতুক ঐ সকল খালের জলকর কি মাসুল অথবা দেয় টাকা তহসীলের এবং সেইং খালের হানি না হইবার নিয়ম করা আবশ্যক হইয়াছে।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেব গবর্ণমেণ্ট গেজেটে ইশ্‌তেহার দিয়া হুকুম করিতে পারেন যে এই আইনের বিধান উক্ত কোন খালের বিষয়ে খাটিবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐং খালের জলকর ধার্য্য করিবার বিষয়ে এবং সেচনের কারণ তাহাহইতে জল লইবার বিষয়ে এবং নৌকার ও কাষ্ঠের ও বাঁশের মাড়ের মাসুল ও দেয় টাকা তহসীল করিবার বিষয়ে এবং ঐং খাল দিয়া গমনাগমনের উপকার পাইবার বিষয়ে উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেব প্রত্যেক খালের অবস্থা বুঝিয়া যেমত উপযুক্ত হয় সেইমত বিধি করিতে পারেন্। এই প্রকারে যে বিধি নিরূপণ হয় তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই প্রকার জারীহওয়া বিধির বিরুদ্ধে সাধারণ ব্যক্তিরা যে কোন কর্ম্ম করে সেই কর্ম্মের বিষয়ে তাহারা হয় খালের উপকার কিঞ্চিৎকাল নিবারণের দ্বারা অথবা পশ্চাৎ লিখিত দণ্ডের দ্বারা দণ্ডনীয় হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে খালের জল যেং ভূমিতে সেচা গিয়াছে সেইং ভূমির বিষয়ি জলকর বাকী পড়িলে সেই বাকী টাকা হয় খালের উপকার কিঞ্চিৎ কাল নিবারণের দ্বারা অথবা ভূমির বাকী রাজস্ব আদায় করণের যে নিয়ম নিরূপিত আছে সেই নিয়মের দ্বারা আদায় করা যাইবেক ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে কেহ জানিয়া শুনিয়া উক্ত কোন খাল অথবা সেই খালহইতে নির্গত কোন জলপথ বা সেই খালহইতে প্রাপ্ত জলের কোন জলপথ অবরোধ করে কি খালের ধার কিম্বা সেই খালের রক্ষার নিমিত্তে যাহা নির্ম্মাণ করা যায় তাহার ক্ষতি করে অথবা জানিয়াশুনিয়া খালের জল ময়লা করে সে ব্যক্তি নীচের লিখিত দণ্ডের যোগ্য হইবেক ইতি।

VI. And it is hereby enacted, that all persons offending against the provisions of this Act, or of the rules passed under this Act, shall be punishable on conviction before the Magistrate by imprisonment without labor for a term not exceeding fourteen days, or fine to an amount not exceeding 50 Rupees, or both; and in default of payment of such fine, by additional imprisonment for fourteen days.

VII. And it is hereby enacted, that if the Owner of any boat, float, or raft, navigating any such Canal, shall refuse to pay the prescribed toll, it shall be lawful for the Officer charged with the levy of tolls on the Canal, to detain such boat, raft, or float, and if the toll be not paid, in the course of ten days, then it shall be lawful for the said Officer, under the direction of the Superintendent of the Canal, on the 10th day after the seizure, to sell such property, or so much thereof as may be necessary, or to declare the whole confiscated; provided, that in all such cases no confiscation shall be carried into effect till the circumstances have been reported to the Commissioner of the Division, and his sanction obtained thereto.

VIII. And it is hereby enacted, that it shall be lawful for the Lieutenant-Governor of the North Western Provinces to appoint Officers for the collection of the rent, toll and dues, hereinbefore mentioned, and to confer on such Officer the powers of Deputy-Collectors for the levy of such rent, and of Joint-Magistrates for the enforcement of such penalties as have been hereinbefore specified.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে কেহ এই আইনের বিধির বিরুদ্ধে কি এই আইনানুসারে জারী-হওয়া নিয়মের বিরুদ্ধে কর্ম্ম করে তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি বিনাপরিশ্রমে চৌদ্দ দিনের অনধিক মিয়াদে কয়েদের কি ৫০৲ টাকার অনধিক জরীমানার অথবা উভয় দণ্ডের যোগ্য হইবেক। এবং জরীমানার টাকা না দিলে সেই ব্যক্তি আরো চৌদ্দ দিন মিয়াদে কয়েদের যোগ্য হইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কোন খাল দিয়া গমনাগমনকারি কোন নৌকার কি কাষ্ঠ অথবা বাশের মাড়ের মালিক যদি নির্দ্দিষ্ট মাসুল না দেয় তবে খালের মাসুল আদায় করণের কার্য্যে যে কার্য্যকারক নিযুক্ত হন তিনি ঐ নোকা কি মাড় কি বাঁশের মাড় আটক করিতে পারেন। তাহাতে যদি মাসুল দশ দিনের মধ্যে না দেওয়া যায় তবে সেই জিনিস আটক করণের পর দশম দিনে ঐ কার্য্যকারক খালের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবের হুকুমমতে ঐ সমস্ত জিনিস কিম্বা তাহার মধ্যে যত আবশ্যক হয় তত বিক্রয় করিতে পারেন অথবা সমুদয় জিনিস সরকারে জব্দ করিতে হুকুম দিতে পারেন। কিন্তু এইমত সকল গতিকে ঐ এলাকার কমিস্যনর সাহেবের নিকটে রিপোর্ট না হইলে ও তাহার অনুমতি না পাওয়া গেলে ঐ দ্রব্য জব্দ করণের কোন হুকুম জারী হইবেক না ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উপরের উক্ত জলকর ও মাসুল এবং দেয় টাকা তহসীল করিবার নিমিত্তে কার্য্যকারকদিগকে নিযুক্ত করিতে পারেন এবং ঐ কর আদায় করিবার নিমিত্তে উক্ত প্রত্যেক কার্য্যকারককে ডেপুটী কালেক্টরের ক্ষমতা অর্পণ করিতে পারেন এবং উপরের নির্দ্দিষ্ট দণ্ড জারী করিবার নিমিত্তে তাঁহাকে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা অর্পণ করিতে পারেন ইতি

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

RULES OF THE SUDDER DEWANNY ADAWLUT.

Native Deputy Register.

The following rule is in substitution of Rule XXVII. published under this head in the *Bengalee Gazette* of the 23d August 1842, page 426.

31st March 1845.

The Court resolve that applications for the revival of decrees of the Sudder Dewanny Adawlut and Provincial Courts, struck off on default, be referred to the Deputy Register, under Act XVII. 1841, who will admit the applications, provided they be made within twelve years from the date on which the case of execution was struck off, and no objection be raised by the opposite party, or refer them to the Judge who has been appointed as referee, should any objections exist.

(Signed) B. J. COLVIN, *Offg. Register.*

সদর দেওয়ানী আদালতের বিধান।

এদেশীয় ডেপুটী রেজিষ্টর।

১৮৪২ সালের ২৩ আগষ্ট তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৪২৭ পৃষ্ঠায় "এদেশীয় ডেপুটী রেজিষ্টর" এই শিরনামার নীচে যে ২৭ নম্বরী বিধান প্রকাশ হয় তাহার পরিবর্ত্তে নীচের লিখিত বিধান নির্দ্দিষ্ট হইল।

১৮৪৫ সাল ৩১ মার্চ।

সদর আদালত বিধান করিতেছেন যে সদর দেওয়ানী আদালতের ও প্রবিন্স্যাল আদালতের যে ডিক্রী ত্রুটিপ্রযুক্ত নথীহইতে উঠান গিয়াছে তাহা জারী করণের বিষয়ে পুনর্ব্বার দরখাস্ত হইলে সেই দরখাস্ত ১৮৪১ সালের ১৭ আইনানুসারে ডেপুটী রেজিষ্টরের নিকটে অর্পণ হয় এবং ডিক্রী জারীর মোকদ্দমা নথীহইতে উঠাওনের পর যদি বারো বৎসরের মধ্যে ঐ দরখাস্ত করা যায় এবং যদ্যপি পক্ষান্তর ব্যক্তি তাহাতে কোন ওজর না করে তবে ডেপুটী রেজিষ্টর ঐ দরখাস্ত গ্রাহ্য করিবেন কিন্তু যদি কোন ওজর হয় তবে ওজর নিষ্পত্তি করিতে যে জজ সাহেব নিযুক্ত হইয়াছেন তাঁহার প্রতি অর্পণ করিবেন।

বি জে কল্‌বিন। একটিং রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

[*Government Gazette, 22d April, 1845.*]

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 10.

To the Civil Judges in the Lower Provinces.

With a view to facility of reference, the Court direct that the decisions recorded by Judges of all grades in their own hand, in conformity to Act XII. 1843, be copied into a book, consecutively, by a Writer or Mohurrir, and signed by the deciding Officer in attestation of the correctness of the transcript. An Abstract Index, in the subjoined form, will be attached to the book.

Number of the case and year.	Names of the parties.	Substance of the plaint.	Orders in case and date.	Deciding Judge.	Remarks.

2. The entries in this book will commence with the decisions of last month. The decision books of the Subordinates Court will be forwarded annually to the Judges Office for deposit.

W. KIRKPATRICK, *Deputy-Register.*

Fort William, 28th February, 1845

No. 13.

To the Civil Judges in the Lower Provinces.

In extension of the 5th rule of the Circular Order, No. 133, of the 15th January 1841, the Court are pleased to authorize the Civil Judges to transfer to the Principal Sudder Ameens for disposal,

সদর দেওয়ানী আদালতের সরকুালর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

নিষ্পত্তিহওয়া কোন মোকদ্দমার নম্বর সহজে পাওয়া যায় এই অভিপ্রায়ে সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে ১৮৪৩ সালের ১২ আইনানুসারে সকল শ্রেণীর বিচারকেরা যে২ নিষ্পত্তি আপন হাতে লেখেন্ তাহা একাদিক্রমে এক জন কেরাণি কি মুহুরীর এক বহীতে নকল করে এবং তাহা যথার্থরূপে নকল হইয়াছে ইহার প্রমাণের নিমিত্তে নিষ্পত্তিকারক বিচার কর্ত্তা তাহাতে দস্তখৎ করেন্। নীচের লিখিত পাঠানুসারে নির্ঘণ্টের এক খোলাসা ঐ বহীতে লেখা গিয়েক।

মোকদ্দমার নম্বর ও বৎসর	বাদিপ্রতিবাদির নাম	নালিশের মর্ম্ম	মোকদ্দমার হুকুম ও তারিখ	নিষ্পত্তিকারক জজ	মন্তব্য কথা

২। গত মাসঅবধি যে২ মোকদ্দমার নিষ্পত্তি হয় তাহা এই বহীতে লেখা থাকিবেক। অধীন আদালতের নিষ্পত্তির বহী বৎসরের শেষে জজ সাহেবেরদের সিবিশ্তায় থাকিবার নিমিত্ত পাঠাইতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ২৮ ফেব্রুআরি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১৮৪১ সালের ১৫ জানুআরি তারিখের ১৩৩ নম্বরী সরকুালর অর্ডরের ৫ নম্বরী বিধান বিস্তার করিয়া সদর আদালতের সাহেবেরা সিবিল জজ সাহেবদিগকে এই ক্ষমতা দিয়াছেন যে ১৮৪১ সালের ১৯ আইনানুসারে

petitions for appointment of curators under Act XIX. of 1841.

W. KIRKPATRICK, *Deputy-Register.*

Fort William, 28th March, 1845.

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT-GENERAL.

No. 686.

To the Collectors of Land Revenue in the Lower Provinces.

1st. With reference to the Circular of the Officiating Revenue Accountant, No. 619, dated 22d November 1842, regarding the mode of exhibiting Malikana in the Collectorate Accounts, and to the replies furnished thereto by the local Revenue Officers, I have now the honour, after communication on the subject with the Sudder Board of Revenue, to state as follows :—

2d It appears that Malikana is a demand which is sometimes incidental to the management of the Land Revenue of the country ; and as its character is contingent on the exclusion or recusancy of of the Malik in the settlement of Estates, the former being the act of Government and the latter that of the individual proprietor of the Estate settled, it will be necessary, in order to a convenient disposal of the question under consideration, to classify Malikana allowances under the following two heads, viz.

First. Malikana allowed to a Zemeendar in virtue of his right as Malik when a resumed Lakheraj tenure is settled with the occupant lakherajdar to the exclusion of the Malik.

Secondly. Malikana allowed to a recusant Zemeendar when his Estate is let in farm or held Khas.

3d. The Malikana of the First Class is of a permanent nature, its payment is understood to be *guaranteed* by Government, and for the realization of it, in case of an arrear, the Estate itself on account of which it is due is considered liable under existing Regulations For these reasons as well as for the opinion expressed on the subject by the Honourable Court of Directors in their dispatch of the 20th May 1835, an Extract of which is given in the margin,* I am of opinion that the demand of Malikana of the first class should be included in the District Towjees as a part of the Government demand, and the payments charged to "Revenue Charges General," duly supported by audited Bills; I have therefore the honor to request, if there be any Malikana of the kind alluded to in your District, which may now be excluded from your Rent Roll, that you will be pleased to include it therein on the

* Extract from a Despatch from the Honourable the Court of Directors dated 20th May, 1835

"You will perceive that in the Bombay Account, the

সম্পত্তিরক্ষককে নিযুক্ত করিবার বিষয়ে যে দরখাস্ত হয় তাহা প্রধান সদর আমীনেরদের নিকটে নিষ্পত্তির নিমিত্তে সোপর্দ্দ করেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৫। ২৮ মার্চ।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর পত্র।

৬৮৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ভূমির রাজস্বের কালেক্টর সাহেব বরাবরেষু।

১। কালেকটরী হিসাবে মালিকানা যেরূপে লেখা যায় তদ্বিষয়ে ১৮৪২ সালের ২২ নবেম্বর তারিখের ৬৪৯ নম্বরী একটিং রেবিনিউ আক্কৌণ্টেণ্ট সাহেবের সরকুলর পত্র এবং রাজস্বের নানা কার্য্যকারকেরা সেই পত্রের যে২ উত্তর দিলেন তদুপলক্ষে সদর বোর্ড রেবিনিউর সঙ্গে লিখনপঠন করিয়া নীচের লিখিত বিবরণ তোমার নিকটে পাঠাইতেছি।

২। দৃষ্ট হইতেছে যে এদেশের ভূমির রাজস্বের সরবরাহ সম্পর্কে মধ্যে২ যে দাওয়া ঘটে তাহাই মালিকানা এবং সেই মালিকানা দুই প্রকার। মহালের বন্দোবস্তের সময়ে মালিককে ছাড়িয়া অন্যের সঙ্গে বন্দোবস্ত করিলে যে মালিকানা জন্মে এবং মালিক সেই বন্দোবস্তেতে নারাজ হইলে যে মালিকানার দাওয়া জন্মে তাহা। মালিককে বন্দোবস্ত ছাড়া করা গবর্ণমেণ্টের ক্রিয়া কিন্তু বন্দোবস্তেতে নারাজহওয়া মালিকের নিজ ক্রিয়া। অতএব এই বিষয় উপযুক্তরূপে নিষ্পত্তি করিবার জন্যে মালিকানার টাকা নীচের লিখিত মতে দুই প্রকারে বিভাগকরা উচিত।

প্রথম। বাজেয়াফ্তহওয়া ভূমির বন্দোবস্ত যখন মালিকের সঙ্গে না হইয়া দখীলকার লাখেরাজদারের সঙ্গে হয় তখন তাহার মালিকীয় স্বত্বক্রমে জমীদারকে যে মালিকানা দেওয়া যায় তাহা প্রথম প্রকার।

দ্বিতীয়। নারাজ জমীদারের ভূমি যখন ইজারা দেওয় যায় বা খাস তহসীলে থাকে তখন যে মালিকানা তাহাকে দেওয়া যায় তাহা দ্বিতীয় প্রকার।

৩। প্রথম প্রকার মালিকানা চিরস্থায়ী এবং সুনিশ্চিত আছে যে তাহা দেওনের বিষয়ে গবর্ণমেণ্টের অঙ্গীকার আছে এবং যদি তাহা বাকী পড়ে তবে যে জমী দাবীর নিমিত্তে তাহা দেওয়া যায় সেই জমীদারী চলিত আইনানুসারে ঐ মালিকানার নিমিত্তে নীলাম হইতে পারে। এই২ কারণে এবং ১৮৩৫ সালের মে মাসের ২০ তারিখের শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের পত্রের নীচে লিখিত চুম্বকের * অভিপ্রায় দৃষ্টে আমার বোধ হয় যে প্রথম প্রকার মালিকানার দাওয়া জিলার তৌজীতে সরকারী দাওয়ার অংশের মত লিখিতে হয় এবং ঐ মালিকানা বাবতে যে টাকা দেওয়া যায় তাহা "রাজস্বের সাধারণ খরচ" এই খাতায় লিখিতে হয় এবং মঞ্জুরহওয়া বিলের দ্বারা তাহা রীতিমত সাব্যস্ত করিতে হয়। অতএব তোমাকে আদেশ করিতেছি যে তোমার জিলার মধ্যে যদি এই প্রথম প্রকার কোন মালিকানা থাকে এবং যদি তোমার তৌজীতে তাহা এক্ষণে লেখা না যাইতেছে তবে পশ্চাৎ লিখিত নিয়মমতে তাহা ঐ তৌজীতে লেখ অর্থাৎ প্রকৃত জমা ও মালিকানার সংখ্যা

* ১৮৩৫ সালের ২০ মে তারিখের শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের পত্রের চুম্বক।

"তোমার দৃষ্ট হইবেক যে বোম্বাইয়ের হিসাবে প্রাপ্য

principle shewn in the margin† i. e. specifying the amount of Net Jumma and Malikana in separate lines, citing the No. and date of these instructions, and the Settlement order under which the Malikana was allowed, in its proper place. The payment of Malikana of this description should likewise be charged upon separate bills, countersigned by the Commissioner of Revenue, and audited by the Civil Auditor, under a head to be designated "Malikana," subordinate to "Revenue Charges General" in your Treasury Accounts, and you are requested to submit such separate Bills for countersignature and audit Monthly, Quarterly, Half-Yearly, or Annually, with reference to the circumstances and conditions under which such Malikana may be payable in your District.

4th. Malikana of the Second Class is of a temporary character; its payment, in case of Khass management, is understood to be contingent upon realization of collections, and in case of an arrear, the Estate in balance is not liable under

আলাহিদা পংক্তিতে বিশেষ করিয়া লেখ এবং এই সরকুলার পত্রের নম্বর ও তারিখ এবং যে বন্দোবস্তী হকুমের অনুসারে মালিকানা নির্দ্দিষ্ট হইল তাহার নম্বর ও তারিখ উপযুক্ত স্থানে লেখ। এই প্রকার মালিকানার টাকার স্বতন্ত্র বিল করিতে হইবেক। ঐ বিলেতে রাজস্বের কমিস্যনর সাহেবের সহী থাকিবেক এবং সিবিল আডিটর সাহেবের তাহা মঞ্জুর করিতে হইবেক। পরে ঐ টাকা তোমার খাজানাখানার হিসাবে "রাজস্বের সাধারণ খরচ" এই খাতার অন্তর্গত "মালিকানা" বলিয়া স্বতন্ত্র শ্রেণীতে লিখিতে হইবেক। এবং তোমার জিলায় যে অবস্থা এবং যে নিয়মানুসারে ঐ মালিকানা দেয় হইতেছে তাহা বুঝিয়া মাসিক কি ত্রৈমাসিক কিম্বা ষাণ্মাসিক অথবা বার্ষিক স্বতন্ত্র বিল সহী হইবার এবং মঞ্জুর হইবার নিমিত্তে তুমি প্রস্তুত করিয়া পাঠাইবা।

৪। দ্বিতীয় প্রকার মালিকানা কেবল কিছু কাল স্থায়ী এবং বিদিত আছে যে জমীদারী খাস তহসীলে থাকিলে রাজস্ব আদায় হইলেই ঐ মালিকানা দেওয়া যায় এবং যদি ঐ মালিকানার টাকা বাকী পড়ে তবে চলিত আইনানুসারে ঐ জমীদারী তাহার বিষয়ে দায়ী নহে কিন্তু

Revenue allowed to Village Officers and Zumindars has been classed in the same mode as the Political Pensions, because they are considered to be different from the other Charges of Collections, and to constitute a payment to persons holding a beneficial interest in the Land which consistently with the institutions and usages of the country cannot be dispensed with. Prior to 1826-27, these payments did not appear on the Bombay Accounts, the Revenues being stated *net*, the change has been approved of by us, and we direct that if any similar allowances are deducted from the Gross Revenues of Bengal and Madras whether on account of Nancar, Malikana, Canoongoe or otherwise, they may in future be stated as a separate head of charge as is now done at Bombay

আমলা এবং নামদারদিগকে যে রাজস্ব দেওয়া যায় তাহা রাজকীয় মসাহেরার মত হিসাবে লেখা গিয়াছে যেহেতুক এই খরচ টাকা আদায়ের অন্যান্য খরচহইতে পৃথক এবং ভূমিতে যে ব্যক্তিদের লাভসম্পর্ক থাকে তাহারদিগকে যে টাকা এইরূপে দেওয়া যায় তাহা দেশের নিয়ম ও ব্যবহারানুসারে অলঙ্ঘ্য। ১৮২৬। ২৭ সালের পূর্ব্বে এই খরচ বোম্বাইয়ের হিসাবে লেখা যাইত না যেহেতুক খরচাদে প্রকৃত রাজস্ব লেখা যাইত কিন্তু এই নূতন নিয়মেতে আমারদের সম্মতি আছে এবং যদ্যপি নানকার বা মালিকানা কি কানুনগোই অথবা অন্য কোন নামে বাঙ্গালা এবং মান্দ্রাজে এইরূপ কোন মুসাহেরা রাজস্বের মোটহইতে বাদ দেওয়া যাইতেছে তবে এক্ষণে বোম্বাইতে যেরূপ হইতেছে সেইরূপে তাহা আলাহিদা খরচ বলিয়া লিখিতে হইবেক।

† In the Hal Towjee for instance

		DEMAND		
		Net balance at the close of the last Towjee	Kist for the last month of	Total demand
1st Mehals permanently settled paying a Jumma exceeding 100 Rupees	Net jumma	000	000	000
	Malikana	000	000	000
2d Do Ditto paying Jummas under 100 Rupees	Net jumma	000	000	000
	Malikana	000	000	000
and so on in the remaining Columns				

† যথা হাল তৌজিতে।

		দাওয়া		
		সালের শেষে জিং প্রকৃত বাকী	অমুক মাসের কিস্তী	সর্ব্বশুদ্ধ দাওয়া
প্রথম। ইস্তমরারী জমা ধার্য্য হওয়া যে সকল লোং১০০ টাকার অধিক জমা আছে।	প্রকৃত জমা	...	...	...
	মালিকানা	...	...	...
দ্বিতীয়। ইস্তমরারী জমা ধার্য্য হওয়া যে মহালের ১০০ টাকার কম জমা আছে	প্রকৃত জমা	...	...	...
	মালিকানা	...	...	...
এইরূপে অন্যান্য ঘরেতে				

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ২২ আপ্রিল।]

existing Regulations, but the party engaging with Government for the payment of the Revenue of the Estate, as well as his surety. It appears to have been generally the practice in respect to Malikana of this class to exhibit the receipts and payments in the Collectorate Treasury Accounts under the head of "Deposits." This course, I beg to remark, seems consistent with the temporary character of the allowance, which is to cease altogether upon the recusant Zemeendar assuming the management of his Estate, and you are requested accordingly, in the event of any other practice obtaining in your District with respect to accounting for Malikana of the class under notice, to adopt the course now pointed out. In the event of there being any demand on account of Malikana of the 2nd Class, included in the Land Revenue Accounts of your District, you will also be good enough to write off the amount therefrom, citing these instructions as your authority. Since, however, the payments of Malikana of this description are not, like that of Deposits generally, repaid to the individual depositors, but to the Maliks themselves, who have nothing to do with its realization ; it seems desirable to provide, with the view to proper check, and with reference to the principle that Officers in charge of Treasuries should always possess authority for making payments to a second party, that in discharging claims on accounts of such Malikana, the debits in account should be supported by original Statements to be countersigned by the Commissioner of your District, you will accordingly be good enough to submit Statements thus sanctioned, and the original Receipts of the Payees as Vouchers with your future Treasury Accounts in support of charges on account of Malikana of the 2d Class under the head of "Deposits."

5th The instructions above communicated are to have effect in your Accounts from 1st May 1845.

(Signed) C. MORLEY,

Accountant-General.

Fort William, Accountant-General's Office, Revenue Department, 27th March, 1845

যে ব্যক্তি সরকারের সহিত রাজস্বের বন্দোবস্ত করিয়াছিল সেই ব্যক্তি এবং তাহার জামিন তাহার বিষয়ে দায়ী। দৃষ্ট হইতেছে যে এই প্রকার মালিকানার বিষয়ে সামান্যতঃ এই ব্যবহার হইয়া আসিতেছে যে তাহার আয়ব্যয় কালেক্টরীয় খাজানাখানার হিসাবে "ডিপাজিট" অর্থাৎ আমানৎ এই খাতার নীচে লেখা যাইতেছে। এবং ঐ মালিকানা অচিরস্থায়ি বিধায় এইরূপে তাহার আয়ব্যয় হিসাবে লেখা আমার বিবেচনায় উচিত বোধ হয় যেহেতুক ঐ নারাজ জমীদার যখন আপনার জমীদারীর সরবরাহী কর্ম্ম পুনঃপ্রাপ্ত হন্ তখন সেই মালিকানা একেবারে নিবৃত্ত হয় অতএব এই প্রকার মালিকানা হিসাবে লিখনের অন্য কোন ব্যবহার যদি তোমার জিলার মধ্যে চলন থাকে তবে তাহার পরিবর্ত্তে তুমি উপরের লিখিত প্রকারে তাহা লিখিবা। দ্বিতীয় প্রকার মালিকানার বাবতে কোন দাওয়া যদ্যপি তোমার জিলার ভূমির রাজস্বের হিসাবের মধ্যে লেখা যাইতেছে তবে তুমি তাহা ঐ হিসাবহইতে বাদ দিবা এবং সেইরূপ বাদ দেওনের ক্ষমতাস্বরূপ এই পত্রের লিখিত হুকুম দর্শাইবা। সামান্যতঃ যে টাকা "ডিপাজিট" অর্থাৎ আমানৎ হয় তাহা আমানৎকারি ব্যক্তিকে ফিরিয়া দেওয়া গিয়া থাকে কিন্তু এই প্রকার মালিকানার ডিপাজিট আমানৎকারি ব্যক্তিকে না দেওয়া গিয়া মালিককে দেওয়া যাইতেছে এবং ঐ টাকা আদায় করণের সঙ্গে মালিকের কোন সম্পর্ক নাই। খাজানাখানার ভারপ্রাপ্ত কার্য্যকারকেরদের উচিত যে কোন টাকা জমাকরণিয়া ব্যক্তিভিন্ন অন্য ব্যক্তিকে দিতে হইলে বিশেষ হুকুম না পাইয়া না দেন অতএব এই নিয়ম প্রতিপালনের নিমিত্তে এবং উপযুক্ত শাসন থাকিবার নিমিত্তে উচিত হয় যে এইরূপ মালিকানার বাবৎ টাকা দেওনের পূর্ব্বে তোমার জিলার কমিস্যনর সাহেবের সহীকরা আসল কৈফিয়তে হুকুম থাকে। অতএব উত্তর কালে তোমার খাজানাখানার হিসাবে যখন "ডিপাজিট" অর্থাৎ আমানৎ এই খাতার নীচে এই দ্বিতীয় প্রকার মালিকানার বাবৎ দেওয়া টাকা লেখা যায় তখন তাহার প্রমাণস্বরূপ ঐ হিসাবের সঙ্গে এইরূপ মঞ্জুরহওয়া কৈফিয়ৎ এবং পাওনিয়া ব্যক্তির আসল রসীদ পাঠাইবা।

৫। এই হুকুম ১৮৪৫ সালের ১ মে তারিখে তোমার হিসাবের বিষয়ে আমলে আসিবেক।

সি মরলি।

আক্কোণ্টেণ্ট জেনরল।

ফোর্ট উলিয়ম। আক্কোণ্টেণ্ট জেনরল সাহেবের দপ্তরখানা ১৮৪৫। ২৭ মার্চ।

JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 10.

To the Magisterial Authorities in the Lower Provinces.

1. The Court deem it proper to intimate to the Magisterial Authorities that European British subjects, brought before them for any alleged offence, should not be interrogated upon the matters charged against them, but merely asked if they wish to make a statement in regard to the charge, and at the same time warned that whatever they may say will be made use of against them. After such

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

১। সদর আদালতের সাহেবেরা মাজিষ্ট্রেটী শাসনকারক সাহেবদিগকে ইহা জানাইতে উপযুক্ত বোধ করিয়াছেন যে ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদিগকে কোন কথিত অপরাধপ্রযুক্ত তাঁহারদের সম্মুখে উপস্থিত করা গেলে সে দোষের অপবাদ হয় তাহার বিষয়ে কিছু জিজ্ঞাসাবাদ করিবেন না কেবল জিজ্ঞাসা করিবেন যে ঐ ব্রিটনীয় প্রজারা অপবাদের বিষয়ে কিছু জওয়াব দিতে চাহেন কি না আরো সেই সময়ে তাঁহারদিগকে সাবধান করিবেন যে তাঁহারা যাহা কহেন তাহা তাঁহারদের বিপরীত

question and warning, the statements made by the accused are to be taken down.

2. A copy of the form of examination to be made use of is annexed.

"The Examination of taken by me Esquire, Magistrate of and one of Her Magistrate's Justices of the Peace the day of 184 . The said examinant being charged on the solemn affirmation of with having (here state the charge) being duly cautioned saith

W. KIRKPATRICK, *Deputy-Register.*

Fort William, 14th March, 1845.

উপস্থাপন হইবেক। এইরূপ জিজ্ঞাসা এবং সাবধান করণের পরে অপবাদিত ব্যক্তি যে কোন জওয়াব দেন্ তাহা লেখা যাইবেক।

২। জোবানবন্দীর যে পাঠ ব্যবহার হইবেক তাহার নকল নীচে দেওয়া যাইতেছে।

অমুক সাহেবের যে জোবানবন্দী অমুক স্থানের মাজিষ্ট্রেট এবং শ্রীশ্রীমতী মহারাণীর এক জন জষ্টিস অফ দি পীসের সম্মুখে অর্থাৎ আমার সম্মুখে অমুক সনের অমুক মাসের অমুক তারিখে লওয়া গেল তাহা। জোবানবন্দীদেওনিয়া ব্যক্তির নামে ফরিয়াদী ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া এই দোষ দিয়াছে (এই স্থলে দোষ লিখিতে হইবেক) এবং সেই ব্যক্তিকে উপযুক্তমতে সাবধান করিলে সে কহিল যে——————

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ১৪ মার্চ।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATION.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 4th April, 1845.

Baboo Gopalchunder Ghose, Moonsiff of Bhuttooreah, Zillah East Burdwan, for 6 days, from the 31st ultimo.

Baboo Bissessur Chuckerbutty, Moonsiff of Chowgong, Rajshahye, for two months.

The 11th April, 1845.

Lalla Hurnath Singh, Moonsiff of the 1st Grade of Hazareebagh, for one month, in extension of that granted on the 1st November last.

Mahomed Aman, Moonsiff of the 1st Grade of Ameergong, Tipperah, for one month.

Dubeeroodeen Mahomed, Moonsiff of Madpoor, Zillah East Burdwan, for two months from the 1st instant.

APPOINTMENTS

The 28th March, 1845.

Mafeezoodeen Mahomed (who has obtained a diploma) to be Moonsiff of Toobkibagra, Zillah Tipperah, vice Roghoonath Paulit, dismissed for irregularity.

The 4th April, 1845.

Baboo Gooroopershad Bose, who has obtained a diploma to be Acting Moonsiff of Chowgong, Rajshahye.

The 10th April, 1845.

Baboo Gopal Kissen Muzoomdar, (who has obtained a Diploma,) to be Moonsiff of Buddulgatchee, Zillah Dinagepore.

Assedoollah, Moonsiff of Roopgunge, Zillah Dacca, to be Moonsiff of Radhanagore, West Burdwan.

Baboo Govindchund Bose, Moonsiff of Howla, Zillah Chittagong, to be Moonsiff of Roopgunge, Dacca.

The 11th April 1845.

Baboo Gopeenath Moietro, Moonsiff of Bhutteeary, Zillah Chittagong, to be Acting Moonsiff of Madpoor, Zillah East Burdwan.

Sheikh Khodabuksh (who has obtained a Diploma), to be Moonsiff of Bhootmaree, Rungpore.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৫ সাল ৪ আপ্রিল।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ভট্টুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ গত মাসের ৩১ তারিখঅবধি ছয় দিবসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর চৌগায়ের মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বেশ্বর চক্রবর্ত্তী দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ১১ আপ্রিল।

হাজারীবাগের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত লালা হরনাথ সিংহ গত নবেম্বর মাসের ১ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা ত্রিপুরার আমীরগাঁর প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মহম্মদ আমান এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মাদপুরের মুনসেফ শ্রীযুত দবির উদ্দীন মহম্মদ বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৮ মার্চ।

রঘুনাথ পালিত অনিয়মিত ব্যবহারপ্রযুক্ত তগীর হওয়াতে তাঁহার পরিবর্ত্তে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মফীজউদ্দীন মহম্মদ জিলা ত্রিপুরার টুবকিবাগড়ার মুনসেফ হইবেন।

১৮৪৫ সাল ৪ আপ্রিল।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গুরুপ্রসাদ বসু রাজশাহীর চৌগায়ের একটিং মুনসেফ হইবেন।

১৮৪৫ সাল ১০ আপ্রিল।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ মজুমদার জিলা দিনাজপুরের বদলগাছির মুনসেফ হইবেন।

জিলা ঢাকার রূপগঞ্জের মুনসেফ শ্রীযুত আসদুল্লা পশ্চিম বর্দ্ধমানের রাধানগরের মুনসেফ হইবেন।

জিলা চাটিগাঁর হাওলার মুনসেফ শ্রীযুত গোবিন্দচন্দ্র বসু জিলা ঢাকার রূপগঞ্জের মুনসেফ হইবেন।

১৮৪৫ সাল ১১ আপ্রিল।

জিলা চাটিগাঁর ভটিয়ারির মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মাদপুরের একটিং মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত সেখ খোদাবক্স জিলা রঙ্গপুরের ভুটমারির মুনসেফ হইবেন।

Baboo Seeteekanth Singh, Moonsiff of Pothna, West Burdwan, to be Moonsiff of Sarhut, Beerbhoom.

Sumeenooddeen Ahmud, Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, to be Moonsiff of Pothna, West Burdwan.

Baboo Sreecunth Singh, Moonsiff of Dewangunge, Zillah Nuddea, to be Moonsiff of Samuntee, East Burdwan.

Baboo Taruknath Bose, Moonsiff of Bhootmaree, Rungpore, to be Moonsiff of Dewangunge, Zillah Nuddea.

Syud Saadut Hossein, Moonsiff of Puttea, Chittagong, to be Moonsiff of Muxoodpore, Zillah Dacca.

Moulavie Mozum Hossein, late Additional, Moonsiff of Pooree, to be Moonsiff of Sonamgunge, Zillah Sylhet.

The 15th April, 1845.

Baboo Rajnarain Mookerjee, late Additional Moonsiff in Rungpore, to be Acting Moonsiff of Putterghatta, 24-Pergunnahs.

Baboo Kristonath Bose, (who has obtained a diploma) to be Moonsiff of Tannore, Zillah Rajshahye

B. J. COLVIN, *Offg. Register.*

পশ্চিম বৰ্দ্ধমানের পতনার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ সিংহ জিলা বীরভূমের সারহট্টের মুনসেফ হইবেন।

জিলা ছিলটের সোনামগঞ্জের মুনসেফ শ্রীযুত সুমিনুদ্দীন আহমদ পশ্চিম বৰ্দ্ধমানের পতনার মুনসেফ হইবেন।

জিলা নদীয়ার দেওয়ানগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকণ্ঠ সিংহ পূর্ব্ব বৰ্দ্ধমানের সামন্তির মুনসেফ হইবেন।

জিলা রঙ্গপুরের ভুটমারীর মুনসেফ শ্রীযুত বাবু তারকনাথ বসু জিলা নদীয়ার দেওয়ানগঞ্জের মুনসেফ হইবেন।

জিলা চাটিগাঁর পটীয়ার মুনসেফ শ্রীযুত সৈয়দ সাদত হুসেন জিলা ঢাকার মিকসুদপুরের মুনসেফ হইবেন।

পুরীর অতিরিক্ত মুনসেফ শ্রীযুত মৌলবী মাজুম হুসেন জিলা ছিলটের সোনামগঞ্জের মুনসেফ হইবেন।

১৮৪৫ সাল ১৫ আপ্রিল।

পূর্ব্বে রঙ্গপুরের অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু রাজনারায়ণ মুখুয্যা চব্বিশপরগনার পাতরিয়াঘাটার একটিং মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কৃষ্ণনাথ বসু জিলা রাজশাহীর তানোরের মুনসেফ হইবেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No. 592

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

APPOINTMENTS

The 26th March, 1845.

Mr. E. G. Bedwell, 50th Regiment Madras Native Infantry, to perform the Medical duties of the Civil Station of Cuttack, as a temporary arrangement, vice Mr. Minto, absent on leave.

The 2d April, 1845.

Mr. J. W. Dalrymple, Assistant to the Magistrate and to the Collector of Dacca, is vested with the special powers described in Section XXI. Regulation VIII. of 1831.

Baboo Issor Chunder Ghosaul to be Deputy Magistrate under Act XV. of 1843, in Zillah Hooghly.

Kuleepershaud Sing, Darogah of Colgong, in Bhaugulpore, is promoted to the 2d Grade, on a salary of 75 Rupees per mensem.

Moulavie Irfaun Alli, Mahomedan Law Officer of Bhaugulpore, is authorized to exercise the special powers, described in Clause 3, Section 2, Regulation III. 1821, in that District.

Baboo Rampersad Deb to be a Moonsiff of the 1st Grade, vice Moonshee Zamin Allee, deceased.

LEAVES OF ABSENCE.

The 2d April, 1845.

Captain J. T. Gordon, Principal Assistant to Commissioner of Assam, for three weeks, on private affairs, in extension of the leave granted to him on the 22d January last.

[*Government Gazette, 22d April*, 1845.]

রাজকর্ম্মে নিয়োগ।

৫৯২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৬ মার্চ।

শ্রীযুত মিণ্টো সাহেব ছুটীপ্রযুক্ত অনুপস্থান হওয়াতে মান্দ্রাজের এইদেশীয় ৫০ সংখ্যক পল্টনের চিকিৎসক শ্রীযুত ই জি বিডউএল সাহেব কিঞ্চিৎ কালের নিমিত্ত কটকের সদর স্থানের চিকিৎসকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৫ সাল ২ আপ্রিল।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে জিলা হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

ভাগলপুরের কালগাঁর দারোগা শ্রীযুত কালীপ্রসাদ সিংহ দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়া ৭৫৲ টাকা মাহিয়ানা পাইবেন।

ভাগলপুরের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী ইরফান আলী ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

মৃত মুনশী জামীন আলীর পরিবর্ত্তে শ্রীযুত বাবু রামপ্রসাদ দেব প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৫ সাল ২ আপ্রিল।

আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান জে টি গর্ডন সাহেব গত জানুআরি মাসের ২২ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

Mr. J. Read, Collector of Beerbhoom, for one month, under Medical Certificate, making over charge of his office to the Magistrate of the District, who will conduct the duties thereof in addition to his own, until further orders.

The leave of absence for one month, granted on the 5th February last, to Mr. C. Macintyre, Civil Assistant-Surgeon of Furreedpore, will take effect from the date on which he may avail himself of the same, instead of from the 1st ultimo.

Mr. F. Crank, Superintendent of the Jessore Salt Chowkeys, for fifteen days, on private affairs, from the date on which he may make over charge of his office to the Officiating Collector of the Zillah.

NOTIFICATIONS.

The 5th April, 1845.

Mr. A. G. Macdonald made over charge of the Rungpore, Magistracy to Mr. A. T. Dick on the 28th ultimo.

Mr. F. Gouldsbury, Civil and Sessions Judge of Bhaugulpore, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen on the 31st ultimo, in order to proceed on circuit duty.

Mr. Jas. Grant, Civil and Sessions Judge of Dinagepore, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen on the 29th ultimo, in order to proceed on circuit duty.

Mr. H. Swetenham, Civil and Sessions Judge of Dacca, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen on the 29th ultimo, in order to proceed on circuit duty.

By Order of the Right Honourable the Governor of Bengal.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 599.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 2d April, 1845.

The Reverend H. S. Fisher to be Senior Presidency Chaplain.

The Reverend R. Eteson, Assistant Chaplain, to be Chaplain.

LEAVES OF ABSENCE.

The 2d April, 1845.

The unexpired portion of the leave of absence, granted on the 25th January last, to Mr. M. Larruleta, Collector of Tolls at Jungypore, is cancelled.

The 8th April, 1845.

Mr. C. K. Dove, Abkarry Superintendent of Jessore, for one week, on private affairs.

NOTIFICATIONS.

The 9th April, 1845.

Mr. W. H. Brodhurst, Officiating Magistrate of Monghyr, assumed charge of his office on the 1st instant.

বীরভূমের কালেক্টর শ্রীযুত জে রীড সাহেব আপনার কর্ম্মের ভার ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন। এবং অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত উক্ত মাজিষ্ট্রেট সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ফরিদপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি মাকিন্টায়র সাহেবকে গত ফেব্রুআরি মাসের ৫ তারিখে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা গত মাসের ১ তারিখঅবধি আরম্ভ না হইয়া তিনি যে তারিখে ছুটী লন্ সেই তারিখঅবধি আরম্ভ হইবেক।

যশোহরের নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ ক্রাঙ্ক সাহেব যে তারিখে আপনার কর্ম্মের ভার ঐ জিলার একটিং কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ৫ আপ্রিল।

শ্রীযুত এ জি মাকডনাল্ড সাহেব গত মাসের ২৮ তারিখে রঙ্গপুরের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত এ টি ডিক সাহেবের প্রতি অর্পণ করেন্।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ গুল্‌সবরি সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ গত মাসের ৩১ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ গত মাসের ২৯ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

ঢাকা শহরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ সুইটনহাম সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ গত মাসের ২৯ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৫৯৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২ আপ্রিল।

শ্রীযুত পাদরি এচ এস ফিশর সাহেব রাজধানীর প্রধান ধর্ম্মোপদেশক হইবেন।

আসিষ্টান্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর ইটিসন সাহেব ধর্ম্মোপদেশক হইবেন।

ছুটী।

১৮৪৫ সাল ২ আপ্রিল।

জঙ্গীপুরের নৌকার মাসুল আদায়কারি শ্রীযুত এম লারুলেটা সাহেবকে গত জানুআরি মাসের ২৫ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

১৮৪৫ সাল ৮ আপ্রিল।

যশোহরের আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি কে ডব সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ৯ আপ্রিল।

মুঙ্গেরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব গত মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

Mr. W. Luke, Officiating Civil and Sessions Judge of Shahabad, assumed charge of his office on the 1st instant.

Mr. Francis B. Drummond, appointed by the Honorable the Court of Directors a Member of the Civil Service, on the Bengal Establishment, reported his arrival in Calcutta on the 6th instant.

ERRATUM.

In the *Bengalee Government Gazette* of the 25th February 1845, at page 100, for Mr. A. Pigou resumed charge of his office on the 17th, read the 15th instant.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 611.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 9th April, 1845.

Mr Peter Macarthur to be a Member of the Ferry Fund Committee of Maldah, vice Mr. Stewart Gibson.

Moulavie Mahomed Rafik to be Principal Sudder Ameen of Sarun, vice Moulavie Syed Selamut Ali retired.

Moulavie Mahomed Ibrahim to be Additional Principal Sudder Ameen of Patna.

Baboo Bhagwut Churrun Goopto to officiate as Sudder Ameen and Sudder Moonsiff of Mymensing, until further orders.

Moulavie Gholam Hussein to be Mahomedan Law Officer of Rungpore.

LEAVES OF ABSENCE.

The 5th April, 1845.

Mr. A. T. Smith, Deputy-Collector and Superintendent of the Syedpore Trust Estate, for fifteen days, on private affairs, in extension of the leave granted to him on the 26th ultimo.

The 7th April, 1845.

Moulavie Kheirat Allee Khan, Deputy-Collector under Regulation IX. of 1833, in Sarun, for two months, on private affairs.

The 9th April, 1845.

The leave of absence granted to Mr A. Forbes, of the Civil Service, on Medical Certificate, is extended to the full period of two years, from the date on which he left the Presidency.

The leave of absence obtained by Mr. G U. Yule, Officiating Deputy-Collector of Bograh, on the 12th ultimo, is cancelled at his request.

Mr. John Staniforth, Civil and Session Judge of Tipperah, for six months, on Medical Certificate, in extension of the leave granted to him on the 30th December 1843.

The leave of absence, for one month, granted under Orders of the 5th February last, to the Revd. H. Shepherd, Chaplain of Dacca, has been cancelled.

[*Government Gazette, 22d April*, 1845.]

শাহাবাদের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ লুক সাহেব গত মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

শ্রীযুত ফ্রান্সিস বি ড্রমণ্ড সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশে কোম্পানির সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া গত মাসের ৬ তারিখে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্।

অশুদ্ধ শোধন।

১৮৪৫ সালের ২৫ ফেব্রুআরি তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১০০ পৃষ্ঠায় শ্রীযুত পিগু সাহেব বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্ এই স্থানে ১৭ তারিখের পরিবর্ত্তে ১৫ তারিখ পাঠ করিতে হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬১১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ৯ আপ্রিল।

শ্রীযুত ষ্টুয়ার্ট গিবসন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত পিটর মাকার্থর সাহেব মালদহের প্রদাবার নৌকার দ্বারা প্রাপ্য ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত মৌলবী সৈয়দ সেলামৎ আলী কর্ম্মে ইশ্তাফা দেওয়াতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী মহম্মদ রফীক সারণের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ ইব্রাহীম পাটনার অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু ভাগবতচরণ গুপ্ত অন্য হুকুম না হওয়া পর্য্যন্ত ময়মনসিংহের সদর আমীন ও সদর মুনসেফের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মৌলবী গোলাম হুসেন রঙ্গপুরের ফতওয়াদায়ক হইবেন।

ছুটী।

১৮৪৫ সাল ৫ আপ্রিল।

সৈয়দপুরের ট্রস্ট মহালের ডেপুটী কালেক্টর ও সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ টি স্মিথ সাহেব গত মাসের ২৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ৭ আপ্রিল।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে সারণের ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী খয়রাৎআলী খাঁ স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ৯ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এ ফর্বস সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছুটী দেওয়া যায় তদতিরিক্ত যে দিবসে তিনি রাজধানীহইতে প্রস্থান করেন্ সেই দিবস অবধি সম্পূর্ণ দুই বৎসরপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বগুড়ার একটিং ডেপুটী কালেক্টর শ্রীযুত জি ইউ ইউল সাহেবকে গত মাসের ১২ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

ত্রিপুরার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে ষ্টানিফোর্থ সাহেব ১৮৪৩ সালের ৩০ ডিসেম্বর তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকা শহরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ শেপর্ড সাহেবকে গত ফেব্রুআরি মাসের ৫ তারিখের হুকুমক্রমে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

NOTIFICATIONS.

The 9th April, 1845.

Mr. J. R. Muspratt,) of the Civil Service, are re-
„ R. H. Davies, } ported qualified for the Pub-
„ G. F. McLeod,) lic Service by proficiency in
two of the Native Languages.

Mr. F. Gouldsbury, Civil and Sessions Judge of Bhaugulpore, resumed charge of his office on the 7th instant.

Mr. H. Swetenham, Civil and Sessions Judge of Dacca, resumed charge of his office on the 7th instant.

১ ধারা। ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৩ আইনের ৩২ ধারার ১ প্রকরণ রদ হইল ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে যদি কোন মুনসেফ আপনার বিশেষ এলাকায় না থাকা ব্যক্তির সাক্ষ্য চাহেন্ এবং যদি সেই ব্যক্তি বাদিপ্রতিবাদির তলবকরণে হাজির না হয় তবে ঐ মুনসেফ ঐ ব্যক্তিকে হাজির করাইবার নিমিত্ত যথোচিত পরওয়ানা দিবেন এবং যে মুনসেফের বিশেষ এলাকার মধ্যে সেই ব্যক্তি থাকে সেই মুনসেফের নিকটে তাহা পাঠাইবেন এবং ঐ

within whose local jurisdiction such person is, who shall endorse such process and cause it to be duly served and executed.

III. And it is hereby enacted, that within the said Territories all powers now exercised by Zillah Judges for enforcing the attendance of any person upon whom a summons to appear as a witness has been duly served, and who has failed to attend in their Courts, shall from and after the passing of this Act be exercised by Moonsiffs for enforcing the attendance of any person upon whom a summons to appear as a witness has been duly served and who has failed to attend in their Courts,—Provided, that all orders passed by Moonsiffs under this Act shall be subject to an appeal to the Zillah or City Judge.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India after the 24th day of July next.

G A BUSHBY,
Secy to the Govt of India.

NOTICE

The Right Honourable the Governor of Bengal having been pleased to sanction the formation of 101 Vernacular Schools in the districts of Bengal, Behar, and Cuttack, all persons desirous of being registered as Candidates for the situation of Teacher in them, are hereby requested to be in attendance at the College of Fort William on Saturday the 14th of June at 12 o'clock precisely

By Order of the Honourable the President and Council of Education,

CHARLES C EGERTON,
Offg Secretary.

NOTIFICATION.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 30th May, 1845.

Baboo Puddolochun Sein, Moonsiff of Dhurmpoor, Zillah Jessore, for 15 days, from the 30th instant, or from the date of his giving over charge of his office.

APPOINTMENTS

The 23d May, 1845.

Moulavie Abdooseemud Ahmud, Moonsiff of Khundghose, East Burdwan, to be Moonsiff of Muxoodpore, Dacca.

Syud Saadut Hossein, Moonsiff of Muxoodpore, Dacca, to be Moonsiff of Khundghose, East Burdwan

B. J. COLVIN, *Offg. Register.*

[*Government Gazette, 3d June, 1845.*]

মুনসেফ সেই পরওয়ানার পৃষ্ঠে দস্তখৎ করিবেন এবং তাহা রীতিমত জারী ও প্রবল করিবেন ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত দেশের মধ্যে যে কোন ব্যক্তির উপর সাক্ষিস্বরূপ জিলার আদালতে হাজির হইতে সমন হইয়াছে এবং সেই ব্যক্তি ঐ আদালতে হাজির হইতে ত্রুটি করিয়াছে সেই ব্যক্তিকে হাজির করাইবার নিমিত্ত জিলার জজ সাহেবের এক্ষণে যে সকল ক্ষমতা আছে এই আইন জারীহওনঅবধি এবং তাহার পর মুনসেফের আদালতে সাক্ষিস্বরূপ হাজির হইতে সমন জারী হইলে পর কোন ব্যক্তি হাজির হইতে ত্রুটি করিলে সেই ব্যক্তিকে হাজির করাইবার নিমিত্তে মুনসেফেরদের সেই সকল ক্ষমতা থাকিবেক। কিন্তু এই আইনানুসারে মুনসেফেরা যে সকল হুকুম করেন্ তাহার উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হইতে পারে ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৪ জুলাই তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেব সুবে বাঙ্গালা ও বেহার এবং কটকে এদেশীয় ভাষা শিক্ষা করণার্থ ১০১ পাঠশালা স্থাপন করিবার অনুমতি করাতে যে সকল ব্যক্তি ঐ পাঠশালাতে শিক্ষকতা কর্ম্মাকাঙ্ক্ষী স্বরূপ রেজিষ্টর হইতে চাহেন তাঁহারদিগকে আগামি জুন মাসের ১৪ তারিখ শনিবারে ঠিক বেলা দুই প্রহরে ফোর্ট উলিয়ম কালেজে উপস্থিত হইতে হইবেক।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেবের হুকুমক্রমে।

চার্লস সি এজর্টন।
এক্টিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৫ সাল ৩০ মে।

জিলা যশোহরের ধর্ম্মপুরের মুনসেফ শ্রীযুত বাবু পদ্মলোচন সেন বর্ত্তমান মাসের ৩০ তারিখঅবধি অথবা যে তারিখে তিনি আপন কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন্ সেই তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

নিয়োগ

১৮৪৫ সাল ২৩ মে।

পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ডঘোষের মুনসেফ শ্রীযুত আবদুস মদ আহমদ জিলা ঢাকার মকসুদপুরের মুনসেফ হইবেন।

জিলা ঢাকার মকসুদপুরের মুনসেফ শ্রীযুত সৈয়দ সয়াদৎহুসেন পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ডঘোষের মুনসেফ হইবেন।

বি জে কলবিন।
এক্টিং রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENT.

The 21st May, 1845.

Lieutenant J. T. Stevens, of the 18th Madras N. I, to be Superintendent of the Raipoor Mail Road, in the Nagpore Territory, from the 1st January last, the date on which he received charge of that office from Captain E. Roberts.

NOTIFICATION.

The 28th May, 1845.

Mr. R. Hampton, Magistrate of Jessore, made over charge of his office to Mr F. Lowth on the 22d instant.

By Order of the Right Hon'ble the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt of Bengal.

No. 951.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 28th May, 1845.

Mr W. Tayler to officiate as Post-Master-General during Mr Grey's absence, or until further orders.

Mr. E. T. Trevor to officiate as Magistrate of Nuddea.

Baboo Lokenauth Bose, to be 2d Principal Sudder Ameen of Jessore. This cancels the appointment of Udditpershaud Ghose under Orders of the 30th ultimo.

Mr. C. F. Montresor, Assistant to the Collector of Midnapore, is vested with special powers under Section 21, Regulation VIII 1831.

Mr. H. J. Muston, Superintendent of the Midnapore Salt Chokies, is vested with the powers of adjudicating cases of contravention of the Salt Laws under Section 25, Act No. XXIX. of 1831.

LEAVES OF ABSENCE.

The 28th May, 1845.

Mr. L. J. H. Grey, Post-Master-General, for two years, under Medical Certificate.

Mr. H. Driver, Sub-Assistant to the Commissioner of Assam, from 22d ultimo to the 2d instant, in extension of the leave granted to him on the 19th March last.

NOTIFICATIONS.

Mr. Octavius Toogood, appointed by the Honourable the Court of Directors, a Member of the Civil Service on the Bengal Establishment, reported his arrival on board the Ship "Plantagenet," which vessel reached Kedgeree on the 27th instant.

Mr. H. V. Bayley, Magistrate of Hoogbly, assumed charge of his office on the 27th instant.

Mr. G. C. Fletcher, Joint-Magistrate and Deputy-

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২১ মে।

মান্দ্রাজের এদেশীয় ১৮ সংখ্যক পদাতিক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত জে টি ষ্টিবন্স সাহেব গত জানুআরি মাসের ১ তারিখঅবধি নাগপুর দেশের রাইপুর ডাকের রাস্তার সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন। ঐ তারিখে উক্ত সাহেব শ্রীযুত কাপ্তান ই রাবর্টস সাহেবের স্থানে ঐ কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ২৮ মে।

যশোহরের মাজিষ্ট্রেট শ্রীযুত আর হামটন সাহেব বর্ত্তমান মাসের ২২ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত এফ লৌথ সাহেবের প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৯৫১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৮ মে।

শ্রীযুত গ্রে সাহেবের অনুপস্থানপর্য্যন্ত কিম্বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ টেলর সাহেব ডাকের প্রধান অধ্যক্ষতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই টি ট্রিবর সাহেব নদীয়ার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত বাবু লোকনাথ বসু যশোহরের দ্বিতীয় প্রধান সদর আমীন হইবেন। ইহাতে গত মাসের ৩০ তারিখের হুকুমানুসারে শ্রীযুত অদ্বৈতপ্রসাদ ঘোষের যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

মেদিনীপুরের কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি এফ মন্টেসর সাহেব ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

মেদিনীপুরের নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জে মষ্টন সাহেব ১৮৩৮ সালের ১৯ আইনের ২৫ ধারানুসারে নিমকের আইন উল্লঙ্ঘনকারি ব্যক্তিরদের মোকদ্দমার বিচারকরণের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৫ সাল ২৮ মে।

ডাকের প্রধান অধ্যক্ষ শ্রীযুত এল জে এচ গ্রে সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেব গত মার্চ মাসের ১৯ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি জুন মাসের ২ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

শ্রীযুত অক্টাবিয়স টুগুড সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া প্লাণ্টাজিনেট নামক জাহাজের দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

হুগলীর মাজিষ্ট্রেট শ্রীযুত এচ বি বেলি সাহেব বর্ত্তমান মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত

Collector of Pubna, received charge of his offices on the 26th instant.

The insertion of the name of Ramgovind Roy, Darogah of Noornuggur, in Tipperah, in the list of Darogahs promoted to the 2d grade, published in the *Bengalee Government Gazette* of the 6th May, was erroneous, that Officer having previously been promoted to the 1st grade of Darogahs under the Orders of 27th February last, published in the *Gazette* of the 11th March.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J Halliday,
Secy to the Govt. of Bengal.

জি সি ক্লেচর সাহেব বর্ত্তমান মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

মে মাসের ৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত দ্বিতীয় শ্রেণীভুক্ত দারোগার নামের তফসীলে ত্রিপুরার নূরনগরের দারোগা শ্রীযুত রামগোবিন্দ রায়ের নাম ভ্রমপ্রযুক্ত দেওয়া গেল যেহেতুক তিনি মার্চ মাসের ১১ তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত গত ফেব্রুআরি মাসের ২৭ তারিখের হুকুমক্রমে পূর্ব্বে দারোগার প্রথম শ্রেণীভুক্ত হইয়াছিলেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুম।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্তিহার।

এতলানামা কাছারী কালেকটরী জিলা ময়মনসিংহ

এই যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাক্রমে এতলা দেওয়া যাইতেছে যে এই জিলার মোতাবক নীচের লেখা গত ১৮ মাচের বাকীপড়া মহালাত সরকারী পাওনা বাকী খাজানা আদায় কারণ ১৮৪৫ সনের ১১ জুন মোতাবক ১২৫২ সনের ৩০ জ্যৈষ্ঠ রোজ বুধবার সাধারণরূপে নিশ্চয় পুনঃ নীলাম আরম্ভ হবেক যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে তাহারদিগের উচিত যে উক্ত তারিখে এই কাছারীতে হাজির হইয়া নীলাম খরিদপূর্ব্বক মূল্যের চতুর্থাংশের একাংশ বায়না ও তৎপর ত্রিংশত্তম দিন মধ্যে মূল্যের সমুদয় টাকা দাখিল করে ইতি ১৮৪৫ তাং ২১ মে মোতাবক ৯ জ্যৈষ্ঠ সন ১২৫২ সন বাঙ্গলা।

নং	কসম মহালাত	নং তৌজী	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী লাং ফাল্গুণ ১২৫১		কৈফেৎ
১	চিরস্থ বন্দো বস্ত	১১৪৭	পরগনে বড়বাজু কিং তাং রামশরণ শর্ম্মা	মদুচন্দ্র শর্ম্মা	৪৵৭	৪৵৭	সমুদয়	এ সকল মহাল গত ১৮ আপ্রিল নীলাম হইয়াছিল খরিদারান নীরূপিত মেয়াদে কিস্তের টাকা না দেওয়াতে ১৮৪৫ সনের ১ আইনের ১১ দফাক্রমে বায়না জব্দ হইয়া পুন নীলামের এই এতলা দেওয়া গেল ইতি।
		১৮৯৯	পরগনে হুসেন সাহি তাং বাকের মকিম	রামদেব শর্ম্মা চক্রবর্ত্তী	৮	৮	তথা	
		১১৮৭	পরগনে তথা তালুক রামগোবিন্দ প্রামাণিক	শম্ভুনাথ বীর	১৮৶১১	১৮৶১১	তথা	
		৪৪৪৭	পরগনে পুখুরিয়া কিং গোপালবাড়ী তালুক শিববিনোদ রায়	আনন্দচন্দ্র বিশ্বাস	২২॥৶১	৫॥৴৫	তথা	

Mymensingh Collectorate, 21st May, 1845.

R. M. Skinner, *Collector.*

[*Government Gazette, 3d June,* 1845]

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ১৫ ধারানুসারে জিলা হুগলীর নীচের লিখিত মহাল সন ১২৫১ সালের সালতামামি পাওনা মালগুজারীর নিমিত্তে সন ১৮৪৫ সালের ১৩ জুন শুক্রবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজরে ছানি নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজী মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১২৫১ সালের সালতামামি খাজানা বাকী	মন্তব্য কথা
	ইস্তমরারী জমা ধার্য্য						
১	হওয়া মহাল	১৬৯৮ নং	রামুন ভাঙ্গা পং বালিয়া লাখারাজ বাজেয়াপ্তী	রামজী বন্দ্যোপাধ্যায় রামকৃষ্ণ সমাদ্দার	৩৭২	৩৭২	১৮৪৫। ১৮ আপরেল এই মহাল নীলাম হইবায় ৫৭ টাকা পণে রামচাঁদ চট্টোপাধ্যায় খরিদ করিয়া বায়নার ১৩০ টাকা দাখিল করিয়া বাকী পণের টাকা এবং বাকীদার বাকী টাকা দাখিল না করিবায় এই মহাল পুনরায় বিক্রয় করা যাইবেক ইতি।

Hooghly Collectorate. D. J. MONEY, *Offg. Collector.*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা রাজশাহী এই যে

মৃত রাজা কৃষ্ণনাথ রায় বাহাদুরের জমিদারি কোর্ট অফ ওয়ার্ডসের অধীন নীচের তফসীলের লিখিত মহালাত ইস্তক বাঙ্গলা ১২৫২ সন লাগাএৎ ১২৬১ সন মুদ্দত ১০ দশ বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত হইবেক যাহার ইজারা লওয়ার মানস থাকে উচিত যে সে ২০ রোজ মধ্যে জামিনদারের নাম ও জামিনির মাতবরিতে যে জায়দাদ রেহেন রাখিবেক কিম্বা জামিন না দিয়া ৪ চারি কিস্তির খাজানার মেকদার নগদ টাকা অথবা কোম্পানির কাগজ আমানত করিবার ইচ্ছুক হইলে তাহার বিবরণ ও আপন নাম ও সাকিন ও কবুলা জমার তাইনসম্বলিত দরখাস্ত লিখিয়া লেফাফা বন্দ করিয়া এই কালেক্টরিতে দাখিল করে ইতি সন ১৮৪৫ ইংরেজী তারিখ ১৬ মে মোতাবেক সন ১২৫২ বাঙ্গলা তারিখ ৪ জ্যৈষ্ঠ।

তফসীল।

নাম মহাল	সদর জমা মায় পুলিস	যে জমাতে পূর্ব্বে ইজারা বন্দোবস্ত ছিল	কৈফিয়ৎ
ডিহী কামার গাঁও পং বোনগাঁও	৮৫৮৭/		এই সকল মহালে
ডিহী গোজা পং তথা	৮৭৬০ ।/৮		ধান্য ও তুত ও
দৌলতপুর ওগয়রহ পং তথা	১০৪৪ ॥/৮		জব ও গম ইত্যা
	১৮৩৯২ ।৪	২০০১৭	দি সস্য হয়।

Rajshahye Collectorate, 16th May, 1845. J. S. TORRENS, *Collector*

ঘোষণা পত্র অর্থাৎ ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জিলা চব্বিশপরগনা ১৮৪৫ সাল ৭ মে।

অপ্রকাশ থাকিবেক না যে উক্ত জেলাতে পূর্ব্বকার ইস্তমরারি বন্দোবস্তী অনেক মহাল যে ক্রমিক সরকারের খাস খরিদ হইয়াছে তন্মধ্যে কতক মহাল অত্র পূর্ব্বে ইজারা বন্দোবস্ত হইয়াছে তদ্ভিন্ন নিম্নের লিখিত মহালাত অদ্যাপি খাসতহসীলে আছে অতএব ঐ সকল মহালাত সন ১২৫২ সালাবধি বিংশতি বৎসরের মেয়াদে ইজারা দেওয়া সৎপরামর্শ হইয়া সাধারণ লোকের বিশেষতঃ ইজারা প্রার্থিগণের জ্ঞাপনার্থে অত্র ঘোষণাপত্র প্রকাশ করা যাইতেছে যে কেহ ইজারা লওয়ার বাঞ্ছা রাখে তাহার কর্ত্তব্য যে নিম্নের লিখিত বিধান দৃষ্টে স্বেচ্ছাপূর্ব্বক যথাবিহিত আচরণ করিবেক।

প্রথম বিধান।

এই সকল মহালের যে ব্যক্তি ইজারার প্রার্থনা রাখে তাহার উচিত হইবেক যে আপনার প্রার্থনার বিবরণ প্রকাশ করিয়া তাহার সওয়াল জিলা মজকুরের কালেক্টর সাহেবের নিকটে এক মাসের মধ্যে দাখিল করে এবং করিতে পারিবেক।

দ্বিতীয় বিধান।

প্রত্যেক মহালের সদর জমার সংখ্যা মহালের নামের পার্শ্বে লিখিত হইল তাহার উপরে সরকারের জমিদারীর লভ্যের জমার সহিত যে ব্যক্তি যত টাকা বার্ষিক জমায় ইজারা লইতে চাহে তাহা আপনার দরখাস্তে স্পষ্ট করিয়া লিখিবেক।

তৃতীয় বিধান।

নিম্নের লিখিত মহালাতের মধ্যে যে সকল মহালের সংক্রান্ত খালাড়ি জমিন এবং তস্য জমা হাজতে মহকুপ ছিল ঐ সকল খালাড়ি জমিন দীর্ঘকাল যাবৎ লোকানের কর্ম্মহইতে অবসর হওয়াপ্রযুক্ত প্রায় আবাদ এবং আবাদ উপযুক্ত এবং উর্ব্বরা ও সুফলা সম্ভাবিতা হইয়াছে অতএব ঐ প্রকার মহালের খালাড়ি বাবত হাজত মহকুফি জমা

সহিত মোট সদর জমা নিম্নে লিখিত হইল মহাল ইজারা হইতে উক্ত মহালসংক্রান্ত খালাড়ি এবালিসী জমিন সহিত ইজারা হইবেক এবং ইজারাদারকে বিবেচনা ও জ্ঞান করিতে হইবেক যে ঐ মহাল মায় খালাড়ি এবালিসী জমা ইজারা করিবেক এবং মহালের তাবৎ জমিনের আবাদ পাওনের তালাফীর পক্ষে প্রচলিত আইনমতে যে ক্ষমতা নিরূপণ আছে এবং হইবেক তাহা ইজারাদারের শিরে থাকিবেক।

চতুর্থ বিধান।

প্রত্যেক মহালে কত টাকা খালাড়ি বাবত মহকুপ ছিল তাহার বিশেষ জানিতে চাহিলে প্রার্থির উচিত হইবেক কালেক্টরের সেরেস্তায় তাহার সংখ্যা জ্ঞাত হয়।

পঞ্চম বিধান।

নিম্নের লিখিত যে২ মহালের জরিপ জমাবন্দি হইতেছে এবং হইবেক ও যখন যে মহালে সরকারের তরফ জরিপ জমাবন্দী হওয়ার হুকুম হয় ইজারাদার তাহার প্রতিবন্ধকতা জন্মাইতে পারিবেক না এবং তাহার প্রতি ইজারাদারের কোন ওজর গ্রাহ্যযোগ্য হইবেক না বরং ইজারাদারকে আবশ্যক হইলে সরকারি কার্য্যকারকগণের আদেশ মতে প্রজা হাজীর এবং তলবী কাগজ দাখিল করণইত্যাদি বিষয়ে সাহায্য ও কর্ম্ম নির্ব্বাহ করিতে হইবেক।

ষষ্ঠ বিধান।

যে ব্যক্তি আপনার স্বীকৃত জমার মাতবরীতে যে প্রকার যত টাকার মালিয়ত ও মিলকীয়ত জমিতে আবদ্ধ করিবেক তাহার বিস্তারিত বিবরণ আপন দরখাস্তে লিখিবেকএবং কোন মহাল জামিনীতে আবদ্ধ করা মানস করিলে সেই মহালের নাম ও সদর জমার পরিমাণ ও জামিনদারের স্বত্বের বিবরণ এবং তাহার অবস্থার পরিচয় বিস্তারিত ক্রমে লিখিবেক।

সপ্তম বিধান।

যে ব্যক্তিসকলের উপর অধিক জমা স্বীকার করিবেক এবং তাহার স্বীকৃত জমা সদর জমা এবং সরকারের খরিদা মিলকীয়তের স্বত্বের লভ্যের তুল্য ও সম্ভাবিত হইবেক এবং মাতবর জামিন দিবেক এখানকার বিবেচনা মতে তাহার সহিত ইজারা বন্দোবস্ত করণ বিষযে বিশিষ্ট প্রতিবন্ধক বিনা উচিতাদেশ প্রকাশ হইবেক।

অষ্টম বিধান।

নিম্নের লিখিত বিবরণ বিশিষ্টে যে মহাল বাঁটোয়ারার অধীনে আছে তাহা প্রকাশ পাইবেক অতএব ঐ স্থানের ইজারাদারকে বাঁটোয়ারার কার্য্য নির্ব্বাহ করার কারণ আইনমতে যে২ কাগজ তাহার ইজারার সময়ের বাবত তলব হইবেক তাহা দাখিল করিবেক।

নবম বিধান।

নিম্নের লিখিত যে২ মহালে কয়েক হিস্যা সরকারের খাস খরিদ হইয়াছে ঐ সকল হিস্যা এক তাহুদে ইজারা বন্দোবস্ত হইবেক ইতি।

নম্বর	কালেকটরীর রেজিষ্টারির নম্বর	মহালের নাম		মোট সদর জমা কোম্পানি	কৈফিয়ৎ যাহা প্রকাশ করা আবশ্যক
১	৪১	পং মুড়াগাছা মৌং লুদীয়া ঞ্চ	১	৭৬৫ ॥৵৮	খালাড়ি নাই
২	৪২	পং হাতীয়া ঘর বাঁশবেড়ি মা ওং	১	২০১৲২	খালাড়ি ছিল
৩	৪৬	পং ঐ বৃন্দাবনপুর	১	৯০ ।/৭	খালাড়ি নাই
.৪	৫৩ মহাল জেরবাট ওয়ারা	পং মাগুরা কীং রামেশ্বর পুর ওং হিঃ রামকুমার রায় খরিদ সরকার	/০	২২২ ॥/৯	এই দুই হিস্যা ইজারা দেওয়া যাইবেক এই মহালে খালাড়ি নাই
		হিঃ ঈশ্বরচন্দ্র মতিলাল খরিদ সরকার	৲১৪ ।৶	১৫২৸২	
			/১৪ ।৶	৩৬৫ ।/১১	
		হিঃ শিবচন্দ্র রায়	।/২৸	১০৯২ ॥/৯	
		হিঃ কৃষ্ণচন্দ্র সরকার	৵১১ ।৵৮	৫৪৬ ।/২	
		হিঃ গুরুদাস ও শ্যামদাস রায়	৵১১ ।/৮	৫৪৬ ।/২	
		হিঃ কালীপদ চক্রবর্ত্তী	।১৸৶	৬৫৭৲২	
		হিঃ তারকনাথ বন্দ্যোপাধ্যায়	৲৭৸/১৬	৮৩ ॥১১	
		হিঃ রামধন বন্দো	৲৯ ॥/৩	১৬ ॥/৪	
		হিঃ উদয়নারায়ণ মণ্ডল	৲৮৸/৫	১০৬৸/১১	
			৶৯	৩৯০১৸৪	

[*Government Gazette, 3d June, 1845.*]

নম্বর	কালেক্টরীর রেজিষ্টরির নম্বর	মহালের নাম		মোট সদর জমা কোম্পানি	কৈফিয়ৎ যাহা প্রকাশ করা আবশ্যক
৫	৬৩ মহাল জেরবাঁটওয়ারা	পং মাগুরা ওং কীং বাঁশদ্রোণী ওংহিস্যা দুর্গাপ্রসাদ নাগ খরিদ সরকার	।১৩ ।৴৬	৩৬৬২ ।৵২	কেবল সরকারের খরীদা হিস্যা ইজারা হইবেক এই মহালে খালাড়ি ছিল
		হিঃ তারিণীশঙ্কর রায়	৴১২	১২৫৪৸৶৬	
		হিঃ রামনারায়ণ রায়	৴১২	১২৫৪৸৶৬	
		হিঃ মথুরমোহন রায়	৴১২	১২৫৪৸৶৬	
		হিঃ রামমোহন রায়	৴১২	১২৫৪৸৶৬	
		হিঃ গোপীনাথ রায়	৴১২	১২৫৪৸৶৬	
		হিঃ দেবনাথ রায়	৴১৩ ।১৭	১৩০৬৲৭	
		হিঃ বিশ্বনাথ মুখোপাধ্যায়	৴১৩ ।১৭	১৩০৬৲৭	
			১	১২৫৪৯৲৭	
৬	১৫১ ঐ	পং ববিদহাটী ওং চক হাটুরিয়া ওং			এই মহালের মধ্যে সরকারের খরিদা পাঁচ হিস্যার ইজারা হইবেক
		হিঃ নীলকমল সরকার খরিদ সরকার	৶৬॥=	৭৯৪০৲১০	মুস্তলম মহালে খালাড়ি এবং তৎবাবৎ জমা মওকুফ ছিল না
		হিঃ নিমচাঁদ মণ্ডল খরিদ সরকার	৶৬॥=	৭৯৪০৲১০	
		হিঃ গুরুপ্রসাদ চৌধুরী খরিদ সরকার	৶১৭॥=	৬৮৪২ ॥০	
		হিঃ রাধারমণ মণ্ডল খরিদ সরকার	৴১১=	৩৭১৩৸৩	
		হিঃ যদুনাথ ঘোষ খরিদ সরকার	৴১১=	৩৭১৩৸৩	
			৸১৩ ।–	৩০১৫০৶১	
		হিঃ ভগবতী দাসী		৭৯৪০৲১০	
		হিঃ বিশ্বম্ভর ঘোষ ও যদুনাথ ঘোষ	৶৬॥=	২০৩৭ ।৶১	
				৯৯৭৭॥০	
			১	৪০১২৭॥৶১	
৭	১৩৫	পং হাথিয়াগর রাজারামপুর	১	৫৪০৸৶৮	খালাড়ি নাই
৮	২৮৯	পং মেদনমল্ল মৌং কিশোরপুর ওং	১	১৩৫৫৶১০	খালাড়ি নাই
৯	৪১৩	পং হাতিয়াগর আবাদ ১পৈলা ভগবানপুর	১	১০৯১ ।০	ঐ
১০	৪২৩	পং ঐ আং বেলপুখুরিয়া	১	৫৩৯২ ৷৶	ঐ
১১	৫৩	পং আনরপুর বরেয়া	১	১৶২	ঐ
১২	৫৮৪	ঐ	১	১ ।৶১১	ঐ
১৩	১৫৫	পং হাভীশহর কীং কুমারহট্ট	১	৪ ।১	
১৪	১৫৩	পং ঐ কীং কোণা	১	১ ।৬	
১৫	১৫৪	পং ঐ কীং মৌং কোণা	১	৷৶৩	

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৩৫ । ৩ জুন ।]

নম্বর	কালেক্টরীর রেজিষ্টরির নম্বর	মহালের নাম	মোট দস্তুর জমা কোম্পানি	কৈফিয়ৎ যাহা প্রকাশ করা আবশ্যক
১৬	•	পরগনে মাগুরা মৌজে খিদিরপুর সরকারের খরিদা ভূমি মরিপীন বিখ্যাত মহাল	১ নির্দ্দিষ্ট নাই	দীর্ঘকাল যাবৎ এই সকল ভূমি সরকারের খরিদ হইয়াছে এবং খাবিজদারের দ্বারা মালগুজারী আদায় হইতেছে আর এবং মফস্বল তৎপর্য্যন্ত জমার অবস্থা তদ্বিবরণ কালেক্টরীতে হাজীর হইয়া জিজ্ঞাসা করিলে বিশেষ রূপ জ্ঞাত হইবেক।
১৭	•	ড ইমনতাববর	৯১ ।০	এই মহালের বাটিমত আর বন্দোবস্ত অব ধাবিত হইয়াছে

১৭ মহাল

24-Pergunnahs Collectorate, 7th May, 1845 — J. C. Dick, Collector

NOTICE.

100 Rupees reward for the apprehension of Gopaul, charged with administering poisonous drugs to one Sheafare, a woman of the town, residing in Mohullah Maradpore, Thannah Peerbupore, Zillah Patna, and with robbing the said Sheafare when in a state of insensibility.

Gopaul, black complexion, face pitted with small pox, middle stature, wide forehead, black whiskers, flat nose, age about 40 years.

W. Dampier, *Supt of Police, L. P.*
Monghyr 15th May 1845

বিজ্ঞাপন।

জিলা পাটনার মহল্লা মুরাদপুরের পিরবপুর থানা নিবাসিনী সিয়াফেরনামক এক জন বেশ্যাকে গোপাল নামক ব্যক্তি বিষ খাওয়াইয়া অচৈতন্য করিয়া তাহার দ্রব্যাদি অপহরণ করিয়াছে অতএব যে ব্যক্তি তাহাকে ধরিয়া দিবেক সে ১০০৲ টাকা পুরস্কার পাইবেক।

ঐ গোপালের বর্ণ কাল ও মুখেতে বসন্তের দাগ আছে ও তাহার উচ্চতা মাঝামাঝি ও তাহার কপাল চৌড়া ও তাহার কাল গোঁপ ও চেপ্টা নাক তাহার বয়স প্রায় চল্লিশ বৎসর।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT

দেউলিয়াহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of CHARLES ELLISON METHOLD, an Insolvent,

NOTICE is hereby given, that at a Court, holden on Saturday the 7th day of September 1844, an application was made on behalf of the said Insolvent by Petition praying, amongst other things, that the said Insolvent's Petition for discharge from all Debts due at the time of his adjudication of Insolvency, on the 27th day of February then last from all liabilities for which he was then liable be received and filed, and due notice thereof given according to the provision of the act in such cases made and provided, it was ordered that the said Petition be received and filed in the said Court.

Nathaniel Hudson,
Insolvent's Attorney
Calcutta, 26th May, 1845.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 13th day of May

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন চার্লস এলিসন মেথোল্ড সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৪ সালের ৭ সেপ্টেম্বর তারিখ শনিবারের কোর্টের বৈঠকে উক্ত যোত্রহীনের পক্ষে এক দরখাস্ত দেওয়া গেল ও তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে ইহার প্রার্থনা করা গেল যে যে ২৭ ফেব্রুআরি তারিখে উক্ত যোত্রহীনের যোত্রহীনতা প্রকাশ হইল সেই সময়ে অপ্রবধা দেনা উক্ত যোত্রহীনের ছিল এবং যে সকল প্রকার দেনা তাহার উপর ছিল তাহাহইতে উক্ত যোত্রহীন মুক্ত হন এমত দরখাস্ত গ্রাহ্য ও দাখিল করা যায় এবং তাহার বিষয়ে এই প্রকার মোকদ্দমায় আইনানুসারে সম্বাদ দেওয়া যায় এবং হুকুম হইল যে উক্ত দরখাস্ত ঐ আদালতে গ্রাহ্য ও দাখিল করা যায়।

নাথানিএল হডসন। যোত্রহীনের উকীল।
কলিকাতা ১৮৪৫। ২৬ মে।

কানাইয়ালাল মিশ্র

যাঁহার বিষয়ে কানাইয়ালাল হনুইকর এবং কানাইয়া

instant, the matters of the Petition of KONAYA-LOLL MISSORE, sued by the name of Canuaya-loll Haulooyecur, also of Caunayeah Meechare, lately carrying on trade and business at Burrabazar in Calcutta, as a Holloye or native confectioner, and now a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, &c.," are appointed to be heard in the said Court, on Saturday the 5th of July next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said KONAYALOLL MISSORE, appear in a Schedule filed with his said petition in the office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

BEDELL, *Attorney for the Insolvent.*

Calcutta, 29th May, 1845.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of GOVINCHUNDER SEAL, late of Roopchund Roy Street, in the Town of Calcutta, Merchant and Trader, and now a Prisoner for Debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled, an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday the fifth day of July next.

The names of the Creditors of the said GOVINCHUNDER SEAL, appear in a Schedule filed with his said Petition in the office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

W. D. H. OEHME,

Solicitor for the Insolvent.

8 Old Post Office Street, Calcutta, 31st May, 1845.

In the matter of WILLIAM RUSHTON, late of Hare Street, in the Town of Calcutta, and Factory of Fort William in Bengal, Printer, but at present residing at the Danish Settlement of Serampore, in the Province of Bengal aforesaid,

NOTICE is hereby given, that by an order made in this matter on the 30th day of May instant, upon the application of John Newton Pratt, a Creditor of the said William Rushton, it was adjudged that the Petition presented by the said John Newton Pratt, to this Court was true, and that the said William Rushton had committed an act of Insolvency within the provisions of the statute of of the Ninth George the Fourth, Chapter 73, and by another order made in this matter on the same day, it was ordered that Robert O'Dowda, Esquire, should be and he was thereby appointed the Assignee of the estate and effects of the abovenamed Insolvent.

SHAW and LYONS,

Attornies for John Newton Pratt.

Calcutta, 31st May, 1845.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ৩ জুন।]

মিশ্র যাকে নালিশ হয় তিনি পূর্ব্বে কলিকাতা শহরের বড়বাজারনিবাসি অর্থাৎ এদেশীয় মিঠাইকারী ছিলেন কিন্তু এক্ষণে কলিকাতা নগরের সাধারণ জেলখানায় কয়েদ আছেন তিনি ভারতবর্ষইত্যাদি দেশে অক্ষম ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরীয় আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন।

অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের বর্ত্তমান মাসের ১৩ তারিখের হুকুমানুসারে উক্ত কানাইয়ালাল মিশ্রের দরখাস্তের বিষয় আগামি জুলাই মাসের ৫ তারিখ শনিবার পূর্ব্বাহ্নে এগার ঘণ্টার সময়ে ঐ আদালতে শুনা যাইবেক।

তাঁহার মহাজনেরদের নামের তফসীল উক্ত দরখাস্ত সম্বলিত ঐ আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে তাহা কোন মহাজন দেখিতে পারেন।

বিডেল।

যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৫। ২৯ মে।

গোবিন্দচন্দ্র শীল

যিনি পূর্ব্বে কলিকাতা শহরের রূপচন্দ্র রায়ের ষ্ট্রিট নিবাসি বণিক ও মহাজন ছিলেন কিন্তু এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণের নিমিত্ত কয়েদ আছেন তিনি ভারতবর্ষে অক্ষম ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরীয় আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন।

অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমানুসারে তাঁহার দরখাস্তের বিষয় আগামি জুলাই মাসের ৫ তারিখ শনিবারে ঐ আদালতে শুনা যাইবেক।

উক্ত গোবিন্দচন্দ্র শীলের মহাজনেরদের নামের তফসীল তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ডবলিউ ডি এচ ওমি।

যোত্রহীনের উকীল।

৮ সংখ্যক ওল্ড পোষ্ট আফিস ষ্ট্রিট।

কলিকাতা ১৮৪৫। ৩১ মে।

উলিয়ম রষ্টন সাহেবের বিষয়ে

যিনি পূর্ব্বে কলিকাতা শহরের এবং ফোর্ট উলিয়ম কুঠীর হেয়ার্ষ্ট্রিট নিবাসি ছাপাওয়ালা কিন্তু এক্ষণে সুবে বাঙ্গালার দেন্মার্কীয়েরদের অধীন শ্রীরামপুর নগরে বাস করিতেছেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মে মাসের ৩০ তারিখের হুকুমক্রমে উক্ত উলিয়ম রষ্টন সাহেবের এক জন মহাজন শ্রীযুত জান নিউটন প্রাট সাহেব দরখাস্ত করাতে হুকুম হইল উক্ত প্রাট সাহেবের দরখাস্ত সত্য এবং উক্ত উলিয়ম রষ্টন সাহেব চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরীয় আইনের ৭৩ অধ্যায়ানুসারে যোত্রহীন হইয়াছেন এবং এই বিষয়ে ঐ দিবসের অন্য হুকুমক্রমে হুকুম হইল যে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উপরের লিখিত যোত্রহীনের মাল ও সম্পত্তির আসৈনি হন্ এবং তাহাতে আসৈনি হইলেন।

শা এবং লৈয়ন্স।

জান নিউটন প্রাট সাহেবের উকীল।

কলিকাতা ১৮৪৫। ৩১।

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the petition of ROBERT EDWARD BLANEY, (sued by the name of R E Blaney,) late of Sulkeah, in the twenty-four Pergunnahs, in the suburbs of Calcutta, an assistant in the Salt Department at Sulkeah, aforesaid, and now a prisoner for debt confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, &c, are appointed to be heard by the said Court, on Saturday the second day of August next

The names of the Creditors of the said ROBERT EDWARD BLANEY, appear in a Schedule filed with his said petition in the office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer

MARSHALL and WALLER,
Insolvent's Attorneys

Mission Row, 31st May, 1845

সমাচার দেওয়া যাইতেছে যে ঐ আদালতের হুকুমানুসারে শহর কলিকাতার বহির্ভূত জিলা চব্বিশপরগনার সালকিয়ানিবাসি

রাবর্ট এডওয়ার্ড ব্লেনি

(আর ই ব্লেনিনামের দ্বারা কথিত হন) ঐ উপর উক্ত সালকিয়ার নেমক মহালের সাহায্যকারক এবং এক্ষণে কলিকাতার প্রধান কারাগারে বদ্ধ আছেন তাঁহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ গত চতুর্থ জর্জনামক রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষে সকল অক্ষম দেনাদারের উপকারার্থে হইয়াছে সেই নিয়মানুসারে আপন উদ্ধার জন্য প্রার্থনা করেন ঐ দরখাস্ত শ্রবণজন্য আগামি শনিবার ২ আগষ্ট দিবসে ঐ আদালতে নির্দ্ধারিত হইয়াছে। ঐ রাবর্ট এডওয়ার্ড ব্লেনির মহাজনদিগের নাম এক ফর্দ্দে নির্দ্দিষ্ট করিয়া তাঁহার দরখাস্তের সম্বলিত ঐ আদালতের প্রধান ক্লার্কের দফ্তরখানায় দাখিল হইয়াছে তাহাতে যে মহাজনের বাঞ্ছা হয় সেই দফ্তরখানায় গিয়া দেখিবেন।

মারস্যাল এণ্ড ওয়ালর।
ইনসালবেন্টের উকীল।

মিসিয়ান রো ১৮৪৫। ৩১ মে।

MISCELLANEOUS ADVERTISEMENTS

সাধারণ ব্যক্তিবর্গের ইশ্‌তিহার।

NOTICE

The English Translation of Bhagavut Geeta, 2 Rs per copy Apply to Messrs Thacker and Co

বিজ্ঞাপন।

ভগবদ্‌গীতার ইঙ্গরেজী তরজমা হইয়া প্রস্তুত হইয়াছে থেকর কোম্পানির নিকটে পত্র লিখিলে তাহা পাওয়া যাইতে পারিবেক। মূল্য ২৲ টাকামাত্র।

RECEIVER'S OFFICE, SUPREME COURT.

NOTICE

First Dividend at Co s Rs 28 per 100 Sa Rs is now payable at the office of R O Dowda, Esq Trustee, amongst the Separate Claimants on the Estates of Sibnarain Sein, Debnarain Sein, Rajnarain Sein, Ramnarain Sein, and Roopnarain Sein, who have respectively proved the Claims before the Master of the Supreme Court pursuant to a Decree of date 31st July 1841, made in certain causes wherein Ramtonoo Mullick, and others are complainants, and Manuel Larruletta and others are defendants, and the other causes

Court House, 26th May, 1845

রিসিবর আফিস।

সুপ্রিম কোর্ট।

বিজ্ঞাপন।

যে কএক মোকদ্দমায় রামতনু মল্লিকওগয়রহ ফরিয়াদী এবং মানুএল লারুলেটা সাহেবওগয়রহ আসামী সেই মোকদ্দমায় এবং অন্যান্য মোকদ্দমায় ১৮৪১ সালের ৩১ জুলাই তারিখের ডিক্রীক্রমে শিবনারায়ণ সেন ও দেবনারায়ণ সেন ও রাজনারায়ণ সেন ও রামনারায়ণ সেন এবং রূপনারায়ণ সেনের ইষ্টেটের উপর যাঁহারা আপনারদের দাওয়া সুপ্রিম কোর্টের মাষ্টর সাহেবের সম্মুখে সাব্যস্ত করিয়াছেন তাঁহারদের প্রতিজনকে ঐ ইষ্টেটের ট্রষ্টী শ্রীযুত আর ওডৌডা সাহেবের দফ্তরখানায় শতকরা ২৮৲ টাকার প্রথম ডিবিডেণ্ড এক্ষণে দেওয়া যাইবেক।

কোর্ট হৌস। কলিকাতা। ১৮৪৫। ২৬ মে।

[*Government Gazette, 3d June,* 1845]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্ক মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 10, 1845.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৫ সাল ১০ জুন।

EDUCATION.

NOTICE.

The Right Honourable the Governor of Bengal having been pleased to sanction the formation of 101 Vernacular Schools in the districts of Bengal, Behar, and Cuttack, all persons desirous of being registered as Candidates for the situation of Teachers in them, are hereby requested to be in attendance at the College of Fort William on Saturday the 14th of June at 12 o'clock precisely.

By order of the Honourable President and Council of Education,

CHARLES C. EGERTON,
Offg. Secretary.

NOTICE.

In consequence of Saturday the 14th June, being a Hindoo Holiday, the examination of candidates for the situation of Teachers in the Vernacular Schools, authorized by the Right Honourable the Governor of Bengal, is postponed to Monday the 16th instant, when all candidates are to appear before Captain Marshall at the College, (Writers' Buildings) Fort William.

By order of the Honourable President and Council of Education.

CHARLES C. EGERTON, *Offg. Secretary.*

Council of Education, June 6, 1845.

বিদ্যাধ্যাপন।

বিজ্ঞাপন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেব সুবে বাঙ্গালা ও বেহার এবং কটকে এদেশীয় ভাষা শিক্ষা করণার্থ ১০১ পাঠশালা স্থাপন করিবার অনুমতি করাতে যে সকল ব্যক্তি ঐ পাঠশালাতে শিক্ষকতা কর্ম্মাকাঙ্ক্ষিস্বরূপ রেজিষ্টরী হইতে চাহেন তাঁহারদিগকে আগামি জুন মাসের ১৪ তারিখ শনিবারে ঠিক বেলা দুই প্রহরে ফোর্ট উলিয়ম কালাজে উপস্থিত হইতে হইবেক।

শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব ও বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমক্রমে।

চার্লস সি এজর্টন।
একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

জুন মাসের ১৪ তারিখ শনিবার হিন্দুর ছুটী হওয়াপ্রযুক্ত বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেব এদেশীয় ভাষা শিক্ষা করণের যে পাঠশালার স্থাপন বিষয়ে হুকুম করিয়াছেন তাহার শিক্ষকতা পদাকাঙ্ক্ষিরদের ইমতিহান বর্ত্তমান মাসের ১৬ তারিখ সোমবারে হইবেক। সেই দিনে পদাকাঙ্ক্ষিরা ফোর্ট উলিয়ম কালেজে অর্থাৎ কোম্পানির কেরাণির বারিকে শ্রীযুত কাপ্তান মার্শ্যাল সাহেবের সম্মুখে উপস্থিত হইবেন।

শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব ও বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমক্রমে।

চার্লস সি এজর্টন। একটিং সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৫। ৬ জুন।

NOTIFICATION.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE,

The 6th June, 1845.

Baboo Taruckchunder Ghose, Moonsiff of Moha-

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৫ সাল ৬ জুন।

জিলা হুগলীর মহানন্দের মুনসেফ শ্রীযুত বাবু তারক-

nund, Zillah Hooghly, for two weeks, from the 27th ultimo.

Baboo Doorgapershad Ghose, Moonsiff of Oolooberia, Zillah Hooghly, for two days, viz. the 10th and 11th instant.

Fuzloollah, Moonsiff of Beergunge, Zillah Dinagepore, for one week, from the 15th instant.

APPOINTMENT.

The 30th May, 1845.

Mr. William Wright to be Moonsiff of Sundeep, Zillah Chittagong.

B. J. COLVIN, *Offg. Register.*

চন্দ্র ঘোষ গত মাসের ২৭ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর উলুবেড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ বর্ত্তমান মাসে ২ দিনের অর্থাৎ ১০ এবং ১১ তারিখের ছুটী পাইয়াছেন।

জিলা দিনাজপুরের বীরগঞ্জের মুনসেফ শ্রীযুত ফজলউল্লা বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

১৮৪৫ সাল ৩০ মে।

শ্রীযুত উলিয়ম রাইট সাহেব জিলা চাটিগাঁর সন্দীপের মুনসেফ হইবেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

LEAVES OF ABSENCE.

The 4th June, 1845.

The leave of absence, for one month, granted on the 31st December 1844, to Mr. R. B. Kinsey, Civil Assistant-Surgeon of Purneah, is cancelled at his request.

Mr. R. Spankie, a Student of the College of Fort William, having returned to the Presidency on the 28th ultimo, the unexpired portion of the leave obtained by him on the 30th April last, is cancelled.

NOTIFICATIONS.

The 4th June, 1845.

Mr. L. J. H. Grey, Post-Master-General, made over charge of his office to the Deputy-Post-Master on the 2d instant.

Mr. G. Hewett, Deputy-Magistrate under Act XV. of 1843, is posted at Cutwa, with the full powers of a Magistrate in Thannahs Cutwa and Munglekote, in Burdwan, Kiowgunge, Beerbhoom, and Kosalpore, (Augurdeep) in Nuddeah.

Mr. F. Skipwith, Officiating Civil and Sessions Judge of Tipperah, resumed charge of his office on the 27th ultimo.

Mr. C. G. Andrews received charge of the Junior Assistant's Office at Akyab on the 13th ultimo.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

রাজকর্ম্মে নিয়োগ।

বাজলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৫ সাল ৪ জুন।

পূরণিয়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত আর বি কিনসি সাহেবকে ১৮৪৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

ফোর্ট উলিয়ম কালেজের এক জন ছাত্র শ্রীযুত আর স্প্যাঙ্কি সাহেব গত মাসের ২৮ তারিখে ফোর্ট উলিয়ম রাজধানীতে প্রত্যাগমন করাতে গত আপ্রিল মাসের ৩০ তারিখে যে ছুটী পাইয়াছিলেন তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ৪ জুন।

ডাকের প্রধান অধ্যক্ষ শ্রীযুত এল জে এচ গ্রে সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখে আপন কর্ম্মের ভার ডেপুটী ডাকাধ্যক্ষ সাহেবের প্রতি অর্পণ করেন্।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি হিউএট সাহেব কাঁটওয়াতে নিযুক্ত হইয়া জিলা বর্দ্ধমানের থানা কাটওয়া ও মঙ্গলকোটে এবং জিলা বীরভূমের কেউগঞ্জে ও নদীয়ার খোসালপুর অর্থাৎ অগ্রদ্বীপে মাজিষ্ট্রেটী সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইলেন।

ত্রিপুরার একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব গত মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

শ্রীযুত সি জি আন্‌ক্রস সাহেব গত মাসের ১৩ তারিখে আক্যাবের ছোট আসিষ্টান্টের দপ্তরখানার ভার গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT — নিমক।

বাকীজায় নিমক যাহা সন ১৮৪৫ সালের ৩০ এপ্রেল তারিখপর্য্যন্ত বিক্রয়ের যোগ্য মৌজুদআছে ইহাতে ঘাটি সববে কোরপরসেণ্ট অর্থাৎ ফি ১০০/ মোনে ৪/ মোন গরবিক্রী রাখা যাইবেক।

হিজলী।

ঘাট দক্ষিণ কালীনগর	১২৪৮ সাল..	৪,৩৪,১২৭/ মোন
ঐ ঐ	১২৪৯	৫,০৫,২৮৮/
ঐ ঐ	১২৫০	৪,৭০,০৯৯॥৭॥
ঐ ঐ	১২৫১	১,৮৮,১৪৮/

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ৯ জুন।]

হিজলী।

গাছা	১২৪৯	৬,১৯৮/
ঐ	১২৫০	৬,৫০৩/
ভেরোপাইকা	১২৪৯	২,০৪,৩১৩/
ঐ	১২৫০	৩,৩৪,৯১৭/
ঐ	১২৫১	১,৭৬,৪৪৫/
গাছা	১২৪৯	২,০৫৭/
ঐ	১২৫০	২,৯৯৮/
কৃষ্ণনগর	১২৪৯	২,৭২,৭৩৭/
ঐ	১২৫০	২,৬৫,৩৫৩/
ঐ	১২৫১	১,৩০,৮৫০/
গাছা	১২৪৯	৩,০১৬/
ঐ	১২৫০	৩,১৭৮/
রামনগর	১২৪৯	৪৭/
ঐ	১২৫০	৩৩,৮৮২।২॥
ঐ	১২৫১	১,৩৭,৯৫৭/
গাছা	১২৪৯	১,০৬৮/
ঐ	১২৫০	২,০৫৮/

তমলুক।

নারায়ণপুর	১২৪৯	৪৪,৮০২/
ঐ	১২৫০	৪,৭৭,২৭০/
ঐ	১২৫১	৩,৪৩,৮৮৯/
ক্রোকী	„	৮॥৩।

২৪ পরগনা।

নারাযণপুর বাহির বুনি	১২৪৮	১৮/
ঐ ঐ	১২৪৯	২,২৫৭/
ঐ ঐ	১২৫০	৫৭,৭১৭॥০
ঐ তফাল	১২৪৮	২,৬৬৯॥০
ঐ ঐ	১২৪৯	৩,৯৭১৸০
ঐ ঐ	১২৫০	২,৪৭,৬১৪/
বেঁওতা	১২৪৮	১৫২॥০
ঐ	১২৪৯	১,৯৭৭/৪
ঐ	১২৫০	৩,১৫৫॥০
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের নারাযণপুর ১ রকম	১২৪৯	৭৭৬/
ঐ ঐ	১২৫০	৮,৪৮৭/
ঐ নারাযণপুর	১২৫০	৮,৫৬৭/
ঐ ঐ	১২৫১	১৬,৯৩৭/
সালিযাঘাটা	১২৫০	২৮২/
ডাইমণ্ড হারবর	১২৫১	১২,৬১৩/
বাপ্তগী	„	২৫,১৫৯/

চট্টগ্রাম।

নেজামপুর ডোমখালি	১২৫০	২,৪৬,৯৯৩৸৮॥
সদর ঘাট	১২৫০	২,১৮,১৯৭/১৶
আরাকেন পাঙ্গা	১৮৪৪।৪৫	৩,৩২,৭১৩।৩
ক্রোকী পাঙ্গা	১৮৪৫	১।৮

শালিখা।

মান্দ্রাজ পরমিট	১৮৪২।৪৩	২,৪২,৩৬৩/২
ঐ	১৮৪৩।৪৪	১,৩৬,১৯৭॥০
ঐ	১৮৪৪।৪৫	৩,৩৬,৯২১/
ক্রোকী করকচ	„	২৩৸৫
ঐ সৈন্ধব	„	৪/১॥
কটক পাঙ্গা	১২৪৯	৪,৭০৪॥০
ঐ	১২৫০	২,৪৪,৬৯২।০
খোরদা পাঙ্গা	১২৪৮	৩৬,৩৫৪॥৭
ঐ	১২৪৯	৯৯,০২০।৫
ঐ	১২৫০	২,৪৩,২৪৯/
বালেশ্বর পাঙ্গা	১২৪৯	১,৭৪,৬৯০৸২
ঐ	১২৫০	৪,৩০,৪৪০/
ঐ	১২৫১	১,৫২,৫৯২/
ক্রোকী পাঙ্গা	১৮৪৪।৪৫	২৭৪।৯।৶

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪৫ সাল তারিখ ২৩ মে। বিশেষ বিজ্ঞাপন।

[*Government Gazette,* 10*th June,* 1845.]

যে লোক নিশ্চিতরূপে মৌজুদ থাকিবেক তাহার হর তারিখের বাকীজায়ের ফর্দ ইঙ্গরেজী ও বাঙ্গলা তাবার এই বোর্ডের দপ্তরখানায় যাহার ইচ্ছা দেখিতে পাইবেন ঐ ফর্দ সর্ব্ব সাধারণের দৃষ্টির নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী সাহেবের দস্তখতে প্রকাশিত স্থানে রাখা গিয়াছে ইতি।

এচ টরেন্স সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

ঘোষণা পত্র অর্থাৎ ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জিলা চব্বিশপরগনা ১৮৪৫ সাল ৭ মে।

অপ্রকাশ থাকিবেক না যে উক্ত জেলাতে পূর্ব্বকার ইস্তমরারি বন্দোবস্তী অনেক মহাল যে ক্রমিক সরকারের খাস খরিদ হইয়াছে তন্মধ্যে কতক মহাল অত্র পূর্ব্বে ইজারা বন্দোবস্ত হইয়াছে তদভিন্ন নিম্নের লিখিত মহালাত অদ্যাপি খাসতহসীলে আছে অতএব ঐ সকল মহালাত সন ১২৫২ সালাবধি বিংশতি বৎসরের মেয়াদে ইজারা দেওয়া সৎপরামর্শ হইয়া সাধারণ লোকের বিশেষতঃ ইজারা প্রার্থিগণের জ্ঞাপনার্থে অত্র ঘোষণাপত্র প্রকাশ করা যাইতেছে যে কেহ ইজারা লওয়ার বাঞ্ছা রাখে তাহার কর্ত্তব্য যে নিম্নের লিখিত বিধান দৃষ্টে স্বেচ্ছাপূর্ব্বক যথাবিহিত আচরণ করিবেক।

প্রথম বিধান।

এই সকল মহালের যে ব্যক্তি ইজারার প্রার্থনা রাখে তাহার উচিত হইবেক যে আপনার প্রার্থনার বিবরণ প্রকাশ করিয়া তাহার সওয়াল জিলা মজকুরের কালেক্টর সাহেবের নিকটে এক মাসের মধ্যে দাখিল করে এবং করিতে পারিবেক।

দ্বিতীয় বিধান।

প্রত্যেক মহালের সদর জমার সংখ্যা মহালের নামের পার্শ্বে লিখিত হইল তাহার উপরে সরকারের জমিদারীর লভ্যের তজ্ঞার সহিত যে ব্যক্তি যত টাকা বার্ষিক জমায় ইজারা লইতে চাহে তাহা আপনার দরখাস্তে স্পষ্ট করিয়া লিখিবেক।

তৃতীয় বিধান।

নিম্নের লিখিত মহালাতের মধ্যে যে সকল মহালের সংক্রান্ত খালাড়ি জমিন এবং তস্য জমা হাজাত মফরুপ ছিল ঐ সকল খালাড়ি জমিন দীর্ঘকাল যাবৎ পোস্তানের কর্ম্ম হইতে অবসর হওয়াপ্রযুক্ত প্রায় আবাদ এবং আবাদ উপযুক্ত এবং উর্ব্বরা ও সুফলা সম্ভাবিতা হইয়াছে অতএব ঐ প্রকার মহালের খালাড়ি বাবত হাজত মফরুফি জমা সহিত মোট সদর জমা নিম্নে লিখিত হইল মহাল ইজারা হইতে উক্ত মহালসংক্রান্ত খালাড়ি এবালিসী জমিন সহিত ইজারা হইবেক এবং ইজারাদারকে বিবেচনা ও জ্ঞান করিতে হইবেক যে ঐ মহাল মধ্য খালাড়ি এবালিসী জমা ইজারা করিবেক এবং মহালের তাবৎ জমিনের আবাদ পাওনের বালাফীর পক্ষে প্রচলিত আইনমতে যে ক্ষমতা নিরূপণ আছে এবং হইবেক তাহা ইজারাদারের শিরে থাকিবেক।

চতুর্থ বিধান।

প্রত্যেক মহালে কত টাকা খালাড়ি বাবত মফরুপ ছিল তাহার বিশেষ জানিতে চাহিলে প্রার্থির উচিত হইবেক কালেক্টরের সেরেস্তায় তাহার সংখ্যা জ্ঞাত হয়।

পঞ্চম বিধান।

নিম্নের লিখিত যে২ মহালের জরিপ জমাবন্দি হইতেছে এবং হইবেক ও যখন যে মহালে সরকারের তরফ জরিপ জমাবন্দী হওয়ার হুকুম হয় ইজারাদার তাহার প্রতিবন্ধকতা জন্মাইতে পারিবেক না এবং তাহার প্রতি ইজারাদারের কোন ওজর গ্রাহ্যযোগ্য হইবেক না বরং ইজারাদারকে আবশ্যক হইলে সরকারি কার্য্যকারকগণের আদেশ মতে প্রজা হাজীর এবং তলবী কাগজ দাখিল করণইত্যাদি বিষয়ে সাহায্য ও কর্ম্ম নির্ব্বাহ করিতে হইবেক।

ষষ্ঠ বিধান।

যে ব্যক্তি আপনার স্বীকৃত জমার মাতবরীতে যে প্রকার যত টাকার মালিয়ত ও মিলকীয়ত জমিতে আবদ্ধ করিবেক তাহার বিস্তারিত বিবরণ আপন দরখাস্তে লিখিবেক এবং কোন মহাল জামিনীতে আবদ্ধ করা মানস করিলে সেই মহালের নাম ও সদর জমার পরিমাণ ও জামিনদারের স্বত্বের বিবরণ এবং তাহার অবস্থার পরিচয় বিস্তারিত ক্রমে লিখিবেক।

সপ্তম বিধান।

যে ব্যক্তি সকলের উপর অধিক জমা স্বীকার করিবেক এবং তাহার স্বীকৃত জমা সদর জমা এবং সরকারের খরিদা মিলকীয়তের স্বত্বের লভ্যের তুল্য ও সম্ভাবিত হইবেক এবং মাতবর জামিন দিবেক এখানকার বিবেচনা মতে তাহার সহিত ইজারা বন্দোবস্ত করণ বিষয়ে বিশিষ্ট প্রতিবন্ধক বিনা উচিতাদেশ প্রকাশ হইবেক।

অষ্টম বিধান।

* নিম্নের লিখিত বিবরণবিশিষ্টে যে মহাল বাঁটোয়ারার অধীনে আছে তাহা প্রকাশ পাইবেক অতএব ঐ স্থানের ইজারাদারকে বাঁটোয়ারার কার্য্য নির্ব্বাহ করার কারণ আইনমতে যে২ কাগজ তাহার ইজারার সময়ের বাবত তলব হইবেক তাহা দাখিল করিবেক।

নবম বিধান।

নিম্নের লিখিত যে২ মহালে কয়েক হিস্যা সরকারের খাস খরিদ হইয়াছে ঐ সকল হিস্যা এক তায়দে ইজারা বন্দোবস্ত হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ১০ জুন।]

নম্বর	কালেক্টরীর রেজিষ্টরির নম্বর	মহালের নাম	মোট সদর জমা কোম্পানি	কৈফিয়ৎ যাহা প্রকাশ করা আবশ্যক
১	৪১	পং মুড়াগাছা মৌং জুদীয়া ওং ১	৭৬৫ ॥৶৮	খালাড়ি নাই
২	৪২	পং হাভীয়া ঘর বাঁশবেড়িয়া ওং ১	১০১৲২	খালাড়ি ছিল
৩	৪৬	পং ঐ বৃন্দাবনপুর ১	৯০ ৷/৭	খালাড়ি নাই
৪	৫৩ মহাল জেরবাঁটওয়ারা	পং মাগুরা কীং রামেশ্বরপুর ওং হিঃ রামকুমার রায় খরিদ সরকার /০	২১২ ॥/৯	এই দুই হিস্যা ইজারা দেওয়া যাইবেক এই মহালে খালাড়ি নাই
		হিঃ ঈশ্বরচন্দ্র মতিলাল খরিদ সরকার ৲১৪ ।৶	১৫২৸২	
		/১৪ ।৶	৩৬৫ ।/১১	
		হিঃ শিবচন্দ্র রায ৷/২৸	১০৯২ ॥/৯	
		হিঃ কৃষ্ণচন্দ্র সরকার ৶১১ ।৶৮	৫৪৬ ।/২	
		হিঃ গুরুদাস ও শ্যামদাস রায ৶১১ ।৴৮	৫৪৬ ৷/২	
		হিঃ কালীপদ চক্রবর্ত্তী ৶১৸/	৬৫৭৲২	
		হিঃ তারকনাথ বন্দ্যোপাধ্যায় ৲৭৸/১১	৮১॥১১	
		হিঃ রামধন বন্দো ৲১ ॥/৩	১৬ ॥৶৪	
		হিঃ উদযনারায়ণ মণ্ডল ৲৮৸/৫	৯১৸/ ১১	
		১	৩৪০১৸৪	
[illegible]	[illegible] মহাল জেরবাঁটওৰা	পং মাগুরা ওং কীং বাঁশদোণী ওংছি॰। দুর্গাপ্রসাদ নাগ খরিদ সরকার ।১৩ ।৴৬	৩৬৬২ ।৶২	কেবল সরকারের খরীদা হিস্যা ইজারা হইবেক এই মহালে খালাড়ি ছিল
		হিঃ তারিণীশঙ্কর রায় /১২	১২৫৪৸৶৬	
		হিঃ রামনারায়ণ রায় /১২	১২৫৪৸৴৬	
		হিঃ মথুরমোহন রায় /১২	১২৫৪৸৶৬	
		হিঃ রামমোহন রায় /১২	১২৫৪৸৶৬	
		হিঃ গোপীনাথ রায় /১২	১২৫৪৸৶৬	
		হিঃ দেবনাথ রায /১৩ ।১৭	১৩০৬৲৭	
		হিঃ বিশ্বনাথ মুখোপাধ্যায় /১৩ ।১৭	১৩০৬৲৭	
		১	১২৫৪৯৲৭	
৬	১৫১ ঐ	পং বরিদহাটী ওং চন্দ হাটুরিয়া ওং		এই মহালের মধ্যে সরকারের খরিদা পাঁচ হিস্যার ইজারা হইবেক
		হিঃ নীলকমল সরকার খরিদ সরকার ৶৬॥=	৭৯৪০৲১০	মুফস্বল মহালে খালাড়ি এবং তৎবাবৎ জমা মফকুফ ছিল না
		হিঃ নিমচাদ মণ্ডল খরিদ সরকার ৶৬॥=	৭৯৪০৲১০	
		হিঃ গুরুপ্রসাদ চৌধুরী খরিদ সরকার ৶১৭॥=	৬৮৪২ ॥০	

নম্বর	কালেক্টরীর রেজিষ্টরির নম্বর	মহালের নাম		মোট সদর জমা কোম্পানি	কৈফিয়ৎ যাহা প্রকাশ করা আবশ্যক
		হিঃ রাধারমণ মণ্ডল খরিদ সরকার	/১১=	৩৭১৩৸৩	
		হিঃ যদুনাথ ঘোষ খরিদ সরকার	/১১=	৩৭১৩৸৩	
			৸১৩ ।–	৩০১৫০৵২	
		হিঃ ভগবতী দাসী		৭৯৪০৻১০	
		হিঃ বিশ্বম্ভর ঘোষ ও যদুনাথ ঘোষ	৶৬৷=	২০৩৭ ।৶২	
				৯৯৭৭৷০	
			১	৪০১২৭৷৵২	
৭	১৯৫	পং হাথিয়াঘর রাজারামপুর	১	৫৪০৸৶৮	খালাড়ি নাই
৮	২৮৯	পং মেদনমল্ল মৌং কিশোরপুরওং	১	১৩৫৹/১০	খালাড়ি নাই
৯	৪১৩	পং হাতিয়াঘর আবাদ ১পৈলা ভগবানপুর	১	১০৯১ ।০	ঐ
১০	৪২৩	পং ঐ আং বেলপুখুরিয়া	১	৫৩৯২ ৸/	ঐ
১১	৫৩	পং আনরপুর বরেয়া	১	১৵২	ঐ
১২	৫৮৪	ঐ	১	১ ।৷/১১	ঐ
১৩	৯৫২	পং হালীশহর কীং কুমারহট্ট	১	৪ ।১	
১৪	৯৫৩	পং ঐ কীং কোণা	১	১ ।৬	
১৫	৯৫৪	পং ঐ কীং মৌং কোণা	১	৷৶৩	
১৬		পরগনে মাগুরা মৌজে খিদিরপুর সরকারের খরিদা ভূমি নরিপীন বিখ্যাত মহাল	১	নির্দ্দিষ্ট নাই	দীর্ঘকাল যাবৎ এই সকল ভূমি সরকারের খরিদ হইয়াছে এবং খারিজদারের দ্বারা মালগুজারী আদায় হইতেছে আর এবং মফস্বল তৎপর্য্যন্ত জমার অবস্থা তদ্বিবরণ কালেকটরীতে হাজীর হইয়া জিজ্ঞাসা করিলে বিশেষ রূপে জ্ঞাত হইবেক।
১৭		ডাইমনহারবর		৯১ ।০	এই মহালের বাইরস্ত আর বন্দোবস্ত অবধারিত হইয়াছে

১৭ মহাল

24-Pergunnahs Collectorate, 7th May, 1845. — J. C. Dick, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ১০ জুন।]

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জিলা বলুআর নীচের লিখিত মহাল মালগুজারীর বাকী আদায়ের কারণ বর্তমান জুন মাসের ২৩ তারিখ সোমবারে ঐ জিলার কালেক্টরী কাছারিতে নীলামে বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের প্রকার	জিলার জমাওয়াসিল নকীর হইতে মহালের নম্বর	মহালের নাম	লিখিত মালিক	সদর জমা	বাঙ্গলা ১২৫১ সনের চৈত্র মাসের ৩০ তারিখে বাকী পাওনা	মন্তব্য কথা
১	ইস্তমরারী জমা ধার্য্য হওয়া মহাল	১৮৩	তালুক রামজীবন দাস পং বৈকুণ্ঠপুরের হিঃ ৵৶ আনা।	রামজীবন দাস	৮॥৯	৮॥৯	
ঐ	ঐ	৬০১	তালুক রফীকরিম জাইনুদ্দীন মুনাফৎ শাআলী পং অম্বরাবাদের হিঃ ॥৵১৩।–	আমীর উদ্দীন মহম্মদ	২৬৸৪	১৫৶৪	
ঐ	ঐ	১০৮২	তালুক কাস্তমণি ব্রাহ্মণ পং ঐ হিঃ ঐ।	কালিদাস মিত্র	৸৪	৸৪	
ঐ	ঐ	১১৮৭	তালুক মহম্মদ রাজা পং ঐ হিঃ ৵৬।=	পাঁচু তীরন্দাজ এবং মহম্মদ ইসফ	৯॥১০	৯॥১০	
						বাঙ্গলা ১২৫১ সনের শ্রাবণ মাসের ৩০ তারিখে বাকী পাওনা	
ঐ	ঐ	৩৮৫	তালুক কৃষ্ণরামপুর পং ঐ হিঃ ॥৵১৩।–	ভোলানাথ পাল ও রামহরি দে এবং কৃষ্ণকান্ত দত্ত।	৯৯৲৩	৩০৸৶	

Bulloah, Collectorate, 26th May, 1845. J. WHELER, *Deputy-Collector.*

[*Government Gazette*, 10th June, 1845.]

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারানুসারে জিলা হুগলীর নীচের লিখিত মহাল সন ১২৫১ সালের সালতামামি পাওনা মালগুজারীর নিমিত্তে সন ১৮৪৫ সালের ১৩ জুন শুক্রবার কালেক্টর সাহেবের কাছারীতে দিনাওয়রে জামি নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজী মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১২৫১ সালের সালতামামি খাজানা বাকী	মন্তব্য কথা
	ইস্তমরারী জমা ধার্য্য						
১	হওয়া মহাল	১৬৯৮ নং	বামুন ডাঙ্গা পং বালিয়া লাখোবাজ বাজেয়াপ্তী	রামজী বন্দ্যোপাধ্যায় রামকৃষ্ণ সমাদ্দার	৩৲	৩৲	১৮৪৫। ১৮ অপরেল এই মহাল নীলাম হইয়া ৫৲ টাকা পণে রামচাঁদ চট্টোপাধ্যায় খরিদ করিয়া বায়নার ১০ টাকা দাখিল করিয়া বাকী পণের টাকা এবং বাকীদার বাকী টাকা দাখিল না করিবায় এই মহাল পুনরায় বিক্রয় করা যাইবেক ইতি।

Hooghly Collectorate. D J Money, *Offg Collector.*

INSOLVENT COURT
দেওলিয়ারদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of CHARLES ROBERTSON FRANCIS, late of Mendy Bagaun, in the Town of Calcutta a Section Writer in the Home Department, and now a prisoner for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled, an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Saturday the fifth day of July next

The names of the Creditors of the said CHARLES ROBERTSON FRANCIS, appear in a Schedule filed with his said petition in the office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer

PAUL and SMEET
Attornies for the Insolvent

Calcutta, 31st May, 1845.

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

চার্লস রাবর্টসন ফ্রানসিস সাহেব

পূর্ব্বে কলিকাতা শহরের মেন্দিবাগান নিবাসি দেশীয় ডিপার্টমেন্টে এক জন সেক্সন রাইটর ছিলেন কিন্তু এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণের নিমিত্তে কয়েদ আছেন। তিনি ভারতবর্ষে দেওহীন ঋণিদের উপকারার্থে আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরীয় আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন। অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে ঐ সাহেবের দরখাস্তের বিষয় আগামি জুলাই মাসের ৫ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত চার্লস রাবর্টসন ফ্রানসিস সাহেবের মহাজনেরদের নামের তফসীল তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

পাউল এবং স্মেট।
দেওলিয়ানের উকীল।

কলিকাতা ১৮৪৫। ৩১ মে।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the Second day of the present month of June, the matters of the Petition of THOMAS BRANN, late of Lindsay Street, in the Town of Calcutta, a Bailiff in the Employ of the Sheriff of the town of Calcutta, aforesaid, and now a Prisoner confined for debt in the Common Goal of Calcutta, seeking the benefit

তামস ব্রাণ সাহেব

পূর্ব্বে কলিকাতা শহরের লিণ্ডসেষ্ট্রিটনিবাসি কলিকাতার সরিফের নীচে এক জন বেলিফ ছিলেন কিন্তু তিনি এক্ষণে ঋণের নিমিত্তে কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ আছেন। তিনি ভারতবর্ষে দেওহীন ঋণিদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরীয় আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত

of the Act of the Ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled, "an Act to provide for the Relief of Insolvent Debtors, in the East Indies, &c." are appointed to be heard in the said Court, on Saturday the second day of August next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the creditors of the said THOMAS BRANN, appear in the Schedule filed with his said Petition in the office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

SHAW and LYONS,
Attornies for the said Insolvent.

Calcutta, 3d June, 1845.

আদালতের বর্ত্তমান জুন মাসের ২ তারিখের হুকুমানুসারে তাঁহার দরখাস্তের বিষয় আগামি আগষ্ট মাসের ২ তারিখ শনিবার পূর্ব্বাহ্নে এগার ঘন্টার সময়ে শুনা যাইবেক।

উক্ত তামস ব্রাণ সাহেবের মহাজনেরদের নামের তফসীল তাঁহার দরখাস্তসম্বলিত ঐ আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

শা এবং লৈয়ন্স।
দেনদারের উকীল।

কলিকাতা। ১৮৪৫। ৩ জুন।

NOTICE.

100 Rupees reward for the apprehension of Gopaul, charged with administering poisonous drugs to one Sheafare, a woman of the town, residing in Mohullah Maradpore, Thannah Peerbupore, Zillah Patna, and with robbing the said Sheafare when in a state of insensibility

Gopaul, black complexion, face pitted with small pox middle stature wide forehead, black whiskers, flat nose, age about 40 years.

W DAMPIER, *Supt of Police L P*

Monghyr, 15th May, 1845

বিজ্ঞাপন।

জিলা পাটনার মহল্লা মুরাদপুরের পিরবপুর থানা নিবাসিনী সিয়াফেরনাম্নী এক জন বেশ্যাকে গোপাল নামক ব্যক্তি বিষ খাওয়াইয়া অচৈতন্য করিয়া তাহার দ্রব্যাদি অপহরণ করিয়াছে অতএব যে ব্যক্তি তাহাকে ধরিয়া দিবেক সে ১০০৲ টাকা পুরস্কার পাইবেক।

ঐ গোপালের বর্ণ কাল ও মুখেতে বসন্তের দাগ আছে ও তাহার উচ্চতা মাঝামাঝি ও তাহার কপাল চৌড়া ও তাহার কাল গোপ ও চেপ্টা নাক তাহার বয়স প্রায় চল্লিশ বৎসর।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।

মুঙ্গের। ১৮৪৫। ১৫ মে।

MISCELLANEOUS ADVERTISEMENTS

সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

RECEIVER'S OFFICE, SUPREME COURT.

NOTICE.

First Dividend at Co's Rs 28 per 100 Sa. Rs is now payable at the office of R. O'Dowda, Esq Trustee, amongst the Separate Claimants on the Estates of Sibnaram Sein, Debnaram Sein, Rajnaram Sein, Ramnaram Sein, and Roopnaram Sein, who have respectively proved the Claims before the Master of the Supreme Court pursuant to a Decree of date 31st July 1841, made in certain causes wherein Ramtonoo Mullick, and others are complainants, and Manuel Larruletta and others are defendants, and the other causes.

Court House, 26th May, 1845.

রিসিবর আফিস।
সুপ্রিম কোর্ট।
বিজ্ঞাপন।

যে২ এক মোকদ্দমার রামতনু মল্লিক ওগয়রহ ফরিয়াদী এবং মানুএল লরুলেটা সাহেব ওগয়রহ আসামী সেই মোকদ্দমায় এবং অন্যান্য মোকদ্দমায় ১৮৪১ সালের ৩১ জুলাই তারিখের ডিক্রীক্রমে শিবনারায়ণ সেন ও দেবনারায়ণ সেন ও রাজনারায়ণ সেন ও রামনারায়ণ সেন এবং রূপনারায়ণ সেনের ইষ্টেটের উপর যাহারা আপনারদের দাওয়া সুপ্রিম কোর্টের মাষ্টর সাহেবের সম্মুখে সাব্যস্ত করিয়াছেন তাহারদের প্রতিজনকে ঐ ইষ্টেটের ট্রুষ্টী শ্রীযুত আর ওডৌডা সাহেবের দপ্তরখানায় শতকরা ২৮৲ টাকার প্রথম ডিবিডেণ্ড এক্ষণে দেওয়া যাইবেক।

কোর্ট হোস। কলিকাতা। ১৮৪৫। ২৬ মে।

[*Government Gazett*, 10*th June*, 1845]

রিসিবর আফিস।
সুপ্রিম কোর্ট।
জমীদারী ইজারা।

লাল শীল ও উলিয়ম রিচার্ড ইয়ং সাহেব ও জেম্স ইয়ং সাহেব ও আর্চিবল্ড ক্ষ্ল সাহেব ও রিচার্ড ওয়াকর সাহেব ও হেনরি মেরিডিথ পার্কর সাহেব ও এড্বার্ড চার্লস রেবন্সা সাহেব ও চার্লস রেক্স সাহেব ও জান ষ্টর্ম সাহেব ও জর্জ সেরউড সাহেব ও জেম্স চার্লস কোলব্রুক সথরলেণ্ড সাহেব ও শামুএল স্মিথ সাহেব ও জান ডিন্স কাম্বেল সাহেব ও জান কারিংটন পামর সাহেব ও উলিয়ম সলটান পিলান্স সাহেব ও বাবু প্রসন্নকুমার ঠাকুর ও বাবু রমানাথ ঠাকুর ও কথবর্ট বেন্সলি থর্ণহিল সাহেব ও তামস স্কট সাহেব ও তামস সিউএল সাহেব ও ফ্রান্সিস ডাশ্বুড সাহেব ও চার্লস ডণ্ডাস মিচেল সাহেব ও আলেকজাণ্ডর গারক মাকেঞ্জি সাহেব ও হেনরি আগষ্টস উলষ্টন সাহেব ও ফ্রান্সিস পি মেন্দিস সাহেব ও উলিয়ম হেনরি জোন্স সাহেব ও পিটর ইনিস সাহেব ও রাবর্ট জান লাটি সাহেব ও জেনকিন্স লূএলিন সাহেব ও জান জেনকিন্স সাহেব ও আর্থর পিটার লাটি সাহেব ও আন্‌ড্রু হেণ্ডর্সন সাহেব ও জান গ্রাণ্ট সাহেব ও আলেকজাণ্ডর গার্ডন সাহেব ও উলিয়ম কব হরি সাহেব ও হেনরি হলরয়ড সাহেব ও রাবর্ট বিচর সাহেব ও ডানিএল এলিয়ট সাহেব ও এড্বার্ড গাষ্টিন সাহেব ও জান বিচর সাহেব ও জেম্স কালেন সাহেব ও তামস হাইড গার্ডিনর সাহেব ও ডনাল্ড মাক্লৌড গর্ডন সাহেব ও উলিয়ম হেনরি হার্টন সাহেব ও তামস হেনরি হক্লি সাহেব ও জে এম হিল সাহেব ও তামস ব্রাকেন সাহেব ও জান কার সাহেব ও থিয়োডোর ডিকিন্স সাহেব ও চার্লস ডেবরিন সাহেব ও উলিয়ম প্রিঙ্গল ডোনিং সাহেব ও জান কল্ডর সাহেব ও হেনরি বর্কিন্যং সাহেব ও চার্লস জান বর্কিন্যং সাহেব ও রড্রিক মাকেঞ্জি সাহেব ও জান উলিয়মসন মাক্লৌড সাহেব ও জান মলর সাহেব ও ই এলফিনিষ্টন সাহেব ও জে ডি মলিন্স সাহেব ও রিচার্ড বর্ড সাহেব ও আলফ্রেড পার্কর সাহেব ও সি জে পিটার সাহেব ও হেনরি পিডিংটন সাহেব ও জর্জ রজর্স সাহেব ও উলিয়ম রষ্টন সাহেব ও জেম্স সিডনি ষ্টপফোর্ড সাহেব ও রাবর্ট স্কট তামসন সাহেব ও সি এ বর্টানেস সাহেব ও উলিয়ম গ্রিনওএ সাহেব ও আর এস হম্‌ফ্রু সাহেব ও ফ্রান্সিস আগষ্টিন সাহেব ও রিচার্ড জে চেম্বর্স সাহেব ও আগা মহম্মদ ইব্রাহিম ও বিশ্বনাথ মতিলাল ও ব্রজনাথ ধর ও দুর্গাচরণ ধর ও অদ্বৈতচাঁদ দত্ত ও গুরুপ্রসাদ বসু ও গৌরমোহন গোস্বামী ও হাজি মীরজা মেহদি ইসপাহানি ও লক্ষ্মীনারায়ণ দত্ত ও মেঘনারায়ণ রায় ও মদনমোহন চাটুয্যা ও নবকৃষ্ণ সিংহ ও নীলকমল ঘোষ ও প্রাণকৃষ্ণ লাহা ও প্রাণকৃষ্ণ বাগচি ও রাজা রাধাকান্ত দেব ও রাধামাধব দত্ত ও রামচাঁদ ধর ও রাজচন্দ্র মুখুয্যা ও রাজবল্লভ শীল ও রাধাকান্ত মিত্র ও সেখ আলম উল্লা ও শ্রীকান্ত বাঁড়ুয্যা ও সীতানাথ বসু ও উমাচরণ বসু এবং অন্য যে সকল ব্যক্তিরা এবং চার্টরযুক্ত সমাজ এই কর্ম্মের নিমিত্তে সহী করিয়াছেন অথবা উত্তর কালে সহী করেন এবং তাঁহারদের নানা ও বিশেষ২ উত্তরাধিকারী ও টর্নি ও আড্‌মিনিষ্ট্রেটর্স এবং আসৈন এই আইনের নির্দ্দিষ্ট অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্তে এক কোম্পানিতে সংযুক্ত হইবেন এবং এই আইনের দ্বারা তাঁহারা সংযুক্ত হইলেন এবং "আসাম কোম্পানি" নামে বিখ্যাত চার্টরপ্রাপ্ত সমাজস্বরূপ সংস্থাপিত হইবেন এবং থাকিবেন এবং সেই নামেতে তাঁহারদের অনবরত পর্য্যায় থাকিবেক এবং তাঁহারদের এক সাধারণ মোহর থাকিবেক এবং সেই নামেতে তাঁহারা নালিশ করিবেন ও সেই নামেতে তাঁহারদের বিরুদ্ধে নালিশ হইবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে আসাম দেশে এবং পূর্ব্বোক্ত ভারতবর্ষের উত্তরপূর্ব্ব ভাগে ঐ কোম্পানিকে যে সকল ভূমি দেওয়া গিয়াছে সেই২ ভূমিতে উক্ত কোম্পানি চার বৃক্ষের কৃষি করিতে এবং তাহা বাড়াইতে পারিবেন এবং তাহার উৎপন্ন চা প্রস্তুত করিতে ও

of India aforesaid, and to manufacture and dispose of the Tea the growth thereof, and generally to carry on the business of cultivating the Tea Plant, and manufacturing or preparing the same for sale and exportation, and for such purposes to take and hold or make any such grants, leases or purchases, or other acquisitions of land in perpetuity, or for any term of years as the Governor-General in Council shall approve, such approval to be signified in writing under the hand of one of the Secretaries to the Government of India, and if requisite to sell, dispose of and alienate the same respectively, and to form, erect and make all such establishments, buildings, works and conveniences as the said Company shall think proper, and generally to use all such other ways and means as to the said Company shall seem meet for carrying into effect the objects aforesaid, and also (if they shall deem it advisable) to engage in or prosecute the cultivation, manufacture or preparation of all and any such other products and articles as may be found expedient for, or incidental, or assistant to the production of Tea. Provided always that the said Company shall not engage in or prosecute the cultivation, manufacture or preparation of Opium, Coffee or Sugar.

III. And it is hereby enacted, that the Capital of the said Company shall consist of Company's Rupees 50,00,000, to be contributed in 10,000 Shares of Company's Rupees 500 each, which shall be the original Capital of the said Company, and of such further sum as may be raised by the creation and sale of new Shares as hereinafter provided for. Provided always that it shall and may be lawful for the said Company at any time, and from time to time to encrease the Capital of the said Company to any amount not exceeding One Crore of Company's Rupees altogether by the issue of fresh Shares of Company's Rupees 500 each upon such terms as to them shall seem fit.

IV. Provided always and it is hereby enacted, that it shall not be lawful for the said Company to raise money by way of loan to a greater amount than one-fifth of the Capital of the said Company.

V. And it is hereby enacted, that all and every the Grants of Land already made, obtained or contracted for by the said Society or Company in the names of any Directors or Director thereof, or of any person or persons, and the plantations and works made and erected thereon and the produce thereof, and all offices, ware-houses, and buildings, and all articles whatsoever upon or appertaining thereto, or used therewith, and all property, real and personal, goods, articles and things whatsoever purchased, taken, bought, grown, produced or otherwise acquired for the purposes of the said Company, and all the estate, right, title and interest whatsoever therein both at Law and in Equity to all intents and purposes shall henceforth vest in and belong to the said "Assam Company," and their successors in their corporate capacity, and that no individual Subscriber or

বিক্রয় করিতে পারিবেন এবং সামান্যতঃ চার বৃক্ষের কৃষিকরণের ব্যবসা চালাইতে পারিবেন এবং তাহা বিক্রয় করণের এবং বিদেশে প্রেরণের নিমিত্তে তাহা প্রস্তুত অথবা তৈয়ার করিতে পারিবেন এবং সেই কর্ম্ম নির্ব্বাহের নিমিত্তে মৌরুসীরূপে অথবা কোন বৎসরের মিয়াদে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যাহাতে সম্মত হন্ সেইমতে ভূমি লইতে ও পাট্টাক্রমে ধারণ করিতে অথবা ক্রয় করিতে কি অন্য কোন প্রকারে হস্তগত করিতে পারেন্ এবং শ্রীযুতের ঐ সম্মতি ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারীর মধ্যে কোন এক জন সেক্রেটারীর দস্তখৎক্রমে জ্ঞাত করা যাইবেক। এবং উক্ত কোম্পানি আবশ্যকমতে ঐ ভূমি বিক্রয় করিতে ও দান করিতে এবং হস্তান্তর করিতে পারেন্ এবং ঐ কোম্পানি যেমত উচিত বোধ করেন্ সেইমত সিরিশ্‌তা নিযুক্ত করিতে ও এমারৎ ও কারখানা গাঁথিতে ও যে কোন বিষয় সুগম হয় তাহা করিতেও পারেন্ এবং সামান্যতঃ পূর্ব্বোক্ত অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্তে উক্ত কোম্পানির বিবেচনায় অন্য যে কোন কর্ম্ম বা উপায় উপযুক্ত বোধ হয় তাহা করিতে পারেন্। এবং আরো যদি ঐ কোম্পানির উচিত বোধ হয় তবে চা উৎপন্ন করিতে যাহা ঔপায়িক বা তদ্দূঘটিত কি উপকারক বোধ হয় এইমত অন্যান্য বৃক্ষ বা দ্রব্যের কৃষি করিতে কিম্বা প্রস্তুত করিতে বা তৈয়ার করিতে পারেন্। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত কোম্পানি আফীন কি কাওয়া বা চিনির কৃষি করিতে বা তাহা প্রস্তুত করিতে কি তৈয়ার করিতে পারিবেন না ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানির মূল ধন কোং ৫০,০০,০০০৲ লক্ষ টাকা হইবেক এবং তাহা কোং ৫০০৲ টাকা করিয়া ১০,০০০৲ স্যারে বিভক্ত হইবেক এবং তাহা ঐ কোম্পানির আসল মূল ধন জ্ঞান হইবেক এবং পশ্চাৎ নির্দ্দিষ্টমতে নূতন স্যার সৃষ্টিকরণ ও বিক্রয় করণেতে যে টাকা উৎপন্ন হয় তাহাও ঐ কোম্পানির মূল ধনের মধ্যে গণ্য হইবেক। এবং উক্ত কোম্পানি কোন সময়ে এবং সময়ক্রমে যে২ নিয়ম তাঁহারদের উচিত বোধ হয় সেই২ নিয়মক্রমে কোং ৫০০৲ টাকা করিয়া নূতন স্যার সৃষ্টি করিয়া আপনার মূল ধন সর্ব্বসুদ্ধ কোং এক কোটি টাকাপর্য্যন্ত বাড়াইতে পারেন্ ইতি।

৪ ধারা। কিন্তু ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানির যে মূল ধন থাকে তাহার পাঁচ ভাগের এক ভাগের অধিক কর্জ্জ করিতে পারিবেন না ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সোসৈটি অথবা কোম্পানি আপনার অধ্যক্ষেরদের অথবা অধ্যক্ষের নামে অথবা কোন ব্যক্তি বা ব্যক্তিরদের নামে যে সকল ভূমি পাইয়াছেন অথবা হস্তগত করিয়াছেন অথবা যে ভূমির নিমিত্তে তাঁহারা বন্দোবস্ত করিয়াছেন তাহা এবং তাহার উপর যে সকল বৃক্ষ রোপণ করিয়াছেন এবং যে সকল কারখানা করিয়াছেন এবং তাহার উৎপন্ন দ্রব্য এবং সেই ভূমির উপর অথবা তৎসম্পর্কে কি তাহার সঙ্গে ব্যবহারকরা সকল দপ্তরখানা এবং গুদাম ও এমারৎ ও দ্রব্য এবং ঐ কোম্পানির অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্ত যে সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি ও যে সকল জিনিস ও দ্রব্য ও সামগ্রী ক্রয় হইয়াছিল বা লওয়া গিয়াছিল কি খরীদ হইয়াছিল বা জন্মিয়াছিল কিম্বা সৃষ্টি হইয়াছিল কি প্রাপ্ত হওয়া গিয়াছিল এবং সেই সকল বিষয়ে আইনানুসারে ও একুটীপক্ষে উক্ত কোম্পানির যে ইষ্টেট ও হক ও অধিকার ও সম্পর্ক আছে তাহা সর্ব্ব প্রকারে এবং সকল কার্য্যের নিমিত্তে উক্ত আসাম কোম্পানি এবং তাঁহারদের সামাজিক উত্তরাধিকারিরদিগকে অর্পণ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ৫ আগষ্ট।]

Shareholder thereof shall as such have or pretend to any estate, ownership or right of property therein.

VI. And it is hereby enacted, that the said Company shall have full power to make and constitute any Bye-Laws, Rules and Regulations not repugnant to Law or to this Act for and relating to the government and affairs of the Company, and for the government and guidance of the Directors and Officers, and from time to time to rescind, alter and vary the same, and that the provisions of the said Deed of Association shall until duly altered or abrogated constitute and be deemed the first Bye-Laws, Rules and Regulations of the said Company, and shall have and take effect as such so far and in such particulars as the same are not repugnant to Law or to this Act.

VII. Provided always and it is further enacted, that nothing herein contained shall be construed to render illegal or invalid any general or other Meeting of the said Company, or of the managing body thereof, or any election, resolution or other proceeding whatsoever held, made or passed thereat by reason of the same being held in pursuance of the said Bye-Laws, Rules and Regulations so contained in the said Deed of Association.

VIII. And it is hereby enacted, that a General Meeting of the said Company shall be held at the principal office or place of business of the said Company at Calcutta twice at the least in every year and oftener, when and if need shall be, the time of holding which periodical Meetings, and the form and mode of requisition for holding special or extraordinary Meetings, and of advertising and giving notice thereof respectively shall be settled and determined by Bye-Law or Rule of the said Company. And that at all such General Meetings, whether periodical or special, every Proprietor holding 5 Shares and less than 20 Shares, shall be entitled to 1 vote; 20 and less than 50 Shares, to 2 votes; 50 and less than 100 Shares to 3 votes; 100 Shares and upwards, to 4 votes; but that no Proprietor shall be entitled to vote who shall not hold at least 5 Shares; provided, however, that except as to the present Proprietors of the said Company and the Shares now held by them only the Shares in respect of which any Proprietor shall claim to vote shall have been held for such period of time as is or shall be required by Bye-Law of the said Company; provided always, and it is hereby enacted that votes given by proxy according to any Bye-Law, Rule or Regulation of the said Company shall be deemed to be as valid and effectual as if given in person.

IX. And it is hereby enacted, that at such periodical Meetings as aforesaid, the Books and Accounts of the said Company shall be produced and exhibited for the inspection, examination and approval of the Subscribers or Shareholders at large, and that at each of such periodical Meetings there shall be produced and presented by the Directors, or other Officers of the said Company for the time

হইবেক এবং তাঁহারদেরি থাকিবেক। এবং কোন বিশেষ স্বাক্ষরকারি অথবা অধিকারির তাহাতে কোন ইষ্টেট বা স্বামিত্ব কি সম্পত্তির অধিকার থাকিবেক না ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ কোম্পানির কার্য্য ও কর্তৃত্ব নির্ব্বাহের নিমিত্তে এবং ঐ কোম্পানির অধ্যক্ষের ও আমলারদের কার্য্য চালাইবার ও উপদেশের নিমিত্ত যে কোন বিধান ও নিয়ম ও দাঁড়া সাধারণ আইনের অথবা এই আইনের বিরুদ্ধ না হয় তাহা স্থাপন করিতে এবং সময়ক্রমে তাহা রদ ও মতান্তর ও ফেরফার করিতে ঐ কোম্পানির সম্পূর্ণ ক্ষমতা থাকিবেক। এবং উক্ত সমাজের সম্বন্ধপত্রের বিধান যাবৎ রীতিমতে মতান্তর অথবা রদ না হয় তাবৎ উক্ত কোম্পানির প্রথম বিধান ও নিয়ম ও দাঁড়া হইবেক এবং যেপর্য্যন্ত ও যে২ বিষয়ে ঐ২ বিধান সাধারণ আইন অথবা এই আইনের বিরুদ্ধ না হয় সেইপর্য্যন্ত এবং সেই২ বিষয়ে তাহা বলবৎ থাকিবেক ইতি।

৭ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত সমাজের সম্বন্ধপত্রের লিখিত বিধান ও নিয়ম ও দাঁড়ানুসারে হইয়াছে বলিয়া উক্ত কোম্পানির অথবা তাঁহারদের কর্তৃত্বকারিরদের কোন সাধারণ কিম্বা অন্য বৈঠক অথবা সেই বৈঠকে ব্যক্তিকে মনোনীত করণ কার্য্য কিম্বা নির্দ্ধার্য্যহওয়া কোন কার্য্য কিম্বা অন্য কোন কর্ম্ম এই আইনের লিখিত কোন বিষয়প্রযুক্ত বেআইনী অথবা অসিদ্ধ হইবেক না ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কলিকাতায় উক্ত কোম্পানির প্রধান দপ্তরখানায় অথবা কর্ম্মস্থানে প্রতিবৎসরে অন্যূন দুইবার এবং আবশ্যক হইলে অধিকবার উক্ত কোম্পানির সাধারণ বৈঠক হইবেক এবং ঐ সাময়িক বৈঠকের সময় নিরূপণ এবং বিশেষ অথবা উপরি বৈঠক আহ্বান করণের নিয়ম এবং তাহার ইশতিহার ও এত্তেলা দেওনের প্রকার উক্ত কোম্পানির বিধান অথবা নিয়মের দ্বারা নিরূপণ এবং ধার্য্য হইবেক। এবং ঐ সকল সাধারণ বৈঠকে তাহা সাময়িক হউক বা বিশেষ হউক যে প্রত্যেক অধিকারির ৫ স্যার থাকে এবং ২০ স্যারের ন্যূন না থাকে তাঁহার এক বোট হইবেক এবং যাঁহারদের ২০ স্যার এবং ৫০৲ স্যারের কম না থাকে তাঁহারদের ২ বোট হইবেক এবং যাঁহারদের ৫০ অবধি ১০০ পর্য্যন্ত স্যার থাকে তাঁহারদের ৩ বোট হইবেক এবং যাঁহারদের ১০০ অথবা তদপেক্ষা অধিক স্যার থাকে তাঁহারদের ৪ বোট হইবেক কিন্তু যে অধিকারির অন্যূন ৫ স্যার না থাকে তাঁহার কোন বোট হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত কোম্পানির বর্ত্তমান অধিকারী এবং তাঁহারদের এক্ষণে যে স্যার আছে তাহা বর্জ্জিত হইয়া যে মিয়াদ উক্ত কোম্পানির বিধানে নিরূপণ আছে বা নিরূপণ হইবেক কেবল সেই মিয়াদ ব্যাপিয়া যে অধিকারী আপন স্যার রাখিয়া থাকেন তিনি কোন বোট দিতে পারিবেন। এবং আরো হুকুম হইল যে উক্ত কোম্পানির কোন বিধান বা দাঁড়া কি নিয়মানুসারে যে বোট কোন প্রতিনিধির দ্বারা দেওয়া যায় তাহা অধিকারী স্বয়ং দিলে যেরূপ বলবৎ ও সিদ্ধ হইত সেইরূপ হইবেক ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত সাময়িক বৈঠকে উক্ত কোম্পানির বহী এবং হিসাব সাধারণ স্বাক্ষরকারি অথবা স্যারধারিরদের দেখন এবং বিবেচনা করণ ও মঞ্জুর করণের নিমিত্তে দরপেশ হইবেক এবং দর্শান যাইবেক। এবং উক্ত প্রত্যেক সাময়িক বৈঠকে তৎকালীন উক্ত কোম্পানির অধ্যক্ষ অথবা অন্য আমলারা হিসাবের যথার্থ চুম্বক এবং জমাওআসীল বাকীর ফর্দ্দ উপস্থিত করিবেন এবং দরপেশ করিবেন এবং তাহার

being a true account in abstract and balance sheet, shewing the whole of the receipts and disbursements and operations of the said Company commencing from the date of their next preceding periodical Meeting and Account brought down to the date of holding such periodical Meeting at which the same shall be produced, or as near thereto as conveniently may be, and that such abstract account and balance sheet when examined, approved or passed by such or any subsequent Meeting shall immediately be published in the *Government Gazette* of Calcutta, and in two public Newspapers of general circulation at Calcutta aforesaid.

অব্যবহিত পূর্ব্বের সাময়িক বৈঠকের তারিখঅবধি যে সাময়িক বৈঠকে ঐ হিসাব দাখিল হয় সেই বৈঠকের তারিখপর্য্যন্ত অথবা অক্লেশে তাহার যত নিকট হইতে পারে সেইপর্য্যন্তের উক্ত কোম্পানির সমুদয় জমা ও খরচ ও কার্য্যের বিবরণ ঐ জমাওআসীলবাকীর ফর্দ্দেতে লেখা থাকিবেক। এবং ঐ চুম্বক এবং জমাওআসীলবাকীর ফর্দ্দ সেই বৈঠকে অথবা তাহার পর কোন বৈঠকে তজবীজ এবং মঞ্জুর অথবা স্বীকার হইলে তাহা অগৌণে কলিকাতার গবর্ণমেণ্ট গেজেটে এবং কলিকাতার যে দুই সম্বাদপত্রের অধিক গ্রাহক আছে তাহাতে প্রকাশ হইবেক ইতি।

X. And it is hereby enacted, that all payments already made on account of the Shares subscribed for in the said Company shall be deemed valid and effectual payments, and are hereby acknowledged and confirmed.

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানির স্যারের নিমিত্তে যে টাকা ইহার পূর্ব্বে দেওয়া গিয়াছে তাহা বলবৎ ও সিদ্ধ হইবেক এবং ইহার দ্বারা তাহা স্বীকার ও বহাল হইল ইতি।

XI. And it is hereby enacted, that a Certificate signed by three Directors of the said Company shall be delivered to every Proprietor or Shareholder of the said Company, and that any Share of the said Company shall be transferable by indorsement made on the Certificate representing such Share or Shares respectively by the holder thereof, provided that such indorsement shall specify the name of the party to whom such transfer is made; provided always that no such indorsement shall be effectual to transfer any Share or Shares until the transfer shall have been registered in a registry to be kept for that purpose at the Principal Office in Calcutta of the said Company, and until a note of such registration and of the date thereof shall have been made on the back of the indorsed Certificate under the hand of the Secretary of the said Company for the time being, or of such other Officer as shall be appointed by the said Company for that purpose.

১১ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানির তিন জন অধ্যক্ষের সহীকরা এক সর্টিফিকট উক্ত কোম্পানির প্রত্যেক অধিকারি অথবা স্যারধারিকে দেওয়া যাইবেক এবং সেই স্যার বা স্যারসকলের সর্টিফিকটের পৃষ্ঠে ঐ সর্টিফিকটের মালিকের দস্তখতের দ্বারা উক্ত কোম্পানির কোন স্যার হস্তান্তর হইতে পারে কিন্তু যে ব্যক্তিকে ঐ সর্টিফিকট হস্তান্তর করিয়া দেওয়া গেল তাঁহার নাম বিশেষরূপে পৃষ্ঠে লিখিতে হইবেক। কিন্তু উক্ত কোম্পানির কলিকাতার প্রধান দফ্তরখানায় স্যারের হস্তান্তর করিবার যে রেজিষ্টরী বহী রাখা যাইবেক যাবৎ সেই বহীতে ঐ হস্তান্তর করণ লেখা না যায় এবং যাবৎ ঐ কোম্পানির তৎকালীন সেক্রেটারী অথবা তন্নিমিত্তে উক্ত কোম্পানির নিযুক্ত অন্য আমলা ঐ রেজিষ্টরী হওন এবং তাহার তারিখ ঐ পৃষ্ঠে দস্তখৎকরা সর্টিফিকটের পৃষ্ঠে না লেখেন তাবৎ ঐ দস্তখতের দ্বারা কোন স্যার বা স্যারসকলের হস্তান্তর করা সিদ্ধ হইবেক না ইতি।

XII. And it is hereby enacted, that the Shares of and in the said Company shall, as between the several Proprietors thereof, and their real and personal representatives, and all other persons claiming under them, be deemed to be personal Estate to all intents and purposes whatsoever, and be transmitted and transmissible and disposed of accordingly.

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানির নানা অধিকারির এবং তাঁহারদের স্থাবর ও অস্থাবর সম্পত্তির উর্ত্তরিদের এবং অন্যান্য যে ব্যক্তি ঐ অধিকারির সম্বন্ধে দাওয়া রাখেন্ তাঁহারদের মধ্যে পরস্পর ঐ কোম্পানির স্যার সর্ব্বপ্রকারে এবং সকল কার্য্যের নিমিত্তে অস্থাবর ইষ্টেট অর্থাৎ সম্পত্তি জ্ঞান হইবেক এবং তাহা হস্তান্তর হইবেক এবং হস্তান্তর হওনের যোগ্য হইবেক এবং তাহা অস্থাবর সম্পত্তির ন্যায় ক্রয়বিক্রয় হইতে পারে ইতি।

XIII. And it is hereby enacted, that for the purpose of satisfying any demands upon the said Company, or for the purpose of raising any further Capital that shall become requisite for the purposes aforesaid, the several Subscribers or Shareholders shall pay up the whole or any part of the unpaid amount of their respective Shares by instalments to be called for by such persons in such manner, and to be paid at such times and places and manner as shall be appointed for that purpose by any Bye-Law or Regulation of the said Company.

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানির উপর যে কোন দাওয়া ঘটে তাহা সংশোধনের নিমিত্তে এবং পূর্ব্বোক্ত কার্য্য সম্পন্ন করণার্থ অধিক যে মুলধনের আবশ্যক হয় তাহা পাইবার নিমিত্তে নানা স্বাক্ষরকারি অথবা স্যারধারিরা কিস্তিবন্দী করিয়া আপনং স্যারের অবশিষ্ট টাকার সমুদয় অথবা কোন ভাগ দিবেন। এবং উক্ত কোম্পানির কোন বিধান অথবা নিয়মের দ্বারা যেরূপে নিরূপণ হয় সেইরূপে নিরূপিত ব্যক্তি ঐ কিস্তি তলব করিবেন এবং ঐ নিরূপিত প্রকারে ও নিরূপিত সময়ে ও নিরূপিত স্থানে ঐ কিস্তি দেওয়া যাইবেক ইতি।

XIV. And it is hereby enacted, that it shall be lawful for the said Company by Bye-Law or Rule to provide that if any such instalment be not paid on or before the day fixed for the payment

১৪ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানি এইমত কোন বিধান অথবা নিয়ম করিতে পারেন্ যে ঐ কিস্তি দেওনের নিমিত্তে যে দিন নিরূপণ হয় সে দিনে কি তাহার পূর্ব্বে যদি সেই কিস্তি না

thereof, interest after any legal rate to be appointed by such Bye-Law or Rule shall be paid upon such instalment from such day up to the day when the same shall be actually paid, and the amount of any such call with interest shall be a debt due to the said Company, and it shall be lawful for the said Company in like manner to make any provision or provisions for the forfeiture of any Share or Shares on the non-payment of any such instalment and interest or the restoration of any forfeited Share or Shares. Provided that no such forfeiture shall be incurred until after default shall have been made for at least three calender months.

XV. And it is hereby enacted, that the said Company shall have the benefit of and shall be bound by all the Contracts, Acts, Deeds, Matters and Things which up to the passing of this Act have been done, executed and performed by the Provisional Committee, or the Partnership Association constituted under the said Deed of the 31st January 1840, and hitherto known as the Assam Company for the purpose of forming and establishing the said Company, or by, or with their or any of their order, direction or sanction in regard thereto, or to the business, or the funds, or property thereof, or in any wise relating thereto. And the said Company shall and may in manner hereinmentioned and provided in that behalf, sue and be sued thereon, and in respect thereof, and shall have and be subject to the like rights and liabilities in respect thereof, as the said Partnership Association or the Members thereof would have been.

XVI. And it is hereby enacted that a copy of the Original Deed of Association of the said Company, and copies of all Rules, Orders, Bye-Laws, Regulations or Proceedings of the said Company, or other Instruments whatsoever, whereby any change shall at any time be made by the authority of the said Company in the provisions of the said Original Deed of Settlement shall be kept at the Office of the said Company in Calcutta, and shall there be open to the inspection of all persons during the usual hours of business of the said Office, and a copy of such Original Deed of Settlement, and a copy of each such Rule, Order, Bye-Law, Regulation, Proceeding or Instrument as aforesaid, shall also be deposited by the said Company as soon as it can be done after the passing of this Act, or after the making of any such Rule, Order, Bye-Law, Regulation, Proceeding or Instrument hereafter to be made, in the Office of the Prothonotary of the Supreme Court of Judicature at Fort William aforesaid, and shall be there filed, and be and remain open to the inspection of all persons during the usual hours of such Office, and an examined copy of each such filed copy as aforesaid certified by and under the hand of the Prothonotary for the time being of the said Supreme Court shall be good and sufficient evidence of each such Original Deed, Rule, Order, Bye-Law, Regulation, Proceeding or Instrument in

[*Government Gazette, 5th August*, 1845.]

দেওয়া যায় তবে ঐ বিধান অথবা নিয়মে নিরূপণ করা আইনের হারানুসারে সুদ ঐ কিস্তির উপর তলবের দিবসঅবধি দাখিলের দিবসপর্য্যন্ত চলিবেক এবং যে টাকা এইরূপে সুদসমেত তলব হয় তাহা উক্ত কোম্পানির পাওনা টাকার ন্যায় গণ্য হইবেক। এবং উক্ত কোম্পানি ঐ প্রকার কোন কিস্তি এবং সুদ না দেওয়াপ্রযুক্ত কোন এক বা ততোধিক স্যার জব্দ করিতে পারেন অথবা সেই জব্দকরা স্যার বা স্যারসকল ফিরিয়া দেওনের বিষয়ে নিয়ম করিতে পারেন্। কিন্তু অন্যূন তিন মাসপর্য্যন্ত যদি টাকা দেওনের ত্রুটি না হইয়া থাকে তবে ঐ স্যার জব্দ হইবেক না ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ক্ষণেক কালের কমিটি অথবা যে অধিকারির সমাজ ১৮৪০ সালের ৩১ জানুআরি তারিখের উক্ত সম্বন্ধপত্রানুসারে সংস্থাপিত হইয়াছিলেন এবং এইপর্য্যন্ত উক্ত কোম্পানি স্থাপন ও নিরূপণ করিবার নিমিত্ত আসাম কোম্পানি নামে বিখ্যাত আছেন সেই অধিকারির সমাজ যে সকল বন্দোবস্ত বা কর্ম্ম বা ক্রিয়া কি কার্য্য অথবা ব্যাপার এই আইন জারী না হওয়াপর্য্যন্ত করিয়াছিলেন অথবা সম্পন্ন করিয়াছিলেন কি শেষ করিয়াছিলেন অথবা উক্ত অধিকারির সমাজের হুকুম বা আজ্ঞা অথবা অনুমতির দ্বারা সেই বিষয়ে অথবা ঐ কোম্পানির কার্য্য বা টাকা অথবা সম্পত্তির বিষয়ে বা কোন প্রকারে তৎসম্পর্কে যে বন্দোবস্ত কর্ম্মপ্রভৃতি হইয়াছিল এই আইনের দ্বারা স্থাপিত আসাম কোম্পানি সেই বন্দোবস্ত কর্ম্মপ্রভৃতির উপকার প্রাপ্ত হইবেন এবং তাহার দায়ী হইবেন। এবং এই আইনের নির্দ্দিষ্ট এবং তন্নিমিত্ত নিরূপিতমতে উক্ত কোম্পানি সেই বিষয়ে এবং তৎসম্পর্কে নালিশ করিতে পারেন্ এবং তাঁহারদের নামে নালিশ হইতে পারে এবং অধিকারির সমাজের অথবা তাহার অন্তঃপাতির সেই বিষয়ে যেরূপ স্বত্ব ও দায় হইত আসাম কোম্পানির সেইরূপ স্বত্ব ও দায় হইবেক ইতি।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানির আসল সম্বন্ধপত্রের এক নকল এবং উক্ত কোম্পানির সকল বিধি ও হুকুম ও বিধান ও নিয়ম অথবা কার্য্যের বিবরণের নকল অথবা অন্য যে কোন দলীলদস্তাবেজের দ্বারা উক্ত কোম্পানির হুকুমে কোন কালে উক্ত বন্দোবস্তের আসল পত্রের নিয়মেতে কোন ফেরফার হয় এই সকল কলিকাতায় উক্ত কোম্পানির দপ্তর খানাতে রাখা যাইবেক এবং উক্ত দপ্তরখানার কার্য্যের নিয়মিত সময়ের মধ্যে সকল লোকের দৃষ্টিগোচরের নিমিত্তে তাহা খোলা থাকবেক। এবং ঐ বন্দোবস্তের আসল পত্রের এক নকল এবং ঐরূপ প্রত্যেক বিধি ও হুকুম ও বিধান ও নিয়ম ও কার্য্যের বিবরণ অথবা দলীল দস্তাবেজের এক নকল এই আইন জারীহওনের পর অথবা বিধি বা হুকুম বা বিধান কি নিয়ম অথবা কার্য্যের বিবরণ কি দলীলদস্তাবেজ হওনের পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র উক্ত কোম্পানির দ্বারা ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের প্রথনটেরী সাহেবের দপ্তরখানায় দাখিল হইবেক এবং সেইখানে নথীর শামিল করা যাইবেক এবং সেই দপ্তরের কার্য্যের নিরূপিত সময়ের মধ্যে তাহা সকল লোকের দৃষ্টিগোচরের নিমিত্তে খোলা থাকিবেক। এবং সেইরূপ নথীতে গাঁথা হওয়া কাগজপত্রের মোকাবিলাহওয়া নকলে সুপ্রিম কোর্টের তৎকালীন প্রথনটেরী সাহেবের দস্তখৎ ও সর্টিফিকট হইলে যে দেশের নিমিত্তে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে আইন করিতে পারেন্ সেই সকল দেশ ব্যাপিয়া আদালতের ক্ষমতাক্রমে কার্য্য করণ সময়ে অথবা আদালতের বিচারের পূর্ব্বে কোন কার্য্য নিষ্পন্ন করণ সময়ে কোন আদালতে অথবা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অথবা অন্য কোন কর্ম্মকার-

all Actions, Suits and Proceedings whatsoever, whether Civil or Criminal, to be had in any Court of Justice, or before any Magistrate or other Officer whether acting judicially, or in any proceeding preliminary to a judicial enquiry throughout the Territories for which the Governor-General in Council has power to legislate.

XVII. And it is hereby enacted, that the said Company shall cause the name of each and every Director of the said Company, and also the name and proper official description of each and every Officer of the said Company, and of every person acting and officiating for the time being as such Officer to be entered in a book to be kept at the said Principal Office in Calcutta of the said Company, to be there open to the inspection of all persons during the usual hours of business of the said Office, and shall also within six months from the time of passing this Act cause a Memorial of the said names and descriptions respectively to be enrolled in the said Office of the Prothonotary of the said Court, and a fresh Memorial thereof to be from time to time enrolled as often as any change or changes shall be made or take place either in the Direction aforesaid or in any of the said Offices.

XVIII. And it is hereby further enacted, that the said Company shall cause the names, places of residence, and descriptions of the business, profession or employment of the Proprietors of Shares in the said Capital Stock, and the number of Shares held by each Proprietor, to be registered in a book and numbered in a regular consecutive series beginning with No. 1, and such book shall be kept at the said Office in Calcutta of the said Company, and shall there be open to the inspection of all persons during the usual hours of business, and each successive transfer or change of Ownership in any Share or Shares shall be entered in the manner above mentioned with the like particulars above mentioned in the said book, and against the original entry of such Share or Shares shall be entered a note of every such change of Ownership or transfer, with a sufficient reference to the place or places in such book wherein is or are made the entry or entries of the name or names, place or places of residence and descriptions of the Proprietor or Proprietors to whom or in whose favour such transfer or change, transfers or changes shall have been made or had from time to time as aforesaid.

XIX. And it is hereby enacted, that the said Company shall sue and be sued, and described in and by its said corporate name and not otherwise in all proceedings whatsoever, whether Civil or of a Penal or Criminal character, and whether the same be the proceedings of any Court, or of any Magistrate or other Officer executing any enquiry either preliminary to, or in the nature of a judicial investigation or enquiry, and shall for all purposes of jurisdiction be capable of suing and proceeding, and be liable to be sued and proceeded against in its said corporate name, character and

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৫। ৫ আগষ্ট।]

কের সম্মুখে হওয়া কোন দেওয়ানী অথবা ফৌজদারী নালিশ ও মোকদ্দমা ও কার্য্যে সেই সকল সেই বন্দোবস্তের পত্র এবং বিধি ও হুকুম ও বিধান ও নিয়ম ও কার্য্যের বিবরণ ও দলীলদস্তাবেজ থাকনের উত্তম ও যাতবর প্রমাণ জ্ঞান হইবেক ইতি।

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানির প্রত্যেক অধ্যক্ষের নাম এবং উক্ত কোম্পানি আপনার প্রত্যেক কর্ম্মকারকের নাম ও তাঁহার উপযুক্ত পদের খ্যাতির নিদর্শন এবং যে কোন ব্যক্তি কিছু কালের নিমিত্ত ঐ কর্ম্মকারকের এওজে কর্ম্ম করেন্ তাঁহার নাম একটা বহীর মধ্যে লিখিবেন এবং ঐ বহী উক্ত কোম্পানির কলিকাতাস্থ প্রধান দফ্তরখানাতে থাকিবেক এবং ঐ দফ্তরখানার কার্য্যের নিরূপিত সময় ব্যাপিয়া তথায় সকল লোকের দৃষ্টিগোচরের নিমিত্তে তাহা খোলা থাকিবেক। এবং এই আইন জারী হওনের পর ছয় মাসের মধ্যে উক্ত কোম্পানি উক্ত ব্যক্তিরদের নাম ও পদের এক ফিরিস্তি উক্ত সুপ্রিম কোর্টের প্রথনটেরী সাহেবের দফ্তরখানাতে দাখিল করিবেন এবং উক্ত কোম্পানির অধ্যক্ষেরদের মধ্যে অথবা তাহার কোন কর্ম্মকারকেরদের মধ্যে যদি কোন ফেরফার হয় তবে সময়ে২ তাহার এক নূতন ফিরিস্তি ঐ দফ্তরখানায় দাখিল করিতে হইবেক ইতি।

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কোম্পানির মূল ধনের স্যারের অধ্যক্ষেরদের নাম ও বাসস্থান এবং তাঁহারদের কার্য্য ও ব্যবসা ও ব্যাপারের বিবরণ এবং প্রত্যেক অধিকারির গত স্যার আছে তাহা এক বহীর মধ্যে রেজিষ্টরী করিবেন এবং তাহা ১ নম্বরে আরম্ভ হইয়া একাদিক্রমে নম্বর বিলি হইবেক। এবং ঐ বহী উক্ত কোম্পানির কলিকাতার দফ্তরখানাতে রাখা যাইবেক এবং কর্ম্মের নিরূপিত ঘণ্টা ব্যাপিয়া সকল লোকের দৃষ্টিগোচরের নিমিত্তে খোলা থাকিবেক। এবং তৎপরে ঐ স্যার বা স্যারসকলের হস্তান্তর বা বদল হইলে তাহা পূর্ব্বোক্তমতে এবং পূর্ব্বোক্ত বিবরণ সমেত উক্ত বহীর মধ্যে লেখা যাইবেক। এবং ঐ স্যার বা স্যারসকল আদৌ যে স্থানে লেখা হইয়াছিল সেই স্থানের সম্মুখে তাহার স্বামিত্বের প্রত্যেক বদল ও হস্তান্তর করণের বিবরণ লেখা যাইবেক। এবং যে অধিকারী বা অধিকারিসকলকে পূর্ব্বোক্তমতে ঐ স্যার সময়ক্রমে হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছিল অথবা যাঁহার পক্ষে স্বামিত্ব বদল হইল তাহার নাম বা নামসকল এবং তাঁহার বাস স্থান বা স্থানসকল এবং তাঁহার বিবরণ কি বৃত্তান্ত বহীর যে স্থান বা স্থানসকলে লেখা থাকে সেই স্থান অনায়াসে পাওয়া যাইবার নিমিত্তে নিদর্শন লিখিতে হইবেক ইতি।

১৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে দেওয়ানী বা ফৌজদারী সকল ব্যাপারে তাহা কোন আদালতের কার্য্য হউক কি মোকদ্দমার পূর্ব্বের তহকীক বা আদালতের তজবীজ সম্পর্কে মাজিষ্ট্রেট সাহেব বা অন্য কর্ম্মকারকের কার্য্য হউক সেই কার্য্যে ঐ কোম্পানি আপন সামাজিক নামে নালিশ করিবেন এবং ঐ নামে তাঁহার বিরুদ্ধে নালিশ হইবেক এবং ঐ নামে ঐ কোম্পানি বিখ্যাত হইবেন এবং আদালতের এলেকা সম্পর্কে যে সকল দেশে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে আইনকরণের ক্ষমতা রাখেন্ সেই সকল দেশের মধ্যে যে সকল বিষয় ও কার্য্যের উপর কোন আদালত কি মাজিষ্ট্রেট অথবা কর্ম্মকারকের এলাকা থাকে এবং

capacity in and before any such Court, Magistrate or Officer within any of the Territories for which the Governor-General in Council has power to legislate in respect of all matters and things over which such Court, Magistrate or Officer respectively may have jurisdiction, and to the extent of such jurisdiction in like manner as the same may for the time being be there had by or against any British subject or subjects within the said Territories; provided always that no process or proceedings whatsoever whether of a mesne or judicial nature shall be had against the person or property of any individual Members, Shareholders or Subscribers of the said Company either for the purpose of giving notice of any suit or proceeding, or of effecting any appearance to any suit or proceeding, or of obtaining payment or satisfaction of any debt, claim or demand against the said Company, or of levying any fine or penalty awarded against the said Company, or of obtaining payment or satisfaction of any judgment, decree, award, order or determination against the said Company, or for any the like purpose, but that all such process and proceedings of what nature soever shall be had solely against the Corporate Stock, Property and Effects of the said Company.

XX. And it is hereby enacted, that all services of mesne process, and all notices whatsoever which by law, or by the practice of any Court wherein the said Company shall sue or be sued, are required to be served or given for the purpose of compelling or causing an appearance to be entered in any suit, or for enabling a proceeding to be had *exparte* in the absence of a party to a suit or previously to the institution of any suit or proceedings, or for any other purpose whatsoever connected with or having reference to the continuation, conduct or prosecution of any suit, or the revival of the same, or which shall at any time be directed to be given by any such Court to the said Company in reference to any proceedings therein pending shall and may be made and given in addition to all ways and means by which the same may otherwise be legally made or given upon, or to the Secretary for the time being of the said Company resident in Calcutta, or the person or persons acting and officiating as such, or by leaving the same addressed to the said Secretary or person acting and officiating as such at the said Principal Office in Calcutta of the said Company.

XXI. And it is hereby enacted, that this Act shall continue in force until the 30th day of April 1854.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India after the 28th day of August next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

[*Government Gazette, 5th August*, 1845.]

তাঁহারদের এলাকার সীমাপর্য্যন্ত সেই২ বিষয়ে ঐ আদালত কি মাজিষ্ট্রেট অথবা কর্ম্মকারকের সম্মুখে ঐ কোম্পানি আপনার সামাজিক নাম ও খ্যাতি ও ক্ষমতায় নালিশ করিতে পারেন্ ও কার্য্য করিতে পারেন্ ও সেই নামেতে তাঁহারদের বিরুদ্ধে নালিশ ও কার্য্য হইতে পারে অর্থাৎ উক্ত রাজ্যের মধ্যে কোন ব্রিটনীয় প্রজা বা প্রজাসকল যেরূপে নালিশ করিতে পারেন্ ও তাঁহারদের নামে যেরূপে নালিশ হইতে পারে সেইরূপে এই কোম্পানির বিষয়েও ধার্য্য হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন মোকদ্দমা অথবা কার্য্যের এত্তেলা দেওনের নিমিত্তে অথবা কোন মোকদ্দমা বা কার্য্যে হাজির করাওণের নিমিত্তে অথবা উক্ত কোম্পানির কোন দেনা আদায় করিবার নিমিত্তে অথবা উক্ত কোম্পানির বিরুদ্ধে যে কোন দাওয়া থাকে তাহা প্রাপণের নিমিত্তে অথবা উক্ত কোম্পানির নামে হওয়া কোন জরীমানা বা গুনাহগারী উসুল করিবার নিমিত্তে অথবা উক্ত কোম্পানির বিরুদ্ধে হওয়া কোন নিষ্পত্তির বা ডিক্রীর কি ফয়সলার অথবা হুকুমের কি নির্দ্ধার্য্যের টাকা পাইবার নিমিত্তে বা উক্ত প্রকার কোন কার্য্যের নিমিত্তে উক্ত কোম্পানির বিশেষ অন্তঃপাতি বা স্যারধারি কি স্বাক্ষরকারির বিরুদ্ধে বা তাঁহারদের সম্পত্তির উপর মোকদ্দমার বিচারের পূর্ব্বে বা পরে কোন হুকুম বা কার্য্য জারী হইবেক না কিন্তু যে কোন প্রকার হউক ঐরূপ সকল হুকুম বা কার্য্য কেবল ঐ কোম্পানির সামাজিক সংস্থান ও বিষয় ও সম্পত্তির উপর জারী হইবেক ইতি।

২০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে কোন আদালতে উক্ত কোম্পানি নালিশ করেন্ বা যে আদালতে তাহারদের নামে নালিশ হয় সেই আদালতের ব্যবহার কিম্বা সাধারণ আইনানুসারে কোন মোকদ্দমায় হাজির করাওণের নিমিত্তে অথবা মোকদ্দমাসম্পর্কীয় ব্যক্তির অনুপস্থানপ্রযুক্ত কিম্বা মোকদ্দমা বা কার্য্যের আরম্ভের পূর্ব্বে একতরফা কার্য্য করণের নিমিত্তে অথবা কোন মোকদ্দমা অনবরত চালাওন অথবা নির্ব্বাহ করণ বা পুনরুত্থান সম্পর্কীয় কোন অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্তে যে সকল এত্তেলা মোকদ্দমা আরম্ভের পূর্ব্বে দিতে হয় তাহা এবং সর্ব্বপ্রকার ইশতিহার অথবা আদালতে উপস্থিত থাকা মোকদ্দমাসম্পর্কীয় যে সকল এত্তেলা উক্ত কোম্পানিকে দিতে উক্ত আদালতের হুকুম হয় সেই এত্তেলা আইনমতে যে সকল প্রকারে ও উপায়েতে দেওয়া যাইতে পারে সেই প্রকারে ও সেই উপায়ে দেওয়া যাইবেক এবং তদতিরিক্ত তাহা কলিকাতানিবাসি উক্ত কোম্পানির সেক্রেটারী সাহেবকে অথবা যে ব্যক্তি বা ব্যক্তিরা তৎসময়ে সেক্রেটারীর এওজে কর্ম্ম করিতেছেন তাঁহাকে দেওয়া যাইতে পারে অথবা উক্ত কোম্পানির কলিকাতার প্রধান কুঠীতে উক্ত সেক্রেটারী অথবা তাঁহার এওজে যিনি কর্ম্ম করিতেছেন তাঁহার নামে ঐ এত্তেলায় শিরনামা দিয়া উক্ত কোম্পানির দফ্তরখানায় দিয়া আইলেই হইবেক ইতি।

২১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন ১৮৫৪ সালের আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত চলন থাকিবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৮ আগস্ট তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা হয়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 14.

From the Offg. Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

1st. I am directed by the Sudder Board of Revenue to transmit for your information and guidance a copy of a letter No. 384, dated the 10th of May, from Under Secretary Mr. Beadon, and of its enclosure, from which you will perceive that the Supreme Government have been pleased to sanction the payment of fees to the Government Agent at the Court of the Special Commissioner at the Presidency, in Resumption Appeals decreed in favour of Government, upon the principle of calculation, and according to the graduated scale laid down in the annexed Extract (Paragraphs 3 to 7,) from the Board's letter to Government No. 3, dated the 23d of January last.

2d. It will be observed that these orders are to take effect from the date on which Mr. Alexander assumed charge of the Office of Solicitor to the Government of Bengal, viz., the 1st August, 1844, and they will be found to supersede the Board's several Circulars, noted in the Margin.*

3d. To enable the Government Agent (Moonshee Ameer Ali) duly to recover his fees, it has been arranged that he is to receive from the Special Commissioner at the Presidency a Certificate under his signature, either showing the amount or affording the means of calculating the amount to which he may be entitled in each case of Appeal successfully conducted, and you are requested upon being furnished by the Government Agent with such Certificate and his receipt, to intruct the Collector to remit the certified amount or an amount calculated according to the Certificate, to the Government Agent without delay, by a Draft on the General Treasury, holding the disbursement in inefficient balance until it has been sanctioned by the Board as a law charge under the 27th Rule of practice, for which purpose you will submit an English Bill in duplicate in each case, the original of which will be returned to you, after countersignature, for transmission by the Collector to the Civil Auditor, as a voucher to support the disbursement. A letter need not be forwarded with the Bill, but it must be accompanied by the Special Commissioner's Certificate, and, when the fees are not specified in this latter document, must exhibit clearly the calculation by which the amount charged has been arrived at

4. The Board desire me also to take this opportunity of requesting, with reference to their Circular No. 31, dated the 24th August 1840, that

---

* No. 10, dated 5th February, 1830.
„ 72, dated 22d August, 1837.
„ 243, dated 6th November, 1838.

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত বীডন সাহেবের ১০ মে তারিখের ৩৮৪ নম্বরী পত্রের এবং তাহার সঙ্গে যে লিপি ছিল তাহার নকল তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে তোমার নিকটে পাঠাইতেছি। তাহাতে তোমার দৃষ্ট হইবেক যে এই রাজধানীতে স্পেসিয়ল কমিস্যনর সাহেবের আদালতে বাজেয়াপ্ত বিষয়ের যে২ আপীলের সরকারের পক্ষে ডিক্রী হয় সেই২ আপীলের সরকারের এজেণ্টকে রসুম দিতে গবর্ণমেণ্ট অনুমতি করিয়াছেন। গত ২৩ জানুআরি তারিখের ৩ নম্বরী যে পত্র গবর্ণমেণ্টের নিকটে বোর্ডের সাহেবেরা লিখিলেন তাহার পশ্চাৎ লিখিত চুম্বক অর্থাৎ ৩। ৪। ৫। ৬। ৭ দফায় নির্দ্দিষ্ট হিসাব করণের নিয়ম এবং ক্রমশঃ হারানুসারে ঐ রসুম গণনা করা যাইবেক।

২। তোমার দৃষ্ট হইবেক যে শ্রীযুত আলেকজাণ্ডর সাহেব যে তারিখঅবধি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সোলিসিটর অর্থাৎ উকীলের পদ গ্রহণ করিলেন বিশেষতঃ ১৮৪৪ সালের ১ আগষ্টঅবধি এই হুকুম আমলে আসিবেক এবং এই হুকুমের দ্বারা বোর্ডের সাহেবেরদের নীচের লিখিত কএক সরক্যুলর অর্ডর * অন্যথা হইল।

৩। গবর্ণমেণ্টের এজেণ্ট শ্রীযুত মুনশী আমীর আলী আপনার রসুম আদায় করিতে পারেন এই নিমিত্তে নিয়ম হইয়াছে যে রাজধানীর স্পেসিয়ল কমিস্যনর সাহেবের দস্তখৎকরা এক সর্টিফিকট তিনি পাইবেন এবং যে প্রত্যেক আপীলী মোকদ্দমায় তিনি কৃতকার্য্য হন্ সেই মোকদ্দমায় যে রসুম পাইবার যোগ্য তাহার সংখ্যা অথবা তাহার সংখ্যার গণনা করণের রীতি সেই সর্টিফিকটে লেখা থাকিবেক। এবং তোমার প্রতি হুকুম হইল যে গবর্ণমেণ্টের এজেণ্টের স্থানে ঐ সর্টিফিকট এবং ঐ এজেণ্টের রসীদ পাইলে তুমি কালেক্টর সাহেবকে এই হুকুম দিবা যে তিনি ঐ নির্দ্দিষ্ট টাকা অথবা ঐ সর্টিফিকটঅনুসারে হিসাব করিয়া যত টাকা হয় তাহা গবর্ণমেণ্টের এজেণ্টকে জেনরল ত্রেজুরীর উপর একটা হুণ্ডী করিয়া পাঠান্। এবং ঐ টাকা যাবৎ বোর্ডের সাহেবেরা কার্য্য নির্ব্বাহের ২৭ বিধির অনুসারে আদালতের খরচা বলিয়া মঞ্জুর না করেন তাবৎ কালেক্টর সাহেব ঐ টাকা হিসাবের মধ্যে অসম্পন্ন খাতায় লিখিবেন। এবং বোর্ডের মঞ্জুর হইবার নিমিত্তে তুমি প্রত্যেক মোকদ্দমায় ইঙ্গরেজী ভাষায় লিখিত এক বিলের দুই নকল বোর্ডে দরপেশ করিবা। আসল বিল সহী হইলে পর তাহা তোমার নিকটে ফিরিয়া পাঠান যাইবেক এবং তুমি কালেকটর সাহেবের নিকটে তাহা পাঠাইবা এবং তিনি ঐ টাকা দেওনের নিদর্শনের ন্যায় তাহা সিবিল আডিটর সাহেবের নিকটে পাঠাইবেন। ঐ বিলের সঙ্গে কোন পত্র পাঠাইবার আবশ্যক নাই কিন্তু স্পেসিয়ল কমিস্যনর সাহেবের সর্টিফিকট তাহার সঙ্গে দিতে হইবেক এবং যখন ঐ সর্টিফিকটের মধ্যে রসুমের বিশেষ টাকা না লেখা থাকে তখন যে গণনানুসারে ঐ টাকার হিসাব হইল তাহা স্পষ্টরূপে জ্ঞাত করিতে হইবেক।

৪। বোর্ডের সাহেবেরা আরো এই সুযোগে ১৮৪০ সালের ২৪ আগষ্ট তারিখের ৩১ নম্বরী সরক্যুলর অর্ডরের সম্পর্কে আদেশ করিতেছেন যে সদর দেওয়ানী

---

* ১৮৩০ সালের ৫ ফেব্রুআরি তাং ১০ নং।
১৮৩৭ সালের ২২ আগষ্ট তাং ৭২ নং।
১৮৩৮ সালের ৬ নবেম্বর তাং ২৪৩ নং।

precisely the above course of procedure may be observed in respect to the fees payable to the Government Pleader at the Sudder Dewanny Adawlut under Certificates from the Register of that Court.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, 11th July, 1845.

No. 384.

From the Under Secretary to the Govt of Bengal to the Offg. Secretary Sudder Board of Revenue, dated Fort William, 10th May, 1845.

In reply to your letter No. 3, of the 23d January last with enclosure, I have the honor to transmit for the Board's information the accompanying copy of a letter from the Secretary to the Government of India, Home Department, No. 347, dated the 3d instant, sanctioning the proposed remuneration to Ameer Allee, the Government Pleader in the Court of the Special Commissioner at the Presidency.

2d The order will take effect from the date on which Mr. Alexander assumed charge of the office of Solicitor to the Government of Bengal.

(Signed) C. BEADON,
Under Secy. to the Govt of Bengal.

No. 347.

From. P. Melvill, Esquire, Under Secretary to the Government of India, to C. Beadon, Esquire, Under Secretary to the Government of Bengal, dated the 3d May, 1845.

I am directed to acknowledge the receipt of your letter No. 114, dated the 5th February last, with enclosures, and in reply to state that under the recommendation of the Right Honourable the Governor of Bengal, the Governor-General in Council is pleased to sanction the remuneration proposed for the Government Pleader at the Court of the Presidency Special Commissioner, viz. a Salary of Rs. 150 a month, and fees on suits successfully conducted according to the scale laid down in paras. 4 and 7 of the Sudder Board's letter dated the 3d January, 1845.

(Signed) P. MELVILL,
Under Secy. to Govt. of India.

Council Chamber, the 3d May, 1845.

(True Copy),
(Signed) C. BEADON,
Under Secy. to the Govt. of Bengal.

Extract of a letter from the Officiating Secretary to the Sudder Board of Revenue to the Secretary to Government of Bengal, Revenue Department, No. 3, dated 3d January, 1845.

3d. In respect to the fees to be awarded in cases decreed in favor of Government, the Board would recommend that the following Rules be adopted in modification of those sanctioned by the orders of Government, dated 21st August, 1828.

[*Government Gazette, 5th August,* 1845.]

আদালতের রেজিষ্টর সাহেবের সর্টিফিকটক্রমে ঐ আদালতের সরকারী উকীলকে যে রসুম দেওয়া যায় তাহার বিষয়ে ঐ হুকুম আমলে আনিতে পারে।

জি প্লৌডন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ১১ জুলাই।

৩৮৪ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের পত্র।

গত জানুআরি মাসের ২৩ তারিখের ৩ নম্বরী তোমার পত্র এবং তাহার সঙ্গে যে লিপি ছিল তাহার উত্তরে দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারীর ৩ তারিখের ৩৪৭ নম্বরী পত্রের নকল তোমার বিজ্ঞাপনের নিমিত্তে পাঠাইতেছি। তাহাতে রাজধানীর স্পেসিয়ল কমিস্যনর সাহেবের আদালতে সরকারী উকীল আমীর আলীকে যে মেহনতানা দিবার প্রস্তাব হইয়াছে তাহা মঞ্জুর হইল।

২। যে তারিখঅবধি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের উকীল শ্রীযুত আলেকজাণ্ডর সাহেব আপন পদ গ্রহণ করিলেন সেই তারিখঅবধি ঐ পদের মেহনতানা চলিবেক।

সি বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

৩৪৭ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত সি বীডন সাহেবের প্রতি ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত পি মেলবিল সাহেবের পত্র।

গত ৫ ফেব্রুআরি তারিখের ১১৪ নম্বরী পত্র এবং তাহার সঙ্গে যে লিপি ছিল তাহা প্রাপ্ত হওয়া গিয়াছে তদুত্তরে লিখি যে রাজধানীর স্পেসিয়ল কমিস্যনর সাহেবের আদালতে সরকারী উকীলকে যে মেহনতানা দিতে প্রস্তাব হইয়াছে তাহা বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের পরামর্শক্রমে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে মঞ্জুর করিয়াছেন অর্থাৎ ১৫০৲ টাকা মাহিয়ানা এবং যে মোকদ্দমাতে তিনি কৃতকার্য্য হন সেই মোকদ্দমায় ১৮৪৫ সালের ৩ জানুআরি তারিখের সদর বোর্ডের সাহেবেরদের ৪। ৫। ৬। ৭ দফার নির্দ্দিষ্ট হারানুসারে রসুম পাইবেন।

পি মেলবিল।
ভারতবর্ষের গর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

কৌন্সেল ঘর। ১৮৪৫। ৩ মে।

(যথার্থ নকল।)
সি বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

রেবিনিউ ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের প্রতি সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেবের ১৮৪৫ সালের ৩ জানুআরি তারিখের ৩ নম্বরী পত্রের চুম্বক।

৩। সরকারের পক্ষে ডিক্রীহওয়া যে মোকদ্দমায় রসুম দিতে হইবেক তদ্বিষয়ে বোর্ডের সাহেবেরা পরামর্শ দেন যে ১৮২৮ সালের ২১ আগষ্ট তারিখের গবর্ণমেণ্টের অনুমতিহওয়া বিধানের মতান্তর হইয়া নীচের লিখিত বিধান স্থাপন হয়।

4th. In place of calculating the fees, in cases of land heretofore held free of rent and churs on the full amount of the annual assessment at which such lands may be settled in execution of the Special Commissioner's decree, a process which necessitates the postponement of the calculation indefinitely, the value of the lands in litigation to be fixed upon the principle observed in Civil Suits for land paying Revenue to Government, viz. the lands to be rated all round at a low average, say for rent free lands 6 annas, and chur lands 3 annas per acre, to find the Revenue, and this product multiplied by three to give the value.*

5th. That upon the value so determined of suits successfully pleaded, fees be allowed on the graduated scale fixed by Section 25, Regulation XXVII. of 1814, for the Wakeels of the Civil Courts as follows.

If the value shall not exceed 5,000 Sa. Rs. 5 per cent.

If the value shall exceed 5,000 Sa. Rupees, and shall not exceed 20,000 Sa Rupees, on 5,000 as above, and on the remainder 2 per cent.

If the value shall exceed 20,000 Rupees, and shall not exceed 50,000 Rupees, on 20,000 as above, and on the remainder one per cent.

If the value shall exceed 50,000 Sa. Rupees, and shall not exceed 80,000 Sa Rupees, on 50,000 as above, and on the remainder 8 annas per cent.

If the value shall exceed 80,000 Sa Rupees, the fee to the Pleader shall be 1,000 Rupees, and shall in no instance exceed that sum however great may be the value of the suit.

6th. In all the preceding calculations when the value may be in fractions of Rupees such fractions to be rejected in calculating the fees thereupon.

7th. In cases of lands heretofore held at an inadequate Jumma, the same Rules to be observed, excepting that the Revenue already derived from the lands is to be deducted in computing the value of the suit.

(True Copies and Extract.)

(Signed) G. PLOWDEN,
Offg Secretary.

Fort William, 11th July, 1845.

৪। ইহার পূর্ব্বে যে ভূমি নিষ্কর ছিল তাহার এবং চরের যে বার্ষিক খাজানা স্পেসিয়ল কমিস্যনর সাহেবের ডিক্রী জারী করণক্রমে ধার্য্য হয় তাহার সম্পূর্ণ সংখ্যা ধরিয়া যদি রসুম গণনা করা যায় তবে সেই হিসাব করার অত্যন্ত বিলম্ব হয়। অতএব আমরা এই পরামর্শ দিই যে তাহা না করিয়া খেরাজী ভূমির বিষয়ে দেওয়ানী মোকদ্দমায় যে নিয়ম নির্দ্দিষ্ট আছে সেই নিয়ম এই বিবাদি ভূমির মূল্য নিরূপণের বিষয়েও নির্দ্দিষ্ট হয় অর্থাৎ ঐ ভূমি গড়ে ন্যূনসংখ্যক খাজানায় ধরা যায় যথা নিষ্কর ভূমির খাজানাস্বরূপ "একর" প্রতি ।৶ আনা এবং চরের ভূমি "একর" প্রতি ৶ আনা খাজানা ধরা যায় এবং তাহার তিনগুণ ঐ ভূমির মূল্যস্বরূপ নিরূপণ হয়।*

৫। ভূমির মূল্য এইরূপে ধার্য্য হইলে সফল হওয়া মোকদ্দমার উপর রসুম ১৮১৪ সালের ২৭ আইনের ২৫ ধারায় দেওয়ানী আদালতের উকীলেরদের নিমিত্ত ক্রমশঃ যে হার নির্দ্দিষ্ট আছে তদনুসারে দেওয়া যাইবেক।

যদ্যপি তাহার মূল্য ৫০০০৲ টাকার উর্দ্ধ না হয় তবে তাহার উপর শতকরা ৫৲ টাকা।

যদি তাহার মূল্য ৫০০০৲ টাকার অধিক ২০,০০০৲ টাকাপর্য্যন্ত হয় তবে তাহার ৫,০০০৲পর্য্যন্ত উপরের লিখিত হারে ও বাকীর উপর শতকরা ২৲ টাকা।

যদি তাহার মূল্য ২০,০০০৲ টাকার অধিক ৫০,০০০৲ পর্য্যন্ত হয় তবে তাহার ২০,০০০৲পর্য্যন্ত উপরের লিখিত হারে ও বাকী টাকার উপর শতকরা ১৲ টাকা।

যদি তাহার মূল্য ৫০,০০০৲ টাকার অধিক ৮০,০০০৲ পর্য্যন্ত হয় তবে ৫০,০০০৲পর্য্যন্ত উপরের লিখিত হারে ও বাকী টাকার উপর শতকরা ॥০ আনা।

বস্তুর মূল্য ৮০,০০০৲ টাকার অধিক যত হয় সেই মোকদ্দমাতে উকীল মোটে ১,০০০৲ টাকা রসুম পাইবেন। তাহার অধিক কোন প্রকারে পাইবেন না।

৬। উপরের লিখিত হিসাবে বস্তুর মূল্যের উপর আনামাসা থাকিলে রসুমের হিসাব করণেতে গ্রাহ্য হইবেক না।

৭। যে ভূমি ইহার পূর্ব্বে অপ্রচুর জমায় ধার্য্য হইয়াছিল তাহার বিষয়েও এই নিয়ম চলিবেক কিন্তু ঐ ভূমি হইতে যে খাজানা ইহার পূর্ব্বে পাওয়া গিয়াছে তাহা মোকদ্দমার মূল্যের হিসাব করণের সময়ে বাদ দিতে হইবেক।

(যথার্থ চুম্বক ও নকল।)

জি প্লৌডন।
এক্টিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪৫। ১১ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATION.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 25th July, 1845.

Syud Jonab Ullee, Moonsiff of Begumgunge, Tipperah, for two months, from the 10th instant, under Medical Certificate.

B. J. COLVIN, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৫ সাল ২ জুলাই।

ত্রিপুরার বেগমগঞ্জের মুনসেফ শ্রীযুত সৈয়দ জোনাব আলী চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। এক্টিং রেজিষ্টর।

* Vide Clause 1, Section 14, Regulation I of 1814.

* ১৮১৪ সালের ১ আইনের ১৪ ধারার ১ প্রকরণ দেখ।

CIVIL APPOINTMENTS.

No. 579.

NOTIFICATION.

GENERAL DEPARTMENT, N. W. P.

AGRA.

The 14th July, 1845.

The Honourable the Lieutenant-Governor N. W. P. is pleased to direct, that the following List of the Donations of the GHOSAUL Family, for public and benevolent purposes at Benares, be published for general information:

Raja Jay Narayan Ghosaul, A D. 1818, endowed and instituted the Benares Free School, in which 200 boys receive education gratis, by the gift of—

I. A valuable stone-built House in Bengalitola, to be used as a School House.

II A House in the Civil Station, now rented at Rs. 110 per mensem, and originally valued at Rs.. 20,000

III A House in the Civil Station, now rented at Rs 100 per mensem, and valued at Rs 15,000

——— 35,000

Raja Kali Shunker Ghosaul, Bahadoor, A D. 1826, endowed and instituted the Asylum for the Destitute especially the Blind at Benares, in which 150 persons are fed and sheltered, by the gift of—

I The sum of Rs. 48,000, for which Government grant a fixed Interest of 5 per Cent., Rs 48,000

II A House in the Civil Station now rented at Rs 80 per mensem, and valued at Rs. 10,000

——— 58,000

Raja Sutt Churun Ghosaul, Buhadoor, A. D. 1842-45, augmented the endowments of the Free School, and enabled the Committee entrusted with its management to remove the Institution to a new and more commodious edifice—

I. By purchasing from them the old School House, at the price of Rs. 5,000

II. By four successive gifts of Rs. 5,000, 1,500, 300 and 500, for the construction of the new building, ... 7,300

III. By giving for the foundation of Scholarships in the Free School, ... 5,000

[*Government Gazette, 5th August,* 1845.]

রাজকর্ম্মে নিয়োগ।

৫৭৯ নম্বর।

বিজ্ঞাপন।

জেনরল ডিপার্টমেন্ট। উত্তরপশ্চিম দেশ।

আগ্রা।

১৮৪৫ সাল ১৪ জুলাই।

উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে বারাণসেতে সাধারণ লোকেরদের মঙ্গলজনক কার্য্যের নিমিত্তে ঘোষাল রাজার পরিবার যে সকল টাকা দিয়াছেন তাহার ফর্দ্দ সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

১৮১৮ সালে রাজা জয়নারায়ণ ঘোষাল বারাণসে অবৈতনিক পাঠশালা স্থাপন করেন্ তাহাতে ২০০ বালক বিনামুল্যে শিক্ষা করেন এবং ঐ বিদ্যালয়ে এই২ বিষয় দান করিয়াছেন।

১। ইস্কুল ঘরের নিমিত্তে বাঙ্গালীটোলাতে বহুমুল্য পাথরীয়া একটা ঘর।

২। সদর স্থানে ১ ঘর তাহার ভাড়া এক্ষণে মাসিক ১১০৲ টাকা এবং প্রথমে ঐ ঘরের মুল্য ... ২০,০০০৲

৩। সদর স্থানে ১ ঘর তাহার ভাডা এইক্ষণে মাসিক ১০০৲ টাকা তাহার মুল্য ... . ১৫,০০০৲

সর্ব্বসুদ্ধ——— ৩৫,০০০৲

১৮২৬ সালে রাজা কালীশঙ্কর ঘোষাল বাহাদুর বারাণসেতে কাঙ্গালীরদের এবং বিশেষতঃ অন্ধ লোকেরদের নিমিত্তে আশ্রয় বাটী স্থাপন করেন্ তাহাতে ১৫০ জন প্রতিপালন ও রক্ষা হয় সেই কার্য্যের নিমিত্তে তিনি এই২ বিষয় দেন।

১। ৪৮,০০০৲ টাকা। তাহার উপর গবর্ণমেন্ট শতকরা ৫৲ টাকা সুদ নির্দ্দিষ্ট করিয়া দিতেছেন। ৪৮,০০০৲

২। সদর স্থানে এক ঘর তাহার ভাডা মাসিক ৮০৲ টাকা তাহার মুল্য ... . ১০,০০০৲

——— ৫৮,০০০৲

১৮৪২ সালঅবধি ৪৫ সাল পর্য্যন্ত শ্রীযুত রাজা সত্যচরণ ঘোষাল ঐ অবৈতনিক বিদ্যালয়েতে অধিক টাকা দেন্ এবং কমিটির সাহেবদিগকে ঐ বিদ্যালয় স্থানান্তর করিয়া নুতন এবং আরো উপযুক্ত বাটীতে স্থাপন করিবার উপায় দেন।

১। তিনি পুরাতন ইস্কুল ঘর ক্রয় করিয়াছিলেন তাহার মুল্য ... ৫,০০০৲

২। নুতন ঘর বানাইবার নিমিত্তে চারিবার টাকা দেন্ অর্থাৎ একবার ৫,০০০৲ পরে ১,৫০০৲ পরে ৩০০৲ পরে ৫০০৲ ... ৭,৩০০৲

৩। অবৈতনিক বিদ্যালয়ে বৃত্তি স্থাপনের নিমিত্তে ... ... ৫,০০০৲

IV. He has now given, for Scholarships in the English and Oriental Colleges at Benares, supported by Government, ... 5,000

—22,300

Total of Donations of the Ghosaul Family, for public purposes at Benares, .. 1,15,300

J. THORNTON,
Secy. to the Govt. N. W. P.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 23d July, 1845.

Captain G. Reid, of the 1st Regiment Light Cavalry, and Honorary Aid-de-Camp to the Governor-General, to be Superintendent of the Affairs of the Mysore Princes.

Mr. R. N. Shore to be Register of Deeds under Act XXX. 1838, for the Southern Division of Cuttack.

Mr. W. Barnett to be Superintendent of Abkarry Revenue at Midnapore, and to exercise the powers specified in Section 3, Act No. XXV. 1840.

Moulavie Mahomed Kulleem to be Principal Sudder Ameen of Backergunge This cancels his appointment to West Burdwan.

Baboo Chunder Seekur Chowdry, to be Principal Sudder Ameen of West Burdwan.

Lalla Tarrachand Roy, Darogah of Thannah Benipore, in Zillah Hooghly, is raised to the 1st Grade.

LEAVES OF ABSENCE.

The 23d July, 1845.

Mr. W. S. Hudson, Sub-Assistant at Gowalparah, for three months, on private affairs, commencing from the 1st September next.

The 24th July, 1845.

Syed Azimoodeen Hossein, Deputy-Collector under Regulation IX. of 1833, in Behar, for ten days, in extension of the leave granted to him on the 18th ultimo.

NOTIFICATIONS.

The 23d July, 1845.

Mr. J. Tynan, Superintendent of the Backergunge Salt Chokies, is vested with the power of adjudicating cases of contravention of the Salt Laws, under Section 25, Act No. XXIX. 1838.

The 25th July, 1845.

The Right Honourable the Governor of Bengal is pleased to confer a Degree of Honour on Brevet-Captain J. S. Banks, of the 33d Regiment of Native Infantry, for proficiency in the Persian language.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

৪। এক্ষণে তিনি বারাণসেতে গবর্ণমেণ্টের ইঙ্গরেজী ও এদেশীয় কালেজে বৃত্তির নিমিত্তে দিয়াছেন ... ... ৫,০০০৲

—২২,৩০০৲

বারাণসে সাধারণ কার্য্যের নিমিত্তে শ্রীযুত ঘোষালের পরিবার দিয়াছেন সর্ব্বশুদ্ধ ... .. ১,১৫,৩০০৲

জে থর্ণটন।
উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৩ জুলাই।

লঘু অস্ত্রধারি অশ্বারোহি প্রথম পল্টনের কাপ্তান এবং বিনা বেতনে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের মুসাহেব শ্রীযুত জি রীড সাহেব মহীশূরের রাজারদের বিষয়ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত আর এন শোর সাহেব কটকের দক্ষিণ অঞ্চলে ১৮৩৮ সালের ৩০ আইনানুসারে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ বার্ণেট সাহেব মেদিনীপুরের আবকারীর রাজস্বের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম বাকরগঞ্জের প্রধান সদর আমীন হইবেন। ইহাতে পশ্চিম বর্দ্ধমানে তাঁহার যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

শ্রীযুত বাবু চন্দ্রশেখর চৌধুরী পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন হইবেন।

জিলা হুগলীর বেণিপুর থানার দারোগা শ্রীযুত লালা তারাচাদ রায় প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৫ সাল ২৩ জুলাই।

গোআলপাড়াতে ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেব আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ২৪ জুলাই।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত বেহারের ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ আজীমুদ্দীন হুসেন গত মাসের ১৮ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ২৩ জুলাই।

বাকরগঞ্জের নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে টাইনান সাহেব ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারানুসারে নিমকের আইন উল্লঙ্ঘনকারিরদের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৫ সাল ২৫ জুলাই।

এদেশীয় পদাতিক সৈন্যের ৩৩ পল্টনের ব্রিবেট কাপ্তান শ্রীযুত জে এস বাঙ্কস সাহেব ফারসী ভাষায় নিপুণ হওয়াতে বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেব তাঁহাকে সম্ভ্রমসূচক পদবী প্রদান করিয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 23d July, 1845.

Baboo Chunder Sein, to be Principal Sudder Ameen of Kamroop, in Assam.

Baboo Deohur Burdolye, Sudder Ameen of Kamroop, in Assam, to exercise the powers of a Principal Sudder Ameen in that District.

Moulavie Mahomed Irfan Khan to be Deputy-Collector under Regulation IX. of 1833, in Zillah Purneah.

Mr. C. B. Quintin, Supdt. of Survey, ... } are vested with full powers under Regulation VII. 1822, in Zillah Monghyr.
Moulavie Shakawut Ali, ... } Depy Collrs. under Regn IX of 1833, }
Syed Wujeeoollah, }

The 30th July, 1845.

Mr. R. Abercrombie to be a Member of the Local Committee of Public Instruction at Sylhet.

LEAVE OF ABSENCE.

The 28th July, 1845.

Mr. J. Brown, Deputy-Collector under Regulation IX of 1833, in Bhaugulpore, for one month, on private affairs.

The 30th July, 1845

The leave of absence granted on the 12th March last to Mr. Sub-Assistant-Surgeon C. T. Imlay, of Sandoway, in Arracan, is cancelled.

NOTIFICATIONS.

The 30th July, 1845

Mr F Gouldsbury, Civil and Sessions Judge of Bhaugulpore, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen on the 23d instant, in order to proceed on Circuit duty.

Captain Geo. Reid, Superintendent of the Affairs of the Mysore Princes, assumed charge of his office on the 26th instant.

By order of the Right Hon'ble the Governor of Bengal,

F. J HALLIDAY,
Secy. to the Govt. of Bengal

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 30th July, 1845.

Lieutenant Albert Fytche, 70th Regiment N. I., to be a Junior Assistant to the Commissioner of Arracan.

Mr. T. Hastings to be Civil Assistant-Surgeon of Monghyr.

Mr. Civil Assistant-Surgeon A. M. Bell to be Assistant to the Salt Agent of Khoordah.

Mr. J Weston to be Sudder Ameen and Sudder Moonsiff of the 24-Pergunnahs.

Baboo Isserchunder Gangoolee to be Sub-Assistant-Surgeon of Jessore.

Baboo Ooma Churn Seth to be Sub-Assistant-Surgeon of East Burdwan.

[*Government Gazette, 5th August*, 1845.]

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৩ জুলাই।

শ্রীযুত বাবু চন্দ্র সেন আসামে কামরূপের প্রধান সদর আমীন হইবেন।

আসামে কামরূপের সদর আমীন শ্রীযুত বাবু দেবেশ্বর বরদলই ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ ইরফান খাঁ ১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা পূরণিয়াতে ডেপুটী কালেক্টর হইবেন।

জরিপী কর্ম্মের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি বি কুইন্টিন সাহেব ... ... } জিলা মুঙ্গেরে ১৮২২ সালের ৭ আইনের নির্দ্দিষ্ট সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।
১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর { শ্রীযুত মৌলবী সকাবৎ আলী
শ্রীযুত সৈয়দ অজীউল্লা . ... }

১৮৪৫ সাল ৩০ জুলাই।

শ্রীযুত আর আবরক্রমবি সাহেব ছিলটে সাধারণ লোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৫ সাল ২৮ জুলাই।

ভাগলপুরে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত ডেপুটী কালেকটর শ্রীযুত জে ব্রোণ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ৩০ জুলাই।

আরাকাণে সান্দোএ স্থানের সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি টি ইমলে সাহেবকে গত মার্চ মাসের ১২ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ৩০ জুলাই।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ গুলসবেরি সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

মহীশূরের রাজারদের বিষয় ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান জি রীড সাহেব বর্ত্তমান মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হ লিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ৩০ জুলাই।

এদেশীয় ৭০ সংখ্যক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত আলবর্ট ফিচ সাহেব আরাকাণের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত টি হেষ্টিংস সাহেব মুঙ্গেরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এ এম বেল সাহেব খোর্দ্দার নিমকের এজেন্ট সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত জে উএষ্টন সাহেব চব্বিশপরগনার সদর আমীন ও সদর মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র গাঙ্গুলি যশোহরের সব-আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত উমাচরণ সেট পূর্ব্ব বর্দ্ধমানের সব আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

LEAVE OF ABSENCE.

The 30th July, 1845.

Mr. G C. Cheap, Civil and Sessions Judge of Rajeshye, for fifteen days, on private affairs, making over charge of the current duties of his Office to the Principal Sudder Ameen, who will conduct the same during Mr. Cheap's absence.

Baboo Isser Chunder Nye, Sub-Assistant-Surgeon of Midnapore, to the 27th proximo, in extension of the leave granted to him on the 17th March last.

ছুটী

১৮৪৫ সাল ৩০ জুলাই।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন তিনি শ্রীযুত চীপ সাহেবের অনুপস্থানপর্য্যন্ত ঐ কর্ম্ম চালাইবেন।

মেদিনীপুরের সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র নাই গত মার্চ মাসের ১৭ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত আগামি মাসের ২৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

NOTIFICATION.

The 30th July, 1845.

The leave of absence granted on the 25th June last to Mr. J Macleod, Deputy Collector under Regulation IX of 1833, in Shahabad, is cancelled at his request

By Order of the Right Honourable the Governor of Bengal,

F J. HALLIDAY,
Secy to the Govt of Bengal

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ৩০ জুলাই।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে শাহাবাদে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মাক্লৌড সাহেবকে গত জন মাসের ২৫ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS.

NOTICE

"To be let in farm at the Office of the Collector of Jessore, on the 7th August next, for a period of Nine years, commencing from the 1st of the present Bengalee year, 1252, the estate of the Minor Rajah Indrubhoosun Deb Roy, viz, 6 Annas 8 Gundas, Pergunnah Mahomedshye, Sudder Jumma Rs. 44,405-9-10. An offer of 68,300, on good security has already been made, but this sum with reference to that paid by the late farmer, viz 74,231-10-9, has been considered insufficient

HENRY ATHERTON, *Offg Collector.*

Zillah Jessore Collector's Office,
24th July, 1845

ভূমিবিষয়ক ইশ্তিহার।

বিজ্ঞাপন।

নাবালক রাজা শ্রীযুত ইন্দ্রভূষণ দেব রায়ের এক মহাল অর্থাৎ পরগনা মহম্মদ শাহীর ।/৮ আনা অ ট গণ্ডা জিম্যা বাঙ্গলা ১২৫২ সালের প্রথম তারিখঅবধি নব বৎসর মিয়াদে আগামি আগষ্ট মাসের ৭ তারিখে যশোহরের কালেকটর সাহেবের কাছারীতে ইজারা দেওয়া যাইবেক তাহার সদর জমা ৪৪ ৪০৫ ৷৷/ ১০ টাকা। এক ব্যক্তি মাতবর জামিন দিয়া ৬৮,৩০০৲ টাকা দিতে চাহিয়াছেন কিন্তু সাবেক ইজারদার ৭৪,২৩৪ ৷৷৵৯ টকা দিতেন অতএব উক্ত ব্যক্তির প্রস্তাব অপ্রচুর বোধ হইয়াছে। হেনরি আথর্টন।

একটিং কালেকটর।

জিলা যশোহরের কালেকটর সাহেবের কাছারী।
১৮৪৫ সাল ২৪ জুলাই।

ত্রিপুরা ও বলুআ ও চাটিগাঁর শ্রীযুত জমীদারান বরাবরেষু

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ২ ধারানুসারে এবং এই সিবিশতাহইতে ১৮৪৫ সালের ৪ ফেব্রুআরি তারিখে যে এস্তেহারা প্রকাশ হয় তদনুক্রমে উত্তর কালে

১। যে মহালের বন্দোবস্ত বাঙ্গলা সনঅনুসারে হইয়াছিল সেই মহালের বাকী রাজস্ব ভাদ্র মাসের কিস্তী সমেত ২৫ সেপ্টেম্বর তারিখে অথবা তাহার পূর্ব্বে দাখিল করিতে হইবেক এবং যে মহালের বন্দোবস্ত ইঙ্গরেজী সনঅনুসারে হইয়াছিল সেই মহালের বাকী রাজস্ব আগষ্ট মাসের কিস্তীসমেত উক্ত তারিখে কি তাহার পূর্ব্বে দাখিল করিতে হইবেক।

২। যে মহালের বন্দোবস্ত বাঙ্গলা সনঅনুসারে হইয়াছিল সেই মহালের বাকী রাজস্ব অগ্রহায়ণ মাসের কিস্তীসমেত ২৬ ডিসেম্বর তারিখে কি তাহার পূর্ব্বে দাখিল করিতে হইবেক এবং যে মহালের বন্দোবস্ত ইঙ্গরেজী সনঅনুসারে হইয়াছিল সেই মহালের বাকী রাজস্ব নবেম্বর মাসের কিস্তীসমেত উক্ত তারিখে কি তাহার পূর্ব্বে দাখিল করিতে হইবেক।

৩। যে মহালের বন্দোবস্ত বাঙ্গলা সনঅনুসারে হইয়াছিল সেই মহালের বাকী রাজস্ব মাঘ মাসের কিস্তী সমেত ২৫ ফেব্রুআরি তারিখে কি তাহার পূর্ব্বে দাখিল করিতে হইবেক এবং যে মহালের বন্দোবস্ত ইঙ্গরেজী সনঅনুসারে হইয়াছিল সেই মহালের বাকী রাজস্ব জানুআরি মাসের কিস্তীসমেত উক্ত তারিখে কি তাহার পূর্ব্বে দাখিল করিতে হইবেক।

৪। যে মহালের বন্দোবস্ত বাঙ্গলা সনঅনুসারে হইয়াছিল সেই মহালের বাকী রাজস্ব বৈশাখ মাসের কিস্তী সমেত ২৫ মে তারিখে কি তাহার পূর্ব্বে দাখিল করিতে হইবেক এবং যে মহালের বন্দোবস্ত ইঙ্গরেজী সন অনুসারে হইয়াছিল সেই মহালের বাকী রাজস্ব আপ্রেল মাসের কিস্তীসমেত উক্ত তারিখে কি তাহার পূর্ব্বে দাখিল করিতে হইবেক।

হেনরি রিকেট্স।
১৬ সংখ্যক এলাকার কমিসানর এবং সদর বোর্ড।

চাটিগাঁর কমিসানর সাহেবের দফ্তরখানা।
১৮৪৫। ২৪ জুন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ৫ আগষ্ট।]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of WILLIAM BRUCE, JOSEPH WEBBE CRAGG, WILLIAM PATRICK and HUGH MORTON SHAND, Insolvents.

NOTICE is hereby given, that by an order of the said Court, made in this matter on the 22d day of July instant, it is ordered that Saturday the 2d day of August next, be appointed for the further hearing of the matters of the Petition of the said Insolvents, for the purpose of making a Dividend, on which day or on any other day to which the further hearing shall be adjourned. Any Creditors or other persons interested, who may be desirous of establishing or opposing any claim may attend and be heard upon any affidavits which shall have been filed by them in the Office of the Chief Clerk of this Court, three clear days previous to the day of hearing.

THOMPSON and ALLAN,
Attornies.

Calcutta, 22d July, 1845.

NOTICE is hereby given, that by an order of the Court for the Relief of Insolvent Debtors at Calcutta, dated 24th July last, the matters of the petition of KYLASSCHUNDER GHOSE, late of Subba Bazar, in the town of Calcutta, Banian and Trader, but now residing at the Danish Settlement of Serampore, against whom an adjudication of Insolvency was made and pronounced on the 5th day of July last, on the Petition of Russickchunder Bose, seeking the benefit of the Act of the 9th year of the Reign of His late Majesty George the Fourth, entitled, "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday the sixth day of September next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said KYLASSCHUNDER GHOSE, appear in a Schedule filed with the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

BEDELL,
Attorney for the Insolvent.

Calcutta, 1st August, 1845.

In the matter of the Petition of WILLIAM DURIE, late of Tank Square, in the town of Calcutta, Boot and Harness Maker, lately carrying on business in Calcutta aforesaid, in copartnership with one John Gordon Stuart, who is at present residing in Calcutta aforesaid, under the Name, Style or Firm of Begbie and Company, as Boot, Shoe, and Harness Makers.

NOTICE is hereby given, that by an order made in this matter on the 23d day of July last, it was ordered that unless cause be shewn to the contrary on Saturday, the 6th day of September next, Ro-

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

উলিয়ম ব্রুস সাহেব ও জোজেফ উএব ক্রাগ সাহেব ও উলিয়ম পাত্রিক সাহেব ও হিউ মর্টন সাণ্ড সাহেব যোত্রহীনেরদের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতে বর্ত্তমান জুলাই মাসের ২২ তারিখে এমত হুকুম হইল যে ডিবিডেণ্ড করিবার নিমিত্তে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্মের শুননি আগামি আগষ্ট মাসের ২ তারিখ শনিবারে পুনর্ব্বার হইবেক এবং কোন মহাজন কিম্বা যে কোন ব্যক্তি এই বিষয়ে সম্পর্ক রাখেন তিনি কোন দাওয়া সাবুদ করিতে কি কোন দাওয়ার প্রতিবন্ধকতা করিতে ইচ্ছুক হইলে শুননির দিবসের পূর্ব্বে তিন দিবস এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় আফিডেবিট দাখিল করিবেন এবং সেই আফিডেবিটঅনুসারে সেই জন ঐ শুননির দিবসে কিম্বা ঐ বিষয় শুনিবার নিমিত্তে অন্য যে দিন নিরূপণ হয় সেই দিনে হাজির হইলে তাঁহার কথা শুনা যাইবেক।

তামসন ও আলেন।
উকীল।

কলিকাতা ১৮৪৫ সাল ২২ জুলাই।

পূর্ব্বে কলিকাতা নগরের শোভাবাজারনিবাসি বণিক ও সওদাগর কিন্তু এক্ষণে দেন্মার্কীয়েরদের অধীন শ্রীরামপুর নগরনিবাসি

কৈলাশচন্দ্র ঘোষ

গত জুলাই মাসের ৫ তারিখে রসিকচন্দ্র বসুর দরখাস্তমতে যোত্রহীন প্রকাশ হন্ তিনি ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত জুলাই মাসের ২৪ তারিখে কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতের হুকুমক্রমে উক্ত কৈলাশচন্দ্র ঘোষের দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৬ তারিখ শনিবারে বেলা এগার ঘন্টার সময়ে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত কৈলাশচন্দ্র ঘোষের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

বিডেল।
যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৫। ১ আগষ্ট।

উলিয়ম ডুরি সাহেব

পূর্ব্বে কলিকাতা নগরের লালদিঘীর নিকটে জুতা ও সাজ বানাইতেন এবং পূর্ব্বে উক্ত কলিকাতা নগরনিবাসি জান গর্ডন ষ্টুআর্ট সাহেবের যৌতায় বেগবি কোম্পানির নামে উক্ত কলিকাতা নগরে বুট ও জুতা ও সাজ বানাইতেন।

তাঁহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত জুলাই মাসের ২৩ তারিখে হুকুম হইল যে আগামি সেপ্টেম্বর মাসের ৬ তারিখ শনিবারে বিপরীত কারণ না দর্শান গেলে. উক্ত যোত্রহীনের মাল

bert O'Dowda, Esquire, Assignee of the Estate and Effects of the said Insolvent, have leave to commence and prosecute actions at Law, against the debtors of the said Insolvent Firm generally, and against the several persons in particular named in the Exhibit A. annexed to the Petition of the said Assignee, filed in the Office of the Chief Clerk of the said Insolvent Court, on the said 23d day of July last, and to defray the costs to which the said Assignee might be put in respect of such actions out of the proceeds of the Estate and Effects of the said Insolvent: and for the aforesaid purpose, It was ordered that the said Assignee be authorized to join the said John Gordon Stuart, with himself as Plaintiff in such action or actions respectively, and to sign the name of the said John Gordon Stuart to any Warrant or Warrants to prosecute, or to any other papers necessary for the purpose of prosecuting such actions, the said Assignee, undertaking to keep the said John Gordon Stuart, safe, harmless and indemnified from all costs, charges, and expences, in respect thereof, if the said John Gordon Stuart, should take no part in the prosecution of such actions.

FRITH and SANDES, *Attornies*.

In the matter of BENJAMIN HARVEY, late of Bow Bazar, in the Town of Calcutta, formerly Head Assistant in the Marine Store Keeper's office, and some time the Owner and Trader, lately in no trade, business or employment, and now a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act for the relief of Insolvent Debtors in the East Indies.

NOTICE is hereby given, that by an order made by this Court, on and bearing date the thirtieth day of July last, Robert O'Dowda, Esquire, was appointed the Assignee of the Estate and Effects of the said Insolvent, and it was further ordered that Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of this Court, should immediately assign over and convey the said Estate and Effects, to the said Robert O'Dowda, and that the said Patrick O'Hanlon, and the said Insolvent should forthwith put the said Robert O'Dowda, as such Assignee, into possession of all the Estate and Effects of the said Insolvent.

SHAW and LYONS,
Attornies for the said Robert O'Dowda, Esquire.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৫। ৫ আগষ্ট।]

ও সম্পত্তির আসৈনি শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনের কুঠীর দেনদারেরদের নামে এবং উক্ত আসৈনি সাহেবের গত জুলাই মাসের ২৩ তারিখে উক্ত যোত্রহীনের আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হওয়া দরখাস্ত সম্বলিত A চিহ্নিত তফসীলে যাঁহারদের নাম লেখা আছে তাঁহারদের নামে নালিশ করিয়া মোকদ্দমা চালাইতে অনুমতি পান্ এবং উক্ত কার্য্যের নিমিত্তে উক্ত আসৈনি সাহেবের যে খরচ লাগে তাহা তিনি উক্ত যোত্রহীনের মাল ও সম্পত্তির মূল্যহইতে লইবেন এবং উক্ত অভিপ্রায়েতে হুকুম হইল যে উক্ত আসৈনি সাহেব এইমত সকল মোকদ্দমাতে উক্ত জান গর্ডন ষ্টুআর্ট সাহেবকে ফরিয়াদীস্বরূপ আপনার সঙ্গী করিবেন এবং এইমত কার্য্য চালাইবার জন্যে যে কোন ওয়ারণ্ট কিম্বা অন্য কোন কাগজের আবশ্যক হয় তাহাতে উক্ত জান গর্ডন ষ্টুআর্ট সাহেবের নাম স্বাক্ষর করিতে পারেন কিন্তু জান গর্ডন ষ্টুআর্ট সাহেব যদি উক্ত মোকদ্দমার কার্য্য চালাইবাতে কোন অংশ না লন তবে তদ্বিষয়েতে উক্ত আসৈনি সাহেব উক্ত জান গর্ডন ষ্টুআর্ট সাহেবকে সকল খরচহইতে নির্ব্বিঘ্নে রাখেন্।

ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

বেঞ্জামিন হার্বি সাহেব

পূর্ব্বে কলিকাতা নগরের বড় বাজারনিবাসি জাহাজ সম্পর্কীয় জিনিসপত্রের রক্ষকের দপ্তরখানার প্রধান আসিষ্টাণ্ট এবং কতক দিনপর্য্যন্ত বাণিজ্যকারী কিন্তু পরে কোন কর্ম্মেতে ছিলেন না তিনি এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদী হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন।

তাঁহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত জুলাই মাসের ৩০ তারিখে এই আদালতের হুকুম ক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন এবং আরো হুকুম হইল যে এই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব অবিলম্বে উক্ত মাল ও সম্পত্তি উক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবকে অর্পণ করেন এবং উক্ত শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব ও উক্ত যোত্রহীন উক্ত প্রকারে নিযুক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবকে উক্ত যোত্রহীনের সকল মাল ও সম্পত্তি অর্পণ করেন্।

শা এবং লায়ন্স।
উক্ত রাবর্ট ওডৌডা সাহেবের উকীল।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 12, 1845.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৫ সাল ১২ আগষ্ট।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 26TH JULY, 1845.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th of July 1845

ACT No. —— OF 1845.

An Act for establishing a Court for the trial of Pilots accused of breach of duty.

I. It is hereby enacted, that from and after the day of , if any person employed in the Pilot Service of the East India Company, at the Presidency of Fort William in Bengal, shall be accused of having committed any breach of duty while engaged in such Service, and it shall appear to the Superintendent or Acting Superintendent of Marine, that such person ought to be brought to trial for such breach of duty, such person shall be brought to trial before a Court, consisting of a President and two Branch Pilots, with whom shall be joined, whenever it may be practicable, four Commanders of British Ships lying in the River Hooghly, and two Merchants of Calcutta.

II. And it is hereby enacted, that the said President shall be such person as shall be, from time to time as occasion may require, appointed for that purpose by the Governor of Bengal.

III. And it is hereby enacted, that whenever it shall appear to such Superintendent or Acting Superintendent of Marine, that any person employed in the said Pilot Service ought to be brought to trial before such Court, the said Superintendent or Acting Superintendent shall convene such Court by given notice to the said President, and Sum-

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ২৬ জুলাই।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৫ সালের ২৬ জুলাই তারিখে হজুর কৌন্সেলে প্রথম বার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল——আক্ট।

কর্ত্তব্য কর্ম্মের ত্রুটির নালিশগ্রস্ত আড়কাটিরদের বিচারের নিমিত্তে আদালত সংস্থাপনের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে অমুক মাসের অমুক তারিখঅবধি এবং তাহার পর বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে কোম্পানি বাহাদুরের আড়কাটির সিবিশতায় নিযুক্ত কোন ব্যক্তির নামে যদি এমত অপবাদ হয় যে তিনি ঐ কার্য্য নির্ব্বাহের সময়ে কোন প্রকারে কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি করিয়াছেন এবং যদ্যপি জাহাজী ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব অথবা একটিং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব বোধ করেন যে ঐ কর্ত্তব্য কার্য্যের ত্রুটিপ্রযুক্ত ঐ ব্যক্তিকে আদালতে বিচারার্থ সোপর্দ্দকরা উচিত তবে ঐ ব্যক্তির অপরাধের বিচার আদালতে হইবেক এবং ঐ আদালতে এক জন সভাধ্যক্ষ ও দুই জন প্রধান আড়কাটি থাকিবেন এবং সাধ্য হইলে তাহারদের সঙ্গে হুগলী নদীস্থিত ব্রিটনীয় জাহাজের চারি জন মালিম এবং কলিকাতানিবাসি দুই জন মহাজন সংযুক্ত হইবেন ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে আবশ্যকমতে সময়ে২ বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি ঐ আদালতে সভাধ্যক্ষ হইবেন ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জাহাজী ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট অথবা একটিং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের যদি এমত বোধ হয় যে উক্ত আড়কাটির সিবিশতায় নিযুক্ত কোন ব্যক্তিকে এই প্রকার আদালতে বিচারার্থ সোপর্দ্দকরা উচিত তবে ঐ সুপরিন্টেণ্ডেণ্ট অথবা একটিং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ প্রকার এক আদালত সংস্থাপন করিবেন অর্থাৎ উক্ত মোকদ্দমার বিচার করিবার নি

moning by writing under his hand any two Branch Pilots of the East India Company's Service, and any four Commanders of British Ships lying in the River Hooghly, and any two Merchants of Calcutta, to appear at a time and place to be specified in such writing for the purpose of holding such trial. Provided always that every Court to be held under this Act, shall consist of the President, and at least four Members, and that the decision shall in every case be according to the votes of the majority, and that in case of equality of votes the President shall have a casting vote.

IV. And it is hereby enacted, that if any person so summoned, as aforesaid, shall neglect or refuse to attend in pursuance thereof, or to remain in attendance to the end of such trial without sufficient cause, then it shall be lawful for the said Superintendent or Acting Superintendent of Marine to impose such fine upon such person as to him shall appear proper, not exceeding the sum of Rupees 200 for every such default, and every Justice of the Peace for the Town of Calcutta is hereby authorized and required upon representation made to him in writing and signed by the said Superintendent, or Acting Superintendent, to enforce the payment of such fine in like manner as if such fine had been imposed by himself.

V. And it is hereby enacted, that the proceedings before such Court shall be conducted on the part of Government by such person as the Governor of Bengal shall from time to time appoint to act as Judge Advocate in the said Court.

VI. And it is hereby enacted, that it shall be lawful for the said Superintendent or Acting Superintendent of Marine, and he is hereby authorized and required either at the request of the party accused, or of the party making the accusation, or of the said Court, by writing under his hand to summon any person whatsoever, to attend as a witness at a time and place to be specified in such summons for the purpose of being examined at any trial before a Court constituted as aforesaid, or if such person shall be about to depart from Calcutta, so as to be unable to attend at such trial without serious inconvenience, then to be examined before the President of the said Court, and any two Members of the said Court, provided always that due notice of the time and place of such examination shall be given to the person against whom a charge is about to be preferred and provided also, that such witness may nevertheless be examined at the trial if he shall be able to attend thereat in which case his examination may also be read at the trial.

VII. And it is hereby enacted, that every witness duly summoned to attend any such Court or President and two Members, shall during his necessary attendance on such Court or President and two Members, and in going to and returning from the same, be privileged from arrest, and shall,

যিয়ে লিপির মধ্যে নির্দ্দিষ্ট স্থান ও সময়ে হাজির হইতে উক্ত সভাধ্যক্ষকে এত্তেলা দিবেন এবং আপনার দস্তখৎ-করা লিপির দ্বারা কোম্পানি বাহাদুরের কর্ম্মে নিযুক্ত কোন দুই প্রধান আড়কাটি সাহেবকে এবং হুগলী নদীতে নোঙ্গরকরা ব্রিটনীয় জাহাজের কোন চারি জন মালিমকে এবং কলিকাতানিবাসি কোন দুই জন মহাজনকে তলব করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনানুসারে যে প্রত্যেক আদালত স্থাপন হয় তাহাতে সভাধ্যক্ষ সাহেব এবং অন্যূন চারি জন অন্তঃপাতী থাকিবেন এবং তাঁহারদের মধ্যে অধিকাংশ ব্যক্তির মতানুসারে ফয়সলা হইবেক এবং যদি দুই জন এক পক্ষে ও অন্য পক্ষে দুই জন হন্ তবে সভাধ্যক্ষ যে পক্ষে থাকেন্ সেই পক্ষের মত বলবৎ হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে তলবহওয়া কোন ব্যক্তি যদি মাতবর কারণ বিনা ঐ তলব-অনুসারে হাজির হইতে অথবা ঐ মোকদ্দমার শেষ-পর্য্যন্ত হাজির থাকিতে ত্রুটি বা অস্বীকার করে তবে ঐ জাহাজী ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট অথবা এক্টিং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব প্রত্যেক ত্রুটির বিষয়ে ২০০৲ টাকার অনধিক যে জরীমানা তাঁহার উচিত বোধ হয় সেই ব্যক্তির সেই জরীমানা করিতে পারেন্। এবং কলিকাতা শহরের প্রত্যেক জুষ্টিস অফ দি পীসকে ইহার দ্বারা ক্ষমতা ও হুকুম দেওয়া গেল যে উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট অথবা এক্টিং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সহীকরা লিপি পাইলে আপনি সেইরূপ জরীমানার হুকুম দিলে যেরূপ করিতেন সেইরূপে সেই জরীমানার টাকা উসুল করেন্ ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সময়ে২ বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব যে ব্যক্তিকে উক্ত আদালতে জজ আড্‌বোকেট৷ কর্ম্মকরণার্থ নিযুক্ত করেন সেই ব্যক্তি সরকারের তরফে ঐ আদালতে উপস্থিত হওয়া কার্য্য নির্ব্বাহ করিবেন ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত জাহাজী ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট অথবা এক্টিং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এই ক্ষমতা থাকিবেক এবং ইহার দ্বারা তাঁহাকে ক্ষমতা ও হুকুম দেওয়া গেল যে নালিশগ্রস্ত ব্যক্তির অথবা যে ব্যক্তি নালিশ করে তাহার কি ঐ আদালতের দরখাস্তক্রমে কোন ব্যক্তিকে সমনে নির্দ্দিষ্ট স্থান ও সময়ে সাক্ষিস্বরূপ উক্তমতে স্থাপিত আদালতে উপস্থিত কোন মোকদ্দমায় জোবানবন্দী দেওনের নিমিত্তে সমন করেন্। যদ্যপি সেই ব্যক্তি কলিকাতাহইতে প্রস্থান করিতে এমত উদ্যত আছে যে তাঁহার ঐ মোকদ্দমায় হাজির হইলে অতিভারি ক্লেশ হইবেক তবে উক্ত আদালতের সভাধ্যক্ষ সাহেবের এবং অন্তঃপাতি কোন দুই জন সাহেবের সমক্ষে ঐ ব্যক্তির জোবানবন্দী লওয়া যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তির নামে নালিশ হইবেক সেই ব্যক্তিকে ঐ জোবানবন্দী লওনের সময় ও স্থানের উপযুক্ত সম্বাদ দিতে হইবেক এবং আরো জানা কর্ত্তব্য যে ঐ সাক্ষী যদ্যপি বিচারের সময়ে উপস্থিত হইতে পারে তবে বিচারের সময়েও তাহার জোবানবন্দী লওয়া যাইতে পারে এবং এমত হইলে তাহার প্রথম জোবানবন্দী মোকদ্দমার সময়ে পাঠ করা যাইবেক ইতি।

৭ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে প্রত্যেক সাক্ষী এইপ্রকার কোন আদালতে অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতির সম্মুখে হাজির হইতে রীতিমতে সমন পায় সেই ব্যক্তি ঐ আদালতে অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতির সম্মুখে আবশ্যকমতে হাজির থাকন সময়ে এবং তথায় গমন করণ সময়ে এবং তথাহইতে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ১২ আগষ্ট।]

if arrested in breach of such privilege, be discharged by such Court or President and two Members, or by the Supreme Court, or any Judge thereof, according as the case shall require, upon its being made to appear to such Court or President and two Members constituted by this Act, or to such Supreme Court, or Judge, by affidavit in a summary way that such witness was arrested in going to or returning from or attending upon such Court or President and two Members constituted by this Act, and that every witness so duly summoned to attend as aforesaid, who shall not attend on such Court or President and two Members, or who attending shall refuse to give evidence on Oath or Solemn Affirmation or Declaration, or to answer all such questions as the Court or President and two Members may legally demand, shall be liable to be attached in the Supreme Court, upon complaint made, in like manner as if such witness had neglected to attend on any trial in such Supreme Court.

VIII And it is hereby enacted, that every Member assisting at every such Court, before the commencement of any proceeding to be had before it shall take the following Oath upon the Holy Evangelists, which Oath shall be administered by the President of such Court to the other Members thereof, and to the President by any Member who has taken the said Oath, that is to say,

"I do swear that I will duly determine and administer justice according to the evidence in the matter that shall be brought before me So help me God"

IX And it is hereby enacted, that every witness before any such Court or President and two Members shall be examined upon Oath, which such Courts and President and two Members are hereby authorized to administer. Provided always that in all cases wherein a Solemn Declaration or Affirmation would be allowed in Her Majesty's Courts of Judicature to be substituted for an Oath, the said Court or President and two Members constituted by this Act, shall substitute such Solemn Declaration or Affirmation for an Oath.

X. And it is hereby enacted, that any person wilfully and knowingly giving false testimony on Oath or Solemn Declaration or Affirmation in any case in which an Oath or Solemn Declaration is by this Act required to be made, shall be deemed guilty of wilful and corrupt perjury and being duly convicted, shall be liable to the pains and penalties of perjury.

XI. And it is hereby enacted, that if the party against whom a charge is preferred shall appear or shall not satisfy the Court that he has a reasonable excuse for not appearing, the said Court shall proceed to hear and determine the charges preferred by the said Superintendent or Acting Superintendent against any person or persons so employed in

[*Government Gazette*, 12*th August*, 1845.]

প্রত্যাগমনের সময়ে গ্রেপ্তার হইতে পারিবেক না এবং যদ্যপি এই অনুমতির উল্লঙ্ঘনপূর্ব্বক সেই ব্যক্তি গ্রেপ্তার হয় তবে এই আইনের দ্বারা স্থাপিত উক্ত আদালত অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতী অথবা সুপ্রিম কোর্ট অথবা তাহার কোন এক জন জজ সাহেবকে সরাসরীমতে সুকৃতিপত্রানুসারে যদি ইহা জ্ঞাত করা যায় যে এই আইনের দ্বারা স্থাপিত আদালতের নিকটে অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতির নিকটে যাওন সময়ে অথবা তথাহইতে প্রত্যাগমন সময়ে অথবা তথায় হাজির থাকন সময়ে ঐ সাক্ষী গ্রেপ্তার হইয়াছিল তবে বিষয় বুঝিয়া ঐ আদালত অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতী অথবা সুপ্রিম কোর্ট অথবা তাহার কোন এক জন জজ সাহেব তাহাকে খালাস করিবেন। এবং উপরের উক্তমতে হাজির হইতে যে প্রত্যেক সাক্ষির তলব হয় সেই সাক্ষী যদি উক্ত আদালতে অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতির সম্মুখে হাজির না হয় অথবা হাজির হইয়া যদ্যপি শপথ কি সুকৃতি অথবা প্রতিজ্ঞার অনুসারে সাক্ষ্য দিতে স্বীকার না করে অথবা উক্ত আদালত কি সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতী আইনমতে যে২ বিষয়ের জিজ্ঞাসা করিতে পারেন তাহার উত্তর যদি না দেয় তবে সুপ্রিম কোর্টে এ বিষয়ের নালিশ করা যাইবেক এবং ঐ সাক্ষী ঐ সুপ্রিম কোর্টে কোন মোকদ্দমায় হাজির হইতে ত্রুটি করিলে যেরূপ হইত সেইরূপে সুপ্রিম কোর্ট তাহাকে কয়েদ করিতে পারেন ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আদালতের অন্তঃপাতি প্রত্যেক জন ঐ আদালতে উপস্থিত হওয়া কোন কার্য্যে প্রবৃত্ত হওনের পূর্ব্বে ধর্ম্মপুস্তক লইয়া পশ্চাৎ লিখিত শপথ করিবেন। এবং ঐ আদালতের সভাধ্যক্ষ তাঁহার অন্যান্য অন্তঃপাতিরদিগকে সেই শপথ করাইবেন এবং যে কোন অন্তঃপাতী ঐ শপথ করিয়াছেন তিনি সভাধ্যক্ষকে শপথ করাইবেন বিশেষতঃ

আমি অমুক শপথ করিতেছি যে এই বিষয়ে আমার সম্মুখে যে সাক্ষ্য দেওয়া যায় তদনুসারে আমি নিশ্চয় করিব এবং যথার্থ বিচার করিব ইহাতে ঈশ্বর আমার সাহায্য করুন।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আদালত অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতির সম্মুখে উপস্থিত হওয়া প্রত্যেক সাক্ষী শপথপূর্ব্বক জোবানবন্দী দিবেক এবং উক্ত আদালত অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতিকে সেইরূপ শপথ করাইতে ইহার দ্বারা ক্ষমতা দেওয়া গেল। কিন্তু জানা কর্ত্তব্য যে যে সকল ব্যক্তিকে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতে শপথের পরিবর্ত্তে প্রতিজ্ঞা অথবা সুকৃতি দিবার অনুমতি হইত সেই সকল ব্যক্তিকে এই আইনের দ্বারা স্থাপিত আদালত অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতী শপথের পরিবর্ত্তে প্রতিজ্ঞা অথবা সুকৃতি করাইবেন ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা যে২ বিষয়ে শপথ অথবা প্রতিজ্ঞা করিবার হুকুম আছে সেই২ বিষয়ে যে কোন ব্যক্তি খামখা এবং জানিয়াশুনিয়া শপথ অথবা প্রতিজ্ঞা কি সুকৃতিক্রমে মিথ্যা সাক্ষ্য দেয় সেই ব্যক্তি খামখা এবং দূষণীয় মিথ্যা শপথের দোষী জ্ঞান হইবেক এবং তাহার দোষ রীতিমত সাব্যস্ত হইলে সেই ব্যক্তি মিথ্যা শপথকরণের দণ্ড ও শাস্তির যোগ্য হইবেক ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তির নামে নালিশ হয় সেই ব্যক্তি যদি হাজির হয় অথবা যদি আদালতের এমত হৃদ্বোধ না করে যে তাহার হাজির না হওনের উপযুক্ত কারণ ছিল তবে সুপরিন্টেণ্ডেণ্ট অথবা একটিং সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব পূর্ব্বোক্তমতে আড়কাটির সিরিশ্তায় নিযুক্ত কোন ব্যক্তি বা ব্যক্তিরদের নামে যে২ নালিশ করেন সেই২ নালিশ উক্ত আদালতে

the Pilot Service, as aforesaid, and if such person or persons shall be found guilty by the said Court, of the breach of duty laid to his or their charge, it shall be competent to the said Court, and it is hereby required to sentence such person or persons to dismissal from the said Pilot Service, or to such other punishment by loss of rank or pay as to the said Court shall appear fit, whether or not such breach of duty be punishable under a certain Code called the Penal Code for the better order and government of the Members composing the Pilot Service, passed by order of the Right Honourable the Vice President in Council, 21st December 1820.

XII Provided always and it is hereby enacted, that in all cases wherein the charge preferred before such Court is a charge of a breach of duty punishable under the said Code, the said Court shall award such punishment as is prescribed for such breach of duty in the said Code and no other

XIII. Provided also, and it is hereby enacted, that the said Code shall remain in full force as regards the several breaches of duty therein specified, but that it shall be competent for the said Superintendent or Acting Superintendent of Marine, and he is hereby empowered in any case of breach of duty not specified in the said Code to frame such charge as shall be applicable to the facts of the case and to prefer the same to the said Court, any thing in the said Code contained notwithstanding.

XIV Provided always and it is hereby enacted, that nothing in this Act contained shall prevent the said Superintendent or Acting Superintendent from deciding summarily in cases in which he was empowered to decide summarily before the passing of this Act.

XV. And it is hereby enacted, that every finding and sentence of such Court as aforesaid shall be subject to the approval and revision of the said Superintendent or Acting Superintendent and of the Governor or Deputy Governor of Bengal, and that no such finding or sentence shall be considered final or conclusive until it has been submitted to and approved by the said Superintendent or Acting Superintendent and by the Governor or Deputy Governor of Bengal who are hereby empowered to alter or revise such finding or sentence in such manner as to them shall appear proper, or to send back such finding to the same Court for revision, or to remit any part or the whole of such sentence as they shall think fit, and that every such sentence either of dismissal from the service or of loss of rank or pay upon being confirmed or altered by the said Governor or Deputy Governor of Bengal, and the said Superintendent or Acting Superintendent of Marine, shall be considered valid and

শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক। এবং সেই ব্যক্তি বা ব্যক্তিরদের নামে কর্ত্তব্য কর্ম্মের যে ত্রুটির নালিশ হয় সেই ত্রুটির বিষয় যদি ঐ আদালতে সাব্যস্ত হয় তবে ঐ আদালতের ক্ষমতা থাকিবেক এবং ইহার দ্বারা তাঁহারদিগকে হুকুম করা গেল যে ঐ ব্যক্তি বা ব্যক্তিরদিগকে আড়কাটির সিরিশ্‌তাহইতে তগীর করেন্ অথবা পদ কি মাহিয়ানার কমকরণের দ্বারা অন্য যে কোন দণ্ড ঐ আদালতের উচিত বোধ হয় সেই দণ্ডের হুকুম করেন্। আড়কাটির সিরিশ্‌তার নিযুক্ত ব্যক্তিরদের পূর্ব্বাপেক্ষা উত্তমমতে নিয়ম ও শাসন করিবার নিমিত্ত "দণ্ডকারি আইন" নামে বিখ্যাত যে আইন ১৮২৬ সালের ২১ ডিসেম্বর তারিখে শ্রীযুত বৈস প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে নির্দ্দিষ্ট করিয়াছিলেন সেই আইনে ঐ কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি দণ্ডনীয় হইলে বা না হইলে এই আইনের দ্বারা তাহার দণ্ড হইবেক ইতি।

১২ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে যে সকল গতিকে উক্ত "দণ্ডকারি আইনের" দণ্ডনীয় ত্রুটির নালিশ উক্ত আদালতে হয় সেই সকল গতিকে উক্ত আদালত কর্ত্তব্য কর্ম্মের সেই ত্রুটির বিষয়ে উক্ত "দণ্ডকারি আইনে" যে দণ্ড নিরূপণ আছে সেই দণ্ডের হুকুম করিবেন এবং অন্য কোন দণ্ডের হুকুম করিবেন না ইতি।

১৩ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত আইনে যে নানা কর্ত্তব্য কর্ম্মের ত্রুটির দণ্ড নির্দ্দিষ্ট আছে তদ্বিষয়ে উক্ত আইন সম্পূর্ণরূপে বলবৎ থাকিবেক কিন্তু জাহাজী ব্যাপারের উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট অথবা একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এই ক্ষমতা হইবেক এবং ইহার দ্বারা তাঁহাকে এই ক্ষমতা দেওয়া গেল যে উক্ত আইনে নির্দ্দিষ্ট না হওয়া কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি হইলে সেই অপরাধের বৃত্তান্তদৃষ্টে যে প্রকার নালিশ সম্ভব হয় সেই প্রকার নালিশ লিখিয়া উক্ত আদালতে দরপেশ করিবেন এবং উক্ত আইনে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহা প্রতিবন্ধক হইবেক না ইতি।

১৪ ধারা। কিন্তু নিয়ত জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পূর্ব্বে যে২ বিষয় সুপরিণ্টেণ্ডেণ্ট অথবা একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সরাসরীমতে নিষ্পত্তি করিবার ক্ষমতা ছিল সেই২ বিষয়ের সরাসরীমতে নিষ্পত্তি করিতে এই আইনের লিখিত কোন কথার দ্বারা নিষেধ হইবেক না ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে উক্ত আদালতের করা প্রত্যেক ফয়সলা ও দণ্ডাজ্ঞাতে উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট অথবা একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এবং বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেবের অথবা ডেপুটী গবরনর সাহেবের পুনর্দৃষ্টির ও মঞ্জুরের অপেক্ষা থাকিবেক। এবং ঐ ফয়সলা অথবা দণ্ডাজ্ঞা যাবৎ ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট অথবা একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অথবা বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেবের কি ডেপুটী গবরনর সাহেবের নিকটে দরপেশ না হয় এবং যাবৎ তাঁহারদের দ্বারা মঞ্জুর না হয় তাবৎ তাহা চূড়ান্ত অথবা সিদ্ধ জ্ঞান হইবেক না। এবং ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট অথবা একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব অথবা বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেব কি ডেপুটী গবরনর্ সাহেবের বিবেচনায় যেমত উচিত বোধ হয় সেইমতে তাঁহারদিগকে ঐ ফয়সলা অথবা দণ্ডাজ্ঞা মতান্তর অথবা সংশোধিত করিতে কি সংশোধনার্থ উক্ত ফয়সলা ঐ আদালতে ফিরিয়া পাঠাইতে অথবা আপনারদের যেমত উচিত বোধ হয় সেইমতে ঐ দণ্ডের কতক অংশ বা সমুদয় মাফ করিতে এই আইনের দ্বারা ক্ষমতা দেওয়া গেল। এবং সিরিশ্‌তাহইতে তগীর হওনের অথবা পদ কি বেতন কমাওনের এইরূপ প্রত্যেক দণ্ড উক্ত বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেব অথবা ডেপুটী গবরনর্ সাহেবের দ্বারা অথবা জাহাজী ব্যাপা-

effectual from the date of such confirmation or alteration, and shall be forthwith carried into effect.

XVI. And it is hereby enacted, that it shall be lawful for the said Superintendent or Acting Superintendent, with the consent of the Governor or Deputy Governor of Bengal, expressed in writing under his hand from time to time to make such Rules for conducting the Proceedings and regulating the practice of the said Courts, and for carrying into effect the purposes of this Act as to the said Superintendent or Acting Superintendent shall seem expedient, and all such Rules shall be submitted to the Governor General in Council immediately upon the making thereof, and every such Rule shall have full effect after it shall have been confirmed by the Governor General in Council and not before.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 26th day of September next.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 9.

To the Magistrates of the Lower Provinces.

The Sudder Board of Revenue having, in their Officiating Secretary's Letter of the 25th April last, brought to the notice of Government, the existence of a fund in the district of Tirhoot, designated "Fazil Bhye Collections," consisting of surplus Zumeendaree Dawk Collections and of fines levied on trespassing cattle, and as they think it not improbable that there are similar funds in other districts, I have been called upon by the Government in Mr Under Secretary Turnbull's Letter, dated the 28th May last, to ascertain if such be the fact and to take measures to bring them to regular credit in the public accounts. I request therefore that you will be good enough to state whether any such fund exists in your district, and if so, that you will furnish me without delay with a statement shewing the balance at credit of the fund, being careful at the same time to credit the amount at once in your Cash Account under the head of "Cattle Fine. &c. Fund," citing the No. and date of this Circular in the entry, until further orders.

(Signed) C. Morley,
Accountant General.

Fort William, Accountant-General's Office,
The 31st July, 1845.

[*Government Gazette*, 12*th August*, 1845]

রের সুপরিন্টেণ্ডেন্ট অথবা একটিং সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের দ্বারা মঞ্জুর কি মতান্তর হইলে তাহা ঐরূপ মঞ্জুর অথবা মতান্তরের তারিখঅবধি সিদ্ধ ও বলবৎ জ্ঞান হইবেক এবং তাহা তৎক্ষণাৎ জারী হইবেক ইতি।

১৬ ধারা এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আদালতের কার্য্য নির্ব্বাহের নিমিত্তে এবং তাহার ব্যবহারের নিয়ম করিবার নিমিত্ত এবং এই আইনের অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্তে যে২ বিধান উক্ত সুপরিন্টেণ্ডেন্ট অথবা একটিং সুপরিন্টেণ্ডেন্ট সাহেব উচিত বোধ করেন্ সেই সকল বিধান ঐ সুপরিন্টেণ্ডেন্ট অথবা একটিং সুপরিন্টেণ্ডেন্ট সাহেব বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর্ সাহেবের অথবা ডেপুটী গবরনর্ সাহেবের অনুমতিক্রমে ধার্য্য করিতে পারেন এবং ঐ শ্রীযুত গবরনর্ সাহেবের অনুমতি আপনার দস্তখৎকরা লিপির দ্বারা জ্ঞাত করা যাইবেক। এবং ঐ সকল বিধান ধার্য্য হইলেই শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলে দরপেশ হইবেক এবং ঐরূপ প্রত্যেক বিধান শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলে মঞ্জুর হইলে তাহা সম্পূর্ণরূপে বলবৎ হইবেক এবং তাহার পূর্ব্বে বলবৎ হইবেক না।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৬ সেপ্টেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর পত্র।

---

৯২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

গত ২৫ আপ্রিল তারিখে সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেব পত্র লিখিয়া গবর্ণমেণ্টকে জানাইয়াছেন যে ত্রিহুত জিলার "ফাজিল ভাই আদায" নামক এক তহবীল আছে। জমীদারীর ডাকের আদায়িওয়া টাকার অবশিষ্ট এবং গোমেষাদি পরের ক্ষেত্রে চরাতে যে জরীমানা হয় তাহা লইয়া এ তহবীল হয় এবং বোর্ডের সাহেবেরা বোধ করেন্ যে সেইরূপ তহবীল অন্যান্য জিলায় থাকিতে পারে। অতএব ছোট সেক্রেটারী শ্রীযুত টর্ণবুল সাহেবের গত ২৮ মে তারিখের পত্রে গবর্ণমেণ্ট এই হুকুম করিলেন যে অন্যান্য জিলায় এইরূপ তহবীল আছে কি না তাহা নির্ণয় করা যায় এবং সরকারী হিসাবে তাহা নিয়মমতে জমা করা যায়। অতএব তোমাকে আদেশ করিতেছি যে তোমার জিলার মধ্যে এমত তহবীল আছে কি না ইহা জ্ঞাপন কর এবং যদি থাকে তবে ঐ তহবীলে কত টাকা অবশিষ্ট আছে তাহার এক কৈফিয়ৎ অবিলম্বে পাঠাও এবং তোমার টাকার হিসাবে "গোমেষাদির জরীমানা" বলিয়া তাহা এক কালে জমা কর এবং সেইরূপে তাহা জমাকরণের নিদর্শনস্বরূপ অন্য হুকুম না হওনাপর্য্যন্ত এই সরক্যুলর অর্ডরের নম্বর ও তারিখ লিখিবা।

সি মরলি।
আকৌণ্টেণ্ট জেনরল।

ফোর্ট উলিয়ম। আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের দপ্তরখানা। ১৮৪৫। ৩১ জুলাই।

John C. Marshman, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 15.

To the Several Criminal Authorities in the Lower Provinces.

The Court are pleased to prescribe the following addition to the Rules for the preparation of the Criminal Statements.

Supplementary Rules for the preparation of the Magistrate's Statement.

Statement No. 2, Part 1, Paragraph 125.

In order to shew the degree in which the responsibility of Zemindars is enforced, the Magistrates will be pleased in future to enter cases of Zemindars and Chowkeedars brought up for neglect of duty under separate headings in Statement No. 2, Part 1.

W. KIRKPATRICK, *Deputy-Register.*

Fort William, 6th June, 1845.

EDUCATION.

NOTICE.

১৮। বোর্ডের সাহেবেরা আরো লেখেন্ যে আমারদের অনুভবে সর্ব্ব সাধারণ লোকের এমত বোধ আছে যে ৫০/ বিঘার বিষয়ি হুকুমের দ্বারা এক মৌজাস্থিত ৫০/ বিঘার কম যে২ খণ্ড লাখেরাজ ভূমি ১৮৪১ সালের ২৬ জানুআরি তারিখে বাজেয়াপ্ত হয় নাই অথবা বাজেয়াপ্ত হইলে ঐ তারিখের পূর্ব্বে বন্দোবস্ত হয় নাই সেই২ খণ্ড ভূমি চূড়ান্তরূপে নিষ্কর হইল। কিন্তু যদি গবর্ণমেণ্ট দৈবাৎ ঐ মহালের জমীদার হইলে সেই সকল খণ্ড২ ভূমির উপর কর বসানের ক্ষমতা রাখেন্ তবে ঐ সকল লোকের বোধ মিথ্যা হইল যদি ঐ ক্ষুদ্র খণ্ড ভূমির উপর সরকারের কোন দাওয়া থাকে তবে ঐ খণ্ড ভূমির মূল্য অতিন্যূন হইবেক অথচ তদ্দ্বারা সরকারের সাধারণ রাজস্বের কোন অধিক উপকার হইবেক না। অতএব বোর্ডের সাহেবেরদের বোধ হইতেছে যে এইরূপ কর্ম্ম করা যেমন অনাবশ্যক তেমনি অপকারক এবং বাজেয়াপ্ত আইন জারী করণের সময়ে সরকার যেরূপ বদান্যতা করিয়াছেন তাহার বিপরীত হইবেক। সাবেক বোর্ডের সাহেবেরা লিখিয়াছিলেন যে জমীদারেরা লাখেরাজ মহাল করিয়া রাখেন তাহার অভিপ্রায় এই যে জমীদারী বিক্রয় হইলে তাঁহারদের ঐ ক্ষুদ্র২ নিষ্কর ভূমি থাকে। কিন্তু তাঁহারা যে এইরূপ কেবল ৫০/ বিঘা ক্ষুদ্র২ খণ্ড স্বতন্ত্র করিয়া রাখিয়াছিলেন ইহা সত্য নহে এবং সরকার এক্ষণে যাহা করিতে উদ্যত তাহাতে ঐরূপ চাতুরী নিবারণ হইবেক না।

19th. The argument put in the 3rd Paragraph of your letter under notice would also seem to militate against the spirit of the 50 Beegah Order, as the Board have hitherto understood it; for it im-

১৯। তোমার পত্রের ৩ দফায় যে যুক্তি লেখা আছে তাহাতে বোর্ডের সাহেবেরা এইপর্য্যন্ত ৫০/ বিঘাবিষয়ক হুকুমের যে ভাব অনুভব করিয়াছেন তাহার বিপরীত হয়। যেহেতুক তাহাতে এই উপলব্ধি হয় যে যে লাখে-

plies that the boon was not intended for the common benefit of all the sharers in a Lakheraj Mehal of which any portion might be composed of parcels of 50 Beegahs or less in one Mowzah, but only of the holders of one or more of such parcels. The Junior Member's proposal was that such portions should continue, although unassessed, by being included in the Settlement, to be parts and parcels of the resumed tenures, just as Khanabarie and Neej-jot, or uncultivated waste lands, are of Estates of the Decennial Settlement, and this would have given, as the Board supposed was intended by the 50 Beegah Order, all the brotherhood of Lakherajdars some of the benefit, or a chance of some of the benefit, of the Government bounty. But according to the views expressed in the 3d Paragraph of your letter, it would seem that such was not intended to be the effect of the order. For example, if one parcel of 90 Beegahs and two of 45 Beegahs each, all in different Mowzahs, were all possessed by one Lakherajdar, the proposal of continuing to consider the 3 as one Mehal (although only the 90 Beegahs are assessed) would not, it is stated, be of much consequence, but if one of two brothers possessed the 90 Beegahs' parcel, and the other possessed the two of 45 Beegahs each, then it would be a remarkable deviation from the Government intention, as it is implied not to make the one brother pay the whole and the other none at all.

20th. To obviate such a result, as well as upon the considerations previously set forth, the Board would recommend that it be held under the 50 Beegah Order, that when a resumed tenure is partly composed of parcels not exceeding 50 Beegahs in one Mowzah, such parcels be included in the settlement of the tenure, but exempted from specific Assessment, and that all Rent free tenures entirely composed of parcels not exceeding 50 Beegahs in one Mowzah, whether resumed or untried, be declared finally exempt from Assessment.

Extract Paragraph 3d from a letter from Under Secretary to Government of Bengal, to the Officiating Secretary to the Sudder Board of Revenue, No. 481, dated 12th June, 1845.

Para. 3d. In the last Paragraph of your letter under reply, occasion has been taken to re-agitate a question of some intricacy connected with the Settlement of resumed Lakheraj Estates composed in part of parcels of land exempt under the 50 Beegah Order from assessment. On this subject, after much careful consideration, and in accordance with the views of the Board, as it was constituted in 1841, the Government gave a final decision on the 5th June 1843, with which it is not thought advisable by His Excellency to interfere.

(True Extracts)

(Signed) G. PLOWDEN,

Sudder Board of Revenue, *Offg. Secretary.*

Fort William, 4th July, 1845.

[*Government Gazette, 19th August*, 1845.]

রাজ মহালের কোন অংশ এক মৌজাস্থিত ৫০/ বিঘা অথবা তাহার কম খণ্ড২ ভূমি লইয়া হয় সেই মহালের সকল সরীকের সাধারণ উপকারের নিমিত্ত ঐ অনুগ্রহ করা যায় নাই কিন্তু কেবল সেইপ্রকার এক বা ততোধিক খণ্ড ভূমির মালিকের নিমিত্তে করা গিয়াছিল। দ্বিতীয় মেম্বর সাহেব এই প্রস্তাব করিয়াছিলেন যে ঐ খণ্ড ভূমি যদ্যপি নিষ্কর ধার্য্য হয় তথাপি বন্দোবস্তের শামিল হওয়াপ্রযুক্ত ঐ বাজেয়াপ্তী মহালের ভাগ ও অংশের ন্যায় বজায় থাকে যেরূপে খানাবাড়ী এবং নিজযোত অর্থাৎ গরআবাদী ভূমি দশসনী বন্দোবস্তের মহালের শামিল আছে। বোর্ডের সাহেবেরা বোধ করিলেন যে এইরূপ হইলে ৫০/ বিঘাবিষয়ক হুকুমের দ্বারা সকল লাখেরাজদার সরকারের অনুগ্রহের কিঞ্চিৎ উপকার প্রাপ্ত হইত অথবা সেই কিঞ্চিৎ উপকার প্রাপ্ত হওনের সম্ভাবনা হইত এবং বোর্ডের সাহেবেরা বোধ করেন্ যে সকল লাখেরাজদারকে সেইরূপ অনুগ্রহকরা ঐ হুকুমের অভিপ্রায় ছিল। কিন্তু তোমার পত্রের ৩ দফার লিখিত হুকুমের দ্বারা দৃষ্ট হইতেছে যে ঐ হুকুমের এইরূপ ফল হওনের মানস ছিল না। যথা যদ্যপি ৯০/ বিঘার এক খণ্ড ভূমি এবং ৪৫/ বিঘা করিয়া দুই খণ্ড ভূমি ভিন্ন২ মৌজায় এক জন লাখেরাজদারের দখলে থাকে এবং সেই তিন খণ্ড ভূমি যদি এক মহাল জ্ঞান করা যায় তবে কেবল ঐ ৯০/ বিঘার উপর কর বসান গেলেও তাহাতে কিছু ক্ষতিবৃদ্ধি হইত না। কিন্তু যদি দুই ভ্রাতার মধ্যে এক জনের ঐ ৯০/ বিঘার খণ্ড ভূমি থাকে এবং অন্য জনের ৪৫/ বিঘা করিয়া দুই খণ্ড ভূমি থাকে তবে এক ভ্রাতা যে কর দিবেক ও অন্য ভ্রাতা কর দিবেক না ইহাতে গবর্ণমেণ্টের অভিপ্রায় বিফল হয়।

২০। এইরূপ না হইবার নিমিত্তে এবং যে কারণ পূর্ব্বে দর্শান গিয়াছে তদৃষ্টে বোর্ডের সাহেবেরা এক্ষণে পরামর্শ দিতেছেন যে ৫০/ বিঘার ভূমিবিষয়ক হুকুমানুসারে ইহা ধার্য্য হয় যে যখন কোন বাজেআপ্তী মহাল এক মৌজাস্থিত ৫০/ বিঘার ন্যূন খণ্ড২ ভূমি লইয়া হয় তখন সেই সকল খণ্ড ভূমি সেই মহালের বন্দোবস্তের শামিল করা যায় এবং তাহার উপর কোন বিশেষ করধার্য্য না হয় এবং যে সকল নিষ্কর ভূমি এক মৌজাস্থিত ৫০/ বিঘার অনূন খণ্ড২ ভূমি লইয়া হয় তাহা বাজেয়াপ্ত হইলেই কিম্বা তজবীজ না হইলে চূড়ান্তমতে নিষ্কররূপে ধার্য্য হয়।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেব ১৮৪৫ সালের ১২ জুন তারিখের ৪৮১ নম্বরী যে পত্র সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেবের নিকটে লিখিয়াছিলেন তাহার ৩ দফার চুম্বক।

৩ দফা। তোমার পত্রের শেষ দফায় যে বাজেয়াপ্তী লাখেরাজ মহাল ক্ষুদ্র২ খণ্ড ভূমি লইয়া হয় এবং সেই ভূমি ৫০/ বিঘাবিষয়ক হুকুমানুসারে নিষ্কর হইয়াছে সেই মহালের বন্দোবস্তের বিষয়ে একপ্রকার কঠিন ব্যাপার পুনর্ব্বার উত্থাপন করিয়াছ। এই বিষয়ে অনেক বিবেচনানন্তর এবং ১৮৪১ সালের বোর্ডের সাহেবেরদের অভিপ্রায়ানুসারে গবর্ণমেণ্ট ১৮৪৩ সালের ৫ জুন তারিখে চূড়ান্তরূপে নিষ্পত্তি করিয়াছিলেন এবং শ্রীযুত ঐ নিষ্পত্তি অন্যথা করিতে চাহেন্ না।

(যথার্থ চুম্বক।)

জি প্লৌডন।

সদর বোর্ড রেবিনিউ। একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ৪ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

EDUCATION.

NOTICE.

RULES for the Examination of Candidates for insertion in the list directed to be annually furnished to Government by the Notification of the Governor-General, dated 10th October, 1844.

1. No one shall be allowed to become a Candidate for insertion in the Annual Returns, who is less than 18 or more than 23 years of age; and who is not at the time a Student either of a Government or of a private Institution recognized by the Council of Education. All competitors must likewise produce satisfactory proofs of good moral character.

2. Every Candidate, whether he belong to a Government College or a private Institution, shall be required to undergo the usual Annual Examination for Senior English Scholarships, a Latin being substituted for a Vernacular Essay, at the option of each Candidate.

3. There shall be two classes of merit: the first shall comprehend all who are in the last year of a Senior Scholarship, or who, though not actually in the last year, would be so, if there had been a vacant Scholarship at the time when they first became eligible for one; or have been engaged for ten years in the study of English at a private Institution, and who obtain at least ¾ths of the number of marks allowed in each subject. The second class shall include all other Candidates, who obtain at least ½ of the number of marks allowed for complete answers in every subject contained in the Senior English Scholarship standard.

4. The place of each successful competitor in his class, shall be determined by the relative merit of his examination.

5. Every Candidate for insertion in the Council's list, shall pay a registration fee of Company's Rupees 5, prior to being allowed to compete at the examination.

6. The examinations shall be held annually at the Town Hall, a few days before the Doorgah Poojah holidays, of which due notice shall be given.

7. A Student who shall fail to prove himself qualified for insertion in the Council's list, shall not be permitted to present himself for examination more than three times, pre-paying on each occasion the usual registration fee.

8. A Candidate whose name shall once have appeared in the Return, shall not be allowed to compete again with a view to obtain a higher grade.

9. All Candidates, whether from Government or private Institutions, must distinctly understand, that mere insertion in the Returns will by no means be a sure passport to employment, since the pre-

বিদ্যাধ্যাপন।

বিজ্ঞাপন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের বিজ্ঞাপনানুসারে কর্ম্মাকাঙ্ক্ষিরদের নামের যে ফর্দ্দ বৎসরে২ গবর্ণমেণ্টকে দিবার হুকুম হইয়াছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহানের

বিধান।

১। যাহার আঠার বৎসরের কম কি তেইশ বৎসরের অধিক বয়স্ হয় এবং যে জন ইমতিহান দেওনের সময়ে গবর্ণমেণ্টের কোন এক কালেজের অথবা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের স্বীকৃত কোন বিদ্যালয়ের ছাত্র না হয় সেই জন বার্ষিক রিপোর্টে আপন নাম লিখনের আকাঙ্ক্ষিরদের মধ্যে গণ্য হইতে পারে না। কর্ম্মাকাঙ্ক্ষি সকল লোকের আবশ্যক যে আপনারদের সদাচারিতার বিষয়ে হৃদ্বোধজনক প্রমাণ দেয়।

২। প্রত্যেক জন কর্ম্মাকাঙ্ক্ষী গবর্ণমেণ্টের কোন কালেজের সম্পর্কীয় হউক কিম্বা বিশেষ বিদ্যালয়ের সম্পর্কীয় হউক ইঙ্গরেজী প্রধান বৃত্তি প্রাপণার্থ ছাত্রেরা বৎসরে২ যে ইমতিহান দিয়া থাকে তাহা দিবেক কিন্তু কর্ম্মাকাঙ্ক্ষী আপন ইচ্ছামতে এদেশীয় ভাষায় এসে অর্থাৎ রচনা না লিখিয়া লাটিন ভাষায় লিখিতে পারে।

৩। যোগ্যতার দুই সম্প্রদায় হইবেক। যাহারদের প্রধান বৃত্তি ভোগের শেষ বৎসর হইয়াছে অথবা যাহারদের নিতান্তই শেষ বৎসর হয় নাই কিন্তু তাহারদের বৃত্তি পাইবার যোগ্য হওন সময়ে বৃত্তি শূন্য থাকিলে এবং তাহারা তাহা পাইলে এক্ষণে এ বৃত্তির শেষ বৎসর হইত অথবা যাহারা কোন বিশেষ বিদ্যালয়ে দশ বৎসরপর্য্যন্ত বিদ্যা শিক্ষা করিয়াছে এবং ইমতিহানের প্রত্যেক বিষয়ে যত চিহ্ন নির্দ্দিষ্ট আছে তাহার চারি অংশের অন্যূন তিন অংশ পায় তাহারা প্রথম শ্রেণীভুক্ত হইতে পারে। এবং ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমিত্তে যে২ বিষয়ে ইমতিহান দিতে হয় তাহার প্রত্যেক বিষয়ে নির্দ্দিষ্ট চিহ্নের অন্যূন অর্দ্ধ অংশ যাহারা পায় এমত অন্য সকল কর্ম্মাকাঙ্ক্ষী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেক।

৪। ইমতিহানের সময়ে কৃতকার্য্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের গুণের তারতম্য বুঝিয়া তাহারা সম্প্রদায়ের প্রথম দ্বিতীয়াদি স্থানে ভর্ত্তি হইবেক।

৫। যাহারা কৌন্সেলের ফর্দ্দে নাম লেখাইতে আকাঙ্ক্ষা রাখে তাহারদের ইমতিহানে প্রতিযোগিতা করণের অনুমতি পাইবার পূর্ব্বে কোং ৫৲ টাকা ফিস দিতে হইবেক।

৬। ইমতিহান বৎসরে২ দুর্গা পূজার ছুটীর কএক দিবস পূর্ব্বে টৌন হালে হইবেক তাহার সম্বাদ উপযুক্তমতে দিন থাকিতে দেওয়া যাইবেক।

৭। যে কোন ছাত্র কৌন্সেলের ফর্দ্দেতে আপন নাম লেখাইবার যোগ্যতার প্রমাণ না দেয় সে তিন বারের অধিক ইমতিহান দিতে পারিবেক না এবং সেই প্রত্যেকবারের পূর্ব্বে তাহার উক্ত ফিস দিতে হইবেক।

৮। যে কর্ম্মাকাঙ্ক্ষির নাম ফর্দ্দেতে লেখা যায় সেই জন উচ্চ শ্রেণী পাইবার অভিপ্রায়ে পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি পাইবেক না।

৯। গবর্ণমেণ্টের ও বিশেষ বিদ্যালয়ের সকল কর্ম্মাকাঙ্ক্ষী স্পষ্টরূপে জানিবেক যে তাহারদের নাম ফর্দ্দেতে লিখিত হইলেই তাহারা নিতান্ত কর্ম্ম পাইবেক এমত নহে

ference must depend upon other qualifications, as well as upon literary and scientific acquirements, and good moral conduct.

10. The following is the system of examination adopted, and the standard of the Senior English Scholarships referred to in Rule 2.

Sets of questions on the various branches of study will be prepared under the direction of the Council of Education who will likewise fix within a reasonable time beforehand, the days on which the examinations shall be held.

The Students shall be assembled in a room without books, papers or references of any kind. They shall not be allowed to communicate with each other during the examination, and on that account shall be placed at a proper distance from each other.

They will be required to answer the questions and to write the essays without any assistance whatever, and to ensure this, one of the Members of the Council of Education will remain in the room, and superintend the whole examination.

Any attempt at, or practice of, unfair means, shall subject the offender to exclusion from the examination—as well as from the Returns of the Council, and thereby render him ineligible for Government employment.

The Council of Education will fix an uniform standard of value for each question according to its importance, a perfectly correct and complete answer will obtain the full number of marks attached to the question, an imperfect answer will obtain a part only of the full number, in proportion to its approximation to correctness and completeness. At least 50 per cent. of the aggregate number of marks attached to an entire set of examination questions, will be necessary to entitle a Student to a Senior Scholarship.

The following are the qualifications for the Senior English Scholarships :—

English Essay.—The Candidate must compose a fair English Essay.

History.—He must know the leading facts of Universal History, with special reference to the Histories of Greece, Rome, India, England and Modern Europe. The course of History which will form the subject of each Annual Examination, will be made known by the Council of Education on or before the 15th of June of the previous year.

General Literature.—He must be able to explain passages of Prose and Verse, selected from standard authors. Hereafter the works from which the passages will be selected for the ensuing year, will be fixed by the Council of Education, at least one year before each Annual Scholarship Examination.

Mathematics.—He must have a knowledge of Algebra as treated of in Peacock's work on the subject, and in the Chapter on Chances in Wood's Algebra. Of Euclid, he must know the first four books, the fifth definition of the 5th book, the 6th

[*Government Gazette, 19th August,* 1845.]

কেননা বিদ্যাতে নিপুণতা এবং সদাচারিত্তা ভিন্ন অন্যান্য গুণেরও আবশ্যক হইবেক।

১০। ইমতিহানের এই২ নিয়ম হইবেক এবং প্রথম ইঙ্গরেজী বৃত্তির যে হার ২ বিধিতে লেখা আছে তাহা এই।

বিদ্যার নানা শাখার বিষয়ে নানা প্রশ্ন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমানুসারে প্রস্তুত হইবেক এবং যে দিবসে ইমতিহান হইবেক তাহা উপযুক্ত সময় থাকিতে তাঁহারদের দ্বারা নিরূপণ হইবেক।

ছাত্রেরা এক কুঠরীর মধ্যে একত্র হইবেক তাহারদের কোন কেতাব বা কাগজ কি যাহাতে কিছু অবগত হইতে পারে এমত কিছু থাকিবেক না ইমতিহানের সময়ে তাহারদের পরস্পর কোন কথা বা লিখনপঠন হইবেক না এবং সেই নিমিত্তে তাহারা উপযুক্তমতে দূরে পৃথক২ হইয়া বসিবেক।

কোন সাহায্যবিনা তাহারদের সকল জিজ্ঞাসার উত্তর দিতে হইবেক এবং এসে লিখিতে হইবেক এবং তাহারদের কোন সাহায্য না হয় এতদর্থে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এক জন কামরার মধ্যে থাকিবেন এবং সমস্ত ইমতিহানের কর্তৃত্ব করিবেন।

যদি কোন কপট কর্ম্ম হয় বা তাহার উদ্যোগ হয় তবে অপরাধি ব্যক্তি ইমতিহানহইতে বহিষ্কৃত হইবেক এবং কৌন্সেলের সাহেবেরদের রিপোর্টের মধ্যে তাহার নাম লেখা যাইবেক না এবং সেই নিমিত্তে সে সরকারী কর্ম্মে নিযুক্ত হইবার অযোগ্য হইবেক।

প্রত্যেক প্রশ্নের গুরুত্বঅনুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেল তাহার মূল্যের একি প্রকার হার নিরূপণ করিবেন। যদ্যপি সেই প্রশ্নের ঠিক এবং সম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে সেই প্রশ্নের যত চিহ্ন নিরূপণ আছে তাহার সম্পূর্ণ সংখ্যা কৃতকার্য্য ছাত্র পাইবেক কিন্তু যদি তাহার অসম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে যেপর্য্যন্ত তাহা ঠিক ও পূর্ণ হয় তাহার হিসাব করিয়া সম্পূর্ণ চিহ্নের অংশ দেওয়া যাইবেক। কিন্তু ইমতিহানের সকল প্রশ্নের সমুদয়ে যত চিহ্ন নিরূপণ আছে তাহার অর্দ্ধেক যে ছাত্র না পায় সে প্রধান বৃত্তিভোগির তুল্য জ্ঞান হইতে পারিবেক না।

ইঙ্গরেজী ভাষাতে ছাত্রেরদের প্রধান বৃত্তি প্রাপণার্থে এই২ বিদ্যাতে নিপুণহওনের আবশ্যক।

ইঙ্গরেজী ভাষার রচনা। পদাকাঙ্ক্ষি ব্যক্তির ইঙ্গরেজী ভাষাতে উপযুক্তমতে এসে অর্থাৎ রচনা করিতে হইবেক।

পুরাবৃত্তের বিবরণ।—সাধারণ পুরাবৃত্তের প্রধান২ বিষয় তাহার জানিতে হইবেক এবং গ্রিক দেশ ও রূম ও ভারতবর্ষ ও ইঙ্গলণ্ড ও ইদানীন্তন ইউরোপের নব্য ইতিহাসের বিশেষ জ্ঞাত থাকিতে হইবেক প্রত্যেক বার্ষিক ইমতিহানে পুরাবৃত্তের শ্রেণীর বিষয়ে যে পরীক্ষা হইবেক তাহা পূর্ব্ব বৎসরে বা ১৫ জুন তারিখে কি তাহার পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা জ্ঞাত করিবেন।

সাধারণ বিদ্যা। প্রধান২ গ্রন্থকর্ত্তারদের গ্রন্থহইতে মনোনীতকরা গদ্য ও পদ্যের প্রকরণের অর্থ করিতে হইবেক। উত্তর কালে আগামি বৎসরের নিমিত্ত যে গ্রন্থহইতে সেইমত প্রকরণ বাচনী হইবেক তাহা প্রত্যেক বার্ষিক ইমতিহানের অন্যূন এক বৎসর পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ধার্য্য করিবেন।

ক্ষেত্রপরিমাণাদি বিদ্যা। বীজগণিত বিদ্যায় পিকক সাহেবের গ্রন্থ জ্ঞাত থাকিতে হইবেক এবং উড সাহেবের বীজগণিত বিদ্যার "অনুমান" এই বিষয়ের অধ্যায় জ্ঞাত থাকিতে হইবেক। ইউক্লিডের প্রথম চারি গ্রন্থ এবং পঞ্চম গ্রন্থের পঞ্চম ব্যাখ্যা এবং ষষ্ঠ গ্রন্থ এবং একাদশ গ্রন্থের

book, and 21 propositions of the 11th book: Plane and Spherical Trigonometry (Hind's, Snowball's or Woodhouse's) and Conic Sections.

Natural Philosophy.—He must have a knowledge of Astronomy, Mechanics, Hydrostatics, Pneumatics and Optics, as treated of in the works noted in the margin,* sufficient to enable him to comprehend Herschell's Introductory Discourse on the study of Natural Philosophy, and Mrs. Somerville's Connection of the Physical Sciences. He must also be acquainted with Mathematical and Physical Geography, as treated of in the publications of the *Society for the Diffusion of Useful Knowledge.*

Vernacular Essay.—He must write a fair Essay in the Vernacular.

The holders of Senior Scholarships will be examined further in a paper of special test questions, which will be prepared under the direction of the Council of Education for that purpose, and which may include subjects not specified above.

(By order.)

F. J. MOUAT, M. D.,

Secretary.

Council of Education, 25th July, 1845.

NOTIFICATION.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 8th August, 1845.

Nuzeeroddeen Mahomed, Moonsiff of Kotulpore, Zillah West Burdwan, to be Moonsiff of Indoss in the same district.

Baboo Thakoordoss Banerjee, Moonsiff of Indoss, to be Moonsiff of Kotulpore.

The 15th August, 1845.

Moonshee Ali Newaz, to be Acting Moonsiff of Begumgunge, Zillah Tipperah, during the absence of the incumbent, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 8th August, 1845.

Baboo Nobinkishen Paulit, Moonsiff of Pingnah, Zillah Mymensingh, from 27th September to the 17th November next, inclusive.

B. J. COLVIN, *Offg. Register.*

CIVIL APPOINTMENTS.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

FORT WILLIAM.

The 6th August, 1845.

The Governor of Bengal directs that the fol-

* Brinkley's Astronomy, or the Astronomy in the Natural Philosophy of the S. D. U. K., Whewell's Mechanics, Webster's Hydrostatics, and Phel's Optics, with the Pneumatics of the S D. U. K.

২১ প্রস্তাব এবং হাইণ্ড ও স্নোবল ও উডহৌসের রচিত প্লেন এবং স্ফেরিকাল ত্রিকোণ পরিমাপক বিদ্যা এবং কোনিক সেকস্যন্স।

পদার্থ বিদ্যা। পশ্চাৎ লিখিত * গ্রন্থে যেরূপ জ্যোতির্বিদ্যা ও শিল্পবিদ্যা ও দ্রববস্তুর নিরূপক ও বায়ু নিরূপক বিদ্যা ও দৃষ্টিনিরূপক বিদ্যার জ্ঞান থাকে সেইরূপ তাহারদের থাকিবেক অর্থাৎ হর্সল সাহেবের পদার্থ বিদ্যার অধ্যয়নবিষয়ক ভূমিকা এবং বিবি সমরবিলের প্রকৃতির বিদ্যার সম্বন্ধ এই দুই গ্রন্থ যাহাতে উত্তমরূপে বুঝিতে পারে সেইপর্য্যন্ত উপরের উক্ত গ্রন্থ পাঠ করিতে হইবেক। এবং কর্ম্মণ্য বিদ্যাপ্রতিপোষক সোসৈটির প্রকাশিত গ্রন্থের মধ্যে ক্ষেত্রপরিমাণ ও প্রকৃতিসম্পর্কীয় ভূগোলীয় বিদ্যা জানিতে হইবেক।

এতদ্দেশীয় এসে। এতদ্দেশীয় ভাষাতে উপযুক্ত এসে অর্থাৎ রচনা লিখিতে হইবেক।

প্রধান বৃত্তিভোগি ছাত্রেরদের আরো বিশেষ জিজ্ঞাসার ইমতিহান দিতে হইবেক তাহা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরদের নিরূপিতানুসারে প্রস্তুত হইতে পারে। উপরে যে২ বিষয় লেখা গেল তাহাছাড়া বিষয় তাহাতে থাকিতে পারিবেক।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৫। ২৫ জুলাই।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ৮ আগষ্ট।

জিলা পশ্চিম বর্দ্ধমানের কোতোলপুরের মুনসেফ শ্রীযুত নজীরুদ্দীন মহম্মদ এ জিলাতে ইন্দাস স্থানের মুনসেফ হইবেন।

ইন্দাস স্থানের মুনসেফ শ্রীযুত বাবু ঠাকুরদাস বাঁড়ুয্যা কোতোলপুরের মুনসেফ হইবেন।

১৮৪৫ সাল ১৫ আগষ্ট।

জিলা ত্রিপুরার বেগমগঞ্জের মুনসেফের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মুনশী আলী নেওয়াজ এ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৫ সাল ৮ আগষ্ট।

জিলা ময়মনসিংহের পিঙ্গনার মুনসেফ শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত আগামি সেপ্টেম্বর মাসের ২৭ তারিখঅবধি নবেম্বর মাসের ১৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন।

একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

ফোর্ট উলিয়ম।

১৮৪৫ সাল ৬ আগষ্ট।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব হুকুম করিতে-

* ব্রিঙ্কলি সাহেবের জ্যোতির্বিদ্যা গ্রন্থ কিম্বা কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির পদার্থবিদ্যার পুস্তকের মধ্যে জ্যোতির্বিদ্যা। এবং শিল্পবিদ্যাবিষয়ে হিউএল সাহেবের পুস্তক ও দ্রববস্তু নিরূপক বিদ্যাবিষয়ে উএবষ্টর সাহেবের পুস্তক ও দৃষ্টিনিরূপক বিদ্যাবিষয়ে ফেল সাহেবের পুস্তক এবং বায়ু নিরূপক বিদ্যাবিষয়ে কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির গ্রন্থ।

lowing Extract, para. 3 of a Dispatch from the Honourable Court of Directors, in the Judicial Department, No. 9 of 1845, be published for the information and guidance of the Officers of the Government :

"You have brought to our notice that this "Gentleman has been so ill advised as to print "and circulate the Memorial on the subject, "which he has addressed to us, together with "copies of official documents therein referred to. "The appeal thus, to a certain extent, made to "the public, on a question under reference through "the Government for our decision, is most re- "prehensible, and the publication of records to "which an Officer has access for the performance "of his duty, but not for private purposes, is a "breach of official trust, which we consider it our "duty to reprobate. That there are many exam- "ples of this practice, and that some of them "have been passed unnoticed, is an extenuation, "though not a justification in this particular case ; "but we desire that you will issue such orders as "may prevent any similar irregularity hereafter."

All Members of the Public Service have full liberty to address the Honourable Court on the subject of their personal grievances, and to annex to their Memorials any official documents which they may consider necessary for their purpose ; but the printing or circulation of such Memorials or Documents is strictly prohibited.

The Governor has entire confidence that the orders of the Honourable Court in this respect will not be disobeyed.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 1399.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENT.

The 13th August, 1845.

Moulavie Nujjoomool Huk to be Principal Sudder Ameen of Jessore.

NOTIFICATIONS.

The 13th August, 1845.

Mr. W. Best, reported qualified for the public service by proficiency in two of the Native languages, is permitted to continue attached to the College of Fort William until the completion of the prescribed period for twelve months from his initiatory examination, for the purpose of further prosecuting his study of the Oriental languages.

Mr. E. H. Lushington, Officiating Magistrate of Chittagong, assumed charge of his office on the 4th instant.

Mr. F. Stainforth, Civil and Session Judge of Chittagong, resumed charge of his office on the 4th instant.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette,* 19*th August,* 1845.]

ছেন যে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা জুডিসিয়ল ডিপার্টমেন্টে ১৮৪৫ সালের ৯ নম্বরী যে পত্র লেখেন্ তাহার ৩ দফার পশ্চাৎ লিখিত চুম্বক সরকারের কর্ম্মকারকেরদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে প্রকাশ করা যায়।

তুমি আমারদিগকে জ্ঞাত করিয়াছ যে এই সাহেব আমারদের নিকটে এই বিষয়ে যে দরখাস্ত করিয়াছেন তাহা এবং তাহার সঙ্গে সরকারী যে সকল কাগজপত্র ছিল তাহা কুপরামর্শ শুনিয়া ছাপাইয়াছেন এবং সর্ব্বত্র বিতরণ করিয়াছেন অতএব যে বিষয়ে আমারদের নিকটে আপীল করিয়াছেন সেই বিষয়েতে এইরূপে একপ্রকার সর্ব্ব সাধারণ লোকের নিকটে আপীল করিয়াছেন অতএব ইহা অতিদূষণীয়। এবং কর্ম্মকারক সরকারী যে সকল কাগজপত্র আপন কার্য্য নির্ব্বাহার্থে দেখিতে পাইতেছেন এবং কোন নিজ কার্য্যের নিমিত্তে পান নাই সেই কাগজপত্র প্রকাশ করা আমরা বিশ্বাসঘাতকতা কর্ম্মের ন্যায় জ্ঞান করি এবং তাহা অতিগর্হিত কর্ম্ম বোধ করি। এই প্রকার কার্য্য পূর্ব্বে হইয়া গিয়াছে এবং তাহার বিষয়ে গবর্ণমেন্ট অপরাধিরদিগকে চেতান নাই তাহাতে এই সাহেবের বিশেষ অপরাধের কিঞ্চিৎ লাঘব হয় বটে কিন্তু তাহাতে দোষ খণ্ডন হয় না সে যাহা হউক আমারদের হুকুম আছে যে যাহাতে উত্তর কালে এমত বেদাঁড়া কর্ম্ম না হয় এমত নিয়ম তোমরা কর।

অতএব সরকারী সকল কর্ম্মকারকের প্রতি এইমত অনুমতি আছে যে আপনারদের নিজ ক্ষতির বিষয়ে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নিকটে দরখাস্ত করিতে পারেন্ এবং আপনারদের অভিপ্রায়ের নিমিত্তে সরকারী যে সকল কাগজপত্র ঐ দরখাস্তের সঙ্গে দিতে আবশ্যক বোধ করেন্ তাহা দিতে পারেন কিন্তু সেই প্রকার দরখাস্ত এবং কাগজপত্র ছাপাইতে অথবা সর্ব্বত্র বিলি করিতে অতিকঠিন নিষেধ হইল।

শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের এমত বিশ্বাস আছে যে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের এই হুকুমের অন্যথা কদাচ হইবেক না।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৩৯৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ১৩ আগষ্ট।

শ্রীযুত মৌলবী নজমুল হক যশোহরের প্রধান সদর আমীন হইবেন।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ১৩ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ বেস্ট সাহেব এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইলে এদেশীয় ভাষা আরো শিক্ষা করিবার নিমিত্তে ফোর্ট উলিয়ম কালেজে ভুক্ত হওনের পূর্ব্বে পরীক্ষা দেওনের পরঅবধি বারো মাসের নির্দ্দিষ্ট মিয়াদপর্য্যন্ত কালেজে থাকিতে অনুমতি পাইয়াছেন।

চাটিগাঁর এক্টিং মাজিষ্ট্রেট শ্রীযুত ই এচ লশিংটন সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে আপনার কর্ম্ম গ্রহণ করেন্।

চাটিগাঁর সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ ষ্টেনফোর্থ সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

NOTICE is hereby given, under Section 6, Act No. I. of 1845, that the undermentioned Estates in Zillah Hooghly, will be put up to public and unreserved sale at the Collector's Office of that District, on Wednesday the 20th day of August, 1845, for arrears of Revenue, due on the 28th March, 1845.

No. of Class.	Class of Mehal.	No. of the Mehal on the District Rent Roll or Register.	Name of Mehal.	Recorded Proprietor.	Sudder Jumma.	Balance due for the year 1251, B. S	Remarks.
					Rs. As. P.		
1.	Mehals permanently settled	1698	Lakheraj resumed Mehal Bamoondangah.	Ramjee Banerjee, Ramkisto Somadar.	3 ,, 2	For the year 1251. B. S.	This Mehal has already been twice sold, but the purchasers have both times failed to make good the purchase-money. It is accordingly again advertised at the risk of the former purchasers.

S. WAUCHOPE. *Offg. Collector.*

Hooghly Collectorate 5th August, 1845.

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা হুগলির নীচের লিখিত মহাল তৃতীয় নীলামে সন ১৮৪৫ সালের ২০ আগস্ট মোং বাঙ্গলা সন ১২৫২ সালের ৫ ভাদ্র বুধবার জেলা হুগলির কালেক্টরী কাছারীতে বিনা ওজর নীলামে খরা যাইবেক ইতি সন ১৮৪৫ সাল তারিখ ৩০ জুলাই সন ১৮৪৫ সালের ২৮ মার্চের বাকী আদায়ের তারিখ ছিল ইতি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনে ও যে মাসে বাকী	মন্তব্য কথা
১	মোকরারী বন্দোবস্তীর মহাল	১৬৯৮ নং	লাখেরাজ বাজেয়াপ্তী মহাল বামুনডাঙ্গা	রামজী বন্দোপাধ্যায় রামকৃষ্ণ সমাদ্দার	৩৲	সন ১২৫১ সালের মালগুজারী বাকী	এই মহালের প্রথম ও দ্বিতীয় নীলামের খরিদার বাকী পণের টাকা দাখিল না করিবায় এই তৃতীয় নীলাম হইবেক।

এস ওয়াকোপ। একটিং কালেক্টর।

হুগলীর কালেক্টরী। ১৮৪৫ সাল ৫ আগস্ট

INSOLVENT COURT. | যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of KENNETH ROSS MACKENZIE and WILLIAM STEWART SMITH, late of the Town of Calcutta, Merchants and Agents, trading and carrying on trade and business in partnership together with Henry Gouger, as Merchants and Agents in the Strand Road, in the Town of Calcutta in Bengal under the name style or firm of Gilmore and Company, adjudged entitled on Saturday the sixth day of August, one thousand eight hundred and forty-two, to the benefit of the Act of the Ninth George the Fourth, chapter seventy-three, entitled an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies—

NOTICE is hereby given, that by an order made in this matter on the sixth day of August instant, it is ordered that the Schedule of the said Insolvents, filed on the seventh day of June, one thousand eight hundred and forty-two, be amended by inserting the claim of Alexander Rogers, for the sum of two thousand and five hundred pounds sterling, or such equivalent thereof in Company's Rupees as may be found to be just and due according to the rating of Bills of Exchange on Insolvent firms, and that Charles Jones Richards and Robert O'Dowda, Esquires, the Assignees of the said Insolvents, do pay to the said Alexander Rogers, the amount of dividends already declared, and the accruing dividends in common and rateably with the [illegible] Creditors of the said Insolvents.

E. B. RYAN,
[illegible] Clerk.

Grant and Remfry, Attornies.

In the matter of WILLIAM BRUCE, JOSEPH WEBBE CRAGG, WILLIAM PATRICK, and HUGH MORTON SHAND, Insolvents—

NOTICE is hereby given, that by an order of the said Court, made in this matter on the second day of August instant, it is ordered, that the Assignees of the abovenamed Insolvents, do from and out of the sum of Co.'s Rs. 1,09,521-0-1, pay to to all the Creditors and Claimants upon the Estate of the said Insolvents, a dividend of two per cent. upon the claims admitted in the Schedule of the said Insolvents, in proportion to their several debts, when and as soon as such claims or any of them shall be duly substantiated upon affidavit filed in this Court, to the satisfaction of the said assignees, with liberty to them to apply to the said Court from time to time for directions respecting any claims or any matter or thing relating thereto.

THOMPSON and ALLAN,
Attornies.

Calcutta, 14th August, 1845.

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

বাঙ্গলা দেশের কলিকাতা নগরের নদীর নিকটস্থ রাস্তায় গিলমোর কোম্পানির নামে হেনরি গুজর সাহেবের যৌতায় সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারী পূর্ব্বে কলিকাতা নগরনিবাসী সওদাগর ও এজেন্ট

কেনেথ রস মাকেঞ্জি সাহেব ও উলিয়ম ষ্টুয়ার্ট স্মিথ সাহেব

ভারতবর্ষে যোত্রহীন ঋণিদের উপকারার্থ আইন-নামক চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের ৭৩ অধ্যায়ের লিখিত আইনঅনুসারে উপকার পাইবার যোগ্য আছেন এমত হুকুম ১৮৪২ সালের ৬ আগষ্ট তারিখ শনিবারে হইল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতে যে এই বিষয়ে বর্ত্তমান আগষ্ট মাসের ৬ তারিখে হুকুম হইল যে উক্ত যোত্রহীনেরা ১৮৪২ সালের ৭ জুন তারিখে যে তফসীল দাখিল করেন তাহা শুধরাণ যায় অর্থাৎ আলেকজাণ্ডর রজর্স সাহেবের ২৫০০ পৌণ্ডষ্টর্লিঙ্গের দাওয়া অথবা যোত্রহীন কুঠীদের উপর বিল অফ এক্‌সচেঞ্জের হারানুসারে এ সকল পৌণ্ডের পরিবর্ত্তে যত কোম্পানির টাকা দেওয়া যথার্থ ও উচিত হয় ইহার দাওয়া এ তফসীলের মধ্যে লেখা যায় এবং হুকুম হইল যে উক্ত যোত্রহীনেরদের আসৈনি শ্রীযুত চার্লস জোন্স রিচার্ডস সাহেব এবং শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর যত ডিবিডেণ্ড প্রকাশ হইয়াছে তাহার এবং উত্তর কালে যত ডিবিডেণ্ড প্রকাশ হইবেক তাহার হারানুসারে উক্ত যোত্রহীনেরদের মহাজনদিগকে যেমন দেওয়া গিয়াছে তেমন উক্ত আলেকজাণ্ডর রজর্স সাহেবকেও ডিবিডেণ্ড দেন্।

ই বি রায়ন। প্রধান ক্লার্ক।
গ্রাণ্ট ও রেম্‌ফ্রি। উকীল

যোত্রহীন উলিয়ম ব্রুস সাহেব ও জোজেফ উএব ক্রাগ সাহেব ও উলিয়ম পাত্রিক সাহেব ও হিউ মর্টন শাণ্ড সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতে ২ আগষ্ট তারিখে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যাহারদের দাওয় মঞ্জুর হইয়াছে তাহারদের দাওয় উক্ত যোত্রহীনেরদের ঋণিতামাতে এই আদালতে আফিডেবিট দাখিল করিয়া সাব্যস্ত হইলে তাহারদের প্রতিজনের দাওয়ার হারানুসারে উক্ত যোত্রহীনেরদের আসৈনি সাহেবেরদের হাতে যে ১,০৯,৫২১৲ ১ টাকা আছে তাহাইতে শতকরা ২৲ টাকা ডিবিডেণ্ড দেন্ এবং এ ইষ্টেটের কোন দাওয়া কি তাহার সম্পর্কীয় কোন কার্য্যের বিষয়ে উক্ত আসৈনি সাহেবেরদের সময়ে২ কোন আদেশ পাইবার নিমিত্তে এ আসৈনি সাহেবেরা উক্ত আদালতে দরখাস্ত করিতে পারেন।

তামসন ও আলেন। উকীল।

কলিকাতা ১৮৪৫ সাল ১৪ আগষ্ট।

[*Government Gazette,* 19*th August,* 1845.]

বিজ্ঞাপন।

যেহেতুক কাশিমবাজার ও কুলগাছির দেওয়ান দেবনাথ সান্ন্যালের বিধবা শ্রীমতী কনকমণি দেবীর হাতে উক্ত দেবনাথ সান্ন্যালের ইষ্টেটের নীচের লিখিত কোম্পানির কাগজ আছে এবং ঐ কাগজ তাঁহার দানপত্রের ট্রষ্টের সম্পর্কীয় এবং যেহেতুক উক্ত মৃত দেবনাথ সান্ন্যালের দানপত্রের কথিত অছি উক্ত কনকমণি দেবীর বিরুদ্ধে আমি একটি পক্ষে এক বিল সুপ্রিম কোর্টে দাখিল করিয়াছি এবং উক্ত কনকমণি দেবী উক্ত কোম্পানির কাগজ না বদল করণ ও না হস্তান্তর করণ ও না বিক্রয় করণ সূচক এক আজ্ঞাপত্র পাইতে দরখাস্ত করিয়াছি এবং ঐ আজ্ঞাপত্রের হুকুমও হইয়াছে কিন্তু উক্ত কনকমণি দেবী উক্ত আদালতের এলাকার শামিল না থাকাতে ঐ আজ্ঞাপত্র জারী হইতে পারে না অতএব আমি সকল লোককে জানাইতেছি যে উক্ত কনকমণি দেবী উক্ত কোম্পানির কাগজাতের মধ্যে কোন কাগজ বদল কি বিক্রয় কি হস্তান্তর করিলে অপব্যয় ও কর্ত্তব্য কর্ম্মের ত্রুটির বিষয়ে দোষী হইবেন এবং উক্ত কাগজে ট্রষ্টহওয়া দ্রব্যের চিহ্ন থাকাতে কোন ব্যক্তি উক্ত কোম্পানির কাগজাত কি তাহার মধ্যে কোন কাগজ নির্ব্বিঘ্নরূপে ক্রয় করিতে পারিবে না এবং কেহ তাহা না করে এই বিষয়ে সকল লোককে সাবধান করা যাইতেছে এবং সকল লোককে জানান যাইতেছে যে উক্ত কনকমণি দেবী ঐ সুপ্রিম কোর্টের এলাকায় না থাকিবার অভিপ্রায়ে কলিকাতার বাহিরে বাস করিতেছেন।

১৮৩৩ সালের ২৭ জানুআরি তারিখের ২৫১৮ নম্বরের ৮৭১৭ নম্বরী শতকরা ৫ টাকার সুদের কোং কাগজ সিক্কা ... ১,১০০

১৮২৮ সালের ১৮ জুলাই তারিখের ৩৬৭১ নম্বরের ৯৫৬৫ নম্বরী ঐ ঐ ... ৯০০

১৮২৭ সালের ৩ ডিসেম্বর তারিখের ১০০৭৩ নম্বরের ১০২০৭ নম্বরী ঐ ঐ ৮,৫০০

১৮২৭ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের ১০৬৫৮ নম্বরী . ১০৬,০০০

১৮২৮ সালের ২ ফেব্রুআরি তারিখের ১১৩৮৭ নম্বরী ঐ ঐ ৫,০০০

১৮২৭ সালের ১৯ ডিসেম্বর তারিখের ১১৯৩৭ নম্বরের ১০১০১ নম্বরী ঐ ঐ ... ১৫,০০০

১৮৩০ সালের জানুআরি মাসের ১৮২৯। ৩০ সালের ১৭৫২ নম্বরের ১৮৯৬ নম্বরী ঐ ঐ ১১,০০০

১৮৩১ সালের ৭ ফেব্রুআরি তারিখের ২১৮৩ নম্বরী ঐ ঐ ৮,৮০০

১৮২৭ সালের ২১ জুলাই তারিখের ১৮২৫। ২৬ সালের ৮৮৮০ নম্বরী ঐ ঐ ৫০০০

১৮২৮ সালের ১৭ জুলাই তারিখের ঐ সালের ১৪০০৬ নম্বরের ৪২৪১ নম্বরী, ঐ ঐ ৫০০০

১৮৩০ সালের ২২ অকটোবর তারিখের ১৮২৯। ৩০ সালের ২৯৭৬ নম্বরী ঐ ঐ ১০০০

১৮৩০ সালের ৯ ফেব্রুআরি তারিখের ১৩৮ নম্বরের ২৮৭ নম্বরী ঐ ঐ ... ৮০০০

শ্রীযদুনাথ সান্ন্যাল।
সা কুলগাছি।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪৫। ২৯ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 26, 1845.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৫ সাল ২৬ আগষ্ট।

ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE.

THE 16TH AUGUST, 1845.

The following Act is brought up before the Legislative Council this day—the Governor-General of India in Council being desirous that no time should be lost in passing the Act.

Resolved—That the Rules requiring that all Acts of the Governor General of India in Council shall be brought up for second reading in two months or in three months from the date of the first reading be suspended in respect to the following proposed Act, and that it be at once passed into Law.

ACT No. XV. OF 1845.

An Act for declaring and enacting the privileges of Native Officers and Soldiers of the Armies of the three Presidencies in respect of Judicial and Revenue proceedings.

I. Whereas, doubts have arisen whether the Regulation XV. of 1816 of the Bengal Code is still in force, or how much, if any, of its provisions is still in force:

It is therefore hereby declared and enacted, that the said Regulation and every provision thereof are still in force.

II. And, whereas, by virtue of Regulation VIII. of 1817, of the Madras Code, the Law for the Madras Army is the same as the Law hereinbefore declared and enacted for the Bengal Army; and, whereas, it is expedient and just that the Law should be the same for the Bombay Army also:

It is therefore hereby enacted, that the said Regulation of the Bengal Code is extended to the Army of Bombay, except in so far as any of its pro-

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ১৬ আগষ্ট।

নীচের লিখিত আইন ব্যবস্থাপক কৌন্সেলে অদ্য উপস্থিত করা গেল। ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এই আইন অগৌণে জারী করিতে ইচ্ছুক হইয়া

নির্দ্ধারণ করিলেন যে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সকল আইন প্রথমবার পাঠহওনের তারিখের পর দুই কি তিন মাসের পর তাহা দ্বিতীয়বার পাঠহওনের নিমিত্তে উপস্থিত করণের যে বিধান আছে সেই বিধান নীচের লিখিত আইনের বিষয়ে স্থগিত হয় এবং তাহা একেবারে আইনস্বরূপ জারী হয়।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ১৫ আইন।

আদালতের এবং রাজস্বের কার্য্যের বিষয়ি তিন রাজধানীর সৈন্যেরদের এদেশীয় ছন্দাদার ও সিপাহীরদের অধিকার নির্দ্দিষ্ট এবং ধার্য্য করণবিষয়ক আইন।

১ ধারা। যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮১৬ সালের ১৫ আইন অদ্যপর্য্যন্ত বলবৎ আছে কি না অথবা তাহার কোন বিধান এবং কত বিধান অদ্যপর্য্যন্ত বলবৎ আছে এই বিষয়ে সন্দেহ জন্মিয়াছে

অতএব ইহাতে নির্দ্দিষ্ট ও হুকুম হইল যে উক্ত আইন এবং তাহার প্রত্যেক বিধান এখনও বলবৎ আছে ইতি।

২ ধারা। এবং যেহেতুক যে আইন বাঙ্গলা দেশের সৈন্যের নিমিত্তে উপরে নির্দ্দিষ্ট ও হুকুম হইল সেই আইন মান্দ্রাজের চলিত ১৮১৭ সালের ৮ আইনের দ্বারা মান্দ্রাজের সৈন্যের আইন নির্দ্দিষ্ট আছে এবং যেহেতুক সেই আইন বোম্বাইয়ের সৈন্যের নিমিত্তে নির্দ্দিষ্ট করা বিহিত ও যথার্থ বোধহইতেছে

অতএব ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের চলিত উক্ত আইন বোম্বাইয়ের সৈন্যের প্রতি বিস্তারিত হইল কেবল ঐ আইনের যে কোন বিধি স্বভাবতঃ বোম্বাইয়ের

visions may be in their own nature inapplicable to that Army.

III. And, whereas, it is just and reasonable to extend the privileges conferred upon Native Officers and Soldiers by the Regulations aforesaid in respect of exemption from Stamps in legal proceedings :

It is hereby enacted, that all the Courts of the East India Company shall receive Plaints in original Suits, not being Suits originating in Loans or in pecuniary transactions of a Commercial nature, upon unstamped paper, when the plaintiff is a Native Officer or Soldier in the Military Establishment of the Presidency of Fort William, Fort St. George, or Bombay.

IV. Provided that the value of any Stamp from which a plaintiff may be exempted by the last proceeding Section shall be charged in the Decree on behalf of Government to the party cast, or to the parties respectively in such proportions as may be deemed equitable.

V And it is hereby enacted, that if any Native Officer or Soldier shall institute a Suit under this Act in which he is not *bonâ fide* interested, or not interested to the extent alleged in the Plaint, for the purpose of enabling some other person to avail himself fraudulently of the advantages conferred by this Act, such Native Officer or Soldier shall be liable to a fine not exceeding five times the value of the stamped paper which the party interested would have required for the institution of the Suit, otherwise than under this Act, such fine to be levied in the manner prescribed for the execution of decrees.

VI. And, whereas, by Section 4 of Act IV. of 1840 it is enacted, that if any party shall complain to a Magistrate, or other Officer exercising the powers of a Magistrate, that he has been without authority of Law forcibly dispossessed of any Land, Premises, Water, Fisheries, Crops or other produce of Land, within the jurisdiction of such Magistrate, or other Officer as aforesaid, whether the same were possessed by such party as Proprietor, dependant Talookdar, Farmer, Under-Farmer, Ryot, or otherwise, the Magistrate, or other Officer as aforesaid, shall require the parties complained against, and any other parties concerned, to appear and make defence in person or by Agent within a reasonable time; and if after the examination of the necessary witnesses and documents the complaint appears to him to be substantiated, he shall record a proceeding ordering the party complaining to be put again into possession of the subject of dispute, and maintained in possession until the right to possession be determined by a competent Court; provided that no such order shall be passed unless the party complaining of having been so dispossessed prefer his claim within one month from the time of such dispossession.

And, whereas, it is just that when the party complaining is a Native Officer or Soldier, a longer

সৈন্যের বিষয়ে খাটিতে পারে না তাহা বর্জ্জিত থাকিল ইতি।

৩ ধারা। এবং যেহেতুক উক্ত আইনের দ্বারা এদেশীয় স্থবাদার ও সিপাহীরদিগকে যে অধিকার দেওয়া গিয়াছে তাহা আদালতসম্পর্কীয় কার্য্যে ইষ্টাম্পের মাসুল ক্ষমা করণের দ্বারা বিস্তার করা যথার্থ ও উপযুক্ত বোধ হইতেছে

অতএব ইহাতে হুকুম হইল যে ফরিয়াদী যদি ফোর্ট উলিয়ম অথবা ফোর্ট সেন্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ অথবা বোম্বাইয়ের রাজধানীর অধীন সৈন্যের সিরিশ্তার এদেশীয় স্থবাদার বা সিপাহী হয় তবে পাওনা দায়ের কি তেজারতের কারবারের দেনাপাওনার মোকদ্দমা ছাড়া অন্য সকল প্রথমতঃ উপস্থিত মোকদ্দমার নালিশ কোম্পানি বাহাদুরের সকল আদালতে ইষ্টাম্প না হওয়া কাগজে গ্রাহ্য হইবেক ইতি।

৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে উক্ত ৩ ধারার দ্বারা যে ইষ্টাম্প ফরিয়াদীর প্রতি ক্ষমা হইল সেই ইষ্টাম্পের মূল্য যে অংশ যথার্থ বোধ হয় সেই অংশ পরাজিত ব্যক্তি বা ব্যক্তিরদের সরকারকে দিতে ডিক্রীর মধ্যে হুকুম লেখা যাইবেক ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এদেশীয় স্থবাদার অথবা সিপাহীর যে মোকদ্দমায় প্রকৃতপ্রস্তাবে কোন সম্পর্ক না থাকে অথবা নালিশের দরখাস্তে লিখিতপর্য্যন্ত সম্পর্ক না থাকে এইমত কোন মোকদ্দমায় যদি ঐ এদেশীয় কোন স্থবাদার অথবা সিপাহী এই আইনে দত্ত উপকারের দ্বারা চাতুরীক্রমে অন্য কোন ব্যক্তির উপকার করণের নিমিত্তে এই আইনক্রমে কোন মোকদ্দমা উপস্থিত করে তবে এই আইনছাড়া অন্য প্রকারে মোকদ্দমা উপস্থিত করিলে তৎসম্পর্কীয় ব্যক্তির যে মূল্যের ইষ্টাম্প কাগজ লাগিত ঐ এদেশীয় স্থবাদার অথবা সিপাহী তাহার পাঁচগুণের অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং ঐ জরীমানার টাকা ডিক্রী জারী করিবার নির্দ্দিষ্ট নিয়মানুসারে উসুল হইবেক ইতি।

৬ ধারা। এবং যেহেতুক ১৮৪০ সালের ৪ আইনের ৪ ধারায় হুকুম আছে যে যদি কেহ মাজিষ্ট্রেট সাহেব কি তাঁহার ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেবের নিকটে এমত নালিশ করে যে ঐ মাজিষ্ট্রেট সাহেব কি তাঁহার ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেবের এলাকার মধ্যে আমি আইনবিরুদ্ধ কোন ভূমি বা বাটীইত্যাদি কি জল কি মৎস্য ধরিবার জলাশয় কি ফসল কি ভূমির উৎপন্ন অন্য দ্রব্যহইতে বলক্রমে বেদখল হইয়াছি ঐ নালিশকরণিয়া যদ্যপি ভূম্যধিকারী বা মফঃসলী তালুকদার কি ইজারদার বা দরইজারদার কি রাইয়তইত্যাদিস্বরূপ ঐ ভূমির দখীলকার ছিল তবে মাজিষ্ট্রেট সাহেব কি তাঁহার ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেব যে ব্যক্তি বা ব্যক্তিরদের নামে নালিশ হয় তাহাকে কি তাঁহারদিগকে এবং ঐ ব্যাপারে লিপ্ত অন্য কোন ব্যক্তিকে স্বয়ং কিম্বা মোখ্তারকারের দ্বারা উপযুক্ত মিয়াদের মধ্যে উপস্থিত হইয়া জওয়াব দিতে হুকুম করিবেন। এবং আবশ্যক সাক্ষির জোবানবন্দী লইলে এবং দলীলদস্তাবেজ বিবেচনা করিলে পর যদ্যপি তাহার ঐ দাওয়া সাব্যস্ত হইয়াছে বোধ করেন তবে তিনি এক রুবকারী লিখিয়া দাওয়াকারি ব্যক্তিকে বিরোধি বস্তুর পুনর্ব্বার দখল দেওয়াইতে এবং উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের দ্বারা দখলের স্বত্বের বিষয়ের নির্ণয় না হওয়াপর্য্যন্ত তাহার দখলে রাখিতে হুকুম করিবেন। কিন্তু যে ব্যক্তি বেদখল হওন বিষয়ের নালিশ করে সে যদি বেদখল হওনের পর এক মাসের মধ্যে আপনার দাওয়া না করে তবে এমত হুকুম দেওয়া যাইবেক না ইতি।

এবং যেহেতুক যে ব্যক্তি নালিশ করে সেই ব্যক্তি এদেশীয় স্থবাদার অথবা সিপাহী হইলে তাহাকে বেদখল হওনের সময়অবধি এক মাসের অধিক কাল আপ-

period than one month from the time of dispossession should be allowed for preferring his claim :

It is therefore hereby enacted, that so much of the above recited Section of Act IV. of 1840, as provides that no such order as is therein mentioned shall be passed unless the party complaining of having been dispossessed in the manner therein mentioned prefer his claim within one month from the time of such dispossession, is repealed so far as regards complaints preferred by Native Officers or Soldiers.

VII. And it is hereby enacted, that no such order as is mentioned in the above recited Section of Act IV. of 1840, shall be passed, when the party complaining of having been dispossessed is a Native Officer or Soldier unless such party prefer his claim within such period as may be considered by the Magistrate reasonable, with reference to the distance of the party and the difficulty of communication.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE.

The following Act, passed by the Governor-General of India in Council on the 16th of August 1845, is hereby promulgated for general information :

Act No. XVI. of 1845.

An Act for regulating the re-admission of Appeals after dismissal under Act XXIX. of 1841.

Whereas, the Provisions of Act XXIX. of 1841, are inconveniently severe as regards Appeals, and it is expedient to mitigate the strictness thereof :—

I. It is therefore hereby enacted, that whenever an Appeal in any of the Courts of the East India Company in the Presidencies of Bengal or Madras, shall, after the passing of this Act, have been dismissed under the Provisions of the said Act XXIX. of 1841, it shall be competent to the Court which shall have dismissed such Appeal to re-admit the same if the Appellant shall make application for that purpose on the Stamp prescribed for Miscellaneous Petitions, within three months after the Appeal shall have been dismissed, if dismissed by the Sudder Court, and within one month after the Appeal shall have been dismissed, if dismissed by any other Court, and shall satisfy the Court that the dismissal was occasioned by the default of his Vakeel or by unavoidable accident.

II. And it is hereby enacted, that it shall be competent to any of the said Courts to re-admit any Appeal which may have been dismissed before the passing of this Act under the Provisions of Act XXIX. of 1841, if the Appellant shall make application for that purpose on the Stamp prescribed for Miscellaneous Petitions, within three months after the passing of this Act, and shall satisfy the Court that the dismissal was occasioned by the default of his Vakeel or by unavoidable accident.

[*Government Gazette, 26th August,* 1845]

নায় দাওয়া করিবার নিমিত্তে অনুমতি দেওয়া যথার্থ বোধ হয়

অতএব ইহাতে হুকুম হইল যে ১৮৪০ সালের ৪ আইনের পূর্ব্বোক্ত ধারার যে ভাগে লেখে যে তাহার মধ্যে লিখিত প্রকারে বেদখলহওনের বিষয়ে যে ব্যক্তি নালিশ করে সেই ব্যক্তি বেদখলহওনের সময়অবধি এক মাসের মধ্যে আপনার দাওয়া উপস্থিত না করিলে ঐ আইনের নির্দ্দিষ্ট সেইরূপ কোন হুকুম দেওয়া যাইবেক না সেই ভাগ এদেশীয় হুদ্দাদার অথবা সিপাহীরদের করা নালিশের বিষয়ে রদ হইল ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বেদখলহওনের বিষয়ে যে ব্যক্তি নালিশ করে সেই ব্যক্তি যদি এদেশীয় হুদ্দাদার অথবা সিপাহী হয় তবে তাহার বাসস্থানের দূরত্ব এবং লিখনপঠনের দুষ্করতা বুঝিয়া মাজিষ্ট্রেট সাহেব যে মিয়াদ ওয়াজিবী বোধ করেন সেই মিয়াদের মধ্যে যদি ঐ ব্যক্তি আপনার দাওয়া উপস্থাপিত না করে তবে ১৮৪০ সালের ৪ আইনের পূর্ব্ব কথিত ধারায় যে প্রকার হুকুম নির্দ্দিষ্ট আছে এমত কোন হুকুম দেওয়া যাইবেক না ইতি।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৫ সালের ১৬ আগষ্ট তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ১৬ আইন।

১৮৪১ সালের ২৯ আইনানুসারে আপীল ডিসমিস হইলে পর তাহা পুনর্ব্বার গ্রাহ্য করিবার নিয়ম করণের আইন।

যেহেতুক আপীলের বিষয়ি ১৮৪১ সালের ২৯ আইনের বিধি অত্যন্ত ক্লেশজনক ও কঠিন এবং তাহার কাঠিন্যের লাঘবকরা উপযুক্ত বোধ হইল।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা কি মান্দ্রাজ রাজধানীর অধীন দেশের মধ্যে কোম্পানি বাহাদুরের কোন আদালতে এই আইন জারী হওনের পরে কোন আপীল ১৮৪১ সালের ২৯ আইনের বিধিমতে ডিসমিস হইলে ঐ আপীল সদর আদালতে ডিসমিস হইয়া থাকিলে ডিসমিস হওনের পর তিন মাসের মধ্যে এবং অন্য কোন আদালতে ডিসমিস হইয়া থাকিলে ডিসমিস হওনের পর এক মাসের মধ্যে যদি আপেলাণ্ট ঐ আপীল পুনরায় গ্রাহ্য হওনের দরখাস্ত মুৎফরক্কা দরখাস্তের নির্দ্দিষ্ট ইষ্টাম্প কাগজে লিখিয়া এই বিষয়ে আদালতের খাতিরজমা করায় যে ঐ আপীলী মোকদ্দমা উকীলের ত্রুটিপ্রযুক্ত কিম্বা অনিবার্য্য কোন ঘটনাপ্রযুক্ত ডিসমিস হইয়াছে তবে যে আদালত ঐ আপীলী মোকদ্দমা ডিসমিস করিয়াছিলেন সেই আদালত তাহা পুনরায় গ্রাহ্য করিতে পারেন ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারীহওনের পর তিন মাসের মধ্যে যদি আপেলাণ্ট আপন আপীল পুনর্ব্বার গ্রাহ্য হইবার নিমিত্তে মুৎফরক্কা দরখাস্তের নির্দ্দিষ্ট ইষ্টাম্প কাগজে দরখাস্ত করে এবং ঐ মোকদ্দমা উকীলের ত্রুটিপ্রযুক্ত কি অনিবার্য্য কোন ঘটনাপ্রযুক্ত ডিসমিস হইয়াছিল এই বিষয়ে আদালতের খাতিরজমা করায় তবে এই আইন জারীহওনের পূর্ব্বে ১৮৪১ সালের ২৯ আইনের বিধিমতে যে কোন আপীল ডিসমিস হইয়াছিল তাহা উক্ত কোন আদালতে পুনর্ব্বার গ্রাহ্য হইতে পারে ইতি।

III. **Provided always, and it is hereby enacted, that no Appeal which has been re-admitted under this Act, and again dismissed under the Provisions of Act XXIX. of 1841, shall be again re-admitted.**

G. A. Bushby,

Secy. to the Govt. of India.

FORT WILLIAM, HOME DEPARTMENT, LEGISLATIVE.

The following Act, passed by the Governor General of India in Council on the 16th of August 1845, is hereby promulgated for general information:

Act No. XVII. of 1845.

An Act for the better enforcement of the attendance of Witnesses in the Courts of the Moonsiffs, within the Presidency of Fort William in Bengal.

I. It is hereby enacted, that Clauses 1 and 2, Section 31, and Clause 1, Section 32, of Regulation XXIII. of 1814, of the Bengal Code, are repealed.

II. And it is hereby enacted, that within the Territories subject to the Presidency of Fort William in Bengal, if any Moonsiff shall require the evidence of a person not within his local jurisdiction, and such person shall not attend at the requisition of the parties, the Moonsiff shall issue the necessary process for procuring the attendance of such person, and send the same to the Moonsiff within whose local jurisdiction such person is, who shall endorse such process and cause it to be duly served and executed.

III. And it is hereby enacted, that within the said Territories all powers now exercised by Zillah Judges for enforcing the attendance of any person upon whom a summons to appear as a witness has been duly served, and who has failed to attend in their Courts, shall, from and after the passing of this Act, be exercised by Moonsiffs for enforcing the attendance of any person upon whom a summons to appear as a witness has been duly served, and who has failed to attend in their Courts; provided that all orders passed by Moonsiffs under this Act shall be subject to an appeal to the Zillah or City Judge, whose decision thereon shall be final.

G. A. Bushby,

Secy. to the Govt. of India.

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 15.

From the Offg. Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to transmit, for your information and for commu-

৩ ধারা। পরন্ত ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে যে কোন আপীল পুনর্ব্বার গ্রাহ্য হইয়াছে তাহা যদি পুনর্ব্বার ১৮৪১ সালের ২৯ আইনের বিধিমতে ডিসমিস হয় তবে তাহা আর গ্রাহ্য হইতে পারে না ইতি।

জি এ বুশবি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট। লেজিসলেটিব।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৫ সালের ১৬ আগষ্ট তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ১৭ আইন।

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে মুনসেফেরদের আদালতে সাক্ষিরদিগকে পূর্ব্বাপেক্ষা উত্তমমতে হাজির করাওনের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৩ আইনের ৩১ ধারার ১ ও ২ প্রকরণ এবং ৩২ ধারার ১ প্রকরণ রদ হইল ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে যদি কোন মুনসেফ আপনার বিশেষ এলাকায় না থাকা ব্যক্তির সাক্ষ্য চাহেন্ এবং যদি সেই ব্যক্তি বাদিপ্রতিবাদির তলবকরাতে হাজির না হয় তবে ঐ ব্যক্তিকে হাজির করাইবার নিমিত্ত মুনসেফ যথোচিত পরওয়ানা দিবেন এবং যে মুনসেফের বিশেষ এলাকার মধ্যে সেই ব্যক্তি থাকে সেই মুনসেফের নিকটে তাহা পাঠাইবেন এবং ঐ মুনসেফ সেই পরওয়ানার পৃষ্ঠে দস্তখৎ করিবেন এবং তাহা রীতিমত জারী ও সম্পন্ন করিবেন ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত দেশের মধ্যে যে কোন ব্যক্তির উপর সাক্ষিস্বরূপ জিলার আদালতে হাজির হইতে সমন হইয়াছে এবং সেই ব্যক্তি ঐ আদালতে হাজির হইতে ত্রুটি করিয়াছে সেই ব্যক্তিকে হাজির করাইবার নিমিত্ত জিলার জজ সাহেবের এক্ষণে যে সকল ক্ষমতা আছে এই আইন জারীকরণঅবধি এবং তাহার 'পর মুনসেফের আদালতে সাক্ষিস্বরূপ হাজির হইতে কোন ব্যক্তির উপর সমন জারী হইলে পর সেই ব্যক্তি হাজির হইতে ত্রুটি করিলে সেই ব্যক্তিকে হাজির করাইবার নিমিত্তে মুনসেফেরদের সেই সকল ক্ষমতা থাকিবেক। কিন্তু এই আইনানুসারে মুনসেফেরা যে সকল হুকুম করেন্ তাহার উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হইতে পারে এবং তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

জি এ বুশবি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

তোমার বিজ্ঞাপনের ও তোমার অধীন কার্য্যকারকদিগকে জানাইবার নিমিত্তে সদর বোর্ড রেবিনিউর হুকুম-

nication to the Officers subordinate to you, the accompanying copies of a letter from the Government of Bengal (No. 1307,) dated the 9th instant, and of its annexed letter, No. 459, dated the 28th ultimo, from the Supreme Government, exempting all Officers of Government from the payment of Ferry Tolls when proceeding on the Public Service.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, 25th July, 1845.

No. 1307.

From the Under Secretary to the Government of Bengal, to George Plowden, Esquire, Officiating Secretary Sudder Board of Revenue, dated Fort William, 9th July, 1845.

1st. I am directed to forward for communication to the Officers subordinate to the Sudder Board the accompanying copy of a letter, No. 459, of the 28th ultimo, from the Under Secretary to the Government of India, in the Home Department, exempting all Government Officers from the payment of Ferry Tolls when proceeding on the Public Service.

2d. The Revenue authorities in the Extra-Regulation Provinces will be furnished with these instructions direct from this office.

(Signed) A. TURNBULL,
Under Secy. to the Govt. of Bengal.

No. 459.

From P. Melvill, Esquire, Under Secretary to the Government of India, to A. Turnbull, Esquire, Under Secretary to the Government of Bengal, dated the 28th June, 1845.

I am directed to acknowledge the receipt of your letter, No. 981, dated the 28th ultimo, with its enclosures, and in reply to state, for the information of the Right Honourable the Governor of Bengal, that the Governor-General in Council, approves of the proposition submitted by Mr. Dampier, Superintendent of Police, Lower Provinces, and authorizes that all officers of Government be exempted from the payment of Ferry Tolls, within the Divisions to which they may belong when they are moving in those divisions on the Public Service, and any Officer not entitled to exemption under this definition of the Rule who may prefer a claim to exemption based on the principles which the Rule is intended to establish will refer his claim for special consideration and orders to the Department to which he belongs.

(Signed) P. MELVILL,
Under Secy. to the Govt. of India.

Council Chamber, 28th June, 1845.

(True Copy)

(Signed) A. TURNBULL,
Under Secy. to the Govt. of Bengal.

Sudder Board of Revenue,
Fort William, 25th July, 1845.

(True Copies)

(Signed) G. PLOWDEN, *Offg. Secretary.*

[*Government Gazette, 26th August,* 1845.]

ক্রমে আমি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের জুলাই মাসের ৯ তারিখের ১৩০৭ নম্বরী পত্রের নকল এবং তাহার নীচে সুপ্রিম গবর্ণমেণ্টের জুন মাসের ২৮ তারিখের ৪৫৯ নম্বরী পত্র পাঠাইতেছি। তাহাতে হুকুম হইল যে সরকারের সকল চাকর যখন সরকারী কর্ম্মের নিমিত্তে গমনাগমন করেন তখন তাঁহারদের পারাণী পয়সা লাগিবেক না।

জি প্লৌডন।

সদর বোর্ড রেবিনিউ। একটিং সেক্রেটারী।
ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ২৫ জুলাই।

১৩০৭ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী শ্রীযুত জর্জ প্লৌডন সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৪৫। ৯ জুলাই।

১। সদর বোর্ডের অধীন কার্য্যকারকদিগকে জানাইবার নিমিত্তে আমি হুকুমক্রমে দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের জুন মাসের ২৮ তারিখের ৪৫৯ নম্বরী পত্রের নকল পাঠাইতেছি তাহাতে হুকুম হইল যে সরকারের সকল চাকর যখন সরকারী কর্ম্মের নিমিত্তে গমনাগমন করেন তখন তাঁহারদের পারাণী পয়সা দিতে হইবেক না।

২। আইনবহির্ভূত প্রদেশে রাজস্বের কার্য্যকারকেরদের নিকটে এই বিষয়ের হুকুম এই সিরিশ্তাহইতে পাঠান যাইবেক।

এ টর্ণবুল।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

৪৫৯ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত এ টর্ণবুল সাহেবের প্রতি ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত পি মেলবিল সাহেবের পত্র। ১৮৪৫। ২৮ জুন।

তোমার গত মাসের ২৮ তারিখের ৯৮১ নম্বরী পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত অন্যান্য কাগজপত্র পাওয়া গিয়াছে এবং তাহার উত্তরে বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের বিজ্ঞাপনের নিমিত্তে জানাইতে হুকুম পাইয়াছি যে বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাম্পিয়র সাহেব যে প্রস্তাব করিয়াছেন তাহা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর মঞ্জুর করিয়া হুকুম করিতেছেন যে সরকারের সকল চাকর যে এলাকায় নিযুক্ত আছেন সেই এলাকার মধ্যে সরকারী কর্ম্মের নিমিত্তে গমনাগমন কালে তাঁহারদের পারাণী পয়সা দিতে হইবেক না এবং এই বিধির অর্থানুসারে যে কোন চাকর পয়সা দেওনহইতে মুক্ত হইবার যোগ্য নহেন তিনি এই বিধির অভিপ্রায়ানুসারে মুক্ত হইবার দাওয়া করিলে আপনার সেই দাওয়া বিশেষ বিবেচনা ও নিষ্পত্তির নিমিত্তে যে সিরিশ্তায় তিনি নিযুক্ত আছেন সেই সিরিশ্তায় অর্পণ করিবেন।

পি মেলবিল।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।
কৌন্সেল ঘর। ১৮৪৫। ২৮ জুন।

(যথার্থ নকল।) এ টর্ণবল।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ২৫ জুলাই।

(যথার্থ নকল।)
জি প্লৌডন। একটিং সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 32.

To the Civil Judges in the Lower Provinces.

The Court declare, for general information, that Paragraph 6, of the Circular Order, No. 29, of the 11th January, 1839, which requires that in actions for real property the mesne profits, unless relinquished, shall be included in the amount at which the suit is laid, supersedes the Circular Order, No 44, of the 29th September, 1820, which made the determination of the value of a suit dependent altogether on the Sudder Jumma.

W. KIRKPATRICK, *Deputy-Register.*

Fort William, 25th July, 1845.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 29.

To the Civil and Session Judges in the Lower Provinces.

In pursuance of the orders of the Government (dated the 9th instant,) the following Copy of a letter (No. 459, of the 28th ultimo,) from the Under Secretary to the Government of India, in the Home Department, exempting all Government Officers from the payment of Ferry Tolls when proceeding on the Public Service is circulated for general information.

From the Under Secretary to the Government of India, in the Home Department, to the Under Secretary to the Government of Bengal, under date the 28th June, 1845.

"I am directed to acknowledge the receipt of your letter, No 981, dated the 28th ultimo, with its enclosure, and in reply to state, for the information of the Right Honourable the Governor of Bengal, that the Governor-General in Council approves of the proposition submitted by Mr. Dampier, Superintendent of Police, Lower Provinces, and authorizes that all officers of Government be exempted from the payment of Ferry Tolls within the division to which they may belong when they are moving in those divisions on the Public Service; and any Officer not entitled to exemption under this definition of the Rule who may prefer a claim to exemption based on the principle which the Rule is intended to establish, will refer his claim for special consideration and orders to the Department to which he belongs."

W. KIRKPATRICK, *Deputy-Register.*

Fort William, 25th July, 1845.

No. 30.

To the Civil and Session Judges in the Lower Provinces

Under the orders of Government, dated the 16th

সদর দেওয়ানী আদালতের সরক্যুর অর্ডর।

৩২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সকল লোককে জানাইবার নিমিত্তে সদর আদালতের সাহেবেরা প্রকাশ করিতেছেন যে ১৮৩৯ সালের ১১ জানুআরি তারিখের ২৯ নম্বরী সরক্যুলর অর্ডরের যে ৬ দফাতে হুকুম হইল যে স্থাবর সম্পত্তির মোকদ্দমায় যদি ওয়া সলাৎ ত্যাগ না করা যায় তবে মোকদ্দমার মূল্যের মধ্যে ঐ ওয়াসিলাৎ গণ্য হইবেক সেই ৬ দফার দ্বারা ১৮২০ সালের ২৯ সেপ্টেম্বর তারিখের ৪৪ নম্বরী যে সরক্যুলর অর্ডরে হুকুম ছিল যে কেবল সদর জমার হিসাবে মোকদ্দমার মূল্য নিরূপণ হইবেক তাহা রদ হইল।

ডবালউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ২৫ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টের বর্ত্তমান মাসের ৯ তারিখের হুকুমক্রমে দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের গত মাসের ২৮ তারিখের ৪৫৯ নম্বরী পত্রের নীচের লিখিত নকল সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে। তাহাতে হুকুম হইল যে সরকারের সকল চাকর সরকারী কর্ম্মের নিমিত্তে গমনাগমন করিলে তাঁহারদের পারাণী পয়সা দিতে হইবেক না।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের প্রতি দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের ১৮৪৫ সালের ২৮ জুন তারিখের পত্র।

তোমার গত মাসের ২৮ তারিখের ৯৮১ নম্বরী পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত অন্যান্য কাগজপত্র পাওয়া গিয়াছে এবং তাহার উত্তরে বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের বিজ্ঞাপনের নিমিত্তে জানাইতে হুকুম পাইয়াছি যে বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাম্পিয়র সাহেব যে প্রস্তাব করিয়াছেন তাহা হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর মঞ্জুর করিয়া হুকুম করিতেছেন যে সরকারের সকল চাকর যে এলাকায় নিযুক্ত আছেন সেই এলাকার মধ্যে সরকারী কর্ম্মের নিমিত্তে গমনাগমন কালে তাহারদের পারাণী পয়সা দিতে হইবেক না এবং এই বিধির অর্থানুসারে যে কোন চাকর পয়সা দেওন-হইতে মুক্ত হইবার যোগ্য নহেন্ তিনি এই বিধির অভিপ্রায়ানুসারে মুক্ত হইবার দাওয়া করিলে আপনার সেই দাওয়া বিশেষ বিবেচনা ও নিষ্পত্তির নিমিত্তে যে সিরিশ্তায় নিযুক্ত আছেন সেই সিরিশ্তায় অর্পণ করিবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ২৫ জুলাই।

৩০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু।

মৌলবী ও পণ্ডিতের পদাকাঙ্ক্ষি ব্যক্তিরদের পরী-

instant, the instructions addressed to Lieutenant-Colonel Riley, Examiner of Candidates for the situation of Law Officers, together with the forms of certificates therein alluded to, are circulated for general information.

From the Under Secretary to the Government of Bengal, to the Secretary to the Law Examination Committee, under date the 16th July **1845.**

"With reference to my letter, No. 840, of the 14th May last, I am directed to request that the future examination of Candidates for the situation of Hindoo or Mahomedan Law Officer, may be conducted by yourself and the Pundits of the Hindoo College for Hindoos, and in like manner by yourself and the Mahomedan Law Professors of the Muddrussa for Mahomedans, as proposed in your letter of the 22d April last, No. 27."

"The certificates granted to passed Candidates will be in the forms A or B, prescribed in the appendix to Regulation XI. 1826, modified as follows, and attested with your signature as "Examiner of Candidates for the situation of Law Officers."

"*Appendix A.*"

"I hereby certify that at an Examination held at the Presidency of Fort William on the according to the Provisions of Regulation XI. of 1826, and Act V. of 1845, A B. was found to be qualified by his eminent knowledge of the Law to hold the office of Law Officer in any of the established Courts of Judicature.

This certificate has been granted to the said A. B under the Seal of the College this day of in the year of corresponding with the

(Signed) C D

"*Examiner of Candidates for the situation of Law Officers.*"

"*Appendix B*"

"I hereby certify that having duly considered the proceedings held on the Examination of A B., conducted according to the Provisions of Clause 3, Section 5, Regulation XI. 1826, and Act V of 1845, I consider the said A. B. to be duly qualified by his knowledge of Law to hold the Office of Law Officer in any of the established Courts of Judicature.

This Certificate has been granted to the said A B. under the Seal of the College this day of in the year of corresponding with the

(Signed) C. D.

"Examiner of Candidates for the situation of Law Officers."

W. KIRKPATRICK, *Deputy-Register*

Fort William, 25th July 1845.

[*Government Gazette, 26th August*, 1845.]

অক শ্রীযুত লেপ্টেনেন্ট কর্ণেল রাইলি সাহেবের প্রতি যে হুকুম দেওয়া গেল তাহা এবং তাহার মধ্যে সর্টিফিকটের যে পাঠের বিষয় লেখে তাহা গবর্ণমেন্টের জুলাই মাসের ১৬ তারিখের হুকুমানুসারে সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

পণ্ডিত ও মৌলবীর পরীক্ষক কমিটির সেক্রেটারী সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের ১৮৪৫ সালের ১৬ জুলাই তারিখের পত্র।

গত ১৪ মে তারিখের ৮৪০ নম্বরী আমার পত্রের উপলক্ষে তোমাকে ইহা জ্ঞাত করিতে আজ্ঞা পাইয়াছি যে তোমার গত ২২ আপ্রিল তারিখের ২৭ নম্বরী পত্রের প্রস্তাবানুসারে হিন্দু ও মুসলমানের ব্যবস্থাদায়কের পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষা উত্তর কালে হিন্দুরদের বিষয়ে তোমার দ্বারা এবং হিন্দু কালেজের পণ্ডিতের দ্বারা লওয়া হইবেক এবং মুসলমানেরদের বিষয়ে তোমার দ্বারা এবং মদরসার মৌলবীর দ্বারা লওয়া হইবেক।

যে কর্ম্মাকাঙ্ক্ষিরা উত্তীর্ণ হন্ তাঁহারদিগকে ১৮২৬ সালের ১১ আইনের আপেণ্ডিক্সের নির্দ্দিষ্ট A এবং B চিহ্নিত পাঠানুসারে সর্টিফিকট দেওয়া যাইবেক। তাহা পশ্চাৎ লিখিত প্রকারে মতান্তর হইবেক এবং "পণ্ডিত ও মৌলবীর কর্ম্মাকাঙ্ক্ষিরদের পরীক্ষক" বলিয়া তুমি তাহাতে সহী করিবা।

A আপেণ্ডিক্স।

এই সর্টিফিকটের দ্বারা সকল লোককে জানাইতেছি যে ১৮২৬ সালের ১১ আইনের এবং ১৮৪৫ সালের ৫ আইনের হুকুমানুসারে অমুক সনের অমুক তারিখে ফোর্ট উলিয়ম রাজধানীতে হওয়া পরীক্ষাতে অমুক ব্যক্তি শাস্ত্রে কি শরাতে বিজ্ঞতাপ্রযুক্ত কোম্পানি বাহাদুরের স্থাপিত কোন আদালতের পণ্ডিত কি মৌলবী হওনের যোগ্য।

ইঙ্গরেজী অমুক সনের অমুক তারিখ মোতাবেক অমুক সনের অমুক তারিখে এই কালেজের মোহরযুক্ত এই সর্টিফিকট অমুক ব্যক্তিকে দেওয়া গেল।

দস্তখৎ। অমুক।

পণ্ডিত ও মৌলবীর কর্ম্মাকাঙ্ক্ষিরদের পরীক্ষক।

B আপেণ্ডিক্স।

আমি এই সর্টিফিকটের দ্বারা জানাইতেছি যে ১৮২৬ সালের ১১ আইনের ৫ ধারার ৩ প্রকরণের এবং ১৮৪৫ সালের ৫ আইনের হুকুমানুসারে অমুকের পরীক্ষার দেওয়া উপযুক্তরূপে বিবেচনা করিয়া বুঝিলাম যে অমুক ব্যক্তি শাস্ত্রে কি শরাতে বিজ্ঞতাপ্রযুক্ত কোম্পানি বাহাদুরের স্থাপিত কোন আদালতের পণ্ডিত কি মৌলবি হওনের উপযুক্ত।

ইঙ্গরেজী অমুক সনের অমুক তারিখ মোতাবেক অমুক সনের অমুক তারিখে এই কালেজের মোহরযুক্ত এই সর্টিফিকট অমুক ব্যক্তিকে দেওয়া গেল।

দস্তখৎ। অমুক।

পণ্ডিত ও মৌলবীর কর্ম্মাকাঙ্ক্ষিরদের পরীক্ষক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ২৫ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 16.

To the Criminal Authorities in the Lower Provinces.

The Courts of Nizamut Adawlut, for the Lower and Western Provinces, have ruled, in modification of the 3d Rule of the Circular Order No. 100, (dated Lower Provinces 7th and Western Provinces 28th January 1842,) that every order of an Assistant to a Magistrate, Principal Sudder Ameen, Sudder Ameen, or Law Officer, vested with special powers passed in a Criminal trial or proceedings awarding a punishment within the limitations expressed in Section 2, Act XXXI. 1841, is appealable to the Magistrate.

W. KIRKPATRICK, *Deputy-Register.*

Fort William, 25th July, 1845.

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ১৮৪২ সালের ৭ জানুআরি তারিখের এবং উত্তরপশ্চিম দেশের ২৮ জানুআরি তারিখের ১০০ নম্বরী সরক্যুলর অর্ডরের ৩ বিধান মতান্তর করিয়া বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং উত্তরপশ্চিম দেশের সদর নিজামৎ আদালতের সাহেবেরা হুকুম করিয়াছেন যে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট সাহেব কি বিশেষ ক্ষমতাপ্রাপ্ত প্রধান সদর আমীন কিম্বা সদর আমীন অথবা পণ্ডিত কি মৌলবী ফৌজদারী মোকদ্দমাতে বা কার্য্যে ১৮৪১ সালের ৩১ আইনের ২ ধারার নির্দ্দিষ্ট সীমার মধ্যে যে দণ্ডের হুকুম করেন্ সেই প্রত্যেক হুকুমের উপর আপীল মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইতে পারে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৫। ২৫ জুলাই।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

EDUCATION.

NOTICE.

RULES for the Examination of Candidates for insertion in the list directed to be annually furnished to Government by the Notification of the Governor-General, dated 10th October, 1844.

1. No one shall be allowed to become a Candidate for insertion in the Annual Returns, who is less than 18 or more than 23 years of age, and who is not at the time a Student either of a Government or of a Private Institution recognized by the Council of Education. All competitors must likewise produce satisfactory proofs of good moral character.

2. Every Candidate, whether he belong to a Government College or a private Institution, shall be required to undergo the usual Annual Examination for Senior English Scholarships, a Latin being substituted for a Vernacular Essay, at the option of each Candidate.

3. There shall be two classes of merit the first shall comprehend all who are in the last year of a Senior Scholarship, or who, though not actually in the last year, would be so, if there had been a vacant Scholarship at the time when they first became eligible for one, or have been engaged for ten years in the study of English at a private Institution, and who obtain at least $\frac{3}{4}$ths of the number of marks allowed in each subject. The second class shall include all other Candidates, who obtain at least $\frac{1}{2}$ of the number of marks allowed for complete answers in every subject contained in the Senior English Scholarship standard.

4. The place of each successful competitor in

বিদ্যাধ্যাপন।

বিজ্ঞাপন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের বিজ্ঞাপনানুসারে কর্ম্মাকাঙ্ক্ষিরদের নামের যে ফর্দ্দ বৎসরে২ গবর্ণমেণ্টকে দিবার হুকুম হইয়াছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহানের

বিধান।

১। যাহার আটার বৎসরের কম কি তেইশ বৎসরের অধিক বয়স্ হয় এবং যে জন ইমতিহান দেওনের সময়ে গবর্ণমেণ্টের কোন এক কালেজের অথবা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের স্বীকৃত কোন বিদ্যালয়ের ছাত্র না হয় সেই জন বার্ষিক রিপোর্টে আপন নাম লিখনের আকাঙ্ক্ষিরদের মধ্যে গণ্য হইতে পারে না। কর্ম্মাকাঙ্ক্ষি সকল লোকের আবশ্যক যে আপনারদের সদাচারিতার বিষয়ে সন্তোষজনক প্রমাণ দেয়।

২। প্রত্যেক জন কর্ম্মাকাঙ্ক্ষী গবর্ণমেণ্টের কোন কালেজের সম্পর্কীয় হউক কিম্বা বিশেষ বিদ্যালয়ের সম্পর্কীয় হউক ইঙ্গরেজী প্রধান বৃত্তি প্রাপণার্থ ছাত্রেরা বৎসরে২ যে ইমতিহান দিয়া থাকে তাহা দিবেক কিন্তু কর্ম্মাকাঙ্ক্ষী আপন ইচ্ছামতে এদেশীয় ভাষায় এসে অর্থাৎ রচনা না লিখিয়া লাটিন ভাষায় লিখিতে পারে।

৩। যোগ্যতার দুই সম্প্রদায় হইবেক। যাহারদের প্রধান বৃত্তি ভোগের শেষ বৎসর হইয়াছে অথবা যাহারদের নিতান্তই শেষ বৎসর হয় নাই কিন্তু তাহারদের বৃত্তি পাইবার যোগ্য হওন সময়ে বৃত্তি শূন্য থাকিলে এবং তাহারা তাহা পাইলে এক্ষণে ঐ বৃত্তির শেষ বৎসর হইত অথবা যাহারা কোন বিশেষ বিদ্যালয়ে দশ বৎসরপর্য্যন্ত বিদ্যা শিক্ষা করিয়াছে এবং ইমতিহানের প্রত্যেক বিষয়ে যত টিক নির্দ্দিষ্ট আছে তাহার চারি অংশের অন্যূন তিন অংশ পায় তাহারা প্রথম শ্রেণীভুক্ত হইতে পারে। এবং ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমিত্তে যে২ বিষয়ে ইমতিহান দিতে হয় তাহার প্রত্যেক বিষয়ে নির্দ্দিষ্ট টিকের অন্যূন অর্দ্ধ অংশ যাহারা পায় এমত অন্য সকল কর্ম্মাকাঙ্ক্ষী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেক।

৪। ইমতিহানের সময়ে কৃতকার্য্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের

his class, shall be determined by the relative merit of his examination.

5. Every Candidate for insertion in the Council's list, shall pay a registration fee of Company's Rupees 5, prior to being allowed to compete at the examination.

6. The examinations shall be held annually at the Town Hall, a few days before the Doorgah Poojah holidays, of which due notice shall be given.

7. A Student who shall fail to prove himself qualified for insertion in the Council's list, shall not be permitted to present himself for examination more than three times, pre-paying on each occasion the usual registration fee.

8. A Candidate whose name shall once have appeared in the Return, shall not be allowed to compete again with a view to obtain a higher grade.

9. All Candidates, whether from Government or private Institutions, must distinctly understand, that mere insertion in the Returns will by no means be a sure passport to employment, since the preference must depend upon other qualifications, as well as upon literary and scientific acquirements, and good moral conduct.

10. The following is the system of examination adopted, and the standard of the Senior English Scholarships referred to in Rule 2.

Sets of questions on the various branches of study will be prepared under the direction of the Council of Education who will likewise fix within a reasonable time beforehand, the days on which the examinations shall be held.

The Students shall be assembled in a room without books, papers or references of any kind. They shall not be allowed to communicate with each other during the examination, and on that account shall be placed at a proper distance from each other.

They will be required to answer the questions and to write the essays without any assistance whatever, and to ensure this, one of the Members of the Council of Education will remain in the room, and superintend the whole examination.

Any attempt at, or practice of, unfair means, shall subject the offender to exclusion from the examination—as well as from the Returns of the Council, and thereby render him ineligible for Government employment.

The Council of Education will fix an uniform standard of value for each question according to its importance, a perfectly correct and complete answer will obtain the full number of marks attached to the question, an imperfect answer will obtain a part only of the full number, in proportion to its approximation to correctness and completeness. At least 50 per cent. of the aggregate number of marks attached to an entire set of examina-

[*Government Gazette, 26th August*, 1845.]

গুণের তারতম্য বুঝিয়া তাহারা সম্প্রদায়ের প্রথম দ্বিতীয়াদি স্থানে ভর্ত্তি হইবেক।

৫। যাহারা কৌন্সেলের ফর্দ্দে নাম লেখাইতে আকাঙ্ক্ষা রাখে তাহারদের ইমতিহানে প্রতিযোগিতা করণের অনুমতি পাইবার পূর্ব্বে কোং ৫৲ টাকা ফিস দিতে হইবেক।

৬। ইমতিহান বৎসরেং দুর্গা পূজার ছুটীর কএক দিবস পূর্ব্বে টৌন হালে হইবেক তাহার সম্বাদ উপযুক্তমতে দিন থাকিতে দেওয়া যাইবেক।

৭। যে কোন ছাত্র কৌন্সেলের ফর্দ্দেতে আপন নাম লেখাইবার যোগ্যতার প্রমাণ না দেয় সে তিন বারের অধিক ইমতিহান দিতে পারিবেক না এবং সেই প্রত্যেকবারের পূর্ব্বে তাহার উক্ত ফিস দিতে হইবেক।

৮। যে কর্ম্মাকাঙ্ক্ষির নাম ফর্দ্দেতে লেখা যায় সেই জন উচ্চ শ্রেণী পাইবার অভিপ্রায়ে পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি পাইবেক না।

৯। গবর্ণমেণ্টের ও বিশেষ বিদ্যালয়ের সকল কর্ম্মাকাঙ্ক্ষী স্পষ্টরূপে জানিবেক যে তাহারদের নাম ফর্দ্দেতে লিখিত হইলেই তাহারা নিতান্ত কর্ম্ম পাইবেক এমত নহে কেননা বিদ্যাতে নিপুণতা এবং সদাচারিতা ভিন্ন অন্যান্য গুণেরও আবশ্যক হইবেক।

১০। ইমতিহানের এইং নিয়ম হইবেক এবং প্রথম ইঙ্গরেজী বৃত্তির যে হার ২ বিধিতে লেখা আছে তাহা এই।

বিদ্যার নানা শাখার বিষয়ে নানা প্রশ্ন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমানুসারে প্রস্তুত হইবেক এবং যে দিবসে ইমতিহান হইবেক তাহা উপযুক্ত সময় থাকিতে তাঁহারদের দ্বারা নিরূপণ হইবেক।

ছাত্রেরা এক কুঠরীর মধ্যে একত্র হইবেক তাহারদের কোন কেতাব বা কাগজ কি যাহাতে কিছু অবগত হইতে পারে এমত কিছু থাকিবেক না ইমতিহানের সময়ে তাহারদের পরস্পর কোন কথা বা লিখনপঠন হইবেক না এবং সেই নিমিত্তে তাহারা উপযুক্তমতে দূরে পৃথকং হইয়া বসিবেক।

কোন সাহায্যবিনা তাহারদের সকল জিজ্ঞাসার উত্তর দিতে হইবেক এবং এসে লিখিতে হইবেক এবং তাহারদের কোন সাহায্য না হয় এতদর্থে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এক জন কামরার মধ্যে থাকিবেন এবং সমস্ত ইমতিহানের কর্ত্তৃত্ব করিবেন।

যদি কোন কপট কর্ম্ম হয় বা তাহার উদ্যোগ হয় তবে অপরাধি ব্যক্তি ইমতিহানহইতে বহিষ্কৃত হইবেক এবং কৌন্সেলের সাহেবেরদের রিপোর্টের মধ্যে তাহার নাম লেখা যাইবেক না এবং সেই নিমিত্তে সে সরকারী কর্ম্মে নিযুক্ত হইবার অযোগ্য হইবেক।

প্রত্যেক প্রশ্নের গুরুত্বঅনুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেল তাহার মূল্যের একি প্রকার হার নিরূপণ করিবেন। যদ্যপি সেই প্রশ্নের ঠিক এবং সম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে সেই প্রশ্নের যত চিহ্ন নিরূপণ আছে তাহার সম্পূর্ণ সংখ্যা কৃতকার্য্য ছাত্র পাইবেক কিন্তু যদি তাহার অসম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে যেপর্য্যন্ত তাহা ঠিক ও পূর্ণ হয় তাহার হিসাব করিয়া সম্পূর্ণ চিহ্নের অংশ দেওয়া যাইবেক। কিন্তু ইমতিহানের সকল প্রশ্নের সমুদয়ে যত চিহ্ন নিরূপণ আছে তাহার অর্দ্ধেক

tion questions, will be necessary to entitle a Student to a Senior Scholarship

The following are the qualifications for the Senior English Scholarships —

English Essay.—The Candidate must compose a fair English Essay.

History.—He must know the leading facts of Universal History, with special reference to the Histories of Greece, Rome, India, England and Modern Europe. The course of History which will form the subject of each Annual Examination, will be made known by the Council of Education on or before the 15th of June of the previous year.

General Literature.—He must be able to explain passages of Prose and Verse, selected from standard authors. Hereafter the works from which the passages will be selected for the ensuing year, will be fixed by the Council of Education, at least one year before each Annual Scholarship Examination.

Mathematics.—He must have a knowledge of Algebra as treated of in Peacock's work on the subject, and in the Chapter on Chances in Wood's Algebra. Of Euclid, he must know the first four books, the fifth definition of the 5th book, the 6th book, and 21 propositions of the 11th book. Plane and Spherical Trigonometry (Hind's, Snowball's or Woodhouse's) and Conic Sections.

Natural Philosophy.—He must have a knowledge of Astronomy, Mechanics, Hydrostatics, Pneumatics and Optics, as treated of in the works noted in the margin,* sufficient to enable him to comprehend Herschell's Introductory Discourse on the study of Natural Philosophy, and Mrs. Somerville's Connection of the Physical Sciences. He must also be acquainted with Mathematical and Physical Geography, as treated of in the publications of the Society for the Diffusion of Useful Knowledge.

Vernacular Essay.—He must write a fair Essay in the Vernacular.

The holders of Senior Scholarships will be examined further in a paper of special test questions which will be prepared under the direction of the Council of Education for that purpose, and which may include subjects not specified above.

By order,)
F. J. MOUAT, M. D.,
Secretary.

Council of Education, 25th July, 1845.

---

* Brinkley's Astronomy, or the Astronomy in the Natural Philosophy of the S. D. U. K., Whewell's Mechanics, Webster's Hydrostatics, and Phel's Optics, with the Pneumatics of the S. D. U. K.

যে ছাত্র না পায় সে প্রধান বৃত্তিভোগির তুল্য জ্ঞান হইতে পারিবেক না।

ইঙ্গরেজী ভাষাতে ছাত্রেরদের প্রধান বৃত্তি প্রাপণার্থে এই২ বিদ্যাতে নিপুণহওনের আবশ্যক।

ইঙ্গরেজী ভাষার রচনা। পদাকাঙ্ক্ষি ব্যক্তির ইঙ্গরেজী ভাষাতে উপযুক্তরূপে এসে অর্থাৎ রচনা করিতে হইবেক।

পুরাবৃত্তের বিবরণ।—সাধারণ পুরাবৃত্তের প্রধান২ বিষয় তাহার জানিতে হইবেক এবং গ্রিক দেশ ও রুম ও ভারতবর্ষ ও ইঙ্গলণ্ড ও ইদানি স্তন ইউরোপের নব্য ইতিহাসের বিশেষ জ্ঞাত থাকিতে হইবেক প্রত্যেক বার্ষিক ইমতিহানে পুরাবৃত্তের যে২ বিষয়ে যে পরীক্ষা হইবেক তাহা পূর্ব্ব বৎসরের ১৫ জুন তারিখে কি তাহার পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা জ্ঞাত করিবেন।

সাধারণ বিদ্যা। প্রধান২ গ্রন্থকর্ত্তারদের গ্রন্থহইতে মনোনীতরূপ। গদ্য ও পদ্যের প্রকরণের অর্থ করিতে হইবেক। উত্তর কালে আগামি বৎসরের নিমিত্ত যে গ্রন্থহইতে সেইমত প্রকরণ বাচনী হইবেক তাহা প্রত্যেক বার্ষিক ইমতিহানের অন্যূন এক বৎসর পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ধার্য্য করিবেন।

ক্ষেত্রপরিমাণাদি বিদ্যা। বীজগণিত বিদ্যায় পিকক সাহেবের গ্রন্থ জ্ঞাত থাকিতে হইবেক এবং উড সাহেবের বীজগণিত বিদ্যার 'অনুমান" এই বিষয়ের অধ্যায় জ্ঞাত থাকিতে হইবেক। ইউক্লিডের প্রথম চারি গ্রন্থ এবং পঞ্চম গ্রন্থের পঞ্চম ব্যাখ্যা এবং ষষ্ঠ গ্রন্থ এবং একাদশ গ্রন্থের ২১ প্রস্তাব এবং হাইণ্ড ও স্নোবল ও উডহৌসের রচিত প্লেন এবং স্ফেরিকাল ত্রিকোণ পরিমাপক বিদ্যা এবং কোনিক সেকসান্স।

পদার্থ বিদ্যা। পশ্চাৎ লিখিত * গ্রন্থে যেরূপ জ্যোতির্বিদ্যা ও শিল্পবিদ্যা ও দ্রবদ্রব্য নিরূপক ও বায়ু নিরূপক বিদ্যা ও দৃষ্টিনিরূপক বিদ্যার জ্ঞান থাকে সেইরূপ তাহারদের থাকিবেক অর্থাৎ হর্সল সাহেবের পদার্থ বিদ্যার অধ্যয়নবিষয়ক ভূমিকা এবং বিবি সমরবিলের প্রকৃতির বিদ্যার সম্বন্ধ এই দুই গ্রন্থ যাহাতে উত্তমরূপে বুঝিতে পারে সেইপর্য্যন্ত উপরের উক্ত গ্রন্থ পাঠ করিতে হইবেক। এবং কর্ম্মণ্য বিদ্যাপ্রতিপোষক সোসৈটির প্রকাশিত গ্রন্থের মধ্যে ক্ষেত্রপরিমাণ ও প্রকৃতিসম্পর্কীয় ভূগোলীয় বিদ্যা জানিতে হইবেক।

এতদ্দেশীয় এসে। এতদ্দেশীয় ভাষাতে উপযুক্ত এসে অর্থাৎ রচনা লিখিতে হইবেক।

প্রধান বৃত্তিভোগি ছাত্রেরদের আরো বিশেষ জিজ্ঞাসার ইমতিহান দিতে হইবেক তাহা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরদের নিরূপিতানুসারে প্রস্তুত হইতে পারে। উপরে যে২ বিষয় লেখা গেল তাহাছাড়া বিষয় তাহাতে থাকিতে পারিবেক।

হুকুমক্রমে।
এফ জে মৌআট।
বিদ্যাধ্যাপনের সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৫। ২৫ জুলাই

---

* ব্রিঙ্কলি সাহেবের জ্যোতির্বিদ্যা গ্রন্থ কিম্বা কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির পদার্থবিদ্যার পুস্তকের মধ্যে জ্যোতির্বিদ্যা। এবং শিল্পবিদ্যাবিষয়ে হিউএল সাহেবের পুস্তক ও দ্রবদ্রব্য নিরূপক বিদ্যাবিষয়ে উএবষ্টর সাহেবের পুস্তক ও দৃষ্টিনিরূপক বিদ্যাবিষয়ে ফেল সাহেবের পুস্তক এবং বায়ু নিরূপক বিদ্যাবিষয়ে কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির গ্রন্থ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ২১ আগষ্ট।]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 15th August, 1845.

Moulavie Syed Tufuzool Ruhman (who has obtained a diploma) to be Moonsiff of Bogra, Zillah Rungpore.

B. J. Colvin, *Offg Register.*

CIVIL APPOINTMENTS.

No. 2214 of 1845.

FORT WILLIAM,

FOREIGN DEPARTMENT,

The 13th August, 1845.

NOTIFICATION.

Mr. W. Edwards, Under Secretary to the Government of India, in the Foreign Department, obtained leave of absence from the 3d to the 9th instant, to enable him to rejoin his appointment.

F. Currie,

Secy. to the Govt. of India.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENT.

The 6th August, 1845.

Lieutenant H. Man, 49th M. N. I., to be Superintendent of Convicts and Roads at Singapore.

LEAVES OF ABSENCE.

The 6th August, 1845.

Mr. R. B. Garrett, Magistrate, Collector and Salt Agent of the Southern Division of Cuttack, has been permitted to reside and carry on his duties at Cuttack, during the months of September October and November next, making over charge of the Treasury at Pooree to Mr Shore, or to the Uncovenanted Deputy-Collector, Neelmoney Birm.

The 7th August, 1845.

Baboo Issur Chunder Ghosaul, Deputy-Magistrate of Hooghly, for three days, on private affairs.

The leave of absence, granted on the 23d ultimo, to Moulavie Mahomed Nazim, Sudder Ameen of Zillah Tipperah, is cancelled at his request.

NOTIFICATION

The 9th August, 1845.

Mr W. Grey, Officiating Magistrate of Dinagepore, resumed charge of his office on the 2d instant.

Erratum.—In the Orders of the 16th October 1844, published at page 462 of the *Bengalee Government Gazette* for that year, the words *vice Mr. Herklotts and Captain Smyth* were inserted by error, and they are to be erased accordingly.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. Halliday,

Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, *26th August*, 1845.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ১৫ আগষ্ট।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মৌলবী সৈয়দ তফজুল রহমান জিলা রঙ্গপুরে বগুড়ার মুনসেফ হইবেন।

বি জে কলবিন।

একটিং রেজিষ্টর

রাজকর্ম্ম নিয়োগ।

১৮৪৫ সাল ২২১৪ নম্বর।

ফোর্ট উলিয়ম।

বিদেশীয় ডিপার্টমেন্ট।

১৮৪৫ সাল ১৩ আগষ্ট।

বিজ্ঞাপন।

বিদেশীয় ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী শ্রীযুত ডবলিউ এডোয়ার্ডস সাহেব আপনার কর্ম্মস্থানে পঁহুছিবার নিমিত্তে বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি ৯ তারিখপর্যন্ত ছুটী পাইয়াছেন।

এফ করি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ৬ আগষ্ট।

মান্দ্রাজের ৪৯ সংখ্যক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত এচ মান সাহেব সিঙ্গাপুরে বন্দুআনেরদের ও রাস্তার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৫ সাল ৬ আগষ্ট।

কটকের দক্ষিণ অঞ্চলের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট শ্রীযুত আর বি গারেট সাহেব আগামি সেপ্টেম্বর ও অক্টোবর ও নবেম্বর মাসে কটকে বাস করিয়া আপনার কার্য্য চালাইতে অনুমতি পাইয়াছেন এবং পুরীতে খাজনাখানার ভার শ্রীযুত শোর সাহেবের প্রতি কিম্বা অচুক্তিত ডেপুটী কালেক্টর শ্রীযুত নীলমণি ব্রহ্মের প্রতি অর্পণ করিবেন।

১৮৪৫ সাল ৭ আগষ্ট।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল স্বীয় কর্ম্মোপলক্ষে তিন দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ত্রিপুরার সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিমকে গত মাসের ২৩ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ৯ আগষ্ট।

দিনাজপুরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

অশুদ্ধ শোধন।

১৮৪৪ সালের ১৬ অক্টোবর তারিখের যে হুকুম ঐ বৎসরের ২৯ অক্টোবর তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের ৪৬২ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহার মধ্যে 'শ্রীযুত হরক্লট্‌স সাহেব ও শ্রীযুত কাপ্তান স্মিথ সাহেবের পরিবর্ত্তে' এই কথা ভ্রমপূর্ব্বক দেওয়া গিয়াছিল অতএব তাহা উঠাইয়া দিতে হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী

No 1416.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 13th August, 1845

Mr J. Long to assume Medical Charge of the Station of Debrooghur in Upper Assam.

Mr H T Raikes to be a Member of the Ferry Fund Committee of Midnapore, vice Baboo Jadoobunder Bannerjee deceased

Mr L S Jackson, Assistant to the Magistrate and Collector of Hooghly,	are vested with the special powers described in Section 7, Regulation IV of 1821, and Regulation VIII of 1831
Mr W M Beaufort ditto ditto of Patna,	

Baboo Issur Chunder Ghosaul, Deputy-Magistrate in Hooghly, is vested with the special powers described in Clause 3, Section 2, Regulation III of 1821.

LEAVE OF ABSENCE.

The 16th August, 1845

Baboo Tarachand Chowdry, Deputy Collector under Regulation IX of 1833, in Burdwan from the 24th October to the 3d December 1844 in extension of the leave granted to him on the 2d October last

The leave of absence granted on the 12th June last to Mr H Clarke, Deputy Magistrate of Tirhoot, is cancelled from the 6th instant, the date on which he assumed charge of his office

NOTIFICATIONS

The 16th August, 1845

Mr C T Sealy, Officiating Joint-Magistrate and Deputy-Collector of Noakolly, assumed charge of his office on the 8th instant

Mr A Grote, Magistrate of East Burdwan made over charge of his office to Mr A. Pigou on the 12th instant

By order of the Right Honourable the Governor of Bengal

F J HALLIDAY
Secy to the Govt of Bengal

১৪১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনররবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ১৩ আগষ্ট।

শ্রীযুত জে লঙ্গ সাহেব উত্তর আসামের দেব্রুগড় স্থানের চিকিৎসকতা কর্ম্ম গ্রহণ করিবেন।

মৃত বাবু যদবেন্দ্র বাঁড়য্যার পরিবর্ত্তে শ্রীযুত এচ টি রেকস সাহেব মেদিনীপুরে পারাবার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এল এস জাকশন সাহেব ...	১৮২১ সালের ৪ আইনের ৭ ধারার এবং ১৮৩১ সালের ৮ আইনের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।
পাটনার ঐ ঐ শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব	

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল ১৮২১ সালের ৩ আইনের ৭ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৫ সাল ১৬ আগষ্ট।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত বর্দ্ধমানের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাচাদ চৌধুরী গত অক্টোবর মাসের ২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ১৮৪৪ সালের অক্টোবর মাসের ২৪ তারিখঅবধি ডিসেম্বর মাসের ৩ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এচ ক্লার্ক সাহেব গত জুন মাসের ১২ তারিখে যে ছুটী পান তাহ বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি রহিত হইয়াছে। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ১৬ আগষ্ট।

নওয়াখালীর একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি টি সিলি সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট শ্রীযুত এ গ্রোট সাহেব বর্ত্তমান মাসের ১২ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ পিগু সাহেবের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনররবিল গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

No 1435

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

APPOINTMENTS

The 20th August 1845

Mr J J. Harvey to officiate as Commissioner for the 18th or Jessore Division

Mr W Bracken to officiate as Collector of Government Customs at Calcutta

Captain L Percy D Eld to be Principal Assistant to the Commissioner of Arracan This cancels the appointment of Captain S R Tickell under date the 16th ultimo

LEAVES OF ABSENCE

The 13th August, 1845

Lieutenant G. W S. Hicks, Commanding Bala-

১৪৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনররবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত জে জে হার্বি সাহেব ১৮ সংখ্যক অর্থাৎ যশোহরের এলাকার কমিসনর হইলেন।

শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব কলিকাতার গবর্ণমেন্টের মাসিলের কালেক্টরী কর্ম্ম করিবেন।

শ্রীযুত কাপ্তান এল পর্সি ডি এলড সাহেব আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট হইবেন। অতএব গত মাসের ১৬ তারিখে শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেবের যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

ছুটী।

১৮৪৫ সাল ১৩ আগষ্ট।

বালেশ্বরের পাইক কোম্পানির অধ্যক্ষ এবং পেশকসী

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৫। ১৬ আগষ্ট।]

sore Paik Companies and Assistant Superintendent Tributary Mehals, for one month, on private affairs.

Captain J. R. Abbott, late Principal Assistant Commissioner of Arracan, from the 7th April last to the 25th ultimo, on private affairs.

Mr. C. K. Hudson, Sub-Assistant and Deputy-Collector in Kamroop, Assam, for four months, on private affairs, from the 1st proximo.

The 16th August, 1845.

Mr. F. Stainforth, Civil and Sessions Judge of Chittagong, for one month, under Medical Certificate, making over charge of the current duties of his office to the Principal Sudder Ameen, who will conduct the same until further orders.

NOTIFICATION.

The 19th August, 1845

Mr. R. E. Cunliffe made over charge of the Dacca Magistracy to Mr. B. H. Cooper on the 13th instant.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 1471.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 20th August, 1845.

Mr. W. M. Beaufort, Assistant to the Magistrate of Patna, is vested with the special powers described in Clause 3, Section 2, Regulation III. of 1821.

Mr. W. G. Young, Assistant to the Magistrate and Collector of the 24-Pergunnahs, to be Register of Deeds under Act No. XXX. of 1838 in that District.

Mr. J. Combe, Assistant to the Collector of Sarun, ... } are vested with the special powers described in Section 21, Regulation VIII. of 1831.
Mr. F. C. Fowle, ditto to ditto of Nuddea, ... }

Moulavie Mazum Hussein to be Additional Principal Sudder Ameen of Purneah.

NOTIFICATIONS.

The 20th August, 1845.

At the recommendation of the Sudder Court, the Right Honourable the Governor of Bengal has been pleased to sanction the transfer of the undermentioned Villages from the jurisdiction of the Moonsiff of Khandee to that of the Moonsiff of Lalbagh, in Moorshedabad, viz.

Zemindaree.
Meeabundea.
Chaltea.
Bhakooree.
Poorapara.
Paunch Kamnee.
Oojoodheynugger, alias Majteea.
Kistobuttee.
Bunkhoree.

[*Government Gazette*, *26th August*, 1845.]

মহালের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জি ডবলিউ এস হিক্স সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

আরাকাণের কমিস্যনর সাহেবের সাবেক প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান জে আর আবট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গত আপ্রিল মাসের ৭ তারিখঅবধি গত মাসের ২৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

আসামে কামরূপের সব আসিষ্টান্ট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি কে হডসন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১ তারিখঅবধি চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ১৬ আগষ্ট।

চাটিগাঁর সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ ষ্টেনফোর্থ সাহেব আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত প্রধান সদর আমীন এ কর্ম্ম চালাইবেন।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ১৯ আগষ্ট।

শ্রীযুত আর ই কনলিফ সাহেব বর্ত্তমান মাসের ১৩ তারিখে ঢাকার মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার শ্রীযুত বি এচ কুপর সাহেবের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৭১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২০ আগষ্ট।

পাটনার মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব ১৮৩৮ সালের ৩০ আইনানুসারে এ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

সারণের কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে কোম সাহেব। } ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।
নদীয়ার ঐ ঐ শ্রীযুত এফ সি ফৌল সাহেব। }

শ্রীযুত মৌলবী মাজুম হুসেন পূর্ণিয়ার অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

বিজ্ঞাপন।

১৮৪৫ সাল ২০ আগষ্ট।

সদর আদালতের পরামর্শক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেব নীচের লিখিত গ্রাম মুরশিদাবাদের কান্দীর মুনসেফের এলাকাহইতে খারিজ করিয়া লালবাগের মুনসেফের এলাকাভুক্ত করিতে অনুমতি দিয়াছেন অর্থাৎ।

জমীদারী
মিয়াবন্দিয়া
চালতিয়া
ভাকুরি
পুরাপাড়া
পাঁচকামিনী
অযোধ্যানগর কি মাজতিয়া
কৃষ্ণবতী
বনখড়ী

Chughurree.
Hurreedasmuttee.
Burryachee.
Narainpore.
Nyagaon Kustobuttee.

The 23d August, 1845.

Mr J. J Harvey, Officiating Commissioner of Revenue of the 18th or Jessore Division, assumed charge of his Office on the 21st instant.

Mr. J. Wheler, Officiating Collector of Dacca, assumed charge of his Office on the 13th instant.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J HALLIDAY,
Secy to the Govt. of Bengal

চগহরি
হরিদাসমতি
বরিগচি
নারায়ণপুর
নওগাঁ কৃষ্ণবতী

১৮৪৫ সাল ২৩ আগষ্ট।

১৮ সংখ্যক অর্থাৎ যশোহরের এলাকার রাজস্বের একটিং কমিস্যনর শ্রীযুত জে জে হার্বি সাহেব বর্ত্তমান মাসের ২১ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন্।

ঢাকার একটিং কালেক্টর শ্রীযুত জে উইলর সাহেব বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 18th day of the present month of August, the matters of the Petition of GILBERT EDMONSTONE RODGERS, sued by the name of G. E. Rodgers, late of Dhurrumtollah Street, in the Town of Calcutta, an Assistant in the Calcutta Police Office, and now a Prisoner confined for Debt, in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of His late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, &c," are appointed to be heard in the said Court, on Wednesday the 1st day of October next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said GILBERT EDMONSTONE RODGERS, appear in the Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

SHAW and LYONS,
Attornies for the said Insolvent.

Calcutta, 18th August, 1845.

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

গিলবর্ট এডমনষ্টন রজর্স সাহেব

জি ই রজর্স নামে সফীনা হইলেন তিনি পূর্ব্বে কলিকাতা নগরের ধর্ম্মতলার রাস্তানিবাসি কলিকাতার পোলীসের দফ্তরখানার আসিষ্টান্ট ছিলেন এক্ষণে ঋণপ্রযুক্ত কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনানুসারে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আগষ্ট মাসের ১৮ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১ তারিখ বুধবারে বেলা এগার ঘন্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত গিলবর্ট এডমনষ্টন রজর্স সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

শ' এবং লায়ন্স। উক্ত যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৫। ১৮ আগষ্ট।

In the matter of JOSEPH ALFRED GUEST, an Insolvent,

NOTICE is hereby given, that by an order of this Court, bearing date the second day of August instant, the hearing of the matters of the Petition of the said Insolvent, has been adjourned to Saturday the sixth day of September next

SHAW and LYONS,
Insolvent's Attornies.

যোত্রহীন জোজেফ আলফ্রেড গেষ্ট সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আগষ্ট মাসের ২ তারিখে এই আদালতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৬ তারিখ শনিবারে শুনা যাইবেক।

শা ও লায়ন্স।
যোত্রহীনের উকীল।

In the matter of the Petition of GEORGE MIDDLETON, a standing mate in the Pilot Ser-

জার্জ মিডিলটন সাহেব

যিনি কোম্পানি বাহাদুরের মেগনা জাহাজ নামক পাইলট

vice of the East India Company, late of the Pilot Vessel the *Megna*, and of Crooked Lane in the town of Calcutta, and late a Prisoner confined in the Common Goal of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of His late Majesty George the Fourth, entitled an Act to provided for the Relief of Insolvent Debtors in the East Indies—

NOTICE is hereby given, that at a Court holden on Saturday the fifth day of July last, it was and is ordered that the hearing of the matters of the Petition of the said Insolvent, be adjourned to Saturday the sixth day of September next.

CH. SIRETLL, *Insolvent's Attorney.*

Calcutta, 1st August, 1845.

NOTICE is hereby given, that by an order of the said Court, the hearing of the matters of the Petition of MANICK CHUND CULLEANJEE has been adjourned to Saturday the 6th day of September next.

BIDELL,

Attorney for the Insolvent.

Calcutta, 2d August, 1845.

In the matter of JOSEPH ALFRED GUEST, an Insolvent,

NOTICE is hereby given, that by an order of this Court, bearing date the nineteenth day of August instant, the Schedule of the said Insolvent has been amended and can be referred to by any Creditor in the Office of the Chief Clerk.

SHAW and LYONS,

Insolvent's Attornies.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of BENJAMIN HARVEY, late of Bow Bazar, in the Town of Calcutta, formerly Head Assistant in the Marine Store-keeper's Office, and some time shipowner and trader, lately in no trade, business or employment, and now a Prisoner for Debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of His late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Wednesday the 1st day of October next.

The names of the Creditors of the said BENJAMIN HARVEY, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

NATHANIEL HUDSON,

Attorney for the Insolvent

Calcutta, 23d August, 1845.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of GEORGE WILLIAM SCOTT, sued by the name of G. W. Scott, of William's Lane, in the town of Calcutta, an Assistant in the Master Attendant's Department, and lately a prisoner for debt in the

কর্ম্মে মোকররী মেট্ ছিলেন এবং শহর কলিকাতার ক্রুকেট লেনে বাস করিতেন ও তৎপর শহর কলিকাতার প্রধান কারাগারে বদ্ধ ছিলেন তাঁহার দরখাস্তের তৎপর্য্য অর্থাৎ গত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষের সকল অক্ষম ঋণিদিগের উপকারার্থ হইয়াছে ঐ সকল নিয়মানুসারে আপন উদ্ধারের নিমিত্তে প্রার্থনা করেন্ ইতি।

ইহার দ্বারা খবর দেওয়া যাইতেছে যে জুলাই মাসের ৫ তারিখ শনিবার দিবসে আদালত অবধারিত হইয়া হুকুম হইয়াছে যে আগামি ৬ সেপ্টেম্বর দিবসে উক্ত ঋণির দরখাস্তের বিষয় শ্রবণার্থ নির্দ্ধারিত হইয়াছে ইতি।

চালস স্ক্রেটল।

ইনশালবেন্টের উকীল।

কলিকাতা। ১৮৪৫। ১ আগষ্ট।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে

মাণিকচাঁদ কল্যাণজীর

দরখাস্তের মর্ম্ম আগামি সেপ্টেম্বর মাসের ৬ তারিখ শনিবারে শুন যাইবেক।

বিডেল।

যোত্রহীনের উকীল

কলিকাতা। ১৮৪৫। ২ আগষ্ট।

যোত্রহীন জোজেফ আলফ্রেড গেষ্ট সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই আদালতের বর্ত্তমান আগষ্ট মাসের ১৯ তারিখের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের তফসীল সুধরাণ গিয়াছে এবং মহাজনের প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় তাহা দেখিতে পারেন।

শা ও লাযন্স।

যোত্রহীনের উকীল।

বেঞ্জামিন হার্বি সাহেব

পূর্ব্বে কলিকাতা নগরের বহুবাজারনিবাসি এবং জাহাজ সম্পর্কীয় দ্রব্যের রক্ষকের সিরিশতার প্রধান আসিষ্টান্ট এবং কতক কাল জাহাজের অধ্যক্ষ ও সওদাগর ছিলেন কিন্তু পরে কোন কর্ম্মেতে ছিলেন না তিনি এক্ষণে ঋণ প্রযুক্ত কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১ তারিখ বুধবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত বেঞ্জামিন হার্বি সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

নাথানিয়েল হডসন। যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৫। ২৩ আগষ্ট।

জর্জ উলিয়ম স্কট সাহেব

জি ডবলিউ স্কট নামে সফীনা হন তিনি কলিকাতা নগরের উলিয়ম্স লেননিবাসি ও মাষ্টর এটেণ্ডেন্টের সিরিশতার আসিষ্টান্ট এবং সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার

Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of His late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court on Wednesday the 1st day of October next.

The names of the Creditors of the said GEORGE WILLIAM SCOTT appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

NATHANIEL HUDSON,
Attorney for the Insolvent.

Calcutta, 23d August, 1845.

অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা হুকুম দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৩ তারিখ বুধবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত জর্জ উলিয়ম স্কট সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

মাথানিয়েল হডসন।

খোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৫। ২৩ আগষ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

যেহেতুক কাশিমবাজার ও কুলগাছির দেওয়ান দেবনাথ সান্ন্যালের বিধবা শ্রীমতী কনকমণি দেবীর হাতে উক্ত দেবনাথ সান্ন্যালের ইষ্টেটের নীচের লিখিত কোম্পানির কাগজ আছে এবং ঐ কাগজ তাঁহার দানপত্রের ট্রষ্টের সম্পর্কীয় এবং যেহেতুক উক্ত মৃত দেবনাথ সান্ন্যালের দানপত্রের কথিত অছি উক্ত কনকমণি দেবীর বিরুদ্ধে আমি একুটি পক্ষে এক বিল সুপ্রিম কোর্টে দাখিল করিয়াছি এবং উক্ত কনকমণি দেবী উক্ত কোম্পানির কাগজ না বদল করণ ও না হস্তান্তর করণ ও না বিক্রয় করণ সূচক এক আজ্ঞাপত্র পাইতে দরখাস্ত করিয়াছি এবং ঐ আজ্ঞাপত্রের হুকুমও হইয়াছে কিন্তু উক্ত কনকমণি দেবী উক্ত আদালতের এলাকার শামিল না থাকাতে ঐ আজ্ঞাপত্র জারী হইতে পারে না অতএব আমি সকল লোককে জানাইতেছি যে উক্ত কনকমণি দেবী উক্ত কোম্পানির কাগজাতের মধ্যে কোন কাগজ বদল কি বিক্রয় কি হস্তান্তর করিলে অপব্যয় ও কর্ত্তব্য কর্ম্মের ত্রুটির বিষয়ে দোষী হইবেন এবং উক্ত কাগজে ট্রষ্ট হওয়া সূবোর্চক থাকাতে কোন ব্যক্তি উক্ত কোম্পানির কাগজাত কি তাহার মধ্যে কোন কাগজ নির্ব্বিঘ্নরূপে ক্রয় করিতে পারিবে না এবং কেহ তাহা না করে এই বিষয়ে সকল লোককে সাবধান করা যাইতেছে এবং সকল লোককে জানান যাইতেছে যে উক্ত কনকমণি দেবী ঐ সুপ্রিম কোর্টের এলাকায় না থাকিবার অভিপ্রায়ে কলিকাতার বাহিরে বাস করিতেছেন।

১৮৩৩ সালের ২৭ জানুআরি তারিখের ৩৫১৮ নম্বরের ৮৭১৭ নম্বরী শতকরা ৫৲ টাকার সুদের কোং কাগজ সিক্কা ২,২০০

১৮২৮ সালের ২৮ জুলাই তারিখের ৩৬৭১ নম্বরের ৯৫৬৫ নম্বরী ঐ ঐ ... ৯০০

১৮২৭ সালের ৩ ডিসেম্বর তারিখের ১০০৭৩ নম্বরের ১০২০৭ নম্বরী ঐ ঐ ৮,৫০০

১৮২৭ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের ১০৬৫৮ নম্বরী ১০৬,০০০

১৮২৮ সালের ২ ফেব্রুআরি তারিখের ১১৩৮৭ নম্বরী ঐ ঐ ৫,০০০

১৮২৭ সালের ২৯ ডিসেম্বর তারিখের ১১৯৩৭ নম্বরের ১০১০৩ নম্বরী ঐ ঐ ... ১৩.০০

১৮৩০ সালের জানুআরি মাসের ১৮২৯। ৩০ সালের ১৭৫২ নম্বরের ১৮৯৬ নম্বরী ঐ ঐ ১৩,০০০

১৮৩১ সালের ৭ ফেব্রুআরি তারিখের ২১৮৩ নম্বরী ঐ ঐ ৮,৮০০

১৮২৭ সালের ২১ জুলাই তারিখের ১৮২৫। ২৬ সালের ৮৮৮০ নম্বরী ঐ ঐ ৫০০০

১৮২৮ সালের ১৭ জুলাই তারিখের ঐ সালের ১৪০০৬ নম্বরের ৪২৪১ নম্বরী ঐ ঐ ৫০০০

১৮৩০ সালের ২১ অক্টোবর তারিখের ১৮২৯। ৩০ সালের ২৯৭৬ নম্বরী ঐ ঐ ১০০০

১৮৩০ সালের ৯ ফেব্রুআরি তারিখের ১৩৮ নম্বরের ৯৮৭ নম্বরী ঐ ঐ ... ৮০০০

শ্রীযদুনাথ সান্ন্যাল।
সাং কুলগাছি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ২৬ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

Numb. 272. ২৭২)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 2, 1845.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৫ সাল ২ সেপ্টেম্বর।

ACTS.

FORT WILLIAM, HOME DEPARTMENT, LEGISLATIVE,

THE 23D AUGUST, 1845.

The following Act, passed by the Governor General of India in Council on the 23d of August 1845, is hereby promulgated for general information.

ACT No. XVIII OF 1845.

An Act for the punishment of offences committed by Convicts sentenced to imprisonment for life.

Whereas it is expedient that offences committed by Convicts sentenced to imprisonment for life, should be punished with greater severity than such offences are punished with in other cases.

I. It is hereby enacted, that within the Territories subject to the Government of the East India Company, except within the local limits of the jurisdiction of the Supreme Courts, and except within the Settlements in the Straits of Malacca, any Convict sentenced to imprisonment for life, or to transportation for life, who does any act with the intention of thereby causing, or with the knowledge, that he or she is likely thereby to cause the death of any person, shall, upon conviction thereof, before the Sessions Court, subject to confirmation by the Sudder Court, be punished with death, or with transportation for life, or with Corporal punishment not exceeding 39 stripes, whether such Convict does or does not by such act cause the death of any person.

II. And it is hereby enacted, that any such Convict as aforesaid who commits any offence whatever other than the offences mentioned in the preceding Section, or who is guilty of violent or disorderly conduct after having been punished by

আইন।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট। লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ২৩ আগষ্ট।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৫ সালের ২৩ আগষ্ট তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ১৮ আইন।

যাবজ্জীবন কয়েদের দণ্ডপ্রাপ্ত কয়েদীরা যে অপরাধ করে তাহার দণ্ড করণের আইন।

যেহেতুক অন্যান্য ব্যক্তির অপরাধের যে দণ্ড নিরূপণ আছে যাবজ্জীবন কয়েদের দণ্ডপ্রাপ্ত কয়েদীরা সেই২ অপরাধ করিলে তাহারদিগের তদপেক্ষা কঠিন দণ্ডকরা উচিত বোধ হয়।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে সুপ্রিম কোর্টের বিশেষ এলাকা এবং মলাকার মোহনার বসতি-সকল ছাড়া কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যে কোন কয়েদীর যাবজ্জীবন কয়েদ হওনের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হইয়াছে সেই ব্যক্তি অন্য লোককে খুন করিবার অভিপ্রায়ে যদি কোন কর্ম্ম করে অথবা যাহাতে অন্য লোক খুন হইবার সম্ভাবনা আছে এমত কর্ম্ম যদি জানিয়াশুনিয়া করে তবে ঐ কয়েদীর সেই কর্ম্মের দ্বারা অন্য ব্যক্তির মৃত্যু হউক বা না হউক তাহার অপরাধ সেশন আদালতে সাব্যস্ত হইলে তাহার প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের অথবা ৩৯ বেত্রাঘাতের অনধিক দণ্ড হইবেক কিন্তু এই দণ্ডের বিষয়ে সদর আদালতের মঞ্জুর করণের আবশ্যক থাকিবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত ধারার লিখিত অপরাধভিন্ন যদি উক্ত প্রকার কোন কয়েদী অন্য কোন অপরাধ করে অথবা যে জেলখানাতে কয়েদ থাকে সেই জেলখানার অধ্যক্ষের হুকুমক্রমে শাস্তি পাইলে পর কোন অত্যাচার কি হঙ্গামা করে তবে সেশন

the order of the Superintendent of the Jail, in which he or she is confined, shall, upon conviction thereof, before the Sessions Court, subject, if the Sentence be transportation for life, to confirmation by the Sudder Court, be punished with transportation for life, or with Corporal punishment not exceeding 39 stripes.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No 18.

From the Offg. Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

The 28th of September next being one of the latest dates for the payment of arrears of Revenue under Act I. of 1845, I am directed by the Sudder Board of Revenue, to caution you that, as the Civil Courts will be closed from Saturday the 27th September to Saturday the 1st November next, (both days inclusive), on account of the Dusserah Vacation, including the Mahalaya and Eed ul Fitr, it may not be safe in Law, and will not therefore be advisable, to issue the Notification to be affixed in the Court of the Judge of the District* until the opening of the Courts on Monday, the 3d of November.

(Signed) G. Plowden,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, 23d August, 1845.

EDUCATION NOTICE.

The undermentioned subjects have been selected for the Senior English Scholarship standard, in Literature and History, for the year 1846 —

LITERATURE.

Prose

Bacon's Novum Organum (the Calcutta Edition), Johnson's Rambler and Rasselas

Poetry.

As much of Milton's Paradise Lost and Cowper's Poems, as are contained in Richardson's Selections. Shakespeare's Richard the 2nd, and 1st and 2nd parts of Henry the 4th

HISTORY.

England.

From the Revolution to the present time

Greece.

From the earliest records to the breaking out of the Peloponessian War, (Mitford and Thirlwall)

India.

The 5th and 6th books of Mill's History of British India, with especial reference to the financial

* Vide Section 6, Act I. of 1845.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৪৫ । ২ সেপ্টেম্বর ।]

আদালতে সেই অপরাধের প্রমাণ হইলে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হইবেক অথবা ৩৯ বেত্রাঘাতের অনধিক শাস্তি হইবেক যদি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের হুকুম হয় তবে সেই দণ্ডের বিষয়ে সদর আদালতের মঞ্জুরীর অপেক্ষা থাকিবেক ইতি ।

জি এ বুশবি ।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।
John C. Marshman, *Bengalee Translator.*

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর ।

১৮ নম্বর ।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেবের পত্র ।

১৮৪৫ সালের ১ আইনানুসারে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে যে২ শেষ দিবস নিরূপণ আছে তাহার মধ্যে এক দিবস আগামি সেপ্টেম্বর মাসের ২৮ তারিখে পড়িতেছে অতএব সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে সাবধান করিতেছি যে দশহরা এবং মহালয়া ও ইদুল ফতরপ্রযুক্ত সকল দেওয়ানী আদালত সেপ্টেম্বর মাসের ২৭ তারিখ শনিবারঅবধি তৎপর নবেম্বর মাসের ১ তারিখ শনিবারপর্য্যন্ত বন্দ হইবেক অতএব জিলার জজ সাহেবেরদের আদালতে যে এস্তেলা* লট্‌কাইতে হয় হইতে পারে যে নবেম্বর মাসের ৩ তারিখ সোমবার আদালত খোলা না হওনের পূর্ব্বে সেই এস্তেলা দেওয়া আইন সিদ্ধ হইবেক না অতএব তাহা পরামর্শসিদ্ধ নহে ।

জি প্লৌডন ।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ ।
ফোর্ট উলিয়ম । ১৮৪৫ । ২৩ আগস্ট ।
John C Marshman, *Bengalee Translator.*

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন ।

১৮৪৬ সালের ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমিত্তে শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্তের যে২ বিষয় ইতিহাসের নিমিত্তে মনোনীত হইয়াছে তাহা নীচে লেখা যাইতেছে ।

শাস্ত্রবিদ্যা ।

গদ্য ।

কলিকাতার ছাপাওয়া বেকনের নোবম অর্গানম ও জনসনের রাম্বলর ও রাসিলাস ।

পদ্য ।

মিলটনের পারাডৈস লস্ট ও কৌপরের পদ্যপুস্তকের যত ভাগ রিচার্ডসন সাহেবের সিলেকসন পুস্তকের মধ্যে লিখিত হইয়াছে তাহা । সেক্সপিয়রের নাটকের দ্বিতীয় রিচার্ড রাজার এবং চতুর্থ হেনরি রাজার প্রথম ও দ্বিতীয় ভাগ ।

পুরাবৃত্ত ।

ইঙ্গলণ্ড ।

রাজ্যান্তর কালাবধি বর্তমান কালপর্য্যন্ত ।

গ্রিস ।

আদি বিবরণাবধি পিলোপোনিসন যুদ্ধপর্য্যন্ত মিটফড ও থর্লওয়াল সাহেবের পুস্তক ।

ভারতবর্ষ ।

ওয়ারণ হেষ্টিংস সাহেবের আমলের আরম্ভঅবধি লার্ড কর্ণওয়ালিসের আমলের শেষপর্য্যন্ত রাজস্বসম্পর্কীয়

* ১৮৪৫ সালের ১ আ । ৬ ধা দেখ ।

results noted from the commencement of the administration of Warren Hastings, to the termination of that of Lord Cornwallis : in connection with which will be studied the Principles of Revenue by Boutros (By order,)

F J MOUAT, M. D, *Secretary.*

Council of Education, 15th August, 1845.

PUBLIC EXAMINATIONS
OF 1845

1 The examination for senior scholarships, and candidates for government employment, will be held in the Town Hall, upon the dates and at the hours specified below

2 The proprietors and masters of the various Institutions intending to profit by the resolution of the 10th October 1844, are invited to attend the examination in order to become acquainted with the nature of the ordeal, but it is to be distinctly understood that no visitor is to interfere in any way with the examination or hold any communication whatever with the candidates Those masters who may wish to be present are requested to apply to the Secretary to the Council of Education for a ticket of admission, without which no one will be allowed access to the Hall

3 All Proprietors or Head-Masters of schools, are requested to send in to the Secretary to the Council of Education a list of the candidates intending to be present from their Institutions, at least one week before the 23d of September, accompanied with the certificates and testimonials required by the regulations already published

4 The papers on the following subjects, will be prepared by the gentlemen whose names are appended to each, in strict accordance with the new scholarship rules

Senior English Scholarships

Essay, ...	The Right Honourable Sir Henry Hardinge
Literature, ..	The Honourable C H Cameron
History, .	The Honourable Sir Henry Seton, Knt and Daniel Eliott, Esq.
Natural Philosophy,	J Newmarch, Esq , B. A Trin Col , Cambridge.
Mathematics,	Ditto.
Vernacular Essay,	Capt. G T. Marshall.
or	
Latin Essay (should any candidate prefer it,)	The Honourable C H. Cameron.

Junior English Scholarship.

English Grammar, ...	Dr Mouat
Geography, ...	C Beadon, Esq.
History, ...	Dr Mouat.
Arithmetic, ...	Ditto.

[*Government Gazette, 2d September,* 1845.]

কলের প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া মিল সাহেবের ব্রিটিস ইণ্ডিয়ার বিবরণের ৫ এবং ৬ গ্রন্থ। তাহার সঙ্গে বৌট্রস সাহেবের রাজস্বের মূল নিয়ম অধ্যয়ন হইবেক।

হুকুমক্রমে।

এফ জে মোআট। বিদ্যাধ্যাপনের সেক্রেটারী। বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৫। ১৫ আগষ্ট।

১৮৪৫ সালের সকলের দৃষ্টিগোচর পরীক্ষা।

১। প্রধান বৃত্ত্যাকাঙ্ক্ষিবদের ও সরকারী কর্ম্মাকাঙ্ক্ষিবদের পরীক্ষা নীচের লিখিত তারিখে ও ঘন্টায় টৌন হালে হইবেক।

২। নানা বিদ্যালয়ের যে সকল অধ্যক্ষ ও শিক্ষকেরা ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণক্রমে উপকার ভোগ করিতে চাহেন্ তাঁহারদিগকে ঐ ছাত্রেরদের যে২ বিষয়ের পরীক্ষা হইবেক তাহা জানিবার নিমিত্তে ঐ পরীক্ষাতে উপস্থিত হইতে আহ্বান করা যাইতেছে। কিন্তু তাহারদের স্পষ্টরূপে জানিতে হইবেক যে এই প্রকারে দিদৃক্ষু কোন জন পরীক্ষাতে কোনমতে হস্তক্ষেপ করিবেন না ও কর্ম্মাকাঙ্ক্ষিবদের সঙ্গে কোন প্রকারে কথোপকথন করিবেন না। যে শিক্ষকেরা উপস্থিত হইতে চাহেন তাহারা অনুমতিপত্র অর্থাৎ টিকিট বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের স্থানে চাহিবেন। টিকিটভিন্ন কেহ টৌন হালে যাইতে অনুমতি পাইবেন না।

৩। নানা বিদ্যালয়ের যে২ ছাত্রেরা কর্ম্মাকাঙ্ক্ষিস্বরূপ উপস্থিত হইতে চাহেন সেই২ বিদ্যালয়ের সকল প্রধান অধ্যক্ষ ও শিক্ষকদিগকে আদেশ হইতেছে যে তাঁহারা ঐ কর্ম্মাকাঙ্ক্ষিবদের নামের এক ফর্দ সেপ্টেম্বর মাসের ২৩ তারিখের অন্যূন এক সপ্তাহ থাকিতে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান্ এবং প্রকাশিত বিধানক্রমে যে সকল সর্টিফিকট ও সদাচারিতাবিষয়ক পত্রের আবশ্যক আছে তাহা ঐ ফর্দের সঙ্গে পাঠান্।

৪। নীচের লিখিত যে২ সাহেবের নামের পার্শ্বে যে২ বিষয় লেখা আছে ঐ সাহেবেরা সেই২ বিষয়ের কাগজ অবিকল বৃত্তির নূতন নিয়মানুসারে প্রস্তুত করিবেন।

ইঙ্গরেজী প্রধান বৃত্তি।

এসে	শ্রীযুত রাইট অনরবিল সর্ হেনরি হার্ডিং সাহেব।
শাস্ত্রবিদ্যা ...	শ্রীযুত অনরবিল সি এচ কামিরন সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত অনরবিল সর হেনরি সিটন সাহেব এবং শ্রীযুত ডানিয়ল এলিয়ট সাহেব।
পদার্থ বিদ্যা	কেম্ব্রিজ নগরের ট্রিনটি কালেজের শ্রীযুত জে নিউমার্চ সাহেব।
ক্ষেত্রপরিমাপক বিদ্যা।	ঐ
এদেশীয় ভাষার এসে	শ্রীযুত কাপ্তান জি টি মার্সাল সাহেব।
অথবা	
কর্ম্মাকাঙ্ক্ষী চাহিলে লাটিন ভাষার এসে	শ্রীযুত অনরবিল সি এচ কামিরন সাহেব।

ইঙ্গরেজী দ্বিতীয় বৃত্তি।

ইঙ্গরেজী ব্যাকরণ	শ্রীযুত ডাক্তর মোআট সাহেব।
গোলাধ্যায়	শ্রীযুত সি বীডন সাহেব।
পুরাবৃত্ত	শ্রীযুত ডাক্তর মোআট সাহেব।
অঙ্কবিদ্যা	ঐ

Vernacular Translation, ...Capt. Marshall.

5. The Council have latterly thought it expedient to give notice, to what books or parts of books they intend to confine the literary and historical examinations for the year, in order that the reading of the Students may not be spread over too wide a surface. They regret much that for the present year, it has not been possible to extend the notice beyond the Government Institutions.

They would, therefore, recommend Candidates from other Institutions, to consider whether it may not be prudent for them to postpone appearing for examination until next year, when care shall be taken, to give them notice of the books or parts of books, selected for the examination.

The following are the subjects referred to.—

Poetry.—Milton's Paradise Lost; Shakespeare's Hamlet, Lear, Othello, and Macbeth; and Grey's Poems as far as they are contained in Richardson's Selections.

Prose.—The first four volumes of the Spectator, and Bacon's Essays.

History.—The History of England from the reign of Henry the 7th to the Revolution of 1688. The 3d Book of Mill's History of India, and Macfarlane's Indian Empire.

6. The following are the days fixed for the examinations, which will commence daily at 10 A. M. precisely, and all answers must be given in at or before 5 P. M. Candidates are recommended to be in attendance a quarter of an hour earlier, in order that no time may be lost in taking their places, &c.

September.	Senior	Junior
23rd Tuesday,	*General Literature,*	*English Grammar.*
24th Wednesday,	*History,*	*History*
25th Thursday,	*Mathematics,*	*Arithmetic.*
26th Friday,	*Natural Philosophy,*	*Geography.*
27th Saturday,	*Vernacular or Latin Essay,*	*Vernacular Translation.*
29th Monday,	*English Essay,*	*Reading.*

7. In consequence of the great additional importance acquired by the Senior Scholarship Examination, and of the competition being no longer limited to the Students in the Government Colleges, it has become necessary to afford the best possible guarantee to the public and the Government of the results being fully, fairly, and impartially reported. The papers will therefore be examined by the following Gentlemen.

Literature and History, { By the Honourable Mr. Cameron, assisted by the Honourable Sir Laurence Peel, Sir Henry Seton, and Mr. Daniel Eliott.

এদেশীয় ভাষার অনুবাদ } শ্রীযুত কাপ্তান মার্স্যাল সাহেব।

৫। ছাত্রেরদের মিথ্যা বাহুল্যমতে পরিশ্রম না হয় এই অভিপ্রায়ে যে পুস্তকের যেং অংশে বৎসরের শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্ত বিদ্যাবিষয়ক পরীক্ষা হইবেক তাহার সম্বাদ অগ্রে দিতে কৌন্সেলের সাহেবেরা উপযুক্ত বোধ করিয়াছেন। বর্ত্তমান বৎসরে ঐ সম্বাদ অগত্যা কেবল গবর্ণমেন্টের বিদ্যালয়ে দেওয়া গিয়াছে এই বিষয়ে তাঁহারা অতিশয় খেদিত আছেন।

অতএব অন্যান্য বিদ্যালয়ে শিক্ষিত কার্য্যাকাঙ্ক্ষিদিগকে তাঁহারা এই পরামর্শ দেন যে তাহারা এই বৎসরে পরীক্ষাতে উপস্থিত না হইয়া আগামি বৎসরে উপস্থিত হয় এবং যেং পুস্তক কিম্বা পুস্তকের যেং ভাগ পরীক্ষার নিমিত্তে মনোনীত হয় তাহার সম্বাদ তাহারদিগকে দিন থাকিতে দেওয় যাইবেক।

উক্ত শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্তের কথাতে নীচের লিখিত বিষয় লক্ষিত হইয়াছে।

পদ্য। মিলটনের পারাডৈস লষ্ট ও সেক্সপিয়রের হামলেট ও লীর ও ওথেলো ও মাকবেথ এবং রিচার্ডসন সাহেবের সিলেক্সনের মধ্যে গ্রে সাহেবের পদ্যের যেং ভাগ গ্রহণ হইয়াছে।

গদ্য। স্পেক্টেটরের প্রথম চারি বালম এবং বেকনের এসে।

পুরাবৃত্ত। সপ্তম হেনরি রাজার রাজ্যাবধি ১৬৮৮ সালে রাজনিয়ম মতান্তরপর্য্যন্ত ইঙ্গলণ্ডের ইতিহাস এবং মিল সাহেবের ভারতবর্ষের ইতিহাস পুস্তকের তৃতীয় অধ্যায় এবং মাকফার্লেন সাহেবের ভারতবর্ষীয় রাজ্য।

৬। পরীক্ষার নিমিত্তে নীচের লিখিত দিন নিরূপণ হইয়াছে। পরীক্ষার কার্য্য পূর্ব্বাহ্ণে ঠিক দশ ঘণ্টার সময়ে আরম্ভ হইবেক এবং সকল উত্তর পাঁচ ঘণ্টার সময়ে কি তাহার পূর্ব্বে দিতে হইবেক। কর্ম্মাকাঙ্ক্ষিরদের আপনং স্থানে বৈসনইত্যাদি কার্য্যেতে বিলম্ব না হয় এইহেতুক তাহারদিগকে নিরূপিত সময়ের পোয়া ঘণ্টা থাকিতে উপস্থিত হইতে পরামর্শ দেওয়া যাইতেছে।

সেপ্টেম্বর	প্রধান বৃত্তি	দ্বিতীয় বৃত্তি।
২৩ মঙ্গলবার	সাধারণ শাস্ত্রবিদ্যা	ইঙ্গরেজী ব্যাকরণ।
২৪ বুধবার	পুরাবৃত্ত	পুরাবৃত্ত।
২৫ বৃহস্পতিবার	ক্ষেত্র পরিমাপক বিদ্যা	অঙ্ক বিদ্যা।
২৬ শুক্রবার	পদার্থ বিদ্যা	গোলাধ্যায়।
২৭ শনিবার	বাঙ্গলা কি লাটিন ভাষার এসে	বাঙ্গলা ভাষার অনুবাদ।
২৯ সোমবার	ইঙ্গরেজী এসে	পাঠ।

৭। প্রধান বৃত্তির নিমিত্তে পরীক্ষা পূর্ব্বাপেক্ষা অতিশয় গুরুতর হইয়াছে এবং পূর্ব্ববৎ কেবল গবর্ণমেন্টের কালেজের ছাত্রেরা এই বিষয়ে প্রতিযোগী নহে অতএব পরীক্ষার ফল সম্পূর্ণরূপে যথার্থমতে ও বিনাপক্ষপাতে রিপোর্ট হয় এই বিষয়ে সাধারণ লোকের এবং গবর্ণমেন্টের অতি হাস্বাব করিতে আবশ্যক হয় এই কারণে নীচের লিখিত সাহেবেরা ছাত্রেরদের উত্তর পাঠ করিবেন।

শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্ত { শ্রীযুত অনরবিল কামিরন সাহেব ও শ্রীযুত অনরবিল সর লারেন্স পীল সাহেব ও শ্রীযুত সর হেনরি সিটন সাহেব ও শ্রীযুত ডানিয়ল এলিয়েট সাহেব।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৫। ২ সেপ্টেম্বর।]

Mathematics and Natural Philosophy, ...	By the Revd. F. Fisher, B. A.
Latin Essay, ...	By the Honourable President.
Vernacular Essay,	By the Revd. Mr. Bradbury, of Chinsurah.
English Essay, ...	By the Secy. to the Council.

8. The Examinations in the Town-Hall will be superintended daily, by at least one Member of the Council of Education, assisted by Messrs Halliday, Turnbull, and Beadon; the Secretary to the Council being on duty during the whole period

9 The scholarship questions, with the most distinguished answers in English Literature, History, Science, and the best Essays, will be published for general information and distribution as soon as practicable, after the receipt of the reports

10 With respect to all other points connected with the examinations not specified in the above scheme, the scholarship and other published regulations of the Council of Education, will be strictly adhered to

(By order.)

F J Mouat, M. D, *Secretary.*

Council of Education, 15th August, 1845.

EDUCATION.

NOTICE

RULES for the Examination of Candidates for insertion in the [illegible] furnished to Government by the Notification of the Governor General, dated 10th October, 1844.

1 No one shall be allowed to become a Candidate for insertion in the Annual Returns, who is less than 18 or more than 23 years of age, and who is not at the time a Student either of a Government or of a private Institution recognized by the Council of Education. All competitors must likewise produce satisfactory proofs of good moral character.

2. Every Candidate, whether he belong to a Government College or a private Institution, shall be required to undergo the usual Annual Examination for Senior English Scholarships, a Latin being substituted for a Vernacular Essay, at the option of each Candidate

3. There shall be two classes of merit: the first shall comprehend all who are in the last year of a Senior Scholarship, or who, though not actually in the last year, would be so, if there had been a vacant Scholarship at the time when they first became eligible for one, or have been engaged for ten years in the study of English at a private Institution, and who obtain at least ¾ths of the number of marks allowed in each subject The second class shall include all other Candidates, who obtain at

[*Government Gazette*, 2d *September*, 1845.]

ক্ষেত্র পরিমাপক বিদ্যা ও পদার্থ বিদ্যা	শ্রীযুত পাদরি এফ ফিসর সাহেব।
লাটিন ভাষার এসে	শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব।
এদেশীয় ভাষার এসে	চুচড়ার শ্রীযুত পাদরি ব্রাডবেরি সাহেব।
ইঙ্গরেজী এসে	কৌন্সেলের সেক্রেটারী সাহেব।

৮। প্রতিদিন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এক জন মেম্বর সাহেব ও শ্রীযুত হালিডে সাহেব ও শ্রীযুত টর্ণবুল সাহেব ও শ্রীযুত বীডন সাহেব টৌন হালে পরীক্ষার কর্য্যের তত্ত্বাবধারণ করিবেন। কৌন্সেলের শ্রীযুত সেক্রেটারী সাহেব ঐ সকল দিনে উপস্থিত হইবেন।

৯। রিপোর্ট পাইলে পর যত শীঘ্র হইতে পারে সর্ব্ব সাধারণ লোককে জানাইবার এবং বিতরণের নিমিত্তে বৃত্তিবিষয়ক জিজ্ঞাসা এবং ইঙ্গরেজী বিদ্যা ও পুরাবৃত্ত এবং জ্ঞানশাস্ত্রের বিষয়ের অত্যুত্তম২ উত্তর ও অতিউত্তম এসে ছাপা হইবেক।

১০। পরীক্ষাসম্পর্কীয় যে সকল বিষয় এই লিখির মধ্যে লিখিত না হইয়াছে তাহার বিষয়ে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের প্রকাশিত বৃত্তিবিষয়ি বিধান এবং অন্যান্য বিধানানুসারে কার্য্য করা যাইবেক।

হুকুমক্রম।

এফ জে মোআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৫। ১৫ আগষ্ট।

বিদ্যাধ্যাপন।

বিজ্ঞাপন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুজুর কৌন্সেলের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের বিজ্ঞাপনানুসারে কর্ম্মাকাঙ্ক্ষিরদের নামের যে ফর্দ্দ বৎসরে২ গবর্ণমেণ্টকে দিবার হুকুম হইয়াছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহানের

বিধান।

১। যাহার আঠার বৎসরের কম কি তেইশ বৎসরের অধিক বয়স হয় এবং যে জন ইমতিহান দেওনের সময়ে গবর্ণমেণ্টের কোন এক কালেজের অথবা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের স্বীকৃত কোন বিদ্যালয়ের ছাত্র না হয় সেই জন বার্ষিক রিপোর্টে আপন নাম লিখনের আকাঙ্ক্ষিরদের মধ্যে গণ্য হইতে পারে না। কর্ম্মাকাঙ্ক্ষি সকল লোকের আবশ্যক যে আপনারদের সদাচারিতার বিষয়ে সন্তোষজনক প্রমাণ দেয়।

২। প্রত্যেক জন কর্ম্মাকাঙ্ক্ষী গবর্ণমেণ্টের কোন কালেজের সম্পর্কীয় হউক কিম্বা বিশেষ বিদ্যালয়ের সম্পর্কীয় হউক ইঙ্গরেজী প্রধান বৃত্তি প্রাপণার্থ ছাত্রেরা বৎসরে২ যে ইমতিহান দিয়া থাকে তাহা দিবেক কিন্তু কর্ম্মাকাঙ্ক্ষী আপন ইচ্ছামতে এদেশীয় ভাষায় এসে অর্থাৎ রচনা না লিখিয়া লাটিন ভাষায় লিখিতে পারে।

৩। যোগ্যতার দুই সম্প্রদায় হইবেক। যাহারদের প্রধান বৃত্তি ভোগের শেষ বৎসর হইয়াছে অথবা যাহারদের নিতান্তই শেষ বৎসর হয় নাই কিন্তু তাহারদের বৃত্তি পাইবার যোগ্য হওন সময়ে বৃত্তি শূন্য থাকিলে এবং তাহারা তাহা পাইলে এক্ষণে ঐ বৃত্তির শেষ বৎসর হইত অথবা যাহারা কোন বিশেষ বিদ্যালয়ে দশ বৎসরপর্য্যন্ত বিদ্যা শিক্ষা করিয়াছে এবং ইমতিহানের প্রত্যেক বিষয়ে যত চিহ্ন নির্দিষ্ট আছে তাহার চারি অংশের অতিন্যূন তিন অংশ পায় তাহারা প্রথম শ্রেণীভুক্ত হইতে পারে। এবং ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমি

least ½ of the number of marks allowed for complete answers in every subject contained in the Senior English Scholarship standard.

4. The place of each successful competitor in his class, shall be determined by the relative merit of his examination.

5. Every Candidate for insertion in the Council's list, shall pay a registration fee of Company's Rupees 5, prior to being allowed to compete at the examination.

6. The examinations shall be held annually at the Town Hall, a few days before the Doorgah Poojah holidays, of which due notice shall be given

7. A Student who shall fail to prove himself qualified for insertion in the Council's list, shall not be permitted to present himself for examination more than three times, pre-paying on each occasion the usual registration fee.

8. A Candidate whose name shall once have appeared in the Return, shall not be allowed to compete again with a view to obtain a higher grade.

9. All Candidates, whether from Government or private Institutions, must distinctly understand, that mere insertion in the Returns will by no means be a sure passport to employment, since the preference must depend upon other qualifications, as well as upon literary and scientific acquirements, and good moral conduct

10. The following is the system of examination adopted, and the standard of the Senior English Scholarships referred to in Rule 2.

Sets of questions on the various branches of study will be prepared under the direction of the Council of Education, who will likewise fix within a reasonable time beforehand, the days on which the examinations shall be held

The Students shall be assembled in a room without books, papers or references of any kind They shall not be allowed to communicate with each other during the examination, and on that account shall be placed at a proper distance from each other.

They will be required to answer the questions and to write the essays without any assistance whatever, and to ensure this, one of the Members of the Council of Education will remain in the room, and superintend the whole examination.

Any attempt at, or practice of, unfair means, shall subject the offender to exclusion from the examination —as well as from the Returns of the Council, and thereby render him ineligible for Government employment

The Council of Education will fix an uniform standard of value for each question according to its importance, a perfectly correct and complete answer will obtain the full number of marks attached to the question, an imperfect answer will obtain a part only of the full number, in proportion to its approximation to correctness and complete-

ন্নে যেং বিষয়ে ইমতিহান দিতে হয় তাহার প্রত্যেক বিষয়ে নির্দ্দিষ্ট চিহ্নের অন্যূন অর্দ্ধ অংশ যাহারা পায় এমত অন্য সকল কর্ম্মাকাঙ্ক্ষী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেক।

৪। ইমতিহানের সময়ে কৃতকার্য্য কর্ম্মাকাঙ্ক্ষিবদের গুণের তারতম্য বুঝিয়া তাহারা সম্প্রদায়ের প্রথম দ্বিতীয়াদি স্থানে ভর্ত্তি হইবেক।

৫। যাহারা কৌন্সেলের ফর্দ্দে নাম লেখাইতে আকাঙ্ক্ষা রাখে তাহারদের ইমতিহানে প্রতিযোগিতা করণের অনুমতি পাইবার পূর্ব্বে কোং ৫৲ টাকা ফিস দিতে হইবেক।

৬। ইমতিহান বৎসরেং দুর্গা পূজার ছুটীর কএক দিবস পূর্ব্বে টৌন হালে হইবেক তাহার সম্বাদ উপযুক্তমতে দিন থাকিতে দেওয়া যাইবেক।

৭। যে কোন ছাত্র কৌন্সেলের ফর্দ্দেতে আপন নাম লেখাইবার যোগ্যতার প্রমাণ না দেয় সে তিন বারের অধিক ইমতিহান দিতে পারিবেক না এবং সেই প্রত্যেকবারের পূর্ব্বে তাহার উক্ত ফিস দিতে হইবেক।

৮। যে কর্ম্মাকাঙ্ক্ষির নাম ফর্দ্দেতে লেখা যায় সেই জন উচ্চ শ্রেণী পাইবার অভিপ্রায়ে পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি পাইবেক না।

৯। গবর্ণমেণ্টের ও বিশেষ বিদ্যালয়ের সকল কর্ম্মাকাঙ্ক্ষী স্পষ্টরূপে জানিবেক যে তাহারদের নাম ফর্দ্দেতে লিখিত হইলেই তাহারা নিতান্ত কর্ম্ম পাইবেক এমত নহে কেননা বিদ্যাতে নিপুণতা এবং সদাচারিতা ভিন্ন অন্যান্য গুণেরও আবশ্যক হইবেক।

১০। ইমতিহানের এইং নিয়ম হইবেক এবং প্রথম ইঙ্গরেজী বৃত্তির যে হার ২ বিধিতে লেখা আছে তাহা এই।

বিদ্যার নানা শাখার বিষয়ে নানা প্রশ্ন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমানুসারে প্রস্তুত হইবেক এবং যে দিবসে ইমতিহান হইবেক তাহা উপযুক্ত সময় থাকিতে তাঁহারদের দ্বারা নিরূপণ হইবেক।

ছাত্রেরা এক কুঠরীর মধ্যে একত্র হইবেক তাহারদের কোন কেতাব বা কাগজ কি যাহাতে কিছু অবগত হইতে পারে এমত কিছু থাকিবেক না ইমতিহানের সময়ে ছাত্রেরদের পরস্পর কোন কথা বা লিখনপঠন হইবেক না এবং সেই নিমিত্তে তাহারা উপযুক্তমতে দূরে পৃথকং হইয়া বসিবেক।

কোন সাহায্যবিনা তাহারদের সকল জিজ্ঞাসার উত্তর দিতে হইবেক এবং এসে লিখিতে হইবেক এবং তাহারদের কোন সাহায্য না হয় এতদর্থে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এক জন কামরার মধ্যে থাকিবেন এবং সমস্ত ইমতিহানের কর্ত্তৃত্ব করিবেন।

যদি কোন কপট কর্ম্ম হয় বা তাহার উদ্যোগ হয় তবে অপরাধি ব্যক্তি ইমতিহানহইতে বহিষ্কৃত হইবেক এবং কৌন্সেলের সাহেবেরদের রিপোর্টের মধ্যে তাহার নাম লেখা যাইবেক না এবং সেই নিমিত্তে সে সরকারী কর্ম্মে নিযুক্ত হইবার অযোগ্য হইবেক।

প্রত্যেক প্রশ্নের গুরুত্বঅনুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেল তাহার মূল্যের একি প্রকার হার নিরূপণ করিবেন। যদ্যপি সেই প্রশ্নের ঠিক এবং সম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে সেই প্রশ্নের যত চিহ্ন নিরূপণ আছে তাহার সম্পূর্ণ সংখ্যা কৃতকার্য্য ছাত্র পাইবেক কিন্তু যদি তাহার অসম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে যেপর্য্যন্ত তাহা ঠিক ও পূর্ণ হয় তাহার হিসাব করিয়া সম্পূর্ণ চিহ্নের

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ২ সেপ্টেম্বর।]

ness. At least 50 per cent. of the aggregate number of marks attached to an entire set of examination questions, will be necessary to entitle a Student to a Senior Scholarship.

The following are the qualifications for the Senior English Scholarships :—

English Essay.—The Candidate must compose a fair English Essay.

History.—He must know the leading facts of Universal History, with special reference to the Histories of Greece, Rome, India, England and Modern Europe. The course of History which will form the subject of each Annual Examination, will be made known by the Council of Education on or before the 15th of June of the previous year.

General Literature.—He must be able to explain passages of Prose and Verse, selected from standard authors. Hereafter the works from which the passages will be selected for the ensuing year, will be fixed by the Council of Education, at least one year before each Annual Scholarship Examination.

Mathematics.—He must have a knowledge of Algebra as treated of in Peacock's work on the subject, and in the Chapter on Chances in Wood's Algebra. Of Euclid, he must know the first four books, the fifth definition of the 5th book, the 6th book, and 21 propositions of the 11th book : Plane and Spherical Trigonometry (Hind's, Snowball's or Woodhouse's) and Conic Sections.

Natural Philosophy.—He must have a knowledge of Astronomy, Mechanics, Hydrostatics, Pneumatics and Optics as treated of in the works noted in the margin,* sufficient to enable him to comprehend Herschell's Introductory Discourse on the study of Natural Philosophy, and Mrs Somerville's Connection of the Physical Sciences. He must also be acquainted with Mathematical and Physical Geography, as treated of in the publications of the Society for the Diffusion of Useful Knowledge.

Vernacular Essay.—He must write a fair Essay in the Vernacular.

The holders of Senior Scholarships will be examined further in a paper of special test questions, which will be prepared under the direction of the Council of Education for that purpose, and which may include subjects not specified above.

(By order.)

F J MOUAT, M. D,

Secretary.

Council of Education, 25th July, 1845.

---

* Brinkley's Astronomy, or the Astronomy in the Natural Philosophy of the S. D. U. K., Whewell's Mechanics, Webster's Hydrostatics, and Phel's Optics, with the Pneumatics of the S. D. U. K.

[*Government Gazette*, 2d *September*, 1845.]

অংশ দেওয়া যাইবেক। কিন্তু ইমতিহানের সকল প্রশ্নের সমুদয়ে যত চিহ্ন নিরূপণ আছে তাহার অর্দ্ধেক-পর্য্যন্ত যে ছাত্র না পায় সে প্রধান বৃত্তিভোগির তুল্য জ্ঞান হইতে পারিবেক না।

ইঙ্গরেজী ভাষাতে ছাত্রেরদের প্রধান বৃত্তি প্রাপণার্থে এই২ বিদ্যাতে নিপুণহওনের আবশ্যক।

ইঙ্গরেজী ভাষার রচনা। পদাকাঙ্ক্ষি ব্যক্তির ইঙ্গরেজী ভাষাতে উপযুক্তমতে এসে অর্থাৎ রচনা করিতে হইবেক।

পুরাবৃত্তের বিবরণ।—সাধারণ পুরাবৃত্তের প্রধান২ বিষয় তাহার জানিতে হইবেক এবং গ্রিক দেশ ও রুম ও ভারতবর্ষ ও ইঙ্গলণ্ড ও ইদানীন্তন ইউরোপের নব্য ইতিহাসের বিশেষ জ্ঞাত থাকিতে হইবেক প্রত্যেক বার্ষিক ইমতিহানে পুরাবৃত্তের শ্রেণী'র বিষয়ে যে পরীক্ষা হইবেক তাহা পূর্ব্ব বৎসরে সা ১৫ জুন তারিখে কি তাহার পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা জ্ঞাত করিবেন।

সাধারণ বিদ্যা। প্রধান২ গ্রন্থকর্ত্তারদের গ্রন্থহইতে মনোনীতকরা গদ্য ও পদ্যের প্রকরণের অর্থ করিতে হইবেক। উত্তর কালে আগামি বৎসরের নিমিত্ত যে গ্রন্থহইতে সেইমত প্রকরণ বাচনী হইবেক তাহা প্রত্যেক বার্ষিক ইমতিহানের অন্যূন এক বৎসর পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ধার্য্য করিবেন।

ক্ষেত্রপরিমাণাদি বিদ্যা। বীজগণিত বিদ্যায় পিকক সাহেবের গ্রন্থ জ্ঞাত থাকিতে হইবেক এবং উড সাহেবের বীজগণিত বিদ্যার "অনুমান" এই বিষয়ের অধ্যায় জ্ঞাত থাকিতে হইবেক। ইউক্লিডের প্রথম চারি গ্রন্থ এবং পঞ্চম গ্রন্থের পঞ্চম ব্যাখ্যা এবং ষষ্ঠ গ্রন্থ এবং একাদশ গ্রন্থের ২১ প্রস্তাব এবং হাইণ্ড ও স্নোবল ও উডহৌসের রচিত প্লেন এবং স্ফেরিকাল ত্রিকোণ পরিমাপক বিদ্যা এবং কোনিক সেকস্যন্স।

পদার্থ বিদ্যা। পশ্চাৎ লিখিত * গ্রন্থে যেরূপ জ্যোতির্বিদ্যা ও শিল্পবিদ্যা ও দ্রবদ্রব্য নিরূপক ও বায়ু নিরূপক বিদ্যা ও দৃষ্টিনিরূপক বিদ্যার জ্ঞান থাকে সেইরূপ তাহারদের থাকিবেক অর্থাৎ হর্সল সাহেবের পদার্থ বিদ্যার অধ্যয়নবিষয়ক ভূমিকা এবং বিবি সমরবিলের প্রকৃতির বিদ্যার সম্বন্ধ এই দুই গ্রন্থ যাহাতে উত্তমরূপে শিখিতে পারে সেইপর্য্যন্ত উপরের উক্ত গ্রন্থ পাঠ করিতে হইবেক। এবং জ্ঞানদ বিদ্যাপ্রতিপোষক সোসৈটির প্রণীত ও প্রকাশিত ক্ষেত্রপরিমাণ ও প্রকৃতিসম্পর্কীয় ভূগোলীয় বিদ্যা জানিতে হইবেক।

এতদ্দেশীয় রচনা। এতদ্দেশীয় ভাষাতে উপযুক্ত এসে অর্থাৎ রচনা লিখিতে হইবেক।

প্রধান বৃত্তিভোগি ছাত্রেরদের আরো বিশেষ বিষয়ের ইমতিহান দিতে হইবেক তাহা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরদের নির্দ্দিষ্টানুসারে প্রস্তুত হইতে পারে উপরের যে বিষয় লেখা গেল তদ্ব্যতিরিক্ত বিষয় তাহাতে থাকিতে পারিবেক।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের সেক্রেটরী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৫। ২৫ জুলাই।

---

* ব্রিঙ্কলি সাহেবের জ্যোতির্বিদ্যা গ্রন্থ কিম্বা জ্ঞানদ বিদ্যা প্রতিপোষক সোসৈটির পদার্থবিদ্যার পুস্তকের মধ্যে জ্যোতির্বিদ্যা। এবং শিল্পবিদ্যাবিষয়ে হুএল সাহেবের পুস্তক ও দ্রবদ্রব্য নিরূপক বিদ্যাবিষয়ে উএস্টর সাহেবের পুস্তক ও দৃষ্টিনিরূপক বিদ্যাবিষয়ে ফেল সাহেবের পুস্তক এবং বায়ুনিরূপক বিদ্যাবিষয়ে জ্ঞানদ বিদ্যা প্রতিপোষক সোসৈটির গ্রন্থ।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE

The 29th August, 1845.

Abdoor Rub, Moonsiff of Chintamun, Dinagepore, from the 2d November to the 14th January, next.

B. J. COLVIN, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৫ সাল ২৯ আগষ্ট।

দিনাজপুরের চিন্তামনের মুনসেফ শ্রীযুত আবদুর রব আগামি নবেম্বর মাসের ২ তারিখঅবধি ১৪ জানুআরি তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন।
একটিং রেজিস্টর।

CIVIL APPOINTMENTS.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

LEAVES OF ABSENCE.

The 20th August, 1845.

Mr. J. Pattle, Senior Member of the Sudder Board of Revenue, for one month, under Section XI of the Absentee Rules.

Mr. J. S. Torrens, Collector of Rajeshye, for fifteen days, on private affairs, in extension of the leave granted to him on the 9th ultimo.

Mr. J. Alexander, Superintendent and Remembrancer of Legal Affairs, for two months, from the date of the departure of the Steamer "Bentinck."

Mr W Grey Officiating Magistrate of Dinagepore, for one month, making over charge of his office to the Collector Mr. C. Steer

Mr E. S. Pearson, Assistant to the Magistrate and Collector of Sylhet, for one month, on private affairs.

Baboo Radanath Ghose, Deputy-Collector under Regulation IX. of 1833, in Maldah, for two months, on private affairs, from the 1st September next.

The leave of absence granted on the 16th instant to Baboo Tarachand Chowdry, Deputy-Collector under Regulation IX. of 1833, in Burdwan, will take effect from the 24th October to the 15th November, and from the 25th November to the 3d December 1844, instead of from the 24th October to the 3d December 1844.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৫ সাল ২০ আগষ্ট।

সদর বোর্ড রেবিনিউর প্রধান মেম্বর শ্রীযুত জে পাটল সাহেব ছুটী প্রাপণের বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর কালেকটর শ্রীযুত জে এস টরেন্স সাহেব গত মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

আইনসম্পর্কীয় কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট ও রিমেম্বান্‌সর শ্রীযুত জে আলেকজাণ্ডর সাহেব বেণ্টিঙ্ক নামক বাষ্পীয় জাহাজের গমনের তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের একটিং মাজিস্ট্রেট শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব আপনার সিরিশতার কর্ম্মের ভার শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

শ্রীহট্টের মাজিস্ট্রেট ও কালেকটর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

মালদহে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রাধানাথ ঘোষ আগামি মাসের ১ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু তারাচাঁদ চৌধুরীকে বর্ত্তমান মাসের ১৬ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা ১৮৪৪ সালের ২৪ অকটোবর তারিখঅবধি ৩ ডিসেম্বর তারিখপর্য্যন্ত না হইয়া ১৮৪৪ সালের ২৪ অকটোবরঅবধি ১৫ নবেম্বরপর্য্যন্ত এবং ২৫ নবেম্বরঅবধি ৩ ডিসেম্বরপর্য্যন্ত হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 1499.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 20th August, 1845.

Mr J. W. H. Campbell to officiate as Deputy-Collector of Customs at Calcutta.

Mr. R H. Snell to officiate as Assistant Secretary to the Board of Customs, Salt and Opium, and Collector of Calcutta Stamps.

১৪৯৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত জে ডবলিউ এচ কাম্বেল সাহেব কলিকাতার মাসিলের ডেপুটী কালেক্টরী কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর এচ স্নেল সাহেব পরমিট ও নিমক ও আফীমের বোর্ডের আসিস্টাণ্ট সেক্রেটারী এবং কলিকাতার ইষ্টাম্পের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৫। ২ সেপ্টেম্বর।]

Baboo Prankishen Roy and Baboo Kissenkanth Dutt, } Deputy-Collectors under Regulation IX. of 1838 in Chittagong,
Baboo Russick Krishen Mullick, ditto ditto in Burdwan, ...
Moulavie Wajid Hossein and Moulavie Khyrut Alli, } Ditto ditto employed under the Superintendent of Surveys in Sarun, ...
} Are promoted to the 1st grade from this date.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

চাটিগাঁর ১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত ডেপুটী কালেক্টর } শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় ও শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত দত্ত
বর্দ্ধমানের ঐ ঐ শ্রীযুত বাবু রসিককৃষ্ণ মল্লিক।
সারণের জরিপী কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অধীন নিযুক্ত ঐ ঐ } শ্রীযুত মৌলবী ওয়াজিদ হুসেন এবং শ্রীযুত মৌলবী খৈরাৎ আলী
} অদ্য তারিখঅবধি প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 1529.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 27th August, 1845.

The Collector of Government Customs at Calcutta for the time being, is appointed for the purposes declared in Section XLVI. of the Statute 7 and 8 Victoria, Cap. 112.

Mr. R. W. G. Frith to be Superintendent of Stationery.

Baboo Gobind Chunder Dutt to be Deputy Magistrate under Act XV. of 1843, in Zillah Rajeshye.

The 30th August, 1845.

The Rev. J. Scott to be Chaplain of Howrah.

LEAVES OF ABSENCE.

The 27th August, 1845.

Captain R. E. Lyons, Superintendent of Cachar, for two months under Medical Certificate. Mr. E. S. Pearson to officiate as Superintendent of Cachar, during the absence of Captain Lyons. This cancels the leave of absence for one month granted to Mr. Pearson on the 20th instant.

Mr. H. V. Bayley, Magistrate of Hooghly, for one month, under Section XII. of the Absentee Rules, making over charge of his office to Mr. S. Wauchope, who will conduct the duties thereof in addition to those of the Collectorate during Mr. Bayley's absence.

Mr. A. J. Sheridan, Assistant Surgeon of Aeng, Arracan, for one month, on private affairs.

Mr. J. Knott, Deputy Collector under Regulation IX of 1833 in Backergunge, on private affairs, during the approaching Dusserah vacation.

The 29th August, 1845.

Mr. A. Grote, of the Civil Service, is permitted to proceed to Europe on Furlough, under Medical Certificate.

Moulavie Rooknoodeen, Principal Sudder Ameen of Purneah, for one week, in excess of, and prior to, the Dusserah Vacation.

Moulavie Gholam Ughur, Sudder Ameen of Purneah, during the ensuing Dusserah Vaction, and fifteen days in excess thereof.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 2d September*, 1845.]

১৫১৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৭ আগষ্ট।

কলিকাতার গবর্ণমেণ্টের হাসিলের কালেক্টর বিক্টোরিআ রাণীর ৭ ও ৮ বৎসরের ১১২ অধ্যায়ের ৪৬ ধারার নির্দ্দিষ্ট কার্য্যের নিমিত্তে নিযুক্ত হন্।

শ্রীযুত আর ডবলিউ জি ফ্রিথ সাহেব কাগজকলমপ্রভৃতির সুপরিণ্টেণ্ডেণ্ট হইলেন।

শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র দত্ত জিলা রাজশাহীতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

১৮৪৫ সাল ৩০ আগষ্ট।

শ্রীযুত পাদরি জে স্কট সাহেব হাবড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

ছুটী।

১৮৪৫ সাল ২৭ আগষ্ট।

কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান আর ই লায়ন্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত কাপ্তান লায়ন্স সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। অতএব বর্ত্তমান মাসের ২০ তারিখে শ্রীযুত পিয়র্সন সাহেবকে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

হুগলীর মাজিষ্ট্রেট শ্রীযুত এচ বি বেলি সাহেব আপনার সিরিশ্তার ভার শ্রীযুত এস ওয়াকোপ সাহেবের প্রতি অর্পণ করিয়া ছুটী প্রাপণের বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত বেলি সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ওয়াকোপ সাহেব আপনার কালেক্টরী কর্ম্মের অতিরিক্ত এ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

আরাকানে আএঙ্গের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ জে শেরিডান সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে বাকরগঞ্জে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে নট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ২৯ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ গ্রোট সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করিতে অনুমতি পাইয়াছেন।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী রুকনুদ্দীন দশহরার বন্দের অতিরিক্ত ও তাহার পূর্ব্বে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার সদর আমীন শ্রীযুত মৌলবী গোলাম আশগর দশহরার বন্দের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

NOTICE is hereby given, under Section 6, Act 1 of 1845, that the undermentioned Estates in Zillah Burdwan will be put up to public and unreserved Sale at the Collector's Office of that District on Wednesday, the 17th September, 1845, or 2d Assin, 1252, B. S. for arrears of Revenue and other demands which by the Regulation and Acts in force are directed to be realized in the same manner as arrears of Revenue due on the 31st May, 1845.

No. of Class.	Class of Mehal.	Number of the Mehal in the District rent roll or Register.	Name of Mehal.	Recorded Proprietors.	Sudder Jumma.	Balance due on the 31st May, 1845.	Remarks.
II.	Estate not permanently settled.	1327.	Beejpoor Pergunnah Shairgurr.	Deegamber Chaterjee.	1 15 9	1 15 9	This Mehal was sold on the 22d July, 1845, for the balance shewn in the annexed Column, and the purchaser having failed to complete his purchase, the Mehal will be resold under Section 18, Regulation 1 of 1845.
	Ditto.	Do.	Aukulpoor Pergunnah Do.	Manick Mundul	1 1 4	1 1 4	Do. Do. Do.
VI.	Estate to be sold on account of demands realizable in the same manner as arrears of Revenue.	12	Putnee Talook Lot Woolaspoor Pergunnah Sumursahee, in Turf Rajibbatee, &c. within the Zemindary of Moha Rany Comul Coomary and Sudder Jumma of which is Rupees 4,65,932 12. 11.	Hurrychurn Dutt.	173 ,, ,,	828 5 4	Do. Do. Do.

Burdwan Collector's Office, 28th August, 1845

J. H. CRAWFORD. *Collector.*

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সন ১৮৪৫ সালের ৩১ মেপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারীর নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারীর ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৪৫ সালের ১৭ সেপ্টেম্বর মোত'বেক সন ১২৫২ সালের ২ আশ্বিন রোজ বুধবার কালেক্টর সাহেবের কাছারীতে দ্বিতীয় নীলামে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৫ সাল তারিখ ২৭ আগষ্ট মোং সন১২৫২ সাল তারিখ ১২ ভাদ্র।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহ'লের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৪৫ সালের ৩১ মেপর্য্যন্তের পাওনা বাকী	কৈফিয়ৎ
২	ইস্তমরারী জমা ধার্য্য না হওয়া মহাল	১০২৭ খাস	বীজ পুর পং সেরগড়	দিগম্বর চট্টোপাধ্যায়	১৮৶৯	১৮৶৯	এই মহালে প্রথমতঃ সন ১৮৪৫ সালের২২ জুলাই নীলাম হইয়ার খরিদার বায়নার টাকা দাখিল করিয়া ৩০ দিনের মধ্যে মূল্যের অবশিষ্ট টাকা দাখিল না করিবার দ্বিতীয় নীলাম হইবেক ইতি।
	ঐ	ঐ	আখনপুর পং সেরগড়	মাণিক মণ্ডল	১৵৪	১৵৪	ঐ
৩	বাকী মালগুজারী যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্ত বিক্রয়হওয়া মহাল।	১২	শ্রীমতী মহারাণী কমলকুমারীর জমীদারী ডং রাজীবরাটীওগয়রহ কোম্পানি ৪৬৫৯৩২৸১১ টাকা সদর জমার মহালের অন্তঃপাতি পত্তনি তালুক লাট উলাসপুর পং সমরসাহী।	হরিচরণ দত্ত	১৭৩৲	৮২৮৮৪	ঐ

বর্দ্ধমান কালেক্টরী কাছারী ১৮৪৫ সাল ২৮ আগষ্ট।

জে এচ ক্রাফোর্ড কালেক্টর।

[*Government Gazette, 2d September*, 1845.]

INSOLVENT COURT. | যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of PUNNABLOLL JOHORY, sued by the name of Pannablell Jowroy, late of Barra-Bazar, Punchapuntollah, in the Town of Calcutta, Merchant and Trader, and now a Prisoner for Debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors, in the East Indies, are appointed to be heard in the said Court, on Wednesday, the 1st day of October next.

The names of the Creditors of the said PUNNABLOLL JOHORY, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

N. HUDSON,
Attorney for the Insolvent.

Calcutta, 30th August, 1845.

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের পঞ্চাননতলার বড় বাজারের সওদাগর ও বণিক

পিন্নাবলাল জহুরী

পান্নাবলাল জোরাই নামে সফীনা হইল এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানার কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছে অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১ তারিখ বুধবারে শুনা যাইবেক।

উক্ত পিন্নাবলাল জহুরীর মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাহার দরখাস্তের সহিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

নাথানিয়েল হডসন।
উক্ত যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৫। ৩০ আগষ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ২ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শম্যন সাহেবকর্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 2, 1845.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৫ সাল ২ সেপ্টেম্বর।

ASSIGNEE'S OFFICE.—NOTICE.

PURSUANT TO ACT NO. XXVII. OF 1841.

NOTICE is hereby given, that in the event of no claim being established to the unclaimed Dividends hereundermentioned, and which were paid into the hands of the Accountant-General and Sub-Treasurer of the East India Company, with the privity of the Accountant-General of the Insolvent Court, pursuant to the above Act, under the orders of the said Court, bearing date the 6th day of July, 1839, or any part thereof as particularized hereunder, within 12 months from this date, such Dividends will be distributed among such of the Creditors of the respective Insolvent Estates as shall have established their claims against such Estates respectively, and an order will be obtained to have such claims, the Dividends upon which remain unclaimed at the expiration of the time abovementioned, expunged from the respective Schedules.

Calcutta, 8th August, 1844. R. O'DOWDA, *Assignee.*

With reference to the following Advertisements, if the parties entitled to the Dividends, will prove their claims before the Official Assignee, he may probably be able to assist them in obtaining the respective Dividends, out of Court, at a much less expense than has hitherto been incurred.

আসৈনির দফ্তরখানা।——বিজ্ঞাপন।

১৮৪১ সালের ২৭ আইনানুসারে।

দানাপুরে এক্জেকুটিব এঞ্জিনিয়র সাহেবের দফতরে এক জন প্রধান কেরাণীর আবশ্যক হইয়াছে। এই পদের বেতন মাসিক ৫০ টাকা। যাঁহারা এই পদ পাইতে ইচ্ছা করেন তাঁহারা আপনারদের সদাচারিতার ও যোগ্যতার সর্টিফিকট দানাপুরে এক্জেকুটিব এঞ্জিনিয়র সাহেবের নিকটে পাঠাইবেন।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয় মোকদ্দমার রিপোর্টের এক পুস্তক ঐ আদালতের উকীল শ্রীআলান আলেকজাণ্ডর রিবেষ্টর সাহেবের দ্বারা ইঙ্গরেজী ভাষাতে প্রস্তুত করা গিয়াছে ঐ পুস্তক কলিকাতায় থাকর কোম্পানির পুস্তকালয়ে বিক্রয় হয়।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৫ ১৫ নবেম্বর।]

দেওয়ানী আইনের সংগ্রহ

শ্রীযুত জান মার্শমন সাহেবকর্তৃক সংগৃহীত।

এই পুস্তকের মধ্যে ১৭৯৩ সালঅবধি ১৮৪৭ সালের আরম্ভপর্য্যন্ত শ্রীযুত কোম্পানি বাহাদুরের বাঙ্গলাপ্রভৃতি দেশের নিমিত্ত যে সকল আইন ও আইনের অর্থ এবং সরকুলর অর্ডর বহাল আছে তাহা দেওয়া গিয়াছে। আইনের যে তরজমা পূর্ব্বে হইয়াছিল তাহা এই পুস্তকে ছাপা হইযাছে কিন্তু আইনের অর্থ ও সরক্যুলর অর্ডর প্রথমবার বঙ্গভাষাতে তরজমা হইয়া এই পুস্তকে অর্পণ হইযাছে।

যে কোন বিষয়ের আইন জানিবার আবশ্যক হয় তাহা অনায়াসে পাওয়া যায় এ নিমিত্ত এই পুস্তক ৭ অধ্যায়ে ও ২৮৩ ধারাতে বিভক্ত হইয়াছে। আইন বড় অক্ষরে ও আইনের অর্থ এবং সরক্যুলর অর্ডর ক্ষুদ্র অক্ষরে মুদ্রিত হইয়াছে।

পাঠক মহাশয়েরা অনায়াসে আইনের মর্ম্ম জানিতে পারেন এই নিমিত্ত প্রত্যেক আইন ও আইনের অর্থ এবং সরক্যুলর অর্ডরের খোলাসা প্রস্তুত হইয়া মূল গ্রন্থের প্রথমে দেওয়া গিয়াছে। ঐ খোলাসা অতিসংক্ষেপে এবং সহজ ভাষাতে তরজমা হইয়াছে এবং যে আইনপ্রভৃতির খোলাসা হইযাছে ঐ খোলাসাতে মূল আইনইত্যাদির অঙ্কের জিকির আছে।

প্রত্যেক বালমে যে আইন ও আইনের অর্থ ও সরক্যুলর অর্ডর আছে তাহার নির্ঘণ্ট প্রত্যেক বালমের শেস ভাগে দেওয়া গিয়াছে তাহাতে পাঠকগণ অনায়াসে জানিতে পারিবেন যে এই গ্রন্থের মধ্যে কোনং আইনপ্রভৃতি দেওয়া গিয়াছে এবং তাহা গ্রন্থের কোনং স্থানে পাওযা যায়।

পাট্টার হার ও পত্তনি তালুকের বিষয়ি এবং বাকী খাজানার নিমিত্ত ভূমি নীলামের এবং ক্রোক করণের এবং দলীলদস্তাবেজের ইষ্টাম্প এবং জবরদস্তী করিয়া বেদখল করণের বিষয়ি নানা বিধান যদ্যপি দেওয়ানী আইনের মধ্যে গণ্য নহে তথাপি তাহা না জানিলে মোকদ্দমার নিষ্পত্তি সুন্দররূপে হইতে পারে না এইনিমিত্ত এইং বিষয়ের সকল আইন আপেণ্ডিক্সের মধ্যে দেওয়া গিয়াছে।

এই দেওয়ানী আইনের সংগ্রহের মধ্যে যে সকল সংজ্ঞা আছে তাহার ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষার অভিধান দেওয়া গিয়াছে। এই দুই বালমের মূল্য ২০৲ টাকা।

[*Government Gazette,* 25th *November,* 1845]

— —

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্কমার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত।

গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 9, 1845.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৫ সাল ৯ ডিসেম্বর।

ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 22D NOVEMBER, 1845.

The following Act is passed by the Honourable the President in Council on the 22d November, 1845, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT NO XXIV OF 1845.

An Act for establishing a Court for the trial of Officers of the Pilot Service accused of breach of duty.

I. It is hereby enacted, that from and after the first day of January next, if any person employed in the Pilot Service of the East India Company, at the Presidency of Fort William in Bengal, shall be accused of having committed any breach of duty while engaged in such Service, and it shall appear to the Superintendent of Marine that such person ought to be brought to trial for such breach of duty, such person shall be brought to trial before a Court, consisting of a President and two Merchants of Calcutta, four Commanders of British Ships and two Branch Pilots or Master Pilots of the East India Company's Service, as Members.

II. And it is hereby enacted, that the said President shall be such person as shall be, from time to time appointed for that purpose by the Governor of Bengal.

III. And it is hereby enacted, that whenever it shall appear to such Superintendent of Marine that any person employed in the said Pilot Service

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীর ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৫ সাল ২২ নবেম্বর।

কোন্সেলের শ্রীযুত অমরবিল প্রসীডেণ্ট সাহেব হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৫ সালের ২২ নবেম্বর তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন। ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর তাহাতে সম্মতি দিয়াছেন এবং ঐ সম্মতিপত্র পাঠ হইয়া রোয়দাদের মধ্যে লেখা গিয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ২৪ আইন।

কর্ত্তব্য কর্ম্মের ত্রুটির নালিশগ্রস্ত আড়কাটিরদের বিচারের নিমিত্তে আদালত সংস্থাপনের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে আগামি জানুআরি মাসের ১ তারিখঅবধি এবং তাহার পর বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে কোম্পানি বাহাদুরের আড়কাটির সিরিশতায় নিযুক্ত কোন ব্যক্তির নামে যদি এমত অপবাদ হয় যে তিনি ঐ কার্য্য নির্ব্বাহের সময়ে কোন কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি করিয়াছেন এবং যদ্যপি জাহাজী ব্যাপারের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বোধ করেন যে ঐ কর্ত্তব্য কর্ম্মের ত্রুটিপ্রযুক্ত ঐ ব্যক্তিকে আদালতে বিচারার্থ সোপর্দ্দকরা বিহিত তবে ঐ ব্যক্তির অপরাধের বিচার এক আদালতে হইবেক এবং এক জন সভাধ্যক্ষ এবং কলিকাতানিবাসি দুই জন মহাজন ও ব্রিটনীয় জাহাজের চারি জন অধ্যক্ষ এবং কোম্পানি বাহাদুরের কর্ম্মে নিযুক্ত দুই জন প্রথম শ্রেণীর অথবা দ্বিতীয় শ্রেণীর আড়কাটি লইয়া এ আদালত সংস্থাপন হইবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সময়েং বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্ণর সাহেব যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি ঐ আদালতে সভাধ্যক্ষ হইবেন ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জাহাজী ব্যাপারের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের যখন এমত বোধ হয় যে উক্ত আড়কাটির সিরিশতায় নিযুক্ত কোন ব্যক্তিকে

ought to be brought to trial before such Court, the said Superintendent shall convene such Court by giving notice to the said President, and Summoning by writing under his hand any two Merchants of Calcutta, any four Commanders of British Ships lying in the Port of Calcutta and any two Branch Pilots or Master Pilots of the East India Company's Service, to appear for the purpose of holding such trial at a time and place to be subsequently intimated to them by the Judge Advocate appointed to conduct the Proceedings of such Court. Provided always that every Court to be held under this Act shall consist of the President, and at least four Members, and that the decision shall in every case be according to the votes of the majority, and that in case of equality of votes the President shall have a casting vote.

IV. And it is hereby enacted, that if after the Court shall have been convened the President shall be prevented by sickness or any other cause from attending the said Court, it shall be lawful for the Members of the said Court, not being less than five in number, to elect one from among themselves, who shall perform the functions of President of the said Court until the end of the trial.

V. And it is hereby enacted, that if any person summoned, as aforesaid, shall neglect or refuse to attend in pursuance thereof, or to remain in attendance to the end of such trial without sufficient cause, then it shall be lawful for the said Superintendent of Marine to impose upon any such person a fine not exceeding the sum of Rupees 200 for every such default, and every Justice of the Peace for the Town of Calcutta is hereby authorized and required upon representation made to him in writing and signed by the said Superintendent, to enforce the payment of such fine in like manner as if such fine had been imposed by himself

VI. And it is hereby enacted, that the proceedings before such Court shall be conducted on the part of Government by such person as the Governor of Bengal shall from time to time appoint as Judge Advocate for that purpose.

VII. And it is hereby enacted, that it shall be lawful for the said Judge Advocate, and he is hereby authorized and required either at the request of the party accused, or of the party making the accusation, or of the said Court, by writing under his hand to summon any person whatsoever, to attend as a witness at a time and place to be specified in such Summons for the purpose of being examined at any trial before a Court constituted as aforesaid, or if such person shall be about to depart from Calcutta so as to be unable to attend at such trial without serious inconvenience, then to be examined before the President of the said Court, and any two Members of the said Court, provided always that due notice of the time and place of such examination shall be given to the person against whom a charge is about to be preferred, and provided also, that such witness may nevertheless be

এই প্রকার আদালতে বিচারার্থ সোপর্দ্দকরা উচিত তখন ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব এ প্রকার এক আদালত সংস্থাপন করিবেন অর্থাৎ উক্ত মোকদ্দমার বিচার করিবার নিমিত্তে যে স্থান ও সময় আদালতের কার্য্যের নিব্বাহার্থ নিযুক্ত জজ আডবোকেট সাহেব তৎপরে নির্দ্দিষ্ট করেন সেই সময়ে ও সেই স্থানে হাজির হইতে উক্ত সভাধ্যক্ষকে এত্তেলা দিবেন এবং আপনার দস্তখৎকরা লিপির দ্বারা কলিকাতানিবাসি দুই জন মহাজন ও ব্রিটনীয় জাহাজের চারি জন অধ্যক্ষ এবং কোম্পানি বাহাদুরের কর্ম্মে নিযুক্ত কোন দুই জন প্রথম শ্রেণীর অথবা দ্বিতীয় শ্রেণীর আড-কাটিকে তলব করিবেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এই আইনানুসারে যে প্রত্যেক আদালত স্থাপন হয় তাহাতে সভাধ্যক্ষ সাহেব এবং অন্যূন চারি জন অন্তঃপাতী থাকিবেন এবং তাঁহারদের মধ্যে অধিকাংশ ব্যক্তির মতানুসারে ফয়সলা হইবেক এবং যদি দুই জন এক পক্ষে ও অন্য পক্ষে দুই জন হন্ তবে সভাধ্যক্ষ যে পক্ষে থাকেন সেই পক্ষের মত প্রবল হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে আদালত স্থাপন হইলে পর যদি সভাধ্যক্ষ সাহেব পীড়া বা কারণান্তরপ্রযুক্ত ঐ আদালতে উপস্থিত হইতে না পারেন তবে ঐ আদালতের অন্তঃপাতি অন্যূন পাঁচ জনের এই ক্ষমতা থাকিবেক যে আপনারদের মধ্যে এক জনকে মনোনীত করেন্ এবং তিনি মোকদ্দমার শেষ না হওয়া-পর্য্যন্ত ঐ আদালতের সভাধ্যক্ষের কার্য্য নির্ব্বাহ করি-বেন ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে তলবহওয়া কোন ব্যক্তি যদি যথেষ্ট কারণ বিনা ঐ তলব-অনুসারে হাজির হইতে অথবা ঐ মোকদ্দমার শেষ পর্য্যন্ত হাজির থাকিতে ত্রুটি বা অস্বীকার করে তবে ঐ জাহাজী ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব প্রত্যেক ত্রুটির বিষয়ে ২০০৲ টাকার অনধিক যে জরীমানা তাঁহার উচিত বোধ হয় সেই ব্যক্তির সেই জরীমানা করিতে পারেন। এবং কলিকাতা শহরের প্রত্যেক জুষ্টিস অফ দি পীসকে ইহার দ্বারা ক্ষমতা ও হুকুম দেওয়া গেল যে উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সহীকরা লিপি পাইলে আপনি সেই রূপ জরীমানার হুকুম দিলে যেরূপ করিতেন সেইরূপে সেই জরীমানার টাকা উসুল করেন ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সময়ে২ বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব যে ব্যক্তিকে উক্ত আদালতে জজ আডবোকেটী কর্ম্মকরণার্থ নিযুক্ত করেন তিনি সরকারের তরফে ঐ আদালতে উপস্থিতহওয়ার কার্য্য নির্ব্বাহ করিবেন ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত জজ আডবোকেট সাহেবের এই ক্ষমতা থাকিবেক এবং ইহার দ্বারা তাঁহাকে ক্ষমতা ও হুকুম দেওয়া গেল যে নালিশগ্রস্ত ব্যক্তির অথবা যে ব্যক্তি নালিশ করে তাহার কিম্বা ঐ আদালতের দরখাস্তক্রমে কোন ব্যক্তিকে সমনে নির্দ্দিষ্ট স্থান ও সময়ে সাক্ষিস্বরূপ হাজির হইতে এবং উক্তমতে স্থাপিত আদালতে উপস্থিত কোন মোকদ্দমায় জোবানবন্দী দিতে আপনার দস্তখৎকরা লিপির দ্বারা সমন করেন্। যদ্যপি সেই ব্যক্তি কলিকাতা হইতে প্রস্থান করিতে এমত উদ্যত আছে যে তাহার ঐ মোকদ্দমায় হাজির হইলে অতিভারি ক্লেশ হইবেক তবে উক্ত আদালতের সভাধ্যক্ষ সাহেবের এবং অন্তঃপাতি কোন দুই জন সাহেবের সমক্ষে ঐ ব্যক্তির জোবানবন্দী লওয়া যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তির নামে নালিশ হইবেক সেই ব্যক্তিকে ঐ জোবানবন্দী লওনের সময় ও স্থানের উপযুক্ত সম্বাদ দিতে হইবেক এবং আরো জানা কর্ত্তব্য যে ঐ সাক্ষী যদ্যপি বিচারের সময়ে উপস্থিত হইতে পারে তবে বি-

examined at the trial if he shall be able to attend thereat in which case his previous examination may also be read at the trial

VIII. And it is hereby enacted, that every witness duly summoned to attend any such Court or President and two Members, shall during his necessary attendance on such Court or President and two Members, and in going to and returning from the same, be privileged from arrest, and shall, if arrested in breach of such privilege, be discharged by such Court or President and two Members, or by the Supreme Court, or any Judge thereof, or by any Justice of the Peace in and for the Town of Calcutta upon its being made to appear to such Court or President and two Members constituted by this Act, or to such Supreme Court, or Judge, or to such Justice of the Peace by affidavit in a summary way that such witness was arrested in going to or returning from or attending upon such Court or President and two Members constituted by this Act, and that every witness so duly summoned to attend as aforesaid, who shall not attend on such Court or President and two Members, or who attending shall refuse to give evidence on Oath or Solemn Affirmation or Declaration, or to answer all such questions as the Court or President and two Members may legally demand, shall be liable to be attached in the Supreme Court, upon complaint made in like manner as if such witness had neglected to attend on any trial in such Supreme Court.

IX And it is hereby enacted, that every Member assisting at every such Court before the commencement of any proceeding, to be had before it shall take the following Oath upon the Holy Evangelists, which Oath shall be administered by the President of such Court to the other Members thereof, and to the President by the Judge Advocate, that is to say,

"I, A B, do swear that I will duly determine and administer justice according to the evidence in the matter that shall be brought before me, and that I will not divulge the sentence till it shall be approved of by competent authority, neither will I at any time divulge the vote or opinion of the President, nor my own vote, nor that of any Member of this Court unless required to give evidence thereof as a Witness by a Court of Justice in due course of Law So help me God"

X And it is hereby enacted, that the Judge Advocate who is to conduct the Proceedings of the said Court shall take the following Oath, which Oath shall be administered by the President

"I, A. B, do swear that I will not upon any account whatsoever disclose or discover any vote or opinion of the President or any particular Member of this Court unless required to give evidence

[*Government Gazette, 9th December*, 1845.]

চারের সময়েও তাহার জোবানবন্দী লওয়া যাইতে পারে এবং এমত হইলে তাহার প্রথম জোবানবন্দী মোকদ্দমার সময়ে পাঠ করা যাইবেক ইতি।

৮ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে প্রত্যেক সাক্ষী এইপ্রকার কোন আদালতে অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতির সম্মুখে হাজির হইতে রীতিমতে সমন পায় সেই ব্যক্তি ঐ আদালতে অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতির সম্মুখে আবশ্যকমতে হাজির থাকন সময়ে এবং তথায় গমন করণ সময়ে এবং তথাহইতে প্রত্যাগমনের সময়ে গ্রেপ্তার হইতে পারিবেক না। এবং যদ্যপি এই হুকুমের উল্লঙ্ঘনপূর্ব্বক সেই ব্যক্তি গেপ্তার হয় তবে এই আইনের দ্বারা স্থাপিত উক্ত আদালত অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতী অথবা সুপ্রিম কোর্ট অথবা তাহার কোন এক জন জজ সাহেব অথবা জুষ্টিস অফ দি পীসকে সরাসরীমতে সুকৃতি পত্রানুসারে যদি ইহা জ্ঞাত করা যায় যে এই আইনের দ্বারা স্থাপিত আদালতে অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতির নিকটে যাওন সময়ে অথবা তথা হইতে প্রত্যাগমন সময়ে অথবা তথায় হাজির থাকন সময়ে ঐ সাক্ষী গ্রেপ্তার হইয়াছিল তবে বিষয় বুঝিয়া ঐ আদালত অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতী অথবা সুপ্রিম কোর্ট অথবা তাহার কোন এক জন জজ সাহেব অথবা কলিকাতা শহরের কোন জুষ্টিস অফ দি পীস তাহাকে খালাস করিবেন। এবং উপরের উক্তমতে হাজির হইতে যে প্রত্যেক সাক্ষির তলব হয় সেই সাক্ষী যদি উক্ত আদালতে অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতির সম্মুখে হাজির না হয় অথবা হাজির হইয়া যদ্যপি শপথ কি সুকৃতি অথবা প্রতিজ্ঞা ক্রমে সাক্ষ্য দিতে স্বীকার না করে অথবা উক্ত আদালত কি সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতী আইনমতে যে২ বিষয়ের জিজ্ঞাসাবাদ করিতে পারেন তাহার উত্তর যদি না দেয় তবে ঐ সাক্ষী উক্ত সুপ্রিম কোর্টে কোন মোকদ্দমায় হাজির হইতে ত্রুটি করিলে যেরূপ হইত সেইরূপে তথায় নালিশ হওনপূর্ব্বক সেই ব্যক্তি ঐ সুপ্রিম কোর্টের দ্বারা গ্রেপ্তার হওনের যোগ্য হইবেক ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আদালতের অন্তঃপাতি প্রত্যেক জন ঐ আদালতে উপস্থিত হওয়া কোন কার্য্যে প্রবৃত্ত হওনের পূর্ব্বে বাইবল লইয়া পশ্চাৎ লিখিত শপথ করিবেন। এবং ঐ আদালতের সভাধ্যক্ষ তাঁহার অন্যান্য অন্তঃপাতিরদিগকে সেই শপথ করাইবেন এবং জজ আডবোকেট সাহেব সভাধ্যক্ষকে শপথ করাইবেন বিশেষতঃ

আমি অমুক শপথ করিতেছি যে এই বিষয়ে আমার সম্মুখে যে সাক্ষ্য দেওয় যায় তদনুসারে আমি নিষ্পত্তি করিব এবং যথার্থ বিচার করিব এবং উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকেরদের দ্বারা ফয়সলা মঞ্জুর না হওয়াপর্য্যন্ত আমি ঐ ফয়সলা প্রকাশ করিব না এবং সভাধ্যক্ষ সাহেবের অথবা আমার নিজের কি ঐ আদালতের অন্য কোন অন্তঃপাতির যে বোট কিম্বা মত সেই মোকদ্দমায় ছিল তাহার বিষয়ে আইনের রীতির অনুসারে কোন আদালতে সাক্ষিস্বরূপ সাক্ষ্য দেওনের হুকুম হওন বিনা তাহা কোন সময়ে প্রকাশ করিব না। ইহাতে ঈশ্বর আমার সাহায্য করুন।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ আদালতের কার্য্য যে জজ আডবোকেট সাহেবের দ্বারা নির্ব্বাহ হইবেক তিনি নীচের লিখিত শপথ করিবেন এবং ঐ শপথ সভাধ্যক্ষ ঐ আডবোকেট জেনরল সাহেবকে করাইবেন।

আমি অমুক শপথ করিতেছি যে এই আদালতের সভাধ্যক্ষ সাহেব অথবা বিশেষ অন্তঃপাতি সাহেবের বোট অথবা মতের বিষয়ে আইনের রীতিমতে কোন আদালতে সাক্ষ্যস্বরূপ সাক্ষ্য দিতে হুকুম পাওন বিনা আমি ঐ

thereof as a witness by a Court of Justice in due course of Law. So help me God."

XI. And it is hereby enacted, that every witness before any such Court or President and two Members, shall be examined upon Oath, which such Courts and President and two Members are hereby authorised to administer. Provided always that in all cases wherein a Solemn Declaration or Affirmation would be allowed in Her Majesty's Courts of Judicature to be substituted for an Oath, the said Court or President and two Members constituted by this Act, shall substitute such Solemn Declaration or Affirmation for an Oath.

XII. And it is hereby enacted, that any person wilfully and knowingly giving false testimony on Oath or Solemn Declaration or Affirmation in any case in which an Oath or Solemn Declaration or Affirmation is by this Act required to be made, shall be deemed guilty of wilful and corrupt perjury, and being duly convicted, shall be liable to the pains and penalties of perjury.

XIII. And it is hereby enacted, that if the party against whom a charge is preferred shall appear, or shall not satisfy the Court that he has a reasonable excuse for not appearing, the said Court shall proceed to hear and determine the charges preferred by the said Superintendent against any person or persons so employed in the Pilot Service as aforesaid, and if such person or persons shall be found guilty by the said Court of the breach of duty laid to his or their charge, it shall be competent to the said Court, and it is hereby required to sentence such person or persons to dismissal from the said Pilot Service, or to such other punishment by loss of rank or pay as to the said Court shall appear fit, whether or not such breach of duty be punishable under a certain Code called the Penal Code for the better order and government of the Members composing the Pilot Service, passed by order of the Right Honourable the Vice President in Council, on the 21st December 1826.

XIV. Provided always and it is hereby enacted, that in all cases wherein the charge preferred before such Court is a charge of a breach of duty punishable under the said Code, the said Court shall award such punishment as is prescribed for such breach of duty in the said Code and no other.

XV. Provided also, and it is hereby enacted, that the said Code shall remain in full force as regards the several breaches of duty therein specified, but that it shall be competent for the said Superintendent of Marine, and he is hereby empowered in any case of breach of duty not specified in the said Code, to frame such charge as shall be applicable to the facts of the case and to prefer the same to the said Court.

XVI. Provided always and it is hereby enact-

প্রকার কোন বোট বা মত কোন প্রকারে প্রকাশ করিব না অথবা জানাইব না। ইহাতে ঈশ্বর আমারি সাহায্য করুন ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আদালত অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতিক সম্মুখে উপস্থিতহওয়া প্রত্যেক সাক্ষী শপথপূর্ব্বক জোবানবন্দী দিবেক এবং উক্ত আদালত এবং সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতিকে সেইরূপ শপথ করাইতে ইহার দ্বারা ক্ষমতা দেওয়া গেল। কিন্তু জানা কর্ত্তব্য যে যে সকল গতিকে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতে শপথের পরিবর্ত্তে প্রতিজ্ঞা অথবা সুকৃতি দিবার অনুমতি হইত সেই সকল গতিকে এই আইনের দ্বারা স্থাপিত আদালত অথবা সভাধ্যক্ষ এবং দুই জন অন্তঃপাতি শপথের পরিবর্ত্তে প্রতিজ্ঞা অথবা সুকৃতি করাইবেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের দ্বারা যে২ বিষয়ে শপথ অথবা প্রতিজ্ঞা কি সুকৃতি করিবার হুকুম আছে সেই২ বিষয়ে যে কোন ব্যক্তি খামখা এবং জানিয়াশুনিয়া শপথ অথবা প্রতিজ্ঞা কি সুকৃতি ক্রমে মিথ্যা সাক্ষ্য দেয় সেই ব্যক্তি খামখা এবং দুষ্টর মিথ্যা শপথের দোষী জ্ঞান হইবেক এবং তাহার দোষ রীতিমত সাব্যস্ত হইলে সেই ব্যক্তি মিথ্যা শপথকরণের দণ্ড ও শাস্তির যোগ্য হইবেক ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তির নামে নালিশ হয় সেই ব্যক্তি যদি হাজির হয় অথবা যদি আদালতের এমত হৃদ্বোধ না করে যে তাহার হাজির না হওনের উপযুক্ত কারণ ছিল তবে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব পূর্ব্বোক্তমতে আড়কাটির সিবিশতায় নিযুক্ত কোন ব্যক্তি বা ব্যক্তিরদের নামে যে২ নালিশ করেন সেই২ নালিশ উক্ত আদালতে শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক। এবং সেই ব্যক্তির বা ব্যক্তিরদের নামে কর্ত্তব্য কর্ম্মের যে ত্রুটির নালিশ হয় সেই ত্রুটির বিষয়ে যদি সেই ব্যক্তি ঐ আদালতে দোষী জ্ঞান হয় তবে ঐ আদালতের ক্ষমতা থাকিবেক এবং ইহার দ্বারা তাহারদিগকে হুকুম করা গেল যে ঐ ব্যক্তি বা ব্যক্তিরদিগকে আড়কাটির সিবিশতাহইতে তগির করেন অথবা পদ কি মাহিয়ানার কমকরণের দ্বারা অন্য যে কোন দণ্ড ঐ আদালতের উচিত বোধ হয় সেই দণ্ডের হুকুম করেন। আড়কাটির সিবিশতায় নিযুক্ত ব্যক্তিরদের পূর্ব্বাপেক্ষ উত্তমমতে নিয়ম ও শাসন করিবার নিমিত্ত "দণ্ডকারি আইন" নামে বিখ্যাত যে আইন ১৮২৬ সালের ১ ডিসেম্বর তারিখে শ্রীযুত রাইট অনরবিল বৈস প্রেসীডেণ্ট সাহেব হুজুর কৌন্সেলে নির্দ্দিষ্ট করিয়াছিলেন সেই আইনে ঐ কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি দণ্ডনীয় হইলে বা না হইলে এই আইনের দ্বারা তাহার দণ্ড হইবেক ইতি।

১৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে যে সকল গতিকে উক্ত "দণ্ডকারি আইনে" লিখিত দণ্ডনীয় ত্রুটির নালিশ উক্ত আদালতে হয় সেই সকল গতিকে উক্ত আদালত কর্ত্তব্য কর্ম্মের সেই ত্রুটির বিষয়ে উক্ত "দণ্ডকারি আইনে" যে দণ্ড নিরূপণ আছে সেই দণ্ডের হুকুম করিবেন এবং অন্য কোন দণ্ডের হুকুম করিবেন না ইতি।

১৫ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত আইনে যে নানা কর্ত্তব্য কর্ম্মের ত্রুটির দণ্ড নির্দ্দিষ্ট আছে তদ্বিষয়ে উক্ত আইন সম্পূর্ণরূপে বলবৎ থাকিবেক কিন্তু জাহাজী ব্যাপারের উক্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এই ক্ষমতা হইবেক এবং ইহার দ্বারা তাঁহাকে এই ক্ষমতা দেওয়া গেল যে কর্ত্তব্য কর্ম্মের যে ত্রুটি উক্ত আইনে নির্দ্দিষ্ট নাই সেই প্রকার ত্রুটি হইলে সেই অপরাধের বৃত্তান্তদৃষ্টে যে প্রকার নালিশ সম্ভব হয় সেই প্রকার নালিশপত্র লিখিয়া উক্ত আদালতে দরপেশ করিবেন ইতি।

১৬ ধারা। কিন্তু নিয়ত জানা কর্ত্তব্য এবং ইহাতে

ed, that nothing in this Act contained shall prevent the said Superintendent from deciding summarily in cases in which he was empowered to decide summarily before the passing of this Act.

XVII And it is hereby enacted, that the proceedings of such Court shall be sent on completion of the trial to the Superintendent of Marine, and it shall be lawful for the said Superintendent of Marine to send back the proceedings to the Court for revision of the finding or sentence or both.

XVIII. And it is hereby enacted, that every finding and sentence of such Court as aforesaid shall be subject to the approval of the Governor of Bengal, and that no such finding or sentence shall be considered final or conclusive until it has been submitted to and approved by the Governor of Bengal who is hereby empowered to remit any part or the whole of such sentence as he shall think fit, and that every such sentence either of dismissal from the service or of loss of rank or pay upon being confirmed or mitigated by the said Governor of Bengal, shall be considered valid and effectual from the date of such confirmation or mitigation and shall be forthwith carried into effect

XIX And it is hereby enacted, that it shall be lawful for the said Superintendent of Marine to make such Rules for conducting the Proceedings and regulating the practice of the said Courts, and for carrying into effect the purposes of this Act as to the said Superintendent shall seem expedient, and all such Rules shall be submitted to the Governor of Bengal, and shall have full effect after they shall have been confirmed by the Governor of Bengal

G A. Bushby,
Secy to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
The 29th November 1845.
PROCLAMATION

Whereas a Treaty between His Majesty the King of Denmark and the Honourable the East India Company, was concluded and signed in Calcutta on the Twenty-second day of February in the Year of Our Lord One Thousand Eight Hundred and Forty-five

And whereas by the first Article of the said Treaty His said Majesty the King of Denmark engaged for a certain consideration therein specified, to transfer the Danish Settlements on the Continent of India with all the Public Buildings and Crown Property thereunto belonging, to the said Company:

And whereas by the 4th Article of the said Treaty it was provided that the Inhabitants of the aforesaid Settlements, Europeans as well as Na-

হুকুম হইল যে এই আইন জারী হওনের পূর্ব্বে যেং বিষয় উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সরাসরীমতে নিষ্পত্তি করিবার ক্ষমতা ছিল সেইং বিষয়ের সরাসরীমতে নিষ্পত্তি করিতে এই আইনের লিখিত কোন কথার দ্বারা নিষেধ হইবেক না ইতি।

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মোকদ্দমা সমাপ্ত হইলে পর ঐ আদালতের রুবকারী জাহাজী ব্যাপারের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং উক্ত জাহাজী ব্যাপারের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ফয়সলা অথবা দণ্ডাজ্ঞা সংশোধনের নিমিত্তে ঐ রুবকারী আদালতে ফিরিয়া পাঠাইতে পারেন ইতি।

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে উক্ত আদালতের করা প্রত্যেক ফয়সলা ও দণ্ডাজ্ঞাতে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের মঞ্জুরের অপেক্ষা থাকিবেক। এবং ঐ ফয়সলা অথবা দণ্ডাজ্ঞা যাবৎ বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের নিকটে দরপেশ না হয় এবং যাবৎ তাঁহার দ্বারা মঞ্জুর না হয় তাবৎ তাহা চূড়ান্ত অথবা সিদ্ধ জ্ঞান হইবেক না। এবং বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের বিবেচনায় যেমত উচিত বোধ হয় সেইমতে ঐ দণ্ডাজ্ঞার কতক অংশ অথবা সমুদয় রহিত করিতে পারেন। এবং কর্ম্মহইতে তগীর হওনের অথবা পদ কি বেতন কমাওনের এইরূপ প্রত্যেক দণ্ড উক্ত বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের দ্বারা মঞ্জুর হইলে কি কমান গেলে তাহা এরূপ মঞ্জুর অথবা কমওনের তারিখঅবধি সিদ্ধ ও বলবৎ জ্ঞান হইবেক এবং তাহা তৎক্ষণাৎ জারী হইবেক ইতি।

১৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আদালতের কার্য্য নির্ব্বাহের নিমিত্তে এবং তাহার রীতির নিয়ম করিবার নিমিত্তে এবং এই আইনের অভিপ্রায় সিদ্ধ করিবার নিমিত্তে যেং বিধান উক্ত জাহাজী ব্যাপারের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব উচিত বোধ করেন সেই সকল বিধান ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব করিতে পারেন এবং ঐ সকল বিধান বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের নিকটে দরপেশ হইবেক এবং বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের মঞ্জুর হওনের পর তাহা সম্পূর্ণরূপে বলবৎ হইবেক ইতি।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
John C Marshman, *Bengalee Translator*

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৫ সাল ২৯ নবেম্বর।
বিজ্ঞাপন।

যেহেতুক ১৮৪৫ সালের ২২ ফেব্রুআরি তারিখে শ্রীল শ্রীযুত ডেন্মার্কের বাদশাহের ও শ্রীযুত অনরবিল ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের মধ্যে এক বন্দোবস্ত কলিকাতায় সম্পন্ন ও সহী হইয়াছিল।

এবং যেহেতুক ঐ বন্দোবস্তের ১ দফাতে শ্রীল শ্রীযুক্ত ডেন্মার্কের বাদশাহ ঐ বন্দোবস্তের মধ্যের লিখিত কতক টাকার জন্যে ভারতবর্ষের দ্বীপের মধ্যে ডেন্মার্কীয়েরদের বসতি স্থান এবং তাহার মধ্যের সকল সরকারী এমারৎ এবং শ্রীযুক্ত বাদশাহের সম্পত্তি হস্তান্তর করিয়া দিতে অঙ্গীকার করিয়াছিলেন।

এবং যেহেতুক উক্ত বন্দোবস্তের ৪ দফায় এমত লিখিত ছিল যে এইং বসতি স্থানের যে ইউরোপীয় এবং এদেশীয় লোকেরা ঐ বসতির মধ্যে বাস করিতে থাকেন তাঁহারা ভার-

tives, who should continue to reside within the Settlements, should be placed under the protection of the General Law of British India, and their religious, personal, or acquired rights as formerly enjoyed under the Danish Government, should be respected as all rights of person or property are throughout British India. And that all suits commenced and pending in the Danish Courts at the time when the Treaty should come into force, should be carried on and decided by the same Law as far as altered circumstances would allow. And that the same should be observed in all cases of Appeal subsequent to the Treaty, but no complaint or suit which should have been finally settled and decided under the Danish Administration, and not appealed in due time under observance of the rules for appeal then in force should be deemed appealable ; nor should it be lawful to bring forward again subsequently to the conclusion of the said Treaty, by petition, complaint, or otherwise, such cases as should have already been finally determined by competent authority :

And whereas in pursuance of the said Treaty the Town of Fredericksnagore or Serampore, comprising 60 Biggahs commonly called Fredericksnagore, and the Districts of Serampore, Ackna and Pearapore with all the Public Buildings and Crown Property thereunto belonging, were transferred by His said Majesty the King of Denmark to the said Company on the Tenth day of October in the Year of Our Lord One Thousand Eight Hundred and Forty-five :

It is therefore hereby declared, that the Inhabitants of the said Town and Districts, Europeans as well as Natives, who continue to reside within the Settlements are placed under the protection of the general Law of British India, and their religious, personal or acquired rights as formerly enjoyed under the Danish Government, shall be respected as all rights of person or property are throughout British India.

And it is hereby further declared, that all suits commenced and pending in the Danish Courts of the said Town and Districts at the time when the Treaty came into force, shall be carried on and decided by the same Law as far as altered circumstances will allow, and that the same shall be observed in all cases of appeal subsequent to the Treaty, but no complaint or suit which has been finally decided under the Danish Administration and not appealed in due time under observance of the Rules for appeal then in force, shall be deemed appealable, nor shall it be lawful to bring forward again subsequently to the conclusion of the said Treaty, by petition, complaint, or otherwise, such cases as have already been finally determined by competent authority.

And it is hereby further declared, that the said Town of Fredericksnagore or Serampore, and the said Districts of Serampore, Ackna and Pearapore are hereby annexed to the territories subject to the Presidency of Fort William in Bengal.

And whereas by Act XXI. of 1836 it was

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ৯ ডিসেম্বর।]

ভারতবর্ষস্থ ইঙ্গলণ্ডীয়েরদের সাধারণ আইনের আশ্রয়ে থাকিবেন এবং ভারতবর্ষস্থ ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারের মধ্যে ব্যক্তিসকলের স্বত্ত্ব অথবা সম্পত্তির স্বত্ত্ব যেরূপে রক্ষা পাইতেছে সেইরূপে ইহার পূর্ব্বে ডেন্মার্ক গবর্ণমেণ্টের অধীনে ঐ২ প্রজারদের যে ধর্ম্মবিষয়ি বা নিজবিষয়ি ভোগকরা স্বত্ত্ব বা প্রাপ্ত স্বত্ত্ব ছিল তাহা রক্ষা পাইবেক। এবং ঐ বন্দোবস্ত আমলে আইসন সময়ে ঐ শহরস্থ ডেন্মার্কের আদালতে যে সকল মোকদ্দমা আরম্ভ হইয়াছিল এবং উপস্থিত ছিল শহরের অবস্থার বৈলক্ষণ্য বুঝিয়া যথাসাধ্য পূর্ব্বকার চলিত আইনানুসারে তাহার নির্ব্বাহ ও নিষ্পত্তি হইবেক। এবং ঐ বন্দোবস্ত হওনের পর সকল আপীলী মোকদ্দমার বিষয়েও পূর্ব্বোক্ত আইন খাটিবেক কিন্তু ডেন্মার্কীয়েরদের আমলে যে সকল নালিশ অথবা মোকদ্দমা চূড়ান্তরূপে নিষ্পত্তি ও ডিক্রী হইয়াছিল এবং সেই সময়ের চলিত আপীলের বিধির অনুসারে যে নালিশ অথবা মোকদ্দমার উপর উপযুক্ত মিয়াদের মধ্যে আপীল হয় নাহি এমত নালিশ অথবা মোকদ্দমা আপীলের যোগ্য বোধ হইবেক না এবং যে২ মোকদ্দমা ক্ষমতাপন্ন আদালতে ইহার পূর্ব্বে চূড়ান্তরূপে নিষ্পত্তি হইয়াছিল সেই২ মোকদ্দমা বন্দোবস্ত সম্পন্ন হওনের পর দরখাস্তের দ্বারা বা নালিশের দ্বারা বা অন্য কোন প্রকারে উপস্থিত করিতে নিষেধ হইল।

এবং যেহেতুক পূর্ব্বোক্ত বন্দোবস্তঅনুসারে ফ্রিড্রিকস নগর নামে সামান্যতঃ বিখ্যাত ৬০ বিঘা ভূমি লইয়া যে ফ্রিড্রিকস নগর অর্থাৎ শ্রীরামপুর শহর আছে তাহা এবং ডিহী শ্রীরামপুর ও আকনা ও পেয়ারাপুর এবং তৎ সম্পর্কীয় সমস্ত সরকারী এমারৎ ও বাদশাহের বিষয় আঠার শত পঁয়তাল্লিশ সালের দশম অকটোবর তারিখে শ্রীযুক্ত ডেন্মার্কের বাদশাহ কোম্পানি বাহাদুরকে অর্পণ করিলেন।

অতএব ইহাতে হুকুম হইল যে ঐ শহর ও ডিহীর যে ইউরোপীয় ও এদেশীয় লোকেরা ঐ২ স্থানে বসতি করিতে থাকেন তাঁহারা ভারতবর্ষস্থ ইঙ্গলণ্ডীয়েরদের সাধারণ আইনের আশ্রিত হইলেন এবং ভারতবর্ষস্থ ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারের মধ্যে ব্যক্তিসকলের স্বত্ত্ব অথবা সম্পত্তির স্বত্ত্ব যেরূপে রক্ষা পাইতেছে সেইরূপে ইহার পূর্ব্বে ডেন্মার্ক গবর্ণমেণ্টের অধীনে তাঁহারদের ধর্ম্মবিষয়ি বা নিজবিষয়ি যে স্বত্ত্ব বা প্রাপ্ত স্বত্ত্ব ছিল তাহা রক্ষা পাইবেক।

এবং ইহাতে আরো হুকুম হইল যে এই বন্দোবস্ত আমলে আইসন সময়ে ঐ শহরস্থ ডেন্মার্কের আদালতে যে সকল মোকদ্দমা আরম্ভ হইয়াছিল এবং উপস্থিত ছিল শহরের অবস্থার বৈলক্ষণ্য বুঝিয়া যথাসাধ্য পূর্ব্বকার চলিত আইনানুসারে তাহার নির্ব্বাহ ও নিষ্পত্তি হইবেক এবং ঐ বন্দোবস্ত হওনের পর সকল আপীলী মোকদ্দমার বিষয়েও পূর্ব্বোক্ত আইন খাটিবেক। কিন্তু ডেন্মার্কীয়েরদের আমলে যে সকল নালিশ অথবা মোকদ্দমা চূড়ান্তরূপে নিষ্পত্তি ও ডিক্রী হইয়াছিল এবং সেই সময়ের চলিত আপীলের বিধির অনুসারে যে নালিশ অথবা মোকদ্দমার উপর উপযুক্ত মিয়াদের মধ্যে আপীল হয় নাহি এমত নালিশ অথবা মোকদ্দমা আপীলের যোগ্য বোধ হইবেক না এবং যে২ মোকদ্দমা ক্ষমতাপন্ন আদালতে ইহার পূর্ব্বে চূড়ান্তরূপে নিষ্পত্তি হইয়াছে সেই২ মোকদ্দমা বন্দোবস্ত সম্পন্ন হওনের পর দরখাস্তের দ্বারা বা নালিশের দ্বারা বা অন্য কোন প্রকারে উপস্থিত করিতে নিষেধ হইল।

এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত ফ্রিড্রিকস নগর অর্থাৎ শ্রীরামপুর শহর এবং ডিহী শ্রীরামপুর ও আকনা ও পেয়ারাপুর বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের শামিল হইল।

এবং যেহেতুক ১৮৩৬ সালের ২১ আইনে হুকুম

enacted, that it should be lawful for the Governor General in Council, by an Order in Council to create new Zillahs in any part of the Presidency of Fort William in Bengal and to alter the limits of existing Zillahs.

And whereas for the more convenient administration of the Law within the said Town of Fredericksnagore or Serampore, and the said Districts of Serampore, Ackna and Pearapore, it is expedient that the limits of Zillah Hooghly should be altered so as to include the same: the following Order in Council has this day been passed by the President of the Council of India in Council, and is hereby promulgated for general information.

By order of the Honourable the President of the Council of India in Council,

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

ORDER IN COUNCIL.

It is hereby ordered, that the limits of Zillah Hooghly be altered so as to include the Town of Fredericksnagore or Serampore, and the Districts of Serampore, Ackna and Pearapore.

By order of the Honourable the President of the Council of India in Council,

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

হইয়াছিল যে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে কৌন্সেলের হুকুমক্রমে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন কোন স্থানে নূতন জিলা বসাইতে পারেন এবং বর্ত্তমান জিলার সীমার ফেরফার করিতে পারেন।

এবং যেহেতুক উক্ত ফ্রিড্রিক্‌স নগর অর্থাৎ শ্রীরামপুর শহরে এবং পূর্ব্বোক্ত ডিহী শ্রীরামপুর ও আকনা ও পেয়ারাপুর আদালতের কার্য্যনির্ব্বাহের সুগমের নিমিত্তে জিলা হুগলীর সীমা বাড়াইতে এবং ঐ জিলার মধ্যে ঐ২ স্থান ভুক্ত করিতে উপযুক্ত বোধ হইয়াছে অতএব পশ্চাৎ লিখিত কৌন্সেলের হুকুম ভারতবর্ষের শ্রীযুত প্রসীডেন্ট সাহেব হজুর কৌন্সেলে অদ্য নির্দ্দিষ্ট করিয়াছেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ভারতবর্ষের শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেবের হজুর কৌন্সেলে কৌন্সেলের হুকুমক্রমে।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

কৌন্সেলের হুকুম।

ইহাতে হুকুম হইল যে জিলা হুগলীর সীমার মতান্তর হয় এবং ফিড্রিক্‌স নগর অর্থাৎ শ্রীরামপুর শহর এবং ডিহী শ্রীরামপুর ও আকনা ও পেয়ারাপুর জিলা হুগলীর শামিল হয়।

ভারতবর্ষের শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেবের হজুর কৌন্সেলে কৌন্সেলের হুকুমক্রমে।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 40.

To the Civil Authorities in the Lower Provinces.

The Court of Sudder Dewanny Adawlut for the Lower Provinces, having reconsidered the terms of Sections 2 and 3, Regulation VI. of 1813, are pleased to rescind Paragraph 2 of Construction No 1153, and such part of Paragraph 1, likewise as rules, either directly or by implication, that when the agreement to abide by the award of arbitrators may be disputed, the summary jurisdiction of the Civil Court is barred, and to notify that only so much of the Construction in question now remains in force, as declares the execution of written bonds of arbitration supererogatory under the provisions of Section 3, Regulation VI. of 1813.

W. KIRKPATRICK *Deputy-Register*

Fort William, 14th November, 1845.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৪০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশের সদর দেওয়ানী আদালত ১৮১৩ সালের ৬ আইনের ২। ৩ ধারার কথা পুনর্ব্বার বিবেচনা করিয়া হুকুম করিতেছেন যে ১১৫৩ নম্বরী আইনের অর্থের ২ ধারা রদ হয় এবং ১ ধারার যে ভাগে স্পষ্টতঃ অথবা ভাবপ্রযুক্ত বিধান আছে যে সালিসী ফয়সলা মানিবার বন্দোবস্তের বিষয়ে যদি বিরোধ হয় তবে দেওয়ানী আদালত সরাসরীমতে তাহার বিচার করিতে পারেন না তাহাও রদ হয় এবং সদর আদালত জানাইতেছেন যে ঐ আইনের অর্থের যে ভাগে লেখে যে ১৮১৩ সালের ৬ আইনের ৩ ধারার বিধির অনুসারে সালিসের লিখিত বণ্ড অর্থাৎ একরারনামা সহীকরণের আবশ্যক নাহি কেবল সেই ভাগ প্রবল আছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ১৪ নবেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 21.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

Inconvenience and delay having arisen from the practice adopted by Collectors of sending their Official Sale Advertisements, both English and

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

কালেক্টর সাহেবেরা আপনারদের নীলামের ইঙ্গরেজী ও বাঙ্গলা ইশ্‌তিহার উভয় কলিকাতা গেজেটের ছাপাখানাতে পাঠাইয়া দেওয়াতে অনেক বিলম্ব হইতেছে

Bengalee, in the first instance, to the Calcutta Gazette Press, I am directed by the Sudder Board of Revenue, to request that you will instruct those Officers to transmit the Bengalee Copy in future direct to Mr. Marshman at Serampore, and the English Version, as heretofore, to the address of the Printer of the Calcutta Military Orphan Press.

(Signed) G. Plowden,
Officiating Secretary.

Sudder Board of Revenue,
Fort William, 7th November, 1845.

No. 22.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of——

The Sudder Board of Revenue having reason to believe that in Butwarrah cases no proper preliminary report under Clause 1, Section 4, Regulation XIX. of 1814, is furnished by Collectors to the Commissioner, direct me to point out to you the great importance of having a clear history of the Estate to be partitioned before you at the time you authorize the Butwarrah to be commenced in order that you may in the first instance fully satisfy yourself that the measure can legally and unobjectionably be allowed, to which end you cannot do better than require the Collector to furnish you in each case with a Statement similar to that enjoined in the late Board's Circular of the 27th January 1826, No. 378, a Copy of which, and of the Statement in question, is annexed for your guidance.

(Signed) G. Plowden,
Officiating Secretary.

Sudder Board of Revenue,
Fort William, 11th November, 1845

No. 378

To the Collector of——

1. I am directed to transmit to you the accompanying Copy of a Form, which the Board desire you will invariably observe on reporting the deputation of an Aumeen to make a Division of an Estate, submitting at the same time Copies of the applications for the partition, and Copies of any Petitions of objections which may have been offered, together with a Copy of your final orders in the case.

2nd. In the Column for remarks, you will also enter the substance of any objections offered, or any information that may appear to you useful or necessary for the Board's consideration.

(Signed) R. Hunter,
Secretary.

Board of Revenue, Lower Provinces,
27th January, 1826.

অতএব সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা হুকুম করিতেছেন যে ঐ২ কালেক্টর সাহেবদিগকে তুমি এই হুকুম দেও যে তাঁহারা বাঙ্গলা ভাষার ইশ্‌তিহার একেবারে শ্রীরামপুরের শ্রীযুত মার্শমন সাহেবের নিকটে পাঠান এবং ইঙ্গরেজী ভাষার ইশ্‌তিহার পূর্ব্বমত মিলিটারী আরফান ছাপাখানায় পাঠান।

জি প্লৌডন। একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ৭ নবেম্বর।

---

২২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা বোধ করেন যে জমীদারীর বাঁটওয়ারা হওনের পূর্ব্বে ১৮১৪ সালের ১৯ আইনের ৪ ধারার ১ প্রকরণানুসারে কোন উপযুক্ত রিপোর্ট কালেক্টর সাহেবেরা কমিসনর সাহেবের নিকটে পাঠাইতেছেন না অতএব বোর্ডের সাহেবের তোমাকে ইহা জ্ঞাপন করিতে হুকুম দিতেছেন যে আইনানুসারে এবং আপত্তি বিনা বাঁটওয়ারার অনুমতি দেওয়া যাইতে পারে ইহা প্রথমে তোমার সম্পূর্ণ হৃদ্বোধ হওনের নিমিত্ত বাঁটওয়ারা আরম্ভ করিতে হুকুম দেওনের সময়ে যে জমীদারীর এইরূপ বিভাগ হইবেক তাহার পূর্ব্বকার বৃত্তান্ত তোমার অতিস্পষ্ট জানান অত্যাবশ্যক এতদর্থে পূর্ব্বকার বোর্ডের ১৮২৬ সালের ২৭ জানুআরি তারিখের ৩৭৮ নম্বরী সরক্যুলর পত্রে যে প্রকার কৈফিয়তের হুকুম আছে সেই প্রকার কৈফিয়ৎ প্রত্যেক গতিকে তোমার নিকটে পাঠাইতে কালেক্টর সাহেবকে হুকুম করিলে ভাল হয়। ঐ সরক্যুলর অর্ডর এবং তৎসম্পর্কীয় কৈফিয়ৎ তোমার বিজ্ঞাপনের নিমিত্তে নিম্নে দেওয়া যাইতেছে।

জি প্লৌডন। একটিং সেক্রেটারী

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৫। ১১ নবেম্বর।

৩৭৮ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

১। আমি তোমার নিকটে পশ্চাৎ লিখিত পাঠের এক নকল পাঠাইতেছি এবং বোর্ডের সাহেবেরা হুকুম করিতেছেন যে কোন জমীদারীর বাঁটওয়ারা করণার্থ আমীন পাঠাওনের রিপোর্ট করণের সময়ে সেই পাঠ লইয়া ব্যবহার কর এবং সেই সময়ে বাঁটওয়ারার দরখাস্তের নকল এবং যদি কোন আপত্তির দরখাস্ত দেওয়া গিয়া থাকে তবে তাহারো নকল এবং সেই মোকদ্দমায় তোমার চূড়ান্ত হুকুমের এক নকল পাঠাও।

২। যে কোন আপত্তি করা গিয়া থাকে তাহার মর্ম্ম অথবা অন্য যে কোন সম্বাদ বোর্ডের সাহেবেরদের বিবেচনার নিমিত্তে উপকারক অথবা আবশ্যক বোধ হয় তাহা মন্তব্য কথার ঘরে লিখিবা।

আর হন্টর। সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের সদর বোর্ড রেবিনিউ।
১৮২৬। ২৭ জানুআরি।

FORM

To be observed by Collectors on reporting to the Board the appointment of an Aumeen to make a division of an Estate.

1	2	3	4			5				6	7	8			9	10				11
No. of Mehal in Register.	Name of Mehal	Registered Proprietors	Sudder Jumma			Name of Mehal and Jumma at the period of Decennial Settlement.				Dates of correspondence shewing all intermediate changes since Decennial Settlement, should any portions have been separated or annexed under Regulation XLVIII. of 1793	Petitioner's name.	Shares into which it is at present proposed to divide the Estate with the names of the respective Proprietors.			Aumeen's name and period allowed for the Division	Aumeen's Commission agreeably to Regulation XIX of 1814.				Remarks.
			S. Rs	A	G.		S. Rs	A	G.				A.	G.						
238	Ukburpoor Perg 4 As.	Mohomed Ummee, Shaikh Doomun. Ullee Nawaz.	5320	8	0	Ukburpoor	21282	0	0	Board's orders of 25th September 1801. confirming the Butwarrah of Ukburpoor Pergunnah, into 6 As. and 10 As.	Mohomud Ummee. Shaikh Domun, Ullee Newaz	Mohomud Ummee,	2	10	Mohomud Eesof,	246	6	11	1	The Collector will here state whether the Aumeen is a creditable person, what is his occupation, whether the oath enjoined has been administered, if the advance authorized has been made to him on responsible Security, and any thing besides that may occur to the Collector as requisite to be mentioned for the Board's information.
										Board's orders of 18th August 1806, confirming the Butwarrah of Ukburpoor Pergunnah, 6 As. into 4 As. and 2 Annas.		Shaikh Doomun,	1	0	Three months.					
												Ullee Newaz.	0	10						
												Total	4	0						

(Signed) G PLOWDEN. *Offg. Secretary*

Sudder Board of Revenue Fort William 14th November 1845

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS.

The 28th November, 1845

Baboo Hurroprosad Sein, to be Acting Moonsiff of Chintamun, Zillah Dinagepore

Moonshee Naziroodddeen, Moonsiff of Nubbee-gunge, to be Moonsiff of Parkool, Zillah Sylhet

Baboo Gungagobind Surbodhicarree, late Additional Moonsiff of Mymensing to be Acting Moonsiff of Pertabpore Zillah Midnapore

LEAVES OF ABSENCE

The 28th November 1845

Baboo Kallinath Chatterjea Moonsiff of Pertabpore, Zillah Midnapore, for one month under Medical Certificate

The leave of absence for one week granted on the 26th September last to Minutoollah Moonsiff of Jaghda in Maunbhoom has been cancelled at his own request

The 3d December 1845

Mahomed Ahmad Moonsiff of Ameergong, Zillah Tipperah for one month

Ram Mohun Mookerjea, 1st grade Moonsiff of Amdabra, Zillah Beerbhoom for five days from the 26th instant

The 5th December, 1845

Baboo Ramgopal Roy, Acting Moonsiff of Lubshi Zillah 24 Pergunnahs for one month from the 25th ultimo under Medical Certificate

B J Colvin *Offg Register*

CIVIL APPOINTMENTS

No 2122

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

APPOINTMENTS

The 26th November, 1845

Mr J J McCann Deputy Superintendent of the Calcutta Police, to be also Superintendent of the Calcutta Salt Chokies

Mr W A Peacock Superintendent of the Western Salt Chokies is vested with the powers described in Section XXV of Act No XXIX of 1838, for Adjudicating Cases of Contravention of the Salt Laws arising within the Town of Calcutta

LEAVE OF ABSENCE

The 3d December 1845

Mr V H Schalch, Assistant to the Magistrate and Collector of Purneah for one month under Medical Certificate, in extension of the leave on private affairs granted to him on the 7th ultimo

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J Halliday,
Secy to the Govt of Bengal

[*Government Gazette, 9th December,* 1845]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৮ নবেম্বর।

শ্রীযুত বাবু হরপ্রসাদ সেন জিলা দিনাজপুরের চিন্তা-মনের একটিং মুনসেফ হইবেন।

নবীগঞ্জের মুনসফ শ্রীযুত মুনশী নাজিরুদ্দিন জিলা ছিলটের পারকুলের মুনসেফ হইবেন।

ময়মুনসিংহের সাবেক অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাগোবিন্দ সর্ব্বাধিকারী জিলা মেদিনীপুরের প্রতাপ-পুরের একটিং মুনসেফ হইবেক।

ছুটী।

১৮৪৫ সাল ২৮ নবেম্বর।

জিলা মেদিনীপুরের প্রতাপপুরের মুনসেফ শ্রীযুত বাবু কালীনাথ চাটুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

মানভূমের ঝাগদার মুনসেফ শ্রীযুত মিনতুল্লা গত সেপ্টেম্বর মাসের ২৬ তারিখে যে এক সপ্তাহের ছুটী পান তাহা তাহার প্রার্থনায় রহিত হইয়াছে

১৮৪৫ সাল ৩ ডিসেম্বর।

জিলা ত্রিপুরার অমীরগাঁয়ের মুনসেফ শ্রীযুত মহম্মদ আহমদ এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা বীরভূমের আমদাবার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত রামমোহন মুখুয্যা গত মাসের ২৬ তারিখ অবধি পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৫ সাল ৫ ডিসেম্বর।

জিলা চব্বিশপরগনার লবসার একটিং মুনসেফ শ্রীযুত বাবু রামগোপাল রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৫ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২১২২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৫ সাল ২৬ নবেম্বর।

কলিকাতার পোলীসের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে জে মাকান সাহেব সেই কর্ম্মের অতিরিক্ত কলিকাতার নিমকচৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইলেন।

পশ্চিম দিগে নিমকচৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ এ পিকক সাহেব ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা অর্থাৎ কলিকাতার মধ্যে নিমকের আইন উল্লঙ্ঘনকারিরদের যে কদ্দমার বিচার করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৫ সাল ৩ ডিসেম্বর।

পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত বি এচ শল্ক সাহেব গত মাসের ৭ তারিখে স্বীয় কর্ম্মোপলক্ষে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

LAND ADVERTISEMENTS

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

